ভক্তিরসামৃতসিন্ধুঃ ।

পরমপূজ্যপাদ শ্রীল শ্রীরূপগোস্বামিনা—

বিরচিতঃ ।

পরমপূজ্যপাদ শ্রীল শ্রীজীবগোস্বামি—

রচিতয়া ।

দুর্গমসঙ্গমনাসমাখ্যয়া টীকয়া সহিতঃ ।

৺রামনারায়ণবিদ্যারত্নেন

বঙ্গভাষয়ানুবাদিতা ।

শ্রীরামদেবমিশ্রেণাস্য—

চতুর্থসংস্করণং

প্রকাশিতং ।

মুর্শিদাবাদ ;

শ্রীশ্রীহরিভক্তিপ্রদায়িনীসভাতো, বহরমপুর, রাধারমণযন্ত্রে,

শ্রীব্রজনাথমিশ্র— 'প্রণতা-দ্বারা

মুদ্রিতং ।

সন ১৩৩১ সালে । বৈশাখে

প্রথমবারের বিজ্ঞাপন।

শ্রীমন্মহাপ্রভুর ভক্তগণের নিকট প্রার্থনা এই যে, "ভক্তি-রসামৃতসিন্ধু" গ্রন্থ অতিশয় প্রয়োজনীয়, ইহার রসাস্বাদে বঞ্চিত হইলে বৈষ্ণবপদের গৌরব লাভ করিতে পারিবেন না, শ্রীশ্রীমন্মহাপ্রভুর ভক্তিপ্রধান বৈষ্ণবসম্প্রদায়ের পক্ষে এই গ্রন্থই মূলভিত্তি, এই গ্রন্থে সাধ্য সাধন ও বিবিধ ভক্তি এবং অধিকারিভেদ নিরূপিত হইয়াছে, বৈষ্ণবসম্প্রদায়মাত্রেরই এই গ্রন্থের আলোচনা করা কর্ত্তব্য, শ্রীকৃষ্ণচৈতন্যমহাপ্রভু শ্রীরূপ ও শ্রীসনাতনপ্রভৃতি ছয় জন গোস্বামিপাদকে স্বকীয় শক্তি প্রদানপূর্ব্বক ৺বৃন্দাবনধামে প্রেরণ করেন, গোস্বামি-পাদগণ শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভুর সমুদায় মত ভক্তজনের উপ-কারার্থ স্বস্ব গ্রন্থে প্রকাশ করেন, এই কারণে গোস্বামিপাদ-দিগের গ্রন্থ আস্বাদন করিতে না পারিলে কৃষ্ণভক্তি সুদুর্লভ হইবে। এখনকার কতকগুলি বৈষ্ণবসম্প্রদায়কে দেখিতে পাওয়া যায়, যে কেবল তাঁহাদের তিলক ও মালাধারণ পর্য্যন্ত, কৃষ্ণপ্রেম যে কি প্রকার তাহার দিক্ দিয়েও যাইতে পারেন না, অতএব তাঁহারাও যেন এ গ্রন্থের আস্বাদনে পরাঙ্মুখ না হন, ধনব্যয়ের শঙ্কা অনেকের আছে, কিন্তু ধন কাহারও সঙ্গে যায় না, সামান্য ধনব্যয়ে ভক্তিধন ক্রয় করিতে পারিলে ইহ-লোক ও পরলোক জয় করিতে পারিবেন, এমন সহজ উপায়ে তাঁহারা কেন বঞ্চিত হয়েন, তবে যাঁকে পরাঙ্মুখ দেখা যায়

তিনি জন্মান্তরীণ অপরাধে পামরচিত্ত হইয়াছেন, অতএব কৃষ্ণ-প্রেম দুর্লভ, এই ভক্তিরসামৃতসিন্ধুর কণামাত্রও আস্বাদন করিতে পারিলে সংসার হইতে নিস্তার পাইবেন, নতুবা জন্ম জন্ম সংসারভোগ করিতে হইবেক। ইত্যলং বিস্তরেণ ॥

শ্রীরামনারায়ণবিদ্যারত্ন।

২য়, ৩য় ও ৪র্থবারের বিজ্ঞাপন

"ভক্তিরসামৃতসিন্ধু" প্রথমসংস্করণ, দ্বিতীয়সংস্করণ ও তৃতীয়সংস্করণ ভারতবিখ্যাত ৺রামনারায়ণবিদ্যারত্ন মহাশয় পূর্ব্বে যাহা প্রকাশ করিয়াছিলেন, তাহা সমস্তই একেবারে নিঃশেষ হওয়ায় আমি পুনরায় চতুর্থসংস্করণ পাঁচ শত গ্রন্থ মুদ্রাঙ্কণে প্রবৃত্ত হইলাম, বৈষ্ণবধর্ম্মাবলম্বী গ্রাহকগণ আমার প্রতি সকলেই ঐরূপ কৃপা দৃষ্টিরাখিলেই আমি চরিতার্থ হই ও পরিশ্রম সফল হয়। ইতি ১৩৩১ সাল। ৪ঠা বৈশাখ।

বৈষ্ণবসজ্জনকৃপাভিলাষী—

শ্রীরামদেব মিশ্র, ম্যানেজার।

	১১	
	১২	
	১৪	
	১৫	
	১৫	
ঐ তন্মধ্যে পাপরূপ	১৬	১
ভক্তির অপ্রারব্ধফলত্ব	১৮	৪
ঐ প্রারব্ধফলত্ব	২১	২
ঐ পাপবীজহরত্ব	২২	২
অবিদ্যাহরত্ব	২৩	৩
ঐ শুভদত্ব	২৪	৬
ঐ সকল গুণাদিপ্রদত্ব	২৫	৩
ঐ সুখপ্রদত্ব	২৭	৪
ঐ মোক্ষলঘুতাকৃৎ	২৮	
ঐ সুদুর্লভতা	৩০	
ঐ সান্দ্রানন্দবিশেষাত্মা	৩২	
	৩৬	
সাধনভক্তি	৩৭	
বৈধী ঐ	৪০	
ভক্তিবিষয়ে অধিকারী	৪২	
ঐ উত্তম ঐ	৪২	
ঐ মধ্যম ঐ	৪৩	
ঐ কনিষ্ঠ ঐ		

ধ্রুবং আসিয়া উপস্থি[illegible]
কৃষ্ণপাদপদ্মভজনকারি ভক্তদিগে[illegible]
মোক্ষস্পৃহা হয় না
ভক্তিতে নরমাত্রের অধিকার

শুদ্ধভক্তিতে অধিকারী	৬৯	২২
বিশুদ্ধভক্তের দৈবাৎ পাপ উপস্থিত হইলে তাহাতে প্রায়শ্চিত্ত নাই	৭১	৪
সাধনভক্তিরাচতুঃষষ্টি অঙ্গসকল	৭৭	১
গুরুপাদাশ্রয়	৮২ ৭৮	১
কৃষ্ণদীক্ষাদিশিক্ষণ	৮২ ,,	৪
বিশ্বাস সহকারে গুরুসেবা	৮৩ ,,	২
সাধুবর্ত্মানুবর্ত্তন	৮৩	৫
সদ্ধর্ম্ম জিজ্ঞাসা	৮৫	২
কৃষ্ণপ্রীত্যর্থে ভোগত্যাগ	৮৬	২
দ্বারকাদি নিবাস	৮৬	৫
গঙ্গাদিবাস	৮৭	৪
[illegible]র্থানুবর্ত্তিতা অর্থাৎ আপনার দ্বারা যাহা [illegible] [illegible]ব সেই মাত্র নিয়মের গ্রহণ	৮৮	১
[illegible]	৮৯	১
[illegible] অশ্বত্থাদি বৃক্ষের গৌরব	৮৯	৪
[illegible]খের সঙ্গ পরিত্যাগ	৯০	১
[illegible] অনমুবন্ধি[illegible] তিনটী	৯০	৭
[illegible] পরিত্যাগ	৯১	২
[illegible]ভূতত্বা	৯২	২

বিষয়।	পৃষ্ঠা।	পঙ্‌ক্তি
অন্যদেবতার অবজ্ঞাশূন্য	৯২	৪
প্রাণিদিগের প্রতি অভয়দান	৯২	৭
সেবাপরাধবর্জ্জন	৯৩	১
নামাপরাধ	৯৮	১
কৃষ্ণ অথবা ভক্ত উভয়ের নিন্দাদির অসহিষ্ণুতা	৯৮	২
বৈষ্ণবচিহ্নধারণ	৯৯	২
নামাক্ষর ধারণ	৯৯	[illegible]
নির্ম্মাল্যধারণ	১০০	৪
হরিসম্মুখে নৃত্য	১০১	২
দণ্ডবন্নতি	১০২	১
অভ্যুত্থান	১০২	৪
অনুব্রজ্যা	১০২	৭
শ্রবণ লাভ	১০৩	২
তীর্থে গতি	১০৩	৫
[illegible]	১০৩	৭
পরিক্রমা	১০৪	১
অর্চ্চন	১০৪	৩
পরিচর্য্যা	১০৬	২
গীত	১০৭	
সংকীর্ত্তন	১০৮	২
লীলাকীর্ত্তন	১০৮	৭
গুণকীর্ত্তন	১০৯	৫
জপ	১১০	১
বিজ্ঞপ্তি	১১২	৬
সংপ্রার্থনাত্মিকা বিজ্ঞপ্তি	১১১	১
দৈন্যবোধিকা ঐ	১১১	[illegible]

বিষয়	পৃষ্ঠা।	পঙ্‌ক্তি।
লালসামগ্রী ঐ	১১১	৭
স্তবপাঠ	১১২	৫
নৈবেদ্যাস্বাদ	১১৩	৭
পাদ্যাস্বাদ	১১৪	৩
ধূপসৌরভ	১১৪	৬
নির্ম্মাল্যসৌরভ	১১৫	১
শ্রীমূর্ত্তির দর্শন	১১৫	৭
শ্রীমূর্ত্তির দর্শন	১১৬	২
আরাত্রিকদর্শন	১১৬	২
উৎসব দর্শন	১১৭	২
পূজা দর্শন	১১৭	৫
—		
শ্রবণ	১১৭	৮
নাম শ্রবণ	১১৮	১
চরিত শ্রবণ	১১৮	৪
[illegible]বন	১১৯	১
শ্রীকৃষ্ণের কৃপার প্রতি দৃষ্টি	১১৯	৬
স্মৃতি	১২০	৬
—		
ধ্যান	১২১	৪
গুণধ্যান	১২২	২
ক্রীড়াধ্যান	১২২	৫
সেবাধ্যান	ঐ	৮
—		
অথ দাস্য	১২৫	১
কর্ম্মার্পণদাস্য	১২৬	১

বিষয়।	পৃষ্ঠ।	পঙ্‌ক্তি।
কৈঙ্কর্য্যদাস্য	১২৭	২

বিষয়।	পৃষ্ঠ।	পঙ্‌ক্তি।
সখ্য	১২৭	৫
বিশ্বাস সখ্য	১২৮	১
মিত্রবৃত্তিসখ্য	১২৯	৫
আত্মনিবেদন	১৩০	২
দেহীসমর্পণ	১৩১	৩
দেহসমর্পণ	১৩১	৮
নিজপ্রিয়োপহরণ	১৩৩	১
তদর্থে অখিলচেষ্টা	ঐ	৬
শরণাপত্তি	১৩৩	৭
তুলসীসেবন	১৩৪	৫
অথ শাস্ত্র	১৩৫	৮
মথুরাসেবন	১৩৭	২
বৈষ্ণবদিগের সেবা	১৩৮	৩
কার্ত্তিকমাসের ব্রতে আদর	১৪০	৭
জন্মদিন যাত্রা	১৪১	৬
শ্রীমূর্ত্তির চরণসেবনে প্রীতি	১৪২	৩
শ্রীভাগবতার্থের আস্বাদ	ঐ	৬
স্বজাতীয় বাসনভক্তসঙ্গ	১৪৫	২
নামসঙ্কীর্ত্তন	১৪৬	৭
মথুরানগুলে স্থিতি	১৪৮	৬

শ্রীমূর্ত্তিপ্রভৃতি পাঁচটীতে অল্পমাত্র

বিষয়।	পৃষ্ঠা।	পঙ্‌ক্তি।
শ্রদ্ধা থাকিলেও মনুষ্যের কল্যাণ	১৪৯	৯
শ্রীমূর্ত্তি	১৫০	১
শ্রীভাগবত	১৫১	১
কৃষ্ণভক্ত	১৫২	১
নাম	১৫৩	৩
মথুরামণ্ডল	১৫৪	১
বর্ণাশ্রম ধর্ম্মভক্তির অঙ্গ নহে	১৫৫	৩
জ্ঞানবৈরাগ্য ভক্তিযোগের কণ্টক এ কারণ		
ভক্তিই ভক্তিযোগে প্রবেশ করান	১৫৭	২
ভক্তিদ্বারা জ্ঞানবৈরাগ্য সিদ্ধ হয়	১৫৮	৪
বৈরাগ্য	১৬০	৩
ফল্গুবৈরাগ্য	১৬১	১
উত্তমাভক্তিতে যে সকল অঙ্গ অনুপযুক্ত	১৬২	১
ভক্তিই গতিপ্রদ	১৬৩	৫
একাঙ্গা ভক্তি	১৬৪	২
অনেকাঙ্গা ভক্তি	১৬৪	৭
অথ রাগানুগা	১৬৬	৪
ভক্ত ও শত্রুর গতি পৃথক্	১৭০	২
কামরূপা	১৭৩	৩
সম্বন্ধরূপা রাগানুগা	১৭৫	৫
রাগানুগা ভক্তির অধিকারী	১৭৭	৪
লোভোৎপত্তি লক্ষণ	১৭৭	৭
কামানুগা	১৮০	১
সম্বন্ধানুগা	১৮৪	৪

বিষয়।	পৃষ্ঠা।	পঙ্‌ক্তি।
অথ ভাব	১৮৮	১
সাধনাভিনিবেশজ	১৯৩	৭
রাগানুগা সাধনাভিনিবেশজ	১৯৬	৬
অথ শ্রীকৃষ্ণ তদ্ভক্তপ্রসাদজ	১৯৭	২
কৃষ্ণ প্রসাদজ ভাব	ঐ	৫
বাচিক প্রসাদজভাব	ঐ	৭
আলোকদানজভাব	১৯৮	৩
হার্দ্দভাব	ঐ	৬

তদ্ভক্তপ্রসাদজভাব	১৯৯	৪
জাতাঙ্কুর ভাব ভক্তে অনুভাব	২০০	৭
ক্ষান্তি	২০১	৩
অব্যর্থকালত্ব	২০২	২
বিরক্তি	২০৩	১
মানশূন্যতা	ঐ	৬
আশাবন্ধ	২০৪	৪
সমুৎকণ্ঠা	২০৫	৩
নামগানে সদা রুচি	২০৬	৬
তদ্গুণাখ্যানে আসক্তি	২০৭	১
তদ্বসতি স্থলে প্রীতি	২০৭	৪

রতিলক্ষণ	২০৮	২
রত্যাভাস	২০৯	৯
প্রতিবিম্ব	২০৯	৪
ছায়া	২১১	২

বিষয় ।	পৃষ্ঠা ।	পঙ্‌ক্তি ।
প্রেমলহরী		
অথ প্রেম	২১৭	১
ভাবোথ	২১৮	৪
বৈধভাবোথপ্রেম	ঐ	৭
রাগানুগীয়ভাবোথপ্রেম	২১৯	৩
অথ হরির অতি প্রসাদোথপ্রেম	ঐ	৮
মাহাত্ম্যজ্ঞান যুক্ত	২২০	৪
কেবল প্রেম	২২১	১
প্রেম উদয়ের ক্রম	২২[illegible]	১
দক্ষিণ বিভাগ ॥		
বিভাব লহরী ।		০
দক্ষিণ বিভাগের অনুক্রমণিকা	২২৬	১
বিভাব	২২৯	৪
আলম্বন	২৩০	২
কৃষ্ণ আলম্বন	ঐ	৫
অন্য রূপে ঐ	২৩১	৪
স্বরূপে ঐ	২৩২	১
আবৃত ঐ	২৩২	৩
প্রকট স্বরূপে আলম্বন	২৩২	৯
কৃষ্ণের গুণ	২৩৩	৫
সুরম্যাঙ্গ	২৪০	২
সর্ব্ব সল্লক্ষণান্বিত	২৪১	৩
গুণোথ ঐ	২৪১	৫
অঙ্কোথ ঐ	২৪৩	১

বিষয়।	পৃষ্ঠা।	পঙ্ক্তি।
অপ রুচির	২৪৪	২
তেজসা যুক্ত	২৪৬	১
বলীয়ান্	২৪৭	৭
বয়সান্বিত	২৪৮	৭
বিবিধাদ্ভুতভাষাবিৎ	২৪৯	৭
সত্যবাক্য	২৫০	৬
প্রিয়ম্বদ	২৫২	১
বাবদূক	২৫২	৮
সুপাণ্ডিত্য	২৫৪	৫
বুদ্ধিমান্	২৫৭	৩
প্রতিভান্বিত	২৫৮	৫
বিদগ্ধ	২৬০	২
চতুর	২৬০	৯
দক্ষ	২৬১	৫
কৃতজ্ঞ	২৬২	৬
সুদৃঢ় ব্রত	২৬৩	৭
দেশকাল সুপাত্রজ্ঞ	২৬৫	৬
শাস্ত্রচক্ষু	২৬৬	৬
শুচি	২৬৭	৪
বশী	২৬৮	৬
স্থির	২৭০	১
দান্ত	ঐ	৮
ক্ষমাশীল	২৭১	৪
গম্ভীর	২৭২	৫
ধৃতিমান্	২৭৩	৫
সম	২৭৫	৩
বদান্য	২৭৬	৮

বিষয়।	পৃষ্ঠা।	পঙ্ক্তি।
ধার্ম্মিক	২৭৮	৩
শূর	২৭৯	৬
করুণ	২৮১	১
মান্যমানকৃৎ	২৮২	৫
দক্ষিণ	২৮৩	৪
বিনয়ী	২৮৪	২
হ্রীমান্	২৮৪	৯
শরণাগত-পালক	২৮৬	৪
সুখী	২৮৭	৩
ভক্তসুহৃৎ	২৮৯	৩
প্রেমবশ্য	২৯১	৩
সর্ব্ব শুভঙ্কর	২৯২	৩
প্রতাপী	২৯৩	২
কীর্ত্তিমান্	২৮[illegible]	৭
রক্তলোক	২৯৫	৪
সাধুসমাশ্রয়	২৯৬	৭
নারীগণ-মনোহারী	২৯৭	৫
সর্ব্বারাধ্য	২৯৯	১
সমৃদ্ধিমান্	২৯৯	১
বরীয়ান্	৩০১	১
ঈশ্বর	৩০১	৮
সদা স্বরূপসংপ্রাপ্ত	৩০৪	২
সর্ব্বজ্ঞ	৩০৫	১
নিত্য নূতন	৩০৬	৩
সচ্চিদানন্দসান্দ্রাঙ্গ	৩০৮	৪
সর্ব্বসিদ্ধি নিষেবিত	৩১১	৬
অবিচিন্ত্য মহাশক্তি	৩১২	৩

বিষয়।	পৃষ্ঠা।	পঙ্ক্তি।
দিব্য সর্গাদিকর্ত্তৃত্ব	৩১২	৬
ব্রহ্মরুদ্রাদিমোহন	৩১৩	৪
ভক্তপ্রারব্ধবিধ্বংস	৩১৪	৩
কোটি ব্রহ্মাণ্ড বিগ্রহ	৩১৫	৫
অবতারাবলীবীজ	৩১৭	৮
হতারি গতিদায়ক	৩১৯	২
আত্মারামগণাকর্ষী	৩২০	৪
লীলাধিক্য	৩২১	২
প্রেম্না প্রিয়াধিক্য	৩২২	৩
বেণুমাধুর্য্য	৩২৩	৭
রূপমাধুর্য্য	৩২৫	৩
হরির পূর্ণাত্মত্বাদি ভেদ	৩২৮	৩
ধীরোদাত্ত	৩২৯	৭
ধীরললিত	৩৩১	৫
ধীরশান্ত	৩৩৩	১
ধীরোদ্ধত	৩৩৪	৩
ভগবন্মূর্ত্তিতে দোষ রহিত	৩৩৫	৪
অষ্ট সদ্‌গুণ	৩৪০	৫
শোভা	৩৪১	২
বিলাস	৩৪২	২
মাধুর্য্য	৩৪২	১০
মাঙ্গল্য	৩৪২	৭
স্থৈর্য্য	৩৪৪	৬
তেজ	৩৪৫	৫
ললিত	৩৪৭	২
ঔদার্য্য	৩৪৭	৯
শ্রীকৃষ্ণের সহায়	৩৪৮	৭

বিষয়।	পৃষ্ঠা।	পঙ্‌ক্তি
অথ কৃষ্ণভক্ত	৩৪৯	২
সাধক	৩৪৯	৭
সিদ্ধ	৩৫১	৩
প্রাপ্ত সিদ্ধি	৩৫১	৭
সাধন সিদ্ধ	৩৫১	৯
কৃপাসিদ্ধ	৩৫৩	৪
নিত্যসিদ্ধ	৩৫৫	১
অথ উদ্দীপন	৩৫৯	৩
গুণ	৩৫৯	৮
বয়স	৩৬১	১
প্রথম কৈশোর	৩৬২	২
মধ্য কৈশোর	৩৬৫	৫
শেষ কৈশোর	৩৬৮	৬
কৃষ্ণের মোহনতা	৩৭১	৩
সৌন্দর্য্য	৩৭১	৩
অথ রূপ	৩৭৪	৩
মৃদুতা	৩৭৫	১
চেষ্টা	৩৭৫	৮
রাস	৩৭৬	১
দুইবধ	৩৭৬	৬
প্রসাধন	৩৭৭	৩
বসন	৩৭৭	৫
মৃগ	৩৭৭	৮
চচুক	৩৭৮	৬

বিষয়।	পৃষ্ঠা।	পঙ্ক্তি।
ভূমিষ্ঠ	৩৭৯	৪
আকল্প	৩৮০	২
মণ্ডন	৩৮২	২
স্মিত	৩৮৩	২
সৌরভ	৩৮১	৭
বংশ	৩৮৪	৬
বেণু	৩৮৫	৬
মুরলী	৩৮৫	২
বংশী	৩৮৫	৫
শৃঙ্গ	৩৮৬	৭
কম্বু অর্থাৎ শঙ্খ	৩৮৮	২
পদাঙ্ক	৩৮৮	৯
ক্ষেত্র	৩৮৯	১০
তুলসী	৩৯০	৫
ভক্ত	৩৯০	১০
ভগবদ্বাসর	৩৯২	১
অনুভাব	৩৯৩	১
নৃত্য	৩৯৪	১
বিলুণ্ঠিত	৩৯৪	৫
গীত	৩৯৫	৬
ক্রোশন	৩৯৬	৬
তনুমোটন	৩৯৬	৯
হুঙ্কার	৩৯৭	৫
জৃম্ভণ	৩৯৮	১
শ্বাসভূমা	৩৯৮	৬
লোকাপেক্ষা পরিত্যাগ	৩৯৯	৬

বিষয়।	পৃষ্ঠা।	পঙ্‌ক্তি।
লালাস্রাব	৪০০	৩
	৪০০	৬
ঘূর্ণা	৪০১	৬
হিক্কা	৪০২	২
অথ সাত্ত্বিক	৪০৩	৪
স্নিগ্ধ	৪০৪	১
দিগ্ধ	৪০৬	২
রুক্ষ	৪০৭	২
স্তম্ভ	৪০৯	৬
স্বেদ	৪১৩	৫
রোমাঞ্চ	৪১৫	৩
স্বরভেদ	৪১৭	৮
বেপথু (কম্প)	৪২১	১
বৈবর্ণ্য	৪২২	৪
অশ্রু	৪২৪	৮
প্রলয়	৪২৭	৩
ধূমায়িতাদি	৪২৮	৭
ধূমায়িতা	৪৩১	৭
জ্বলিতা	৪[illegible]	২
দীপ্তা	৪৩৩	৮
উদ্দীপ্তা	৪৩৫	২
চারি	৪৩৬	৩
সত্ত্বাভাস	৪৩৭	১
নিঃসত্ত্বা	৪৩৮	৯

বিষয়।	পৃষ্ঠা।	পঙ্‌ক্তি।
প্রতীপ	৪৪০	৩
অথ ব্যভিচারী	৪৪২	৬
নির্ব্বেদ	৪৪৩	৮
বিষাদ ৪৪৭	৪৪৬	৮
দৈন্য	৪৫০	১
গ্লানি	৪৫২	৬
শ্রম	৪৫৫	৬
মদ	৪৫৭	৩
গর্ব্ব	৪৫৯	৮
শঙ্কা	৪৬২	৯
ত্রাস	৪৬৫	৪
আবেগ	৪৬৭	৩
উন্মাদ	৪৭৬	২
অপস্মার	৭৭৮	৮
ব্যাধি	৪৮৮	৮
মোহ	৪৮১	৭
মৃতি	৪৮৫	২
আলস্য	৪৮৬	৮
জাড্য	৪৮৮	৩
ব্রীড়া	৪৯১	১
অবহিত্থা	৪৯৩	৩
স্মৃতি	৪৯৯	১
বিতর্ক	৫০০	১
চিন্তা	৫০২	৩
মতি	৫০৪	৭
ধৃতি	৫০৬	৫

বিষয়।	পৃষ্ঠা।	পঙ্‌ক্তি।
হর্ষ	৫০৮	৭
ঔৎসুক্য	৫০৯	৯
উগ্রতা	৫১২	২
অমর্ষ	৫১৩	৯
অসূয়া	৫১৬	১
চাপল	৫১৭	৭
নিদ্রা	৫১৮	৯
বোধ	৫২৩	১
অপর ভাব সকল অন্য ভাবের অন্তর্গত	৫২৮	৭

সঞ্চারী	৫[illegible]	৪
ভয়	৫৩০	৫
বর পরতন্ত্র	৫৩৩	৬
সাক্ষাৎ	৫৩৪	১
ব্যবহিত	৫৩৫	১
অবর	৫৩৫	৭
স্বতন্ত্রা	৫৩৭	২
রতিশূন্যা	৫৩৮	১
রত্যনুস্পর্শ	৫৩৮	৭
রতিগন্ধ	৫৩৯	৬
লজ্জা	৫৪০	৬
প্রাতিকূল্য	৫৪১	১
অনৌচিত্য	৫৪২	৬
অথ সন্ধি	৫৪৫	১১
সমান ভাবদ্বয়ের সন্ধি	৫৪৬	২
ভিন্নদ্বয়ের সন্ধি	৫৪৭	১
কি হেতুর সন্ধি	৫৪৮	৪

বিষয়।	পৃষ্ঠা	পঙ্‌ক্তি।
অনেক হেতুর সন্ধি	৫৪৯	১
অথ শাবল্য	৫৪৯	১
শান্তি	৫৫২	১
ভক্তভেদে ভাবের তারতম্য	৫৫৪	৮
অথ স্থায়ীভাব	৫৬০	১
মুখ্য	৫৬০	৬
স্বার্থ	৫৬১	১
পরার্থ	৫৬১	৪
শুদ্ধ	৫৬২	২
সামান্য	৫৬২	৫
স্বচ্ছা	৫৬৪	১
শান্তা	৫৬৫	৭
রতির ভেদত্রয়	৫৬৭	৬
কেবলা	৫৬৯	৩
সঙ্কুলা	৫৬৯	৭
প্রীতি	৫৭০	২
সখ্য	৫৭১	৭
বাৎসল্য	৫৭৩	৫
প্রিয়তা	৫৭৪	১১
অথ গৌণী	৫৭৬	৪
হাসরতি	৫৮১	১
বিস্ময়রতি	৫৮২	৫
উৎসাহ রতি	৫৮৩	৭
শোকরতি	৫৮৪	৮
ক্রোধরতি	৫৮৬	২
ভয়রতি	৫৮৭	৮
জুগুপ্সারতি	৫৮৯	১

বিষয়।	পৃষ্ঠা।	পঙ্‌ক্তি।
সাত্ত্বিক রাজস তামস রতিভেদ	৫৯০	৫
রতির শীতত্ব উষ্ণত্ব	৫৯১	৪
রতির বিভাবাদি প্রাপ্তি	৫৯২	৫
ভক্তিরস মুখ্য গৌণ ভেদে দুই প্রকার	৬০৪	৩
মুখ্যভক্তিরস	৬০৫	১
গৌণভক্তিরস	৬০৫	৪
দ্বাদশ ভক্তিরসের বর্ণ ও দেবতা ভেদ	৬০৫	৯
শান্তাদিরসে আনন্দানুভব	৬০৭	৫
ভক্তিরস আস্বাদনে বহির্মুখ	৬১০	৩
পশ্চিমবিভাগ	৬১৪	১
শান্তভক্তিরস	৬১৪	৭
আলম্বন	৬১৬	২
শান্ত	৬১৮	১
আত্মারাম	৬১৮	৪
তাপস	৬১৯	৫
উদ্দীপন	৬২০	৫
অনুভাব	৬২২	৭
সাত্ত্বিক	৬২৪	৩
সঞ্চারী	৬২৫	৬
স্থায়ী	৬২৬	৪
প্রীতভক্তি	৬৩৪	১
আলম্বন	৬৩৫	৩
দাস	৬৩৮	৮
অধিকৃত দাস	৬৩৯	৮
আশ্রিতদাস	৬৪০	৬
শরণ্য	৬৪২	১
জ্ঞানিচর	৬৪৩	২

বিষয় ।	পৃষ্ঠা ।	পঙ্‌ক্তি ।
সেবানিষ্ঠ	৬৪৪	৫
পারিষদ	৬৪৫	৪
অনুগ	৬৪৮	৮
পুরস্থ অনুগ	৬৪৯	৩
ব্রজস্থ অনুগ	৬৫০	১
ধূর্য্যাদি পারিষদত্রয়	৬৫২	৬
আশ্রিতাদি ত্রিবিধ দাসে নিত্যসিদ্ধাদি ভেদ		
অনুভাব	৬৫৮	৬
সাত্বিক	৬৬১	২
ব্যভিচারি	৬৬২	৩
স্থায়ী	৬৬৫	২
অথ প্রেম	৬৬৬	৭
স্নেহ	৬৬৮	৩
রাগ	৬৬৯	৬
অযোগ	৬৭২	৫
উৎকণ্ঠিত	৬৭৩	৩
দৈন্য	৬৭৫	৭
নির্ব্বেদ	৬৭৬	৭
চিন্তা	৬৭৭	৪
চাপল	৬৭৮	২
জড়তা	৬৭৯	৩
উন্মাদ	৬৮০	৭
বিয়োগ	৬৮২	৮
তাপ	৬৮৪	২
কৃশতা	৬৮৪	৭
জাগর্য্যা	৬৮৫	৫
আলম্বশূন্যতা	৬৮৫	৮
অধৃতি	৬৮৬	৫
জড়তা	৬৮৭	২

বিষয়	পৃষ্ঠা।	পঙ্‌ক্তি।
ব্যাধি	৬৮৭	৭
উন্মাদ	৬৮৮	৩
মূর্চ্ছিত	৬৮৮	৮
মৃতি	৬৮৯	৩
যোগ	৬৯০	২
সিদ্ধি	৬৯০	৫
তুষ্টি	৬৯১	৭
স্থিতি	৬৯৩	২

গৌরবপ্রীতি	৬৯৬	১
আলম্বন	৬৯৬	৪
হরি	৬৯৬	৬
অথ লাল্য	৬৯৭	৫
রূপ	৬৯৭	৯
ভক্তি	৬৯৮	৫
রূপ	৬৯৯	১
উদ্দীপন	৭০০	৬
অনুভাব	৭০১	৩
সাত্ত্বিক	৭০২	৮
ব্যভিচারী	৭০৩	৪
স্থায়ী	৭০৪	৫
গৌরবপ্রীতি	৭০৬	২
প্রেম	৭০৬	৭
স্নেহ	৭০৭	৩
রাগ	ঐ	৮
উৎকণ্ঠিত	৭০৮	৪
বিয়োগ	৭০৯	১
তুষ্টি	৭১০	১
স্থিতি	ঐ	৬

বিষয়।	পৃষ্ঠা।	পঙ্‌ক্তি।
প্রেমোভক্তিরস	৭১২	১
আলম্বন	৭১২	৪
শ্রীকৃষ্ণের বয়সা	৭১৪	৭
পুরসম্বন্ধিবয়সা	৭১৫	৮
ব্রজসম্বন্ধি বয়সা	৭১৮	৮
সুহৃদ্‌	৭২১	৫
বলদেবের রূপ	৭২৩	৬
সখা	৭২৪	৭
প্রিয়সখা	৭২৭	১
প্রিয়নর্ম্মসখা	৭২৯	৬
উদ্দীপন	৬৩৫	৩
বয়স	৭৩৫	৭
কৌমার	৭২৬	২
পৌগণ্ড	৭৩৭	৩
আদ্যপৌগণ্ড	ঐ	৫
মধ্য পৌগণ্ড	৭৪০	২
শেষ পৌগণ্ড	৭৪২	২
কৈশোর	৭৪৪	৮
রূপ	৭৪৬	২
শৃঙ্গ	৭৪৬	৫
বেণু	৭৪৭	২
শঙ্খ	৭৪৭	৮
বিনোদ	৭৪৮	১
অনুভাব	৭৪৮	৬
সাত্ত্বিক	৭৫২	২
ব্যভিচারী	৭৫৫	৩
স্থায়ী	৭৫৬	৪
রতি	৭৫৭	১

বিষয়।	পৃষ্ঠা।	পঙ্‌ক্তি।
প্রণয়	১৫৭	৪
প্রেম	১৫৮	৩
স্নেহ	১৫৯	২
রাগ	১৬০	৩
অযোগে উৎকণ্ঠিত	১৬১	৫
অথ বিয়োগ	১৬১	৮
তাপাদি দশ দশা	১৬২	৪
অথ যোগে সিদ্ধি	১৬৮	৫
বৎসল ভক্তিরস	১৭২	১
আলম্বন	১৭২	৪
গুরুবর্গ	১৭৫	৪
ব্রজেশ্বরীর রূপ	১৭৭	৪
বাৎল্য	১৭৯	৪
নন্দের রূপ	১৭৯	২
বাৎসল্য	১৮০	৪
উদ্দীপন	১৮০	৮
কৌমার	১৮১	২
আদ্যকৌমার	১৮১	৪
মধ্যকৌমার	১৮৩	৭
শেষকৌমার	১৮৫	৯
পৌগণ্ড	১৮৮	১
কৈশোর	১৮৮	৮
শৈশবে চাপল	১৮৯	৬
অনুভাব	১৯০	৭
সাত্ত্বিক	১৯২	৭
ব্যভিচারী	১৯৪	৬
স্থায়ী	১৯৫	৮
বাৎসল্যরতি	১৯৬	৪

বিষয়।	পৃষ্ঠা।	পঙ্‌ক্তি।
প্রেমবৎ	৭৯৭	৪
স্নেহবৎ	৭৯৯	৩
রাগবৎ	৮০০	৩
অথ যোগে উৎকণ্ঠিত	৮০১	১
বিয়োগ	ঐ	৯
ব্যভিচারী	৮০২	৮
যোগে সিদ্ধি	৮০৭	৭
তুষ্টি	৮০৮	১
স্থিতি	ঐ	৯
ভক্তিরস	৮১৭	৫
আলম্বন	৮১৮	২
কৃষ্ণ	৮১৮	৩
প্রেয়সীবর্গ	৮১৯	৩
ঐ রূপ	৮২০	১
ঐ রতি	ঐ	৬
উদ্দীপন	৮২১	৫
অনুভাব	৮২২	১
সাত্ত্বিক	৮২৩	১
ব্যভিচারী	৮২৩	৭
স্থায়ী	৮২৫	১
বিপ্রলম্ভ	৮২৮	১
পূর্ব্বরাগ	৮২৮	৪
মান	৭২৯	৫
প্রবাস	৮৩০	৪
সম্ভোগ	৮৩১	৪
উত্তরবিভাগ	৮৩৩	১
হাস্যভক্তিরস	৮৩৪	২

বিষয়।	পৃষ্ঠা।	পঙ্‌ক্তি।
কৃষ্ণ	৮৩৫	৩
তদন্বয়ী	৮৩৫	৮
স্মিত	৯৩৮	৩
হসিত	৮৩৯	২
বিহসিত	৮৪০	৩
অবহসিত	৮৪১	১
অপহসিত	৮৪১	৮
অতিহসিত	৮৪২	৭
অদ্ভুত ভক্তিরস	৮৪৫	৩
সাক্ষাৎ	৮৪৬	৫
দৃষ্ট	৮৪৬	৭
শ্রুত	৮৪৮	২
সংকীর্ত্তিত	৮৪৮	৭
অনুমিত	৮৪৯	৩
বীরভক্তিরস	৮৫০	৬
	৮৫১	৫
	৮৫১	১০
যুদ্ধবীর	৮৫৩	৩
কথিত	৮৫৫	১
আহোপুরুষিকা	৮৫৬	৭
আহার্য্যোৎসাহ	৮৫৭	৭
সহজোৎসাহ রতি	৮৫৮	৪
দানবীর	৮৬০	৮
বহুপ্রদ	৮৬১	২
আভ্যুদয়িক	৮৬২	২
সংপ্রদানক	৮৬৩	১

বিষয়।	পৃষ্ঠা।	পঙ্‌ক্তি।
প্রীতিদান	৮৬৩	৫
উপস্থিত দুরাপার্ষত্যাগী	৮৬৫	৪
দয়াবীর	৮৬৮	৪
ধর্ম্মবীর	৮৭০	৭
করুণভক্তিরস	৮৭৩	১
আলম্বন কৃষ্ণ	৮৭৪	৯
কৃষ্ণের প্রিয়জন	৮৭৬	১
স্বপ্রিয়	৮৭৬	৪
রৌদ্র ভক্তিরস	৮৭৯	৫
কৃষ্ণের প্রতি সখীর ক্রোধ	৮৮০	৩
জরতীর ক্রোধ	৮৮১	২
হিত	৮৮২	৩
অনবহিত	৮৮২	৫
সাহসী	৮৮৩	৬
ঈর্ষ্যু	৮৮৪	৭
অহিত	৮৮৫	৪
ক্রোধরতি	৮৮৭	১১
ভয়ানক ভক্তিরস	৮৯২	১
ভক্তে আলম্বনরূপী কৃষ্ণ	৮৯৩	১০
বন্ধুসকলে দারুণ	৮৯৪	৩
বীভৎস ভক্তিরস	৮৯৭	

বিষয়।	পৃষ্ঠা।	পঙ্‌ক্তি।
জুগুপ্সা রতি	৮৯৮	১০
বিবেকজ	৮৯৯	২
প্রায়কী	৯০০	১
রসসকলের মৈত্রবৈরী	৯০২	৬
সুহৃৎ	৯০৮	২
বৈরিকৃত্য	৯২৫	৩
রসাভাস	৯৪১	১
উপরস	৮৪১	৬
শান্তোপরস	৯৪১	৯
প্রীতোপরস	৯৪৩	১
প্রেয় উপরস	৯৪৪	২
বৎসলোপরস	৯৪৫	১
শৃঙ্গারোপরস	৯৪৫	৮
ভাব বৈরূপ্য	৯৪৭	৯
অনুভাব বৈরূপ	৯৫০	৭
গ্রাম্যত্ব	৯৫১	৮
অনুরস	৯৫৩	২
অপরস	৯৫৪	৯
গ্রন্থ সমাপন	৯৫৭	৫

ভক্তিরসামৃতসিন্ধুঃ।

৪✽৪

পূর্ব্ববিভাগঃ

—— ৪✽৪ ——

প্রথমলহরী সামান্যভক্তিঃ।

অখিলরসামৃতমূর্ত্তিঃ, প্রসৃমররুচিরুদ্ধতারকাপালিঃ।
কলিতশ্যামাললিতো, রাধাপ্রেয়ান্ বিধুর্জয়তি ॥ ১ ॥

শ্রীমদ্রাধাগোবিন্দৌ জয়তাং।

সনাতনসমো যস্য জ্যায়ান্ শ্রীমান্ সনাতনঃ।
শ্রীবল্লভোঽনুজঃ সোঽসৌ শ্রীরূপো জীবসদ্গতিঃ ॥

অথ শ্রীমান্ সোহয়ং গ্রন্থকারঃ সকলভাগবতলোকহিতাভিলাষপরবশতয়া প্রকাশিতৈঃ স্বহৃদয়াদিবাকমলকোষবিলাসিভিঃ শ্রীমদ্ভাগবতরসৈরেব ভক্তি-রসামৃতসিন্ধুনামানং গ্রন্থমপূর্ব্বরচনয়াচমৎকারস্তবনীয়ত্বাদ্যোগ্যেবচ সর্ব্বোত্তমতাং

যাঁহার পরমানন্দ মূর্ত্তি বক্ষ্যমাণ দ্বাদশ রসের *আশ্রয় স্বরূপ, প্রসরণশীল কান্তিদ্বারা তারকা ও পালিকানাম্নী গোপী দ্বয় যাঁহার বশীভূতা হইয়াছেন এবং যিনি শ্যামা ও ললিতাকে আত্মসাৎ করিয়াছেন শ্রীরাধার অতিশয় প্রীতিকর্ত্তা সমস্ত দুঃখ নাশন নিখিল সুখপ্রদ সেই শ্রীকৃষ্ণ জয়যুক্ত হউন ॥ ১ ॥

* শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য, মধুর, হাস্য, করুণ, রৌদ্র, বীর, ভয়ানক অদ্ভুত ও বীভৎস। এই দ্বাদশ রস ॥

নিশ্চিম্বানন্তদ্‌বাঞ্জনয়ৈব মঙ্গলমাসঞ্জয়তি এবং সর্ব্ব এষ গ্রন্থোঽয়ং মঙ্গলরূপ ইতি চ বিজ্ঞাপয়তি অখিলেতি। বিধুঃ শ্রীকৃষ্ণো জয়তি সর্ব্বোৎকর্ষেণ বর্ত্ততে। যদ্যপি বিধুঃ শ্রীবৎসলাঞ্ছন ইতি সামান্যভগবদাবির্ভাবপর্য্যায়স্তথাপি বিধুনোতি খণ্ডয়তি সর্ব্বদুঃখং অতিক্রামতি সর্ব্বঞ্চেতি। যথা, বিদধাতি করোতি সর্ব্বসুখং সর্ব্বঞ্চেতি নিরুক্তেঃ পর্য্যবসানে বিচার্য্যমাণে তত্রৈব বিশ্রান্তেঃ অসুরাণামপি মুক্তিপ্রদত্বেন স্ববৈভবাতিক্রান্তসর্ব্বত্বেন পরমাপূর্ব্বস্বপ্রেমমহাসুখপর্য্যন্তসুখবিস্তারকত্বেন স্বয়ং ভগবত্ত্বেনচ তস্যৈব প্রসিদ্ধেঃ। অতএব অমরেণাপি তৎপ্রাধান্যেনৈব তানি নামানি প্রোক্তানি। বসুদেবোঽস্য জনক ইত্যাদ্যুক্তেঃ। এতদেব সর্ব্বং জয়তীত্যর্থেন স্পষ্টীকৃতং। সর্ব্বোৎকর্ষেণ বৃত্তির্নাম তত্তদেবেতি। অতএব প্রাকট্যসময়মাত্রদৃষ্ট্যা যা লোকস্য অপ্রতীতিঃ তস্যাঃ নিরাসকো বর্ত্তমানপ্রয়োগঃ। তথাচ প্রমাণানি। বিজয়রথকুটুম্ব ইত্যাদৌ যমিহ নিরীক্ষ্য হতা গতাঃ স্বরূপমিতি। স্বয়ন্তুসাম্যাতিশয়স্ত্র্যধীশঃ স্বারাজ্যলক্ষ্ম্যাপ্তসমস্তকামঃ। বলিং হরদ্ভিশ্চিরলোকপালৈঃ কিরীটকোটীড়িতপাদপীঠঃ॥ ইতি। যস্যাননং মকরকুণ্ডলচারুকর্ণং ভ্রাজৎকপোলসুভগং সুবিলাসহাসং। নিত্যোৎসবং ন ততৃপুর্দৃশিভিঃ পিবন্ত্যো নার্য্যো নরাশ্চ মুদিতাঃ কুপিতা নিমেশ্চ ইতি। কাস্ত্রাঙ্গ তে কলপদায়তবেণুগীত-সম্মোহিতার্য্যচরিতান্ন চলেত্ত্রিলোক্যাং। ত্রৈলোক্যসৌভগমিদঞ্চ নিরীক্ষ্য রূপং যদ্‌গোদ্বিজদ্রুমমৃগাঃ পুলকান্যবিভ্রন্‌ ইতি। যন্মর্ত্ত্যলীলৌপয়িকং স্বযোগ-মায়াবলং দর্শয়তা গৃহীতং। বিস্মাপনং স্বস্য চ সৌভগর্দ্ধেঃ পরং পদং ভূষণভূষণাঙ্গমিতি। এতে চাংশকলাঃ পুংসঃ কৃষ্ণস্তু ভগবান্‌ স্বয়মিতি। জয়তি জননিবাসো দেবকীজন্মবাদ ইত্যাদি শ্রীভাগবতে। অথ তত্তদুৎকর্ষহেতুং স্বরূপলক্ষণমাহ। অখিলাঃ রসাঃ বক্ষ্যমাণাঃ শান্ত্যাদ্যাঃ দ্বাদশ যস্মিন্‌ তাদৃশমমৃতং পরমানন্দ এব মূর্ত্তির্যস্য সঃ। আনন্দমূর্ত্তিমুপগুহ্যেতি। ত্বয্যেব নিত্যসুখবোধতনাবনন্ত ইতি। মল্লানামশনিরিত্যাদি শ্রীভাগবতাৎ। তস্মাৎ কৃষ্ণ এব পরো দেবস্তং ধ্যায়েৎ তং রসয়েদিতি শ্রীগোপালতাপনীভ্যশ্চ। তত্রাপি রসবিশেষবিশিষ্টপরিকরবৈশিষ্ট্যেন আবির্ভাববৈশিষ্ট্যং দৃশ্যতে। অতএবাদিরসবিশেষবিশিষ্টসম্বন্ধেন নিতরাং॥ তথা গোপ্যস্তপঃ কিমচরন্‌ যদমুষ্য রূপং লাবণ্যসারমসমোর্দ্ধমনন্যসিদ্ধং। দৃগ্‌ভিঃ পিবন্ত্যনুসবাভিনবং দুরাপমেকান্তধাম

শসঃশ্রিয় ঐশ্বর্য্যস্যেতি। ত্রৈলোক্যলক্ষ্ম্যেকপদং বপুর্দধদিত্যাদি। তত্রাতিশুশুভে
াভিরিত্যাদি শ্রীভাগবতে। তাসুচ গোপীষু মুখ্যাঃ দশ ভবিষ্যোত্তরে শ্রূয়ন্তে,
পা। গোপালী পালিকা ধন্যা বিশাখান্যা ধনিষ্ঠিকা। রাধানুরাধা সোমাভা
ারকা দশমী তথেতি। বিশাখা ধ্যাননিষ্ঠিকেতি পাঠান্তরং। তথেতি দশম্যপি
ারকানাম্নৈবেত্যর্থঃ। দশমীত্যেকং নাম বা। স্কান্দে প্রহ্লাদসংহিতায়াং।
ারকামাহাত্ম্যেচ ॥ ললিতোবাচেত্যাদৌ মুখ্যাস্বষ্টসু পূর্ব্বোক্তাভ্যোঽন্যা ললিতা
্যামলা শৈব্যা পদ্মা ভদ্রাশ্চ শ্রূয়ন্তে। পূর্ব্বোক্তাস্তু রাধা ধন্যা বিশাখাশ্চ, তদে
দভিপ্রেতা তত্রাপি মুখ্যামুখ্যাভিরুত্তরোত্তরং বৈশিষ্ট্যং দর্শয়িতুমবরমুখ্যো যে
ারকাপালী তাবন্নিকৃষ্য তাভ্যাং বৈশিষ্ট্যমাহ প্রস্থমরাভিঃ রুচি-
ঃ কান্তিভী রুদ্ধে বশীকৃতে তারকাপালী যেন সঃ। পালিকেতি সংজ্ঞায়াং
ন্ বিধানাৎ। পালীতি দীর্ঘান্তোঽপি কচিদ্দৃশ্যতে। অথ মধ্যমমুখ্যাভ্যামাহ,
লিতে আত্মসাৎকৃতে শ্যামা শ্যামলা ললিতা চ যেন সঃ। অথ পরমমুখ্যায়া
াহ রাধায়াঃ প্রেয়ান্ অতিশয়েন প্রীতিকর্ত্তা। ইগুপধজ্ঞাপ্রীগৃকিরঃ ক ইতি
র্ত্তরি কপ্রত্যয়ো বিধেয়ঃ অতএব অস্যা এবাসাধারণ্যমালোক্য পূর্ব্ববদ্ যুগ্ম-
ঃনাপি নেয়ং নির্দ্দিষ্টা অতস্তস্যা এব প্রাধান্যং পাদ্মে কার্ত্তিকমাহাত্ম্যে উত্তর-
ণ্ডে তৎকুণ্ডপ্রসঙ্গে ॥ যথা রাধা প্রিয়া বিষ্ণোস্তস্যাঃ কুণ্ডং প্রিয়ং তথা। সর্ব্ব-
াাপীষু সৈবৈকা বিষ্ণোরত্যন্তবল্লভা। অতএব মাৎস্যস্কান্দাদৌ, শক্তিত্বসাধা-
ণ্যেন অভিন্নতয়া গণনায়ামপি তস্যা এব বৃন্দাবনে প্রাধান্যাভিপ্রায়েণাহ।
ক্মিণী দ্বারবত্যান্তু রাধা বৃন্দাবনে বনে ইতি ॥ তথাচ বৃহদ্গৌতমীয়ে তস্যা
ব মন্ত্রকথনে ॥ দেবী কৃষ্ণময়ী প্রোক্তা রাধিকা পরদেবতা। সর্ব্বলক্ষ্মীময়ী
র্ব্বকান্তিঃ সম্মোহিনী পরা ইতি। ঋক্পরিশিষ্টশ্রুতাবপি। রাধয়া মাধবো
েবো মাধবেনৈব রাধিকা। বিভ্রাজন্তে জনেষ্বেতি *। অতএবাহুঃ। অনয়া-

* রাধিকা দেবী পরেত্যম্বয়ঃ। যতঃ কৃষ্ণময়ী কৃষ্ণাত্মিকা তথাপি পরদেবতা
ক্রীর্চ্চিকা সর্ব্বলক্ষ্মীময়ী নিখিলানাং লক্ষ্মীণাং অংশিরূপা সর্ব্বাসাং কান্তিবিলাস
ভাবাভিলাষো যস্যাং সা সম্মোহিনী কৃষ্ণানুরঞ্জিকেতি শ্লোকার্থঃ। বিভ্রাজন্তে
াজন্তে, আ সর্ব্বত্র, ইতি শ্রুতি পদার্থঃ।

রাধিতো নুনমিত্যাদি। অথ শ্লেষার্থব্যাখ্যা। তত্রৈব শ্লেষেণোপমাং সূচয়ংস্তয়া * অর্থবিশেষং পুষ্ণাতি। সর্ব্বলৌকিকালৌকিকাতীতেঽপি তস্মিন্ লৌকিকার্থবিশেষোপমাদ্বারা লোকানাং বুদ্ধিপ্রবেশঃ স্যাদিতি কেনাপ্যংশেন উপমেয়ং। সর্ব্বতমস্তাপজদুঃখশমকত্বেন সর্ব্বসুখপ্রদত্বেন চ তত্র পূর্ব্ববন্নিরুক্তিপর্য্যবসানে বিচার্য্যমাণে রাকাপতেরেব বিধুত্বং মুখ্যং পর্য্যবস্যতীতি সর্ব্বতঃ প্রভাবাৎ পূর্ণত্বাংশেনচ এবং সূর্য্যাদীনাং তাপশমনত্বাদিনাস্তীতি নোপমানযোগ্যতা। ততো বিধুঃ সর্ব্বত উৎকর্ষেণ বর্ত্তত ইতি লভ্যতে। এবং বর্ত্তমানপ্রয়োগাংশস্ত ১ প্রতি ঋতুরাজমেব তত্তদ্রূপতয়ানুবৃত্তেঃ। এবং বিশেষ্যে সাম্যং দর্শয়িত্বা বিশেষণেঽপি সাম্যং দর্শয়তি অখিলেত্যাদিভিঃ। অখিলঃ অখণ্ডঃ রসঃ আস্বাদো যত্র তাদৃশমমৃতং পীযূষং তদাত্মিকৈব মূর্ত্তির্মণ্ডলং যস্য। অত্র শব্দেন সাম্যং রসনীয়ত্বাংশে নার্থেনাপি যোজ্যং। তথা প্রসৃমরাভিঃ কান্তিভী রুদ্ধা আবৃতা তারকাণাং পালিঃ শ্রেণী যেন। ইতি পূর্ব্ববৎ নিজকান্তিবশীকৃতকান্তিমতীগণবিরাজমানত্বাংশেনার্থেনাপি জ্ঞেয়ং। কলিতমুরীকৃতং শ্যামায়াঃ রাত্রেঃ ললিতং বিলাসো যেন ইতি রাত্রিবিলাসিত্বেনার্থেনাপি জ্ঞেয়ং। তথা শ্যামা তু গুগ্‌গুলৌ। অপ্রসূতাঙ্গনায়াঞ্চ তথা সোমলতৌষধৌ। ত্রিবৃতা শারিকা শুভ্রা নিশা কৃষ্ণা প্রিয়ঙ্গুষ্বিতি বিশ্বপ্রকাশাৎ। তথা রাধায়াং বিশাখানাম্ন্যাং তারায়াং প্রেয়ান্ অধিকপ্রীতিমান্। ঋতুরাজঃ পূর্ণিমায়াং তদনুগামিত্বাৎ ইতি তদনুগতিমাত্রসাধ্যস্ববৈভববিজ্ঞত্বাংশেনার্থেনাপি জ্ঞেয়ং। উপমানস্য চৈতানি বিশেষণান্যুৎকর্ষবাচকানি সূর্য্যাদেস্তাদৃশমূর্ত্তিত্বাভাবাৎ তারানাশনক্রিয়ত্বেন তৎসাহিত্যশোভিতত্বাভাবাৎ সুখবিশেষকররাত্রিবিলাসাভাবাৎ তাদৃশবিজ্ঞত্বানভিব্যক্তেশ্চেতি। সিদ্ধান্তরসভাবানাং ধ্বন্যলঙ্কারয়োরপি। অনন্তত্বাৎ স্ফুটত্বাচ্চ বাজ্যতে দুর্গমস্তিহ। লিখনং সর্ব্বমেবাস্মিন্নাশঙ্কানাশগর্ভিতং। বৃথেত্যাশঙ্কয়া তত্র নাবধেয়ম বুদ্ধিভিঃ। গ্রন্থকৃতাং স্বারস্যাৎ, কতিচিৎ পাঠাস্ত যে ময়া ত্যক্তাঃ। নাত্রানিষ্টং চিন্ত্যং, চিন্ত্যং তেষামভীষ্টং হি॥ ১॥

---

* তয়া উপময়া। (১) প্রতি বসন্তমেব তদ্রূপতয়া রাধাপ্রেয়ত্বাদিরূপ তথা অত্র ঋতুরাজেতি সামান্যোক্তাবপি বৈশাখতাৎপর্য্যাং।

হৃদি যস্য প্রেরণয়া, প্রবর্ত্তিতোঽহং বরাকরূপোঽপি।
তস্য হরেঃ পদকমলং, বন্দে চৈতন্যদেবস্য ॥ ২ ॥
বিশ্রামমন্দিরতয়া, তস্য সনাতনতনোর্মদীশস্য।
ভক্তিরসামৃতসিন্ধুর্ভবতু সদায়ং প্রমোদায় ॥ ৩ ॥

অথ নিজভক্তিপ্রবর্ত্তনেন কলিযুগপাবনাবতারঃ বিশেষতঃ স্বাশ্রয়চরণকমলং শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যদেবং ভগবন্তং নমস্করোতি হৃদীতি। হৃদ্বিষয়প্রেরণয়া প্রবর্ত্তিতঃ সন্দর্ভে ইতি শেষঃ। বরাকরূপ ইতি। স্বয়ং দৈন্যেনোক্তং সরস্বতীতু তদসহমানা বরং শ্রেষ্ঠং আ সম্যক্ কায়তি শব্দায়তে ইতি সৎকবিতায়ামপিতৎপ্রেরণয়ৈব প্রবৃত্তিঃ স্যান্নান্যথেতি অপেরর্থঃ ইতি তদ্দ্বারেণৈব তমেব স্তাবয়তি ॥ ২ ॥

অথ নিজেষ্টদেবাবতারত্বেন নিজগুরুং স্তবন্ প্রার্থয়তে বিশ্রামেতি। ভক্তিরসরূপস্যামৃতস্য সিন্ধুরিবেতি তন্নামায়ং গ্রন্থঃ তস্য শ্রীকৃষ্ণাখ্যস্য মদীশস্য সদা স্বেনৈব রূপেণ স্থিতস্যৈব সদা প্রকাশিতনানারূপতনোর্যা সনাতননাম্নী তনুস্তস্যাঃ বিশ্রামমন্দিরতয়া তত্তল্লীলাতয়াঙ্গীকারেণেত্যর্থঃ। অন্যস্যা অপি নারায়ণাখ্যায়াঃ সদা প্রসিদ্ধসমানার্থসনাতনতনোঃ সিন্ধুর্বিশ্রামমন্দিরং ভবতীত্যর্থঃ ॥ ৩ ॥

আমি অতি ক্ষুদ্রব্যক্তি হইলেও যিনি আমার হৃদয়ে উপকরণ গুলি সমর্পণ করিয়া এই গ্রন্থনির্ম্মাণে প্রবর্ত্তিত করিয়াছেন সেই শ্রীশ্রীচৈতন্যদেব হরির পদকমলকে আমি বন্দনা করি ॥ ২ ॥

যে মদীশ্বর সনাতনতনু প্রকটন করিয়াছেন, মৎকৃত এই ভক্তিরসামৃতসিন্ধু তাঁহার বিশ্রামমন্দির স্বরূপ হইয়া সর্ব্বদা আনন্দবর্দ্ধন করুক ॥ ৩ ॥

ভক্তিরসামৃতসিন্ধৌ, চরতঃ পরিভূতকালজালভিয়ঃ।
ভক্তমকরানশীলিত,-মুক্তিনদীকান্নমস্যামি ॥ ৪ ॥
মীমাংসকবড়বাগ্নেঃ, কঠিনামপি কুণ্ঠয়ন্নসৌ জিহ্বাং।

তদেবং নামগ্রাহং তং তং বন্দিত্বা স্বাভীষ্টানন্যানপি সামান্যতঃ সদ্ভক্তান্ বন্দতে ভক্তিরসেতি। ভক্তা এব মকরা মীনরাজাখ্যা জলচরাস্তান্নমস্যামি মকরত্বেন রূপকে সাদৃশ্যত্রয়মাহ ভক্তিরস এবামৃতসিন্ধুর্নানাবিধমুক্তিনদীনাং আশ্রয়ঃ পরমপরানন্দস্তস্মিন্ চরতঃ বিহরতঃ। পূর্ব্বহেতোরেব ন শীলিতা অনাদৃতা মুক্তিরেব নদী তদ্রূপতয়া রূপিতং জন্মমরণাদিবন্ধচ্ছেদকমপি অনবচ্ছিন্ন-প্রবাহরূপমপি ব্রহ্মকৈবল্যাদিসুখং যৈস্তান্। অনাদৃতা ইত্যেব বা পাঠঃ। সালোক্য সার্ষ্টি সারূপ্যেত্যাদেঃ মৎসেবয়া প্রতীতন্ত ইত্যাদেশ্চ পূর্ব্বহেতোরেব পরিভূতং জন্মমরণাদিবন্ধদুঃখপরম্পরাহেতোঃ কালরূপাজ্জালাদ্ভয়ং যৈস্তান্। নৈষাং বয়ং নচ বয়ঃ প্রভবাম দণ্ডে ইত্যুক্তেঃ ॥ ৪ ॥

অথ নিজগ্রন্থস্য বিরোধিকৃতপরাভবাভাবকর্ত্রীং সদা স্ফূর্ত্তিং শ্রীগুরুচরণান্ প্রার্থয়তে মীমাংসকেতি। মীমাংসকো দ্বিবিধঃ কর্ম্মজ্ঞানবিচারভেদেন। বড়বাগ্নের্জিহ্বা জ্বালা তস্তুচ্ছেনৈবাগ্নেঃ সপ্তজিহ্বত্বেন প্রসিদ্ধেঃ। তাং যথা কুণ্ঠয়ন্নম্ভোধির্বর্ত্ততে তথা অয়মপি মীমাংসকানাং বচনশক্তিমিত্যর্থঃ। তৎকুণ্ঠনাতিশয়-বিবক্ষায়ামেব তাৎপর্য্যাৎ। উভয়ত্রাপি তদীয়রসস্বাভাব্যাদিতি ভাবঃ। অথবা অন্যাম্ভোধিতো বিলক্ষণত্বমত্রোক্তঃ। তদেবং যে তৎপদ্যত্রয়েণ সিন্ধুরূপকত্বং ত্রিধাপি স্থাপিতং সিন্ধাবন্যত্র বড়বাগ্নেঃ স্বাভাবিকী স্থিতিঃ অত্র তু মীমাংসকস্য যথা কথঞ্চিদাগন্তুকী স্যাদিত্যাশঙ্ক্য তদেব প্রার্থিতং ॥ ৫ ॥

যে সকল ভক্তরূপ মকর মুক্তিরূপা নদীসমূহকে অনাদর পূর্ব্বক কালরূপ ভয় হইতে অব্যাহতি পাইয়া ভক্তিরসামৃত-সিন্ধুতে বিচরণ করেন তাঁহাদিগকে প্রণাম করি ॥ ৪ ॥

হে সনাতন! তোমার এই ভক্তিরসামৃতসিন্ধু মীমাংসক-রূপ বড়বাগ্নির কঠিনতম জিহ্বাকে কুণ্ঠিত করিয়া বহুকালের

স্ফুরতু সনাতন সুচিরং, তব ভক্তিরসামৃতাম্ভোধিঃ ॥ ৫ ॥
ভক্তিরসস্য প্রস্তুতি,-রখিল জগন্মঙ্গলপ্রসঙ্গস্য।
অজ্ঞেনাপি ময়াস্য, ক্রিয়তে সুহৃদাং প্রমোদায় ॥ ৬ ॥

গ্রন্থবিভাগঃ।

এতস্য ভগবদ্ভক্তিরসামৃতপয়োনিধেঃ।
চত্বারঃ খলু বক্ষ্যন্তে ভাগাঃ পূর্ব্বাদয়ঃ ক্রমাৎ ॥
তত্র পূর্ব্ববিভাগেঽস্মিন্ ভক্তিভেদনিরূপকে।
অনুক্রমেণ বক্তব্যং লহরীণাং চতুষ্টয়ং ॥
আদ্যা সামান্যভক্ত্যাঢ্যা দ্বিতীয়া সাধনান্বিতা।

মম পুনরনুকূলানাং প্রতিকূলানাঞ্চ পণ্ডিতানাং সমাধানেন শক্তিঃ কিন্ত্বেত-দর্থমেবেদং ক্রিয়ত ইত্যাহ ভক্তিরসস্যেতি। অজ্ঞেনেতি পূর্ব্ববদ্দৈন্যোঽপি ন বিদ্যতে জ্ঞো যস্মাৎ তেনেতি জ্ঞেয়ং। অপেরর্থঃ স্বতঃ প্রয়োজনাভাবং ব্যঞ্জয়তি ॥ ৬ ॥

অথগ্রন্থমারব্ধুং তৎপরিপাটীং দর্শয়তি এতস্যেতি চতুর্ভিঃ ॥ ৭ ॥

নিমিত্ত স্ফূর্ত্তি পাউক ॥ ৫ ॥

আমি অজ্ঞ হইয়াও সুহৃদ্‌গণের আনন্দবর্দ্ধনার্থ অখিল জগন্মঙ্গল শ্রীকৃষ্ণের প্রসঙ্গাধীন ভক্তিরস বিস্তার করিতেছি ॥ ৬ ॥

আমি এই ভক্তিরসামৃতসিন্ধুর পূর্ব্বাদিক্রমে চারিটী বিভাগ বর্ণন করিব ॥

তন্মধ্যে পূর্ব্ববিভাগে ভক্তির বিভিন্নতা নিরূপিত হইবে, এই পূর্ব্ব-বিভাগে চারিটী লহরী বর্ণন করিব। তাহার প্রথম-লহরীতে সামান্যভক্তি, দ্বিতীয় লহরীতে সাধন ভক্তি, তৃতীয়-

ভাবাশ্রিতা তৃতীয়াত্র তুর্য্যা প্রেমনিরূপিকা ॥ ৭ ॥
তত্রাদৌ সুষ্ঠু বৈশিষ্ট্যমস্যাঃ কথয়িতুং স্ফুটং।
লক্ষণং ক্রিয়তে ভক্তেরুত্তমায়াঃ সতাং মতং ॥ ৮ ॥
অন্যাভিলাষিতাশূন্যং জ্ঞানকর্ম্মাদ্যনাবৃতং।

তত্রাদাবিতি। তত্র পূর্ব্ববিভাগগতপ্রথমলহর্য্যাং আদৌ প্রথমমেব উত্তমায়াঃ ভক্তের্লক্ষণং ক্রিয়তে প্রতিপাদ্যত্বেন বিধীয়তে। নতু সর্ব্বাংশিকায়াঃ। তত্র হেতুঃ সুষ্ঠু বৈশিষ্ট্যং কথয়িতুমিতি। অন্যত্রানাভিলাষজ্ঞানকর্ম্মাদ্যাবৃতত্বেনাপূর্ণলক্ষণত্বাৎ এতদংশত এবাস্যাস্তাদৃশত্বব্যক্তেঃ। যথাস্তি ভক্তির্ভগবত্যকিঞ্চনেত্যাদেঃ ॥ ৮ ॥

অথ তস্যা লক্ষণং বদন্নেব গ্রন্থমারভতে অন্যেতি। অনুশীলনমত্র ক্রিয়াশব্দবদ্ধাত্বর্থমাত্রমুচ্যতে। ধাত্বর্থশ্চ দ্বিবিধঃ। প্রবৃত্তিনিবৃত্ত্যাত্মকঃ কায়বাঙ্মানসীয়স্তত্তচ্চেষ্টারূপঃ প্রীতিবিষাদাত্মকো মানসস্তত্তদ্ভাবরূপশ্চ। সত্ত্বাসত্ত্বে তু পরস্পরমুপমর্দ্দিত্বাচ্চেষ্টান্তর্গত এব। তদেবং সতি কৃষ্ণসম্বন্ধি কৃষ্ণার্থং বা অনুশীলনং কৃষ্ণানুশীলনমিতি। তৎসম্বন্ধমাত্রস্য তাদর্থ্যস্য বা বিবক্ষিতত্বাদ্গুরুপাদাশ্রয়াদৌ ভাবরূপস্যাপি ক্রোড়ীকৃতত্বাৎ স্থায়িনি ব্যভিচারিষু চ ভাবেষু নাব্যাপ্তিঃ।

লহরীতে ভাবভক্তি এবং চতুর্থ লহরীতে প্রেমভক্তি নিরূপিত হইবে ॥ ৭ ॥

তন্মধ্যে প্রথম লহরীতে ভক্তির সুন্দর বৈশিষ্ট্য স্পষ্টরূপে কীর্ত্তন করিবার নিমিত্ত সাধু সম্মত উত্তমা ভক্তির লক্ষণ করিতেছি—॥ ৮ ॥

শ্রীকৃষ্ণসম্বন্ধি অথবা শ্রীকৃষ্ণের নিমিত্ত অনুকূল অনুশীলনকে সামান্যতঃ ভক্তি কহে, এই অনুশীলন জ্ঞান ও কর্ম্মাদিদ্বারা অনাবৃত এবং অন্য বস্তুর প্রতি স্পৃহাশূন্য হইলেই উত্তমা ভক্তি বলা যায় ॥

আনুকূল্যেন কৃষ্ণানুশীলনং ভক্তিরুত্তমা ॥ ৯ ॥

এতচ্চ কৃষ্ণতদ্ভক্তকৃপৈকলভ্যং শ্রীভগবতঃ স্বরূপশক্তিবৃত্তিরূপমতোঽপ্রাকৃতমপি কায়াদিবৃত্তিতাদাত্ম্যেনৈবাবির্ভূতমিতি জ্ঞেয়ং। অগ্রেতু স্পষ্টীকরিষ্যতে। কৃষ্ণশব্দশ্চাত্র স্বয়ং ভগবতঃ শ্রীকৃষ্ণস্য তদ্রূপাণাং চান্যেষামপি গ্রাহকঃ। তারতম্যন্ত্বগ্রে বিবেচনীয়ং। তত্র ভক্তিমাত্রত্বসিদ্ধ্যর্থং বিশেষণমানুকূল্যেনেতি। প্রাতিকূল্যে ভক্তিত্বাপ্রসিদ্ধেঃ। আনুকূল্যঞ্চ অস্মিন্নুদ্দেশ্যায় শ্রীকৃষ্ণায় রোচমানা প্রবৃত্তিঃ। প্রাতিকূল্যন্তু তদ্বিপরীতং জ্ঞেয়ং। তৃতীয়া চেয়ং বিশেষণ এব নতু উপলক্ষণে ততশ্চ / যথা শস্ত্রিণঃ সমানয়েত্যুক্তে শস্ত্রাণামপি সমানয়নং প্রসজ্যতে তথানুকূল্যস্যাপি ভক্তিত্ববিধানং। নতু শস্ত্রিণো ভোজয়েত্যত্র শস্ত্রাণামভোজনবদবিধানং। নন্বানুকূল্যং ভক্তিরিত্যেবাস্তাং ততশ্চ রাজায়ং গচ্ছতীত্যত্র রাজপদেন তৎপরিকরাণাং গ্রহণং স্যাৎ। সত্যং। তথাপি ধাত্বর্থভেদানাস্পষ্টা প্রতিপত্তির্ন স্যাদিতি ধাত্বর্থমাত্রগ্রহণায়ানুশীলনপদমুপাদীয়তে। অপিচ অনুশীলনপদং চানুকূল্যে জাতে মুহুরেব শীলনং স্যাদিত্যভিপ্রায়েণ কৃতঃ। তদেতৎ স্বরূপলক্ষণং। উত্তমত্বসিদ্ধ্যর্থন্তু তটস্থলক্ষণেন বিশেষণদ্বয়ং। অন্যাভিলাষিতাশূন্যমিতি। অত্রান্যেতি ভক্ত্যেকাভিলাষেণ যুক্তমিত্যর্থঃ। জ্ঞানমত্র নির্ভেদব্রহ্মানুসন্ধানং নতু ভজনীয়তত্ত্বানুসন্ধানমপি তস্যাবশ্যাপেক্ষণীয়ত্বাৎ। কর্ম্ম স্মৃত্যাদ্যুক্তং নিত্যনৈমিত্তিকাদি ন ভজনীয়পরিচর্য্যাদি তস্য তদনুশীলনরূপত্বাৎ। আদিশব্দেন বৈরাগ্যযোগসাংখ্যাভ্যাসাদয়ঃ। অত্র শ্রীকৃষ্ণানুশীলনং কৃষ্ণভক্তিরিতি বক্তব্যে ভগবচ্ছাস্ত্রেষু কেবলস্য চ ভক্তিশব্দস্য তত্রৈব বিশ্রান্তিরিত্যভিপ্রায়াত্তথোক্তং তথৈব হি গ্রিমবাক্যমিতি ॥ ৯ ॥

তাৎপর্য্য। এই বিষয়ে ক্রিয়া শব্দের ন্যায় অনুশীলনকে ধাতুর অর্থমাত্র বলিতে হইবে, ধাতুর অর্থ দুই প্রকার প্রবৃত্তি ও নিবৃত্তিরূপ, কায়িক বাচিক ও মানসিক চেষ্টারূপ এবং

প্রীতিবিষয়াত্মক মানসিকভাব জানিতে হইবে অর্থাৎ শরীর-দ্বারা পরিচর্য্যা, বাক্যদ্বারা নাম গুণ কীর্ত্তন, মনোদ্বারা তদীয় লীলা রূপাদির চিন্তা এবং অন্তঃকরণে সর্ব্বদা প্রীতিসম্পাদন বুঝাইবে। "কৃষ্ণসম্বন্ধি" এই শব্দে গুরু পাদাশ্রয়াদিকেও কৃষ্ণানুশীলন জানিতে হইবেক, কারণ গুরুদেবের নিকট দীক্ষিত না হইলে বিশুদ্ধভজনে অধিকারী হয় না। এইরূপ অনুশীলন ভগবানের স্বরূপশক্তির বৃত্তিস্বরূপ, অপ্রাকৃত, ইহা কেবল কৃষ্ণ এবং কৃষ্ণভক্তের অনুগ্রহে লাভ হয়, কৃষ্ণশব্দে এ স্থলে স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণ এবং তাঁহার অন্যান্য মূর্ত্তিও জানিবে। অনুশীলনের ভক্তিমাত্র সিদ্ধির নিমিত্ত অনুকূল এই কথাটী বিশেষণ দেওয়া হইয়াছে, প্রতিকূলভাবে ভক্তিসিদ্ধি হয় না, যেমন রাবণাদির প্রতিকূল অনুশীলন ভক্তিপদ-বাচ্য হয় নাই। ভক্তি বিষয়ে আনুকূল্য শব্দের অর্থ এই যে, শ্রীকৃষ্ণে রুচিকর প্রবৃত্তি প্রতিকূল হইলে তাহার বিপরীত হয়। আনু-কূল্য শব্দে যে তৃতীয়া বিভক্তি ইহা কেবল বিশেষণে, উপল-ক্ষণার্থ নহে, যেমন অস্ত্রধারি ব্যক্তিকে আনয়ন কর, এই কথা বলিলে অস্ত্রেরও আনয়ন সম্ভব হয়, তেমনি অনুকূল অনুশীলন বলাতে আনুকূল্যেরও ভক্তিত্ব সিদ্ধি হইবে। অস্ত্রধারি ব্যক্তিকে ভোজন করাও এই কথা বলিলে অস্ত্রের ভোজন সিদ্ধ হয় না, তদ্রূপ প্রতিকূলের ভক্তিত্ব হয় না। উত্তমা ভক্তির স্বরূপল-ক্ষণ অনুকূল এবং কৃষ্ণানুশীলন। তটস্থলক্ষণ দুটী—অন্যাভি-লাষিতাশূন্য ও জ্ঞানকর্ম্মাদিতে অনাবৃত। অন্যাভি-লাষ শব্দে ভক্তিসম্পাদক অভিলাষ ভিন্ন অন্যবস্তুর প্রতি

যথা—নারদপঞ্চরাত্রে ॥

সর্ব্বোপাধিবিনির্মুক্তং তৎপরত্বেন নির্ম্মলং
হৃষীকেণ হৃষীকেশসেবনং ভক্তিরুচ্যতে ॥ ১০ ॥

তৎপরত্বেন আনুকূল্যেন সর্ব্বোপাধ্যন্যাভিলাষিতাশূন্যং সেবনমনুশীলনং নির্ম্মলং জ্ঞানকর্ম্মাদ্যনাবৃতং। অত উত্তমত্বং স্বত এবোক্তং ॥ ১০ ॥

অভিলাষশূন্য। জ্ঞানশব্দে ভজনীয়রূপে অনুসন্ধানব্যতিরেকে কেবল নির্ব্ভেদ ব্রহ্মানুসন্ধান, কারণ নির্ব্ভেদ ব্রহ্মানুসন্ধানাত্মক জ্ঞান ভক্তিযোগের উপযোগী হয় না। কর্ম্মশব্দের অর্থ স্মৃতিশাস্ত্রোক্ত নিত্য নৈমিত্তিক কর্ম্মাদি, এইরূপ কর্ম্মে প্রবৃত্তি থাকিলে ভক্তিলাভ হয় না, কেবল ভজনীয় পরিচর্য্যাদিরূপ কর্ম্ম করিবে, যে হেতু, ঐ সকল পরিচর্য্যাদিকে অনুশীলন বলা যায়, "জ্ঞানকর্ম্মাদি' এইস্থলে আদিশব্দের উল্লেখহেতু বৈরাগ্য যোগ ও জ্ঞানের অভ্যাস ইত্যাদি ভক্তির প্রতিকূল ॥ ৯ ॥

যথা—নারদপঞ্চরাত্রে ॥

ইন্দ্রিয়গণদ্বারা হৃষীকেশের তৎপরত্বরূপে সেবনকেই ভক্তি কহে, এই সেবন সর্ব্বোপাধি বিরহিত এবং নির্ম্মল হইবে ॥

তাৎপর্য্য। তৎপরত্ব শব্দের অর্থ আনুকূল্য, সর্ব্বোপাধি বিনির্মুক্ত শব্দে অন্যাভিলাষিতাশূন্য সেবন অনুশীলন, নির্ম্মল শব্দে জ্ঞানকর্ম্মাদিতে অনাবৃত ॥ ১০ ॥

শ্রীভাগবতস্য তৃতীয়স্কন্ধে চ।

অহৈতুক্যব্যবহিতা যা ভক্তিঃ পুরুষোত্তমে।
সালোক্যসার্ষ্টিসামীপ্যসারূপ্যৈকত্বমপ্যুত।
দীয়মানং ন গৃহ্ণন্তি বিনা মৎসেবনং জনাঃ॥
সএব ভক্তিযোগাখ্য আত্যন্তিক উদাহৃতঃ॥ ইতি॥
সালোক্যেত্যাদিপদ্যস্থভক্তোৎকর্ষনিরূপণং।

অহৈতুকীতি। তত্র অহৈতুকীতি অন্যাভিলাষিতাশূন্যা অব্যবহিতা জ্ঞানকর্ম্মাদ্যনাবৃতা ভক্তির্ভাবরূপা তথাপ্যেতদব্যভিচারিণী ক্রিয়ারূপাঽপি লক্ষ্যতে। অহৈতুকীত্বমেব বিশেষণ দর্শয়তি সালোক্যেতি। মদ্যমিতি শেষঃ। আত্যন্তিকঃ পরমপুরুষার্থঃ॥ ১১॥

শ্রীভাগবতে তৃতীয়স্কন্ধে ২৯অ। ১০। ১০ শ্লোকে।

কপিলদেব কহিলেন, মাতঃ। যাহারা আমাতে অন্যবস্তুর অভিলাষশূন্য ও জ্ঞানকর্ম্মাদিরূপ আচ্ছাদনরহিত মনের গতিরূপ ভক্তিলাভ করিয়াছেন, সেই ভক্তগণের আমার সন্নিধানে অন্য কোন ফলানুসন্ধান দূরে থাকুক; প্রত্যুত তাঁহাদিগকে সালোক্য অর্থাৎ আমার সহিত এক লোকে বাস, আমার সমান ঐশ্বর্য্য আমার সামীপ্য, আমার সমানরূপত্ব অথবা সাযুজ্য অর্থাৎ আমার সহিত ঐক্য এই সকল মোক্ষরূপ বস্তু দিতে চাহিলেও তাঁহারা গ্রহণ করেন না, কেবল আমার সেবনকেই পরম পুরুষার্থ জানিয়া প্রার্থনা করিয়া থাকেন, মা। ইহাকেই আত্যন্তিক ভক্তিযোগ কহে॥

তৃতীয়স্কন্ধোক্ত সালোক্যাদি পদ্যে ভক্তের উৎকর্ষ নিরূপণ ভক্তির বিশুদ্ধতা প্রকাশ করিয়া ভক্তি লক্ষণেই পর্য্যব-

ভক্তের্বিশুদ্ধতা ব্যক্ত্যা লক্ষণে পর্য্যবস্যতি ॥ ১১॥

ক্লেশঘ্নী শুভদা মোক্ষলঘুতাকৃৎ সুদুর্ল্লভা।

সান্দ্রানন্দবিশেষাত্মা শ্রীকৃষ্ণাকর্ষিণী চ সা ॥

তত্রাস্যাঃ ক্লেশঘ্নত্বং।

ক্লেশাস্তু পাপং তদ্বীজমবিদ্যা চেতি তে ত্রিধা ॥

তত্র পাপং।

অপ্রারব্ধং ভবেৎ পাপং প্রারব্ধং চেতি তদ্দ্বিধা ॥

অথ বৈশিষ্ট্যং কথয়িতুমিতি যদুক্তং তদেব সংক্ষিপ্য দর্শয়তি ক্লেশঘ্নীতি। পাকাদ্যার্থং প্রজ্বলিতোঽগ্নির্যথা কাষ্ঠানি ভস্মীকরোতি তথা মদ্বিষয়া ভক্তির্যথা

সিত হইতেছ ॥ ১১ ॥

ভক্তির বৈশিষ্ট্য কীর্ত্তন করিবার নিমিত্ত লক্ষণ করিতেছেন, এই যাহা বলা হইয়াছে তাহা সঙ্ক্ষেপে দেখাইতেছেন।

উত্তমা ভক্তি ছয় প্রকার হয় যথা—ক্লেশঘ্নী, শুভদা, মোক্ষের লঘুতাকারিণী, সুদুর্ল্লভা, সান্দ্রানন্দবিশেষাত্মা এবং শ্রীকৃষ্ণাকর্ষিণী ॥

ভক্তির ক্লেশনাশকত্ব যথা ॥

ক্লেশ তিন প্রকার, পাপ, পাপবীজ এবং অবিদ্যা ॥

তন্মধ্যে পাপ যথা।

অপ্রারব্ধ এবং প্রারব্ধ ভেদে পাপ দুই প্রকার হয় ॥

তাৎপর্য্য। অপ্রারব্ধ পাপ ইহাকেই বলে যাহা অদৃষ্টরূপে আত্মায় অবস্থিত আছে এবং যাহার ভোগকাল উপস্থিত হয় নাই, ইহা অনাদি ও অনন্ত। আর প্রারব্ধ পাপ যাহা ফলোন্মুখ অর্থাৎ যদ্দ্বারা নীচ জাতিতে জন্মগ্রহণপ্রভৃতি করিয়া ক্লেশাদি ভোগ করিতে হয় ॥

তত্রাপ্রারব্ধহরত্বং যথৈকাদশে

যথাগ্নিঃ সুসমিদ্ধার্চ্চিঃ করোত্যেধাংসি ভস্মসাৎ।
তথা মদ্বিষয়া ভক্তিরুদ্ধবৈনাংসি কৃৎস্নশঃ॥ ১২॥

প্রারব্ধহরত্বং যথা তৃতীয়ে।

যন্নামধেয়শ্রবণানুকীর্ত্তনাদ্
যৎপ্রহ্বণাদযৎস্মরণাদপি ক্বচিৎ।

কথঞ্চিৎ শ্রবণাদিলক্ষণা সমস্তানি পাপানি দহতীতি॥ ১২॥

যন্নামেতি। শ্বাদত্বমত্র শ্বভক্ষকজাতিবিশেষত্বমেব শ্বানমত্তীতি নিরুক্তৌ বর্ত্তমানপ্রয়োগাৎ ক্রব্যাদবত্তচ্ছীলত্বপ্রাপ্তেঃ। কাদাচিৎকশ্বভক্ষণপ্রায়শ্চিত্তবিবক্ষায়াং ত্বতীতপ্রয়োগঃ ক্রিয়েত রূঢ়ির্যোগমপহরতীতি ন্যায়েন চ তদ্বিরুধ্যেত। অতএব শ্বপচ ইতি তৈঃ স্বামিচরণৈর্ব্যাখ্যাতং ততশ্চাস্য ভগবন্নামশ্রবণাদ্যেককমাৎ সদ্য এব সবনযোগ্যতায়াঃ প্রতিকূলদুর্জ্জাতিত্বপ্রারম্ভকপ্রারব্ধপাপনাশপূর্ব্বকসবনযোগ্যজাতিত্বজনকপুণ্যলাভঃ প্রতিপদ্যতে। ব্রাহ্মণানাং শৌক্রে

তন্মধ্যে অপ্রারব্ধ পাপ হারিত্ব যথা

একাদশে ১৪ অ। ১৮ শ্লোকে॥

শ্রীকৃষ্ণ কহিলেন, হে উদ্ধব! যেমন প্রজ্বলিত অগ্নি কাষ্ঠরাশিকে ভস্ম করে, তদ্রূপ মদ্বিষয়া ভক্তি নিখিল পাপকে বিনষ্ট করিয়া থাকে॥ ১২॥

প্রারব্ধপাপহারিত্ব যথা।

তৃতীয়স্কন্ধে ৩৩ অ। ৬ শ্লোক।

দেবহূতি কহিলেন, হে ভগবন্! তোমার নামশ্রবণ, তোমার নামকীর্ত্তন, তোমাকে নমস্কার এবং তোমার স্মরণ ইত্যাদির মধ্যে যে কোন একটী যাজন করিলে কুক্কুরভোজী

শ্বাদোঽপি সদ্যঃ সবনায় কল্পতে
কুতঃ পুনস্তে ভগবন্নু দর্শনাৎ ॥ ১৭ ॥
দুর্জ্জাতিরেব সবনাযোগ্যত্বে কারণং মতং।

জন্মনি দুর্জ্জাতিত্বাভাবেঽপি সবনায় শৌক্রত্বজনকসাবিত্র্যজন্মাপেক্ষাবৎ। তথা ভক্তিঃ পুনাতি মন্নিষ্ঠা শ্বপাকানপি সম্ভবাদিতি তু কৈমুত্যার্থমেব প্রোক্তমিত্যাশয়াত্তি ॥ ১৩ ॥

তস্মাদ্দুর্জ্জাতিরেবেত্যত্র সবনাযোগ্যত্বে কারণমিতি তদ্‌যোগ্যতে প্রতিকূল পাপমন্ত্যর্থঃ। নতু তদ্‌যোগ্যত্বাভাবমাত্রমস্তীতি ব্রাহ্মণকুমারাণাং শৌক্রে জন্মনি দুর্জ্জাতিত্বাভাবেঽপি সবনযোগ্যতায় পুণ্যবিশেষময়সাবিত্রজন্মসাপেক্ষত্বাৎ। ততশ্চ সবনযোগ্যত্বপ্রতিকূলদুর্জ্জাত্যারম্ভকং প্রারব্ধমপি গতমেব কিন্তু শিষ্টাচারাভাবাৎ সাবিত্রং জন্ম নাস্তীতি ব্রাহ্মণকুমারাণাং সবনযোগ্যত্বাভাবাবচ্ছেদকপুণ্যবিশেষময়সাবিত্রজন্মাপেক্ষাবদস্য জন্মান্তরাপেক্ষা বর্ত্তত ইতি ভাবঃ। অতঃ প্রমাণবাক্যেঽপি সবনায় কল্পতে সম্ভাবিতো ভবতি নতু তদৈবাধিকারী

চণ্ডালও যখন শীঘ্রই সোমযাগ করিবার যোগ্যতা লাভ করে, তখন যে ব্যক্তি তোমার সাক্ষাৎকার করিয়াছে সে ব্যক্তি যে পবিত্র না হইবে, ইহা কোন মতেই সম্ভব নহে, অর্থাৎ অবশ্যই কৃতার্থ হইবে ॥

উক্ত পদ্যে কুক্কুরভোজী চণ্ডাল সদ্যই সোমযাগ করিবার যোগ্যতা প্রাপ্ত হয়, এতদ্দ্বারা সোমযাগের প্রতিকূল দুর্জ্জাতিত্ব প্রারম্ভক প্রারব্ধ পাপ নাশ সম্ভব হইল, যে হেতু ভগবন্নিষ্ঠ ভক্তি জাতিদোষ হইতে শ্বপাককেও পবিত্র করিয়া থাকেন॥১৩॥

এ স্থলে শ্বপচত্ব রূপ দুর্জ্জাতিই সোমযাগে অযোগ্যতার

দুর্জ্জাত্যারম্ভকং পাপং যৎ স্যাৎ প্রারব্ধমেব তৎ ॥ ১৪ ॥

পদ্মপুরাণে চ।

অপ্রারব্ধফলং পাপং কূটং বীজং ফলোন্মুখং।

স্যাদিত্যভিপ্রেতং। ব্যাখ্যাতঞ্চ তৈত্ত সদ্যঃ সবনায় সোমযাগায় কল্পতে। অনেন পূজ্যত্বং লক্ষ্যত ইতি। তদেবং দুর্জ্জাত্যারম্ভকস্য পাপস্য সদ্যোনাশে বচনাদবগতে দুঃখারম্ভকস্যাপি নাশস্তু ভক্ত্যা বৃত্ত্যা সম্ভাবিত ইতি সর্ব্বপ্রারব্ধপাপহারিতায়া উদাহরণং যুক্তমেব। যথোক্তং। ন বাসুদেবভক্তানামশুভং বিদ্যতে কচিৎ। জন্ম মৃত্যুর্জরা ব্যাধির্ভয়ং বাপ্যুপজায়ত ইতি ॥ ১৪ ॥

পূর্ব্বাংশমেব স্পষ্টয়তি পাদ্মে চেতি। পাপমিতি বিশেষ্যং। তত্র ফলোন্মুখং প্রারব্ধং বীজং বাসনাময়ং প্রারব্ধত্বোন্মুখমিতি যাবৎ কূটং বীজত্বোন্মুখং অপ্রারব্ধফলং ন প্রারব্ধং কূটত্বাদিরূপকার্য্যাবস্থং যেন তৎ। উচ্চানাদিসিদ্ধং অনন্তমেব। কারিকায়াং তু এতদেবাপ্রারব্ধমিত্যুক্তং। বীজপ্রারব্ধে তু পূর্ব্বং গণিতে

কারণ এবং দুর্জ্জাতির আরম্ভক অর্থাৎ নীচজাতিতে জন্মগ্রহণ করাইবার কারণ পাপকে প্রারব্ধ বলে ॥ ১৯ ॥

এই সমস্ত প্রমাণ পদ্মপুরাণে সুস্পষ্টরূপে নির্দ্দিষ্ট রহিয়াছে।

যথা—

যাহাদের চিত্ত বিষ্ণুভক্তিতে একান্ত অনুরক্ত, তাহাদিগের অপ্রারব্ধ ফল, কূট বীজ এবং ফলোন্মুখ এই পাপ চতুষ্টয় ক্রমে ক্রমে বিলয় প্রাপ্ত হইয়া যায় ॥

উক্ত পদ্যে ফলোন্মুখ শব্দের অর্থ প্রারব্ধ, বীজের অর্থ বাসনাময় অর্থাৎ প্রারব্ধত্বের উন্মুখ (কারণ), কূট শব্দে

ক্রমেণৈব প্রলীয়েত বিষ্ণুভক্তিরতাত্মনাং ॥ ১৫ ॥

বীজহরত্বং যথা ষষ্ঠে ২ অধ্যায়ে। ১৭ শ্লোকে।

তৈস্তান্যঘানি পূয়ন্তে তপোদানব্রতাদিভিঃ।

যত্তু কূটমবশিষ্টং তদপ্য প্রারব্ধ এবান্তর্ভাবাৎ। ক্রমেণ পূর্ব্বপূর্ব্বানুক্রমেণ তথাপি পূর্ব্বোক্তং সদ্যঃ সবনায়েতি কমলপত্রশতবেধন্যায়েন কিঞ্চিৎকালবিলম্বো জ্ঞেয় ইতি ॥১৫॥

বীজহরত্বং বিশেষতো দর্শয়তি ইত্যাহ বীজেতি ॥১৬॥

বীজোন্মুখ অর্থাৎ বীজের কারণ, প্রারব্ধ ফল শব্দে যাহাতে কোনও ফল অর্থাৎ কূটত্বাদি রূপ কার্য্যাবস্থা আরব্ধ হয়নাই, ইহারই নাম অপ্রারব্ধ পাপ, এ সমুদায়ের তাৎপর্য্য এই যে, অপ্রারব্ধ আদি বীজস্বরূপ, কূট তাহার অঙ্কুরোৎপাদন অবস্থা, বীজ শাখাপল্লবাদি শ্রীবৃদ্ধির কাল এবং এতন্নিবন্ধন প্রারব্ধ পাপফলের প্রসবোন্মুখ বৃক্ষসদৃশ, পূর্ব্বে প্রারব্ধ ও বীজ গণনা করা হইয়াছে, কূটকে অপ্রারব্ধের অন্তর্ভূত জানিতে হইবে ॥ ১৫ ॥

বীজহরত্ব যথা ষষ্ঠস্কন্ধে ২ অ। ১৭ শ্লোকে ॥

শুকদেব কহিলেন, হে রাজন্! তপস্যা দান এবং চান্দ্রায়ণাদি ব্রত, এতদ্দ্বারা পাপ সমূহ বিনষ্ট হয়, কিন্তু হৃদয়স্থ পাপ-বীজ বিনষ্ট হয় না, তাহা কেবল শ্রীকৃষ্ণের চরণারবিন্দের সেবাতেই বিনষ্ট হইয়া থাকে ॥

তাৎপর্য্য। প্রায়শ্চিত্ত রূপ তপস্যা দান এবং চান্দ্রায়ণাদি ব্রত করিলে পাপ ক্ষয় হয় বটে, কিন্তু তাহার পরক্ষণেই

নাধর্ম্মজং তদ্ধৃদয়ং তদীশাঙ্ঘ্রিসেবয়া ॥ ১৬ ॥
অবিদ্যাহরত্বং যথা চতুর্থে ২২ অ । ৩৭ শ্লোকে।
যৎ পাদপঙ্কজপলাশবিলাসভক্ত্যা
কর্ম্মাশয়ং গ্রথিতমুদ্‌গ্রথয়ন্তি সন্তঃ।

নৈষ্ঠিক্যান্তু অস্যা অবিদ্যাহরত্বমপি প্রতিজ্ঞায় দ্বাভ্যাং দর্শয়তি যৎপাদেতি। রিক্তমতয়ো ভগবদ্ধ্যানাদিনাভূতমতয়ঃ। অরণং শরণং। ক্রমশ্চাত্র শ্রীসূতেন শ্রবণোপলক্ষকতয়া প্রোক্তঃ-শৃণ্বতাং স্বকথাঃ কৃষ্ণঃ পুণ্যশ্রবণকীর্ত্তনঃ। হৃদ্যন্তস্থোহ্যভদ্রাণি বিধুনোতি সুহৃৎ সতাং। নষ্টপ্রায়েষ্বভদ্রেষু নিত্যং ভাগবত সেবয়া। ভগবত্যুত্তমঃশ্লোকে ভক্তির্ভবতি নৈষ্ঠিকী। তদা রজস্তমোভাবাঃ কামলোভাদয়শ্চ

পুনরায় পাপে প্রবৃত্ত করায় এমত পাপবীজ হৃদয়ে সংলগ্ন থাকে, তাহা যদি না হয় তবে কেন পুনরায় লোককে পাপে প্রবৃত্ত হইতে দেখা যায়, এই কারণে প্রায়শ্চিত্ত করিলে ও সর্ব্বতোভাবে অন্তরের পাপ বিনষ্ট হয় না, ঐ পাপ বীজস্বরূপ হইয়া পুনরায় অঙ্কুরোৎপাদন করে, অর্থাৎ পাপকর্ম্মে প্রবৃত্ত করায়। ইহা কেবল শ্রীকৃষ্ণচরণারবিন্দের সেবাদ্বারাই ক্ষয় প্রাপ্ত হয়, অন্য কোন সাধনে বিনষ্ট হয় না ॥ ১৬ ॥

অবিদ্যাহরত্ব যথা।

চতুর্থস্কন্ধে ২২ অ। ৩৭ শ্লোকে ॥

সনৎকুমার কহিলেন, হে রাজন্! মনুষ্যের অহঙ্কাররূপ হৃদয়গ্রন্থি কর্ম্ম রজ্জুতে আবদ্ধ। ইহা যেমন সাধুগণ শ্রীকৃষ্ণ চরণারবিন্দের ভক্তিদ্বারা উন্মোচন করিতে পারেন, তদ্রূপ আত্মধ্যান-বিরহিত নির্ব্বিষয়-মতি-যতিগণ ইন্দ্রিয়চয়কে

তদ্বন্ন রিক্তমতয়ো যতয়ো নিরুদ্ধ-

স্রোতোগণাস্তমরণং ভজ বাসুদেবং ॥

পাদ্মে চ।

কৃতানুযাত্রা বিদ্যাভির্হরিভক্তিরনুত্তমা।

অবিদ্যাং নির্দ্দহত্যাশু দাবজ্বালেব পন্নগীং ॥ ১৭ ॥

শুভদত্বং।

শুভানি প্রীণনং সর্ব্বজগতামনুরক্ততা।

য। চেত এতৈরনাবিদ্ধং স্থিতং সত্ত্বে প্রসীদতি। এবং প্রসন্নমনসো ভগবদ্ভক্তি-যোগতঃ। ভগবত্তত্ত্ববিজ্ঞানং মুক্তসঙ্গস্য জায়তে। ভিদ্যতে হৃদয়গ্রন্থিশ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ। ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি দৃষ্ট এবাত্মনীশ্বর ইতি। নৈষ্ঠিকী নিশ্চলেতি টীকাকারাঃ ॥ ১৭ ॥

সর্ব্বজগতামিতি। সর্ব্বজগৎকর্ম্মকং প্রীণনং তৎকর্ত্তৃকানুরক্ততা চ। অনয়োঃ অন্যান্যাবর্ত্তাবেঽপি পৃথগুক্তিঃ সর্ব্বোত্তমতাপেক্ষয়া। কিং বা তে এতে যদ্যপি

নিগ্রহ করিয়াও সমর্থ হয়েন নাই। অতএব আপনি সেই আশ্রয় স্বরূপ ভগবান্ বাসুদেবকে ভজন করুন ॥

এই উদাহরণে গ্রথিত কর্ম্মাশয় শব্দে অবিদ্যা ॥

পদ্মপুরাণে যথা।

অত্যুত্তমা হরিভক্তি বিদ্যাশক্তির সহিত আগমন করিয়া যেমন দাবানলশিখা সর্পীকে সংহার করে, তাহার ন্যায় আশু অবিদ্যাকে বিনষ্ট করেন ॥ ১৭ ॥

শুভদায়িনী যথা।

সমুদায় জগতের প্রীতি বিধান, সকলের অনুরাগ, সদ্গুণ এবং সুখ ইত্যাদিকে পণ্ডিতগণ শুভ শব্দে কহিয়া থাকেন ॥

সদ্গুণাঃ সুখমিত্যাদীন্যাখ্যাতানি মনীষিভিঃ॥

তত্র জগৎপ্রীণনাদিদ্বয়প্রদত্বং।

যথা পদ্মে।

যেনার্চ্চিতো হরিস্তেন তর্পিতানি জগন্ত্যপি।

রজ্যন্তি জন্তবস্তত্র জঙ্গমাঃ স্থাবরা অপি॥ ১৮॥

সদ্গুণাদিপ্রদত্বং যথা পঞ্চমে ১৮ অধ্যায়ে। ১২ শ্লোকে।

যস্যাস্তি ভক্তির্ভগবত্যকিঞ্চনা

সর্ব্বৈগুণৈস্তত্র সমাসতে সুরাঃ

সাদ্গুণ্যকৃতে অপি তত্র সম্ভবতঃ তথাপ্যন্যত্রৈব তন্মাত্রকৃতে ন স্যাতাং কিন্তু স্বরূপকৃতে অপীতি পৃথগুক্তিঃ কৃতা। যথোক্তং চতুর্থে ধ্রুবচরিতে। যস্য প্রসন্নো ভগবান্ গুণৈর্মৈত্র্যাদিভির্হরিঃ। তস্মৈ নমন্তি ভূতানি নিম্ন আপ ইব স্বয়মিতি। আদিগ্রহণাৎ সর্ব্ববশীকারিত্বমঙ্গলকারিত্বাদীনি জ্ঞেয়ানি॥ ১৮॥

সদ্গুণাদীত্যত্রাদিগ্রহণাৎ সর্ব্ববশীকারিত্বোপলক্ষকসুরবশীকারিত্বং গৃহ্যতে।

সর্ব্ব জগতের প্রীতি ও সর্ব্ব জগতের অনুরাগ যথা॥

পদ্মপুরাণে।

যে ব্যক্তি ভগবান্ হরির অর্চ্চনা করিয়াছেন তিনি সমুদায় জগৎকে পরিতৃপ্ত করিয়াছেন, অধিক কি স্থাবর জঙ্গম প্রভৃতিও তাহার প্রতি অনুরক্ত হয়॥ ১৮॥

ভক্তির সদ্গুণাদিপ্রদত্ব যথা।

পঞ্চমস্কন্ধে ১৮ অধ্যায়ে। ১২ শ্লোকে॥

শুকদেব কহিলেন, হে মহারাজ! ভগবান্ শ্রীকৃষ্ণের প্রতি যাঁহার আকিঞ্চনা অর্থাৎ নিষ্কাম ভক্তি হয়, তাঁহার দেহে

হরাবভক্তস্য কুতো মহদ্গুণা
মনোরথেনাসতি ধাবতো বহিঃ ॥ ১৯ ॥

সুখ প্রদত্বং ।

সুখং বৈষয়িকং ব্রাহ্মমৈশ্বরঞ্চেতি তত্ত্রিধা ।

যথা তন্ত্রে ।

সিদ্ধয়ঃ পরমাশ্চর্য্যা ভুক্তির্মুক্তিশ্চ শাশ্বতী ।

দ্গুণাপ্তি প্রদত্বমিত্যত্র সদ্গুণাদিবশীকারিত্বমিত্যর্থ ॥ ১৮ ॥

স্বয়া ভগবদাদয়ঃ । স চ তথা তৎপরিকরা দেবা মুনয়শ্চেত্যর্থঃ । সর্ব্বাসত্তে বশীভূয় তিষ্ঠন্তীত্যর্থঃ ॥ ১৯ ॥

* সিদ্ধয়োঽণিমাদয়ো ভুক্তিশ্চ বিষয়ময়সুখং মুক্তির্ব্রহ্মসুখং । পারিশিষ্যাদ্বি-

---

দেবগণ বশতাপন্ন হইয়া সমস্ত গুণের সহিত অবস্থিতি করেন, কিন্তু যে ব্যক্তি হরির প্রতি ভক্তি করে না, তাহার মহদ্গুণ কোথা হইতে হইবে, সে কেবল অসৎ মনোরথে ব্যাকুলিত হইয়া বাহ্য বিষয়ের প্রতি ধাবমান হয় অর্থাৎ তাহার কোনই অর্থ সিদ্ধি হয় না ॥

উক্ত উদাহরণে নিষ্কাম ভক্তের প্রতি ভক্তিই সদ্গুণাদি প্রদান করেন, কারণ ভক্তিযোগে চিত্ত বিশুদ্ধ হওয়ায় তাঁহার দেহে দেবগণ স্ব স্ব গুণের সহিত অবস্থিতি করেন, এতদ্বারা ভগবদ্ভক্তিরই সদ্গুণত্বাদি প্রদান করা হইল ॥ ১৯ ॥

ভক্তির সুখপ্রদত্ব যথা ।

সুখ তিন প্রকার হয়, যথা—বৈষয়িক, ব্রাহ্ম এবং ঐশ্বরিক ॥

যথা তন্ত্রে ॥

মহাদেব কহিলেন, প্রিয়ে ! যে ব্যক্তি গোবিন্দ চরণার-

নিত্যঞ্চ পরমানন্দং ভবেদ্গোবিন্দভক্তিতঃ ॥ ২০ ॥

ত্যং পরমানন্দমৈশ্বরসুখং তচ্চ তত্তদনুভবময়ং॥ ২০ ॥

গিন্দে ভক্তিযোগ উৎপন্ন হইয়াছে, ঐ ভক্তিযোগ তাহাকে অণিমাদি অষ্টসিদ্ধি বিষয়স্বরূপ ভুক্তি মুক্তিস্বরূপ শাশ্বত ব্রহ্ম ও নিত্য পরমানন্দময় ঐশ্বরিক সুখ অনুভব করাইয়া থাকেন ॥

উক্ত উদাহরণে অণিমাদি অষ্টসিদ্ধি যথা—অণিমা, মহিমা, লঘিমা, প্রাপ্তি, ঈশিত্ব, বশিত্ব প্রকাম্য এবং কামাবসায়িতা। এ সমুদায়ের অর্থ এই যে, যে সিদ্ধিদ্বারা শীলামধ্যেও প্রবেশ করিতে পারা যায় তাহার নাম অণিমা ॥ ১ ॥

যে সিদ্ধিদ্বারা পর্ব্বতের ন্যায় মহান্ হওয়া যায় তাহার নাম মহিমা ২। যে সিদ্ধিদ্বারা সূর্য্যকিরণ ধরিয়াও সূর্য্যলোকে গমন করিতে পারা যায় তাহার নাম লঘিমা ৩। যে সিদ্ধিতে অঙ্গুল্যগ্রে চন্দ্র স্পর্শ করিতে পারা যায়, তহার নাম প্রাপ্তি, এতদ্দ্বারা কেবল চন্দ্রমাত্রেই স্পর্শ করিতে পারে এমত নয়, যখন যাহা অভিলাষ করিবে তখনই তাহা স্পর্শ করিতে পারিবে ৪। যে সিদ্ধিদ্বারা ভূত ভৌতিকের সৃষ্টি, স্থিতি ও প্রলয় করিতে পারা যায় তাহার নাম ঈশিত্ব ৫। যে সিদ্ধিদ্বারা ভূত ভৌতিককে বশীভূত করিতে পারা যায় তাহার নাম বশিত্ব ৬। যে সিদ্ধিদ্বারা ইচ্ছার অন্যথা হয়না অর্থাৎ জলের ন্যায় ভূমিতেও মগ্ন উন্মগ্ন হইতে পারা যায়, তাহার নাম প্রকাম্য ৭॥ যে সিদ্ধিদ্বারা সত্যসঙ্কল্পতা হয় অর্থাৎ যেমন সঙ্কল্প তেমনিই কার্য্য, যেমন দগ্ধ বীজের অঙ্কুরোৎপাদন, তাহার নাম কামাবসায়িতা ৮ ॥ ২০ ॥

হরিভক্তিসুধোদয়ে চ ।

ভূয়োঽপি যাচে দেবেশ ত্বয়ি ভক্তির্দৃঢ়াস্তু মে ।

যা মোক্ষান্তচতুর্ব্বর্গফলদা সুখদা লতা ॥ ইতি ॥ ২১ ॥

মোক্ষলঘুতাকৃৎ ।

মনাগেব প্ররূঢ়ায়াং হৃদয়ে ভগবদ্রতৌ ।

পুরুষার্থাস্তু চত্বারস্তৃণায়ন্তে সমন্ততঃ ॥

যথা নারদপঞ্চরাত্রে ।

হরিভক্তিমহাদেব্যাঃ সর্ব্বা মুক্ত্যাদিসিদ্ধয়ঃ ।

সুখদাঈশ্বরানুভবানন্দদাত্রী ॥ ২১ ॥

মনাগেবেতি । অল্পমপি প্ররূঢ়ায়াং নতু জনিতায়াং তস্যাঃ স্বসম্প্রকাশরূপ-
ত্বাৎ । পুরুষার্থা ধর্ম্মার্থকামমোক্ষাখ্যাস্তৃণায়ন্তে তত্র সদ্ভিঃ লক্ষ্যন্তে ইত্যর্থঃ . হরি-
হরিভক্তিসুধোদয়েঽত্তেও যথা ॥

প্রহ্লাদ নৃসিংহদেবকে সম্বোধন করিয়া কহিলেন, হে দেবেশ। আমি বারম্বার তোমার নিকট এই প্রার্থনা করিতেছি যে, আমার ভক্তি তোমাতে যেন সুদৃঢ় হইয়া অবস্থিত হয়, যে হেতু এই ভক্তি লতা সুখদা অর্থাৎ ঈশ্বরানুভব রূপ-আনন্দদায়িনী এবং ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষরূপ চতুর্ব্বর্গের ফল প্রদান করেন ॥ ২১ ॥

ভক্তির মোক্ষলঘুকারিতা যথা ।

যাহার হৃদয়ে অল্পমাত্রও ভগবদ্বিষয়া রতি আবির্ভূত হইয়াছে, তিনি ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষরূপ পুরুষার্থ চতুষ্টয়েক তৃণতুল্য জ্ঞান করেন অর্থাৎ ঐ পুরুষার্থ তাঁহার হৃদয়ে সমস্ত

সিদ্ধিরেও রুদ্ধিক অধ্যে

ভুক্তয়শ্চাদ্ভুতাস্তস্যাশ্চেটিকাবদনুব্রতাঃ ॥ ইতি ॥

সুদুর্ল্লভা।

সাধনৌঘৈরনাসঙ্গৈরলভ্যা সুচিরাদপি।

হরিণা চাশ্বদেয়েতি দ্বিধা সা স্যাৎ সুদুর্ল্লভা ॥ ২২ ॥

তত্রাদ্যা যথা তন্ত্রে।

জ্ঞানতঃ সুলভা মুক্তি র্ভুক্তির্যজ্ঞাদিপুণ্যতঃ।

ভক্তীতি। চেটিকাবদিতি ভীতা ইত্যর্থঃ। হরিণা চাশ্বদেয়েত্যত্রাসঙ্গেঽপীতি গম্যতে। অন্যথা দ্বৈবিধ্যানুপপত্তেঃ। দ্বিধা সুদুর্ল্লভেতি প্রকারদ্বয়েনাপি সুদুর্ল্লভত্বং তস্যা ইত্যর্থঃ ॥ ২২ ॥

জ্ঞানত ইতি। তত্তত্ত্বং তাবদ্বিচার্য্যতে। অত্র জ্ঞানযজ্ঞাদিপুণ্যে সাসঙ্গে এব গাহ্যে তয়োস্তাদৃশত্বং বিনা মুক্তিভুক্ত্যোঃ সিদ্ধ্যাপ ন স্যাৎ। অত্র তাবৎ সুলভত্ববার্ত্তা। অতঃ সাধনসহস্রাণামপি সাসঙ্গত্বমেব লভ্যতে।

যথা নারদপঞ্চরাত্রে।

যেমন চেটিকা অর্থাৎ দাসী সকল ভীতচিত্তে রাজমহিষীর অনুগামিনী হয়, তদ্রূপ ভুক্তি মুক্তি প্রভৃতি অদ্ভুত সিদ্ধি সকল হরিভক্তি মহাদেবীর পশ্চাৎ পশ্চাৎ গমন করেন ॥

ভক্তির সুদুর্ল্লভতা যথা।

সুদুর্ল্লভা ভক্তি দুই প্রকার,—নিষ্কাম সাধন সমূহদ্বারা চিরকালেও অলভ্যা এবং কামনা থাকিলেও শ্রীকৃষ্ণকর্ত্তৃক আশু অদেয়া ॥ ২২ ॥

অলভ্যা যথা তন্ত্রে।

মহাদেব কহিলেন, প্রিয়ে! নৈপুণ্য সহকৃত জ্ঞানদ্বারা মুক্তি অনায়াসেই লাভ হয় এবং তাদৃশ যজ্ঞাদি পুণ্যদ্বারা স্বর্গাদি সুখভোগরূপভুক্তিও প্রাপ্ত হওয়া যায়, কিন্তু এই হরিভক্তি সহস্র সহস্র সাধনদ্বারাও সুদুর্ল্লভা অর্থাৎ কোনক্রমেই ভক্তি

সৈষা সাধনসাহস্রৈর্হরিভক্তিঃ সুদুর্লভা ॥ ২৩ ॥

বাক্যার্থ ক্রমভঙ্গস্যাবশ্যপরিহার্য্যত্বাৎ সহস্রবাহুল্যাদিকঞ্চ। তত্র যদি জ্ঞানকর্ম্মাদিপুণ্যয়োঃ সাসঙ্গত্বং তদেকনিষ্ঠত্বমাত্রং বাচ্যং তদা তাদৃশাভ্যামপি তাভ্যাং তয়োঃ সুলভত্বং নোপপদ্যতে। ক্লেশোঽধিকতরস্তেষামব্যক্তাসক্তচেতসামিত্যাদে ক্ষুদ্রাশা ভূরিকর্ম্মাণো বালিশা বৃদ্ধমানিন ইত্যাদেশ্চ। তস্মাত্তয়োঃ সাসঙ্গত্বং নৈপুণ্যেন বিহিতত্বমত্যেব বাচ্যং, নৈপুণ্যঞ্চ ভক্তিযোগসংযোক্তৃত্বমিতি। পুরেহ ভূমন্ বহবোঽপি যোগিন ইত্যাদেঃ স্বর্গাপবর্গয়োঃ পুংসামিত্যাদেশ্চ। অথ হরিভক্তিশব্দেন সাধ্যরূপো রতিপর্য্যন্তস্তদ্ভাব এবোচ্যতে ভক্ত্যা সত্তা তথা তস্যোক্তিবৎ। ততশ্চ সাধনশব্দেন হরিসম্বন্ধি সাধনমেবোচ্যতে তৎসম্বন্ধিত্বং বিনা তদ্ভাবজন্মাযোগাৎ তথাচ সাধনশব্দেন সাক্ষাদ্ভজনে বাচ্যে তত্র পূর্ব্বক্রমতঃ সাসঙ্গত্বেনৈব সহস্রবহুত্বনির্দ্দেশেনাপর্য্যাপ্তত্বাৎ সুশক্যাচ্চ ভীতস্য কস্যাপি তত্র (ভাবভক্তৌ) প্রবৃত্তির্নস্যাৎ। কেন তস্যাঃ সুলভত্বস্ত, শৃণ্বতঃ শ্রদ্ধয়া নিত্যং গৃণতশ্চ স্বচেষ্টিতং। নাতিদীর্ঘেণ কালেন ভগবান্ বিশতে হৃদি। তত্রাহং কৃষ্ণকথাঃ প্রগায়তামনুগ্রহেণাশৃণবং মনোহরাঃ। তাঃ শ্রদ্ধয়া মেঽনুপদং বিশৃণ্বতঃ প্রিয়শ্রবস্যঙ্গ মমাভবদ্রতিরিত্যাদৌ প্রসিদ্ধং তস্মাৎ সাধনশব্দেন ন সাধয়তি মাং যোগ ইত্যাদিবত্তদর্থবিনিযুক্তকর্ম্মাদিকমেবোচ্যতে। অতএব সাধনশব্দ এব বিন্যস্তো ন তু ভজনশব্দঃ। তস্য সাসঙ্গত্বং নাম চ তদর্থবিনিয়োগাৎ পূর্ব্ববন্নৈপুণ্যেন বিহিতত্বমেব। তৎসাহস্রৈরপি সুদুর্লভেত্যুক্তিস্তু সাক্ষাদ্ভজনমেব কর্ত্তব্যত্বেন প্রবর্ত্তয়তি। তথাপি কারিকায়ামনাসঙ্গৈরিতি যদুক্তং তত্র চাসঙ্গেন সাধননৈপুণ্যমেব বোধ্যতে তন্নৈপুণ্যঞ্চ সাক্ষাদ্ভজনে প্রবৃত্তিঃ। ততশ্চ তস্য তাদৃশস্যাসঙ্গোঽপ্যনায় স্বর্গাদে প্রবৃত্ত্যা ন বিদ্যতে আসক্তো নৈপুণ্যং যেষু তাদৃশৈর্নানাসাধনৈরিত্যর্থঃ। তাদৃশনানাসাধনবত্ত্বং নেষ্টং, তস্মাদেকেন মনসা ভগবান্ সাত্বতাং পতিঃ। শ্রোতব্যঃ কীর্ত্তিতব্যশ্চ ধ্যেয়ঃ পূজ্যশ্চ নিত্যদেত্যাদৌ। তস্মাদিতরাভিপ্রেতাপি ন যুক্তেতি সাধনেনাপিকং জ্ঞানকর্ম্মাদ্যসাধুত্বমিতি দিক্

লাভ করিতে পারা যায় না ॥ ২৩ ॥

দ্বিতীয়া যথা পঞ্চমস্কন্ধে।

রাজন্ পতির্গুরুরলং ভবতাং যদূনাং।
দৈবং প্রিয়ঃ কুলপতিঃ কচ কিঙ্করো বঃ।
অস্ত্বেবমঙ্গ ভজতাং ভগবান্মুকুন্দো
মুক্তিং দদাতি কর্হিচিৎ স্ম ন ভক্তিযোগং॥ ইতি॥ ২৪॥

সান্দ্রানন্দবিশেষাত্মা যথা।

ব্রহ্মানন্দো ভবেদেষ চেৎ পরার্দ্ধগুণীকৃতঃ।

কর্হিচিন্ন দদাতীত্যুক্তে কর্হিচিদ্দদাতীত্যায়াতি। অসাকল্যেতু চিচ্চনৌ। অতএব কর্হিচিদপীতি নোক্তং। তস্মাদাসঙ্গেনাপিকৃতে সাধনভূতে সাক্ষাদ্ভক্তি-যোগে সতি যাবৎফলভূতে ভক্তিযোগে গাঢ়াসক্তির্ন জায়তে তাবন্ন দদাতীত্যর্থঃ-অতৈব চ লক্ষিতং অন্যাভিলাষিতাশূন্যমিতি॥ ২৪॥

পরার্দ্ধেতি। পরার্দ্ধকালপর্য্যাধিনা সমুদিতং তৎসুখমপীত্যর্থঃ॥

হরিকর্তৃক আশু অদেয়া যথা।

পঞ্চমস্কন্ধে ৬ অ। ১৮ শ্লোকে।

শুকদেব কহিলেন, হে রাজন্! ভগবান্ মুকুন্দ তোমা-দের ও যাদবদিগের পতি অর্থাৎ পালক, গুরু (উপদেশক,) দৈব (উপাস্য), প্রিয় ও কুলের নিয়ন্তা, অধিক কি তোমা-দের আজ্ঞানুবর্ত্তী হইয়া কখন ২ দৌত্যাদি কার্য্যে ও প্রবৃত্ত হইয়াছেন। প্রিয় রাজন্! এ সকল কথা দূরে থাকুক, যাঁহারা তাঁহাকে ভজনা করেন, তাঁহাদিগকে মুক্তিই প্রদান করিয়া থাকেন, কিন্তু তিনি কখন কাহাকে শীঘ্র ভক্তিযোগ প্রদান করেন না॥ ২৪॥

সান্দ্রানন্দবিশেষাত্মা।

যদি ব্রহ্মানন্দ সুখকে দ্বিপরার্দ্ধ সংখ্যা দ্বারা গুণ করা

নৈতি ভক্তিসুখাম্ভোধেঃ পরমাণুতুলামপি ॥ ২৫ ॥

যথা হরিভক্তিসুধোদয়ে ।

ত্বৎসাক্ষাৎকরণাহ্লাদবিশুদ্ধাব্ধিস্থিতস্য মে

সুখানি গোষ্পদায়ন্তে ব্রাহ্মাণ্যপি জগদ্গুরো ॥ ২৬ ॥

তথা ভাবার্থদীপিকায়াঞ্চ ।

ত্বৎকথামৃতপাথোধৌ বিহরন্তো মহামুদঃ ।

* ব্রাহ্মাণীত্যত্র পারমেষ্ঠ্যানীতি তু ন ব্যাখ্যেয়ং পরব্রহ্মানন্দস্যৈব তস্য তার-তম্যং শ্রীভাগবতাদিষু প্রসিদ্ধমিতি তস্যারবিন্দনয়নস্য পদারবিন্দেত্যাদিভ্যঃ ॥২৬

* সর্ব্বত্রাপি বহুষু উদাহরিষ্যমাণেষু শ্রীভাগবতাদিবাক্যেষু ভাবার্থদীপিকোদা-হরণন্তু তৎকর্ত্তুঃ সম্প্রদায়ত্বেন সর্ব্বতত্ত্বাক্যার্থসংগ্রহোঽয়মিত্যভিপ্রায়াৎ ॥ ২৭ ॥

যায় তাহা হইলে ঐ ব্রহ্মানন্দ সুখভক্তি সুখসাগরের পরমাণু-রূপ তুল্য হইতে পারে না ॥ ২৫ ॥

যথা হরিভক্তিসুধোদয়ে ॥

প্রহ্লাদ নৃসিংহদেবকে স্তব করিয়া কহিলেন, হে জগ-দ্গুরো ! আমি আপনার সাক্ষাৎ লাভ করিয়া বিশুদ্ধ আনন্দ-সাগরে নিমগ্ন হইয়াছি, এক্ষণে আমার ব্রহ্মানন্দসুখও গোষ্পদ তুল্য বোধ হইতেছে ॥ ২৬ ॥

এই প্রকার ভাবার্থদীপিকা টীকায় যথা ॥

* ভগবন্ ! আপনার কথারূপ অমৃতসাগরে বিহারশীল কোনও কোনও পুণ্যবান্ জন, মহানন্দ অনুভব করত চতুর্ব্বর্গকেও

কুর্ব্বন্তি কৃতিনঃ কেচিচ্চতুর্ব্বর্গং তৃণোপমং ॥ ২৭ ॥

শ্রীকৃষ্ণাকর্ষিণী ॥

কৃত্বা হরিং প্রেমভাজং প্রিয়বর্গসমন্বিতং।
ভক্তির্ব্বশীকরোতীতি শ্রীকৃষ্ণাকর্ষিণী মতা ॥ ২৮ ॥

যথৈকাদশে।

ন সাধয়তি মাং যোগো ন সাংখ্যং ধর্ম্ম উদ্ধব।
ন স্বাধ্যায়স্তপস্ত্যাগো যথা ভক্তির্ম্মমোর্জ্জিতা ॥ ২৯ ॥

প্রেমভাজমিতি আকর্ষণশব্দবশাৎ প্রিয়বর্গসমন্বিতমিতি শ্রীশব্দবলাদ্ব্যাখ্যাতং ॥ ২৮ ॥

ন সাধয়তীত্যত্র যদ্যপি যোগাদিসাধনপ্রতিস্পর্দ্ধিত্বেন সাধনরূপৈবাস্যা আয়াতি তচ্চাগ্রে ইত্যাদিবক্ষ্যমাণানুসারেণ সাধ্যভক্তিমহিম প্রস্তাবেঽস্মিন্নুদাহরণং ন সম্ভবতি। তথাপি সাধ্যমেব জনয়িত্বা বশীকরোত্যসাবিতি ছলেনোক্তং ॥ ২৯ ॥

তৃণতুল্য জ্ঞান করেন ॥ ২৭ ॥

শ্রীকৃষ্ণাকর্ষিণী যথা ॥

যে ভক্তি শ্রীকৃষ্ণকেও প্রেমে মুগ্ধ করিয়া প্রিয়বর্গের সহিত বশীভূত করেন, তাঁহাকে শ্রীকৃষ্ণাকর্ষিণী বলা যায় ॥ ২৮ ॥

যথা একাদশস্কন্ধে ১২ অ। ১ শ্লোকে ॥

শ্রীকৃষ্ণ কহিলেন, হে উদ্ধব! যেরূপ মদ্বিষয়িণী বিশুদ্ধা ভক্তি আমাকে বশীভূত করিতে পারে, তদ্রূপ যোগ, সাংখ্য ধর্ম্ম, বেদাধ্যয়ন, তপস্যা এবং দান ইহারা বশীভূত করিতে পারে না ॥ ২৯ ॥

সপ্তমে চ নারদোক্তৌ।

যূয়ং নৃলোকে বত ভূরিভাগা
লোকং পুনানা মুনয়োঽভিযন্তি।
যেষাং গৃহানাবসতীতি সাক্ষদ্-
গূঢ়ং পরং ব্রহ্ম মনুষ্যলিঙ্গং ॥ ইতি ॥ ৩০ ॥

অগ্রতো বক্ষ্যমাণায়া স্ত্রিধা ভক্তেরনুক্রমাৎ।

অতএব তত্রাপরিতুষ্যন্ প্রিয়বর্গসমন্বিতত্বোদাহরণঞ্চ করিষ্যন্নপরমাহ যূয়মিতি ॥ ৩০ ॥

দ্বিশো দ্বাভ্যাং দ্বাভ্যাং ষড়্ভিঃ পদৈঃ ক্লেশঘ্নীত্যাদিভিঃ পরিকীর্ত্তিতমিতি অসাধারণত্বেনেতি পরিশষ্টার্থঃ। তেন সাধনরূপায়া দ্বৌ গুণৌ ভাবরূপায়া-

প্রিয়বর্গের সহিত শ্রীকৃষ্ণের বশীকরণ যথা।

সপ্তমস্কন্ধে ১০ অ। ৭৭ শ্লোকে ॥

ভাক্তোঽন্যত্র ভাব উপাসাবুদ্ধির্যেন তস্য কথঞ্চিদ্দৈবাদুৎপতিতমুৎপাতরূপেণ জাতং ॥ ৪১ ॥

আশ্রিতেতি যথার্চ্চনাদিকং। কেবলমবান্তরস্পষ্টস্বগতভেদং যথা গুরুপাদাশ্রয়ো যথা চন্দভুত্থানাদি চ ॥ ৪২ ॥

নিষ্কৃতি নিমিত্ত পৃথক্ প্রায়শ্চিত্ত করিতে হইবে না, হৃদয়স্থ হরি সমুদায় পাপ বিনষ্ট করিয়া থাকেন ॥ ৪১ ॥

হরিভক্তিবিলাসে সাধনভক্তির অঙ্গ অসংখ্য বলিয়া কীর্ত্তিত হইয়াছে, কিন্তু তাহাদিগের মধ্যে যে গুলি অতিশয় প্রসিদ্ধ, আমার যত দূর গতি, সেই সমস্ত নির্দ্দেশ করিতেছি ॥

অঙ্গলক্ষণ যথা ॥

যাহার অবান্তরে ভেদ লক্ষিত হয়, অথবা যাহাতে স্বগত ভেদ স্পষ্টরূপে প্রতীয়মান হয় না, এতাদৃশ বক্ষ্যমাণ এক একটী কর্ম্মকে ভক্তির মুখ্য অঙ্গ বলা যায় ॥

তাৎপর্য্য। যেমন অর্চ্চনাদি ভক্ত্যঙ্গের আভ্যন্তরিক অনেক ভেদ দৃষ্ট হয় এবং গুরুপাদাশ্রয়াদির অন্তর্গত কোন রূপ স্বগত প্রভেদ লক্ষিত হয় না ॥ ৪২ ॥

গুরুপাদাশ্রয় (১) স্তস্মাৎ কৃষ্ণদীক্ষাদিশিক্ষণং (২) ।
বিশ্রম্ভেণ গুরোঃ সেবা (৩) সাধুবর্ত্মানুবর্ত্তনং (৪) ;
সদ্ধর্ম্মপৃচ্ছা (৫) ভোগাদিত্যাগঃ কৃষ্ণস্য হেতবে (৬) ।
নিবাসো দ্বারকাদৌচ গঙ্গাদেরপি সন্নিধৌ (৭) ॥
ব্যবহারেষু সর্ব্বেষু যাবদর্থানুবর্ত্তিতা (৮) ।
হরিবাসরসম্মানো (৯) ধাত্র্যশ্বত্থাদিগৌরবং (১০) ।
এষামত্র দশাঙ্গানাং ভবেৎ প্রারম্ভরূপতা ॥

গুরুপাদাশ্রয় ইতি । অস্মিন্ গ্রন্থে অঙ্গা দ্বিবিধাঃ । ঔৎপত্তিকাঃ টীকাক্রম-লাভার্থং কল্পিতাশ্চ । অত্র পূর্ব্বা দ্বিবিন্দুমস্তকাঃ । উত্তরাস্ত তচ্ছূন্যা ইতি ভেদো জ্ঞেয়ঃ কৃষ্ণদীক্ষাদীতি দীক্ষাপূর্ব্বকশিক্ষণমিত্যর্থঃ । সাধুবর্ত্মানু-

---

গুরুপাদপদ্মে আশ্রয় গ্রহণ ১। কৃষ্ণমন্ত্রে দীক্ষিত হইয়া-গুরুদেবের নিকট হইতে তত্ত্বদ্বিষয়ক শিক্ষালাভ ২। বিশ্বাস সহকারে গুরুসেবা ৩। সাধুদিগের আচরিত পথের অনুগামী হওন ৪। সদ্ধর্ম্ম জিজ্ঞাসা ৫। শ্রীকৃষ্ণের প্রসন্নতা লাভের উদ্দেশে ভোগাদিত্যাগ ৬। দ্বারকাদি ধাম অথবা গঙ্গাদি মহা-তীর্থে নিবাস ৭। যে কোন বিষয়ের অনুষ্ঠান করিতে হইবে, তাহাতে যে অংশের সম্পাদন না করিলে ভক্তিলাভ হয় না, সেই পর্য্যন্তের অনুষ্ঠানরূপ যাবদর্থানুবর্ত্তিতা ৮। একাদশী জন্মাষ্টমী প্রভৃতি হরিবাসরের যথাশক্তি সম্মান ৯। এবং আমলকী অশ্বত্থপ্রভৃতি বৃক্ষের গৌরবকরণ ১০। এই দশটী অঙ্গ সাধনভক্তির আরম্ভস্বরূপ অর্থাৎ এই দশটী অঙ্গ যাজন

সঙ্গত্যাগো বিদূরেণ ভগবদ্বিমুখৈর্জ্জনৈঃ (১)।
শিষ্যাদ্যননুবন্ধিত্বং (২) মহারম্ভাদ্যনুদ্যমঃ (৩) ॥
বহুগ্রন্থকলাভ্যাস ব্যাখ্যাবাদ-বিবর্জ্জনং (৪)।
ব্যবহারেঽপ্যকার্পণ্যং (৫) শোকাদ্যবশবর্ত্তিতা (৬) ॥
অন্যদেবানবজ্ঞা চ (৭) ভূতানুদ্বেগদায়িতা (৮)।
সেবানামাপরাধানামুদ্ভবাভাবকারিতা (৯) ॥

বর্জ্জনং সদাচরিতশ্রুত্যাদিবিধিসেবিত্বং। কৃষ্ণসেতি কৃষ্ণপ্রাপ্তয়ে।

করিতে পারিলে ভক্তিদেবীর আবির্ভাব হইবে ॥

দূর হইতে ভগবদ্বিমুখজনের সংসর্গ পরিত্যাগ ১। অনধিকারী ব্যক্তিকে শিষ্যাদিরূপে অঙ্গীকার না করণ ২। মহৎ আরম্ভে অর্থাৎ মঠাদি নির্ম্মাণবিষয়ে নিরুদ্যমতা ৩। বহুবিধ গ্রন্থ ও চতুঃষষ্টিকলার অভ্যাস বা ব্যাখ্যা এবং বাদপরিবর্জ্জন ৪। ব্যবহারে কৃপণতা শূন্য অর্থাৎ যে দ্রব্য লাভ হয় নাই কিম্বা লব্ধ দ্রব্য বিনষ্ট হইয়াছে, তদ্বিষয়ে শোচনা না করিয়া অদীনভাব প্রকাশকরণ অকার্পণ্য ৫। শোক মোহাদির অবশীভূতত্তা ৬। অন্যদেবতার অবজ্ঞাশূন্যতা ৭। প্রাণিগণকে উদ্বেগ না দেওন ৮। সেবাপরাধ ও নামাপরাধ উৎপন্ন হইতে না দেওন অর্থাৎ যাহাতে ঐ দুই অপরাধ জন্মে এমত কার্য্য করিবে না ৯। এবং শ্রীকৃষ্ণ অথবা তাঁহার ভক্তসম্বন্ধে বিদ্বেষ বা নিন্দাদি সহ্য না করণ অর্থাৎ যদি কোন ব্যক্তি কৃষ্ণনিন্দা বা ভক্তের নিন্দা করে, তাহাতে অসহিষ্ণুতা প্রকাশ ১০।

কৃষ্ণতদ্ভক্তবিদ্বেষবিনিন্দাদ্যসহিষ্ণুতা (১০)
ব্যতিরেকতয়ামীষাং দশানাং স্যাদনুষ্ঠিতিঃ ॥
অস্যাস্তত্র প্রবেশায় দ্বারত্বেঽপ্যঙ্গবিংশতেঃ ।
ত্রয়ং প্রধানমেবোক্তং গুরুপাদাশ্রয়াদিকং ॥
ধৃতির্বৈষ্ণবচিহ্নানাং (১) হরের্নামাক্ষরস্যচ (২)
নির্ম্মাল্যাদেশ্চ (৩) তস্যাগ্রে তাণ্ডবং (৪) দণ্ডবন্নতিঃ (৫)
অভ্যুত্থান (৬) মনুব্রজ্যা (৭) গতিঃ স্থানে (৮) পরিক্রমাঃ(৯)
অর্চ্চনং(১০)পরিচর্য্যাচ(১১) গীতং (১২) সঙ্কীর্ত্তনং(১৩) জপঃ(১৪)
বিজ্ঞপ্তিঃ(১৫)স্তবপাঠশ্চ(১৬)স্বাদোনৈবেদ্য(১৭)পাদ্যয়োঃ(১৮)

হেতু ত্বং প্রসাদ স্তদর্থমিত্যর্থঃ। অতো বৈরধিকরণ্যাত্তাদর্থ্যে চতুর্থ্যেব ।

এই দশটী অঙ্গব্যতিরেকে সাধনভক্তির উদয় হয় না, এজন্য এই দশ অঙ্গের অনুষ্ঠান অবশ্যকর্ত্তব্য। যদিও উল্লিখিত বিংশতি অঙ্গ ভক্তিতে প্রবেশ করিবার দ্বারস্বরূপ, তথাপি গুরুপাদাশ্রয়াদি তিনটী অঙ্গই প্রধান বলিয়া কীর্ত্তিত হইয়া থাকে॥

বৈষ্ণবচিহ্ন ধারণ ১। শরীরে হরিনামাক্ষর লিখন ২। নির্ম্মাল্য ধারণ ৩। ভগবানের অগ্রে নৃত্য করণ ৪। দণ্ডবৎ নমস্কার ৫। শ্রীকৃষ্ণের প্রতিমূর্ত্তি দর্শন করিয়া গাত্রোত্থান ৬। অনুব্রজ্যা অর্থাৎ ভগবানের প্রতিমূর্ত্তির পশ্চাৎ পশ্চাৎ গমন ৭। ভগবানের অধিষ্ঠান স্থানে গমন ৮। পরিক্রমা ৯। অর্চ্চন (পূজা) ১০। পরিচর্য্যা ১১। গীত ১২। সঙ্কীর্ত্তন ১৩। জপ ১৪। বিজ্ঞপ্তি (নিবেদন) ১৫। স্তবপাঠ ১৬। নৈবেদ্যস্বাদ গ্রহণ ১৭। পাদ্যের অর্থাৎ চরণামৃতের আস্বাদ

ধূপমাল্যাদিসৌরভ্যং (১৯) শ্রীমূর্ত্তেঃ স্পৃষ্টি (২০) রীক্ষণং (২১)
আরাত্রিকোৎসবাদেশ্চ (২২) শ্রবণং (২৩) তৎকৃপেক্ষণং (২৪)।
স্মৃতি(২৫)র্ধ্যানং(২৬) তথা দাস্যং(২৭)সখ্যং(২৮)মাত্মনিবেদনং(২৯
নিজপ্রিয়োপহরণং (৩০) তদর্থেঽখিলচেষ্টিতং (৩১)
সর্ব্বথা শরণাপত্তি (৩২) স্তদীয়ানাঞ্চ সেবনং ॥
তদীয়াস্তুলসী (৩৩) শাস্ত্র (৩৪) মথুরা (৩৫) বৈষ্ণবাদয়ঃ(৩৬)
যথা বৈভবসামগ্রী সদ্গোষ্ঠীভির্মহোৎসবঃ (৩৭)।
ঊর্জ্জাদরো বিশেষেণ (৩৮) যাত্রা জন্মদিনাদিষু (৩৯)
শ্রদ্ধাবিশেষতঃ প্রীতিঃ শ্রীমূর্ত্তেরঙ্ঘ্রিসেবনে (৪০)
শ্রীমদ্ভাগবতার্থানামাস্বাদো রসিকৈঃ সহ (৪১)

অন্যস্য হেতোর্সতীত্যত্র ষষ্ঠী হেতুপ্রয়োগে ইতি ষষ্ঠ্যন্তহেত্বোঃ সামানাধি-

---

গ্রহণ ১৮। ধূপমাল্যাদির সৌরভগ্রহণ ১৯। শ্রীমূর্ত্তি-স্পর্শন ২০। শ্রীমূর্ত্তিদর্শন ২১। আরাত্রিক অর্থাৎ আরতি ও উৎসবাদি দর্শন ২২। শ্রবণ ২৩। শ্রীকৃষ্ণের কৃপার প্রতি নিরীক্ষণ ২৪। স্মরণ ২৫। ধ্যান ২৬। দাস্য। সখ্য ২৮। আত্মনিবেদন ২৯। শ্রীকৃষ্ণে স্বীয় প্রিয় বস্তু সমর্পণ ৩০। শ্রীকৃষ্ণের নিমিত্ত সমুদায় চেষ্টা ৩১। সকল অবস্থাতে শরণাপত্তি ৩২। শ্রীকৃষ্ণ সম্বন্ধীয় বস্তুমাত্রের অর্থাৎ তুলসী ৩৩। শ্রীভাগবতাদি শাস্ত্র ৩৪। মথুরা ৩৫। এবং বৈষ্ণবাদির সেবন ৩৬। যেমন বিভব তদনুরূপ দ্রব্য ও গোষ্ঠীবর্গের সহিত মহোৎসব ৩৭। বিশেষরূপে কার্ত্তিক মাসের সমাদর ৩৮। শ্রীকৃষ্ণের জন্মযাত্রা ৩৯। শ্রদ্ধা-পূর্ব্বক শ্রীমূর্ত্তির পরিচর্য্যাদি ৪০। রসিকজনের সহিত

সজাতীয়াশয়ে স্নিগ্ধে সাধৌ সঙ্গঃ স্বতো বরে ॥ ৪২ ॥
নামসংকীর্ত্তনং (৪৩) শ্রীমথুরামণ্ডলে স্থিতিঃ (৪৪)।
অঙ্গানাং পঞ্চকস্যাস্য পূর্ব্বং বিলিখিতস্য চ।
নিখিলশ্রৈষ্ঠ্যবোধায় পুনরপ্যত্র কীর্ত্তনং।
ইতি কায়হৃষীকান্তঃকরণানামুপাসনাঃ।
চতুঃষষ্টিঃ পৃথক্ সাঙ্ঘাতিকভেদাৎ ক্রমাদিমাঃ।
অথার্থানুমতেনৈষামুদাহরণমীর্য্যতে ॥ ৪৫ ॥

করণা এব প্রভুতঃ। কৃষ্ণার্থে ভোগাদিত্যাগ ইত্যাদ্যাহুরপিত্বাদ্ব্যাখ্যাপি কৃষ্ণ-প্রাপকতৎপ্রসাদার্থ ইত্যেবার্থঃ। আদিগ্রহণাৎ লোকবিত্তপুত্রা গৃহ্যন্তে ॥৩৭,৩৮॥

শ্রীমদ্ভাগবতের অর্থ আস্বাদন। ৪১। যাঁহার অভিপ্রায় আত্ম-সদৃশ এবং যিনি আপনা হইতে শ্রেষ্ঠ ও স্নিগ্ধ এ প্রকার সাধু-সঙ্গ। ৪২। নামকীর্ত্তন। ৪৩। এবং মথুরামণ্ডলে অবস্থিত। ৪৪। যদ্যপি শ্রীকৃষ্ণের চরণসেবন প্রভৃতি পাঁচটী অঙ্গ পূর্ব্বে উল্লি-খিত হইয়াছে তথাপি অন্যান্য অঙ্গ হইতে এই কএকটীর অর্থাৎ শ্রীকৃষ্ণসম্বন্ধীয় তুলসীপ্রভৃতির শ্রেষ্ঠতা জানাইবার জন্য এই স্থানে পুনর্ব্বার কীর্ত্তিত হইল। এই প্রকারে অঙ্গসকল পৃথক্ ও সমষ্টিরূপে শরীর, ইন্দ্রিয় ও অন্তঃকরণদ্বারা উপা-সনা চতুঃষষ্টি প্রকার কথিত হইল। এক্ষণে ঋষিদিগের অভি-প্রায়ানুসারে ঐ সকল ভক্ত্যঙ্গের উদাহরণ প্রদর্শন করি-তেছি। ৪৫।

তত্র শ্রীগুরুপাদাশ্রয়ো যথৈকাদশে ॥
তস্মাদ্‌গুরুং প্রপদ্যেত জিজ্ঞাসুঃ শ্রেয় উত্তমং।
শাব্দে পরে চ নিষ্ণাতং ব্রহ্মণ্যুপশমাশ্রয়ং ॥ ৪৪ ॥
কৃষ্ণদীক্ষাদিশিক্ষণং যথা তত্রৈব ॥
তত্র ভাগবতান্ ধর্ম্মান্ শিক্ষেদ্ গুর্ব্বাত্মদৈবতঃ।

গুরুপাদাশ্রয় যথা একাদশস্কন্ধে ৩ অ। ২২ শ্লোকে ॥

প্রবুদ্ধ কহিলেন, মহারাজ! সংসারমধ্যে কোন সুখই নাই, কেবল দুঃখমাত্র, অতএব যে ব্যক্তি নিত্যসুখের অভিলাষ করিবেন তিনি শান্ত গুণসম্পন্ন গুরুদেবের আশ্রয় গ্রহণ করিবেন। ফলতঃ যিনি শব্দব্রহ্ম বেদে ন্যায়ানুগত ব্যাখ্যাদ্বারা তত্ত্ব স্থিরীকরণে নিপুণ এবং ভজনপরিপাক নিবন্ধন প্রত্যক্ষ ও অনুভবদ্বারা পরব্রহ্মে অর্থাৎ শ্রীকৃষ্ণে অবস্থিত হইয়াছেন, তাঁহারই উপদেশদানে যথার্থ অধিকার ॥

তাৎপর্য্য। যাঁহার শাস্ত্রজ্ঞান নাই এবং ভক্ত্যঙ্গও যাজন দেখা যায় না ও কাম ক্রোধাদিও জয় হয় নাই, এরূপ ব্যক্তিকে গুরু বলিয়া তাঁহার আশ্রিত হইবে না ॥ ৪৪ ॥

গুরুদেবের নিকট শ্রীকৃষ্ণদীক্ষাদি-শিক্ষণ।

যথা একাদশস্কন্ধে ৩ অ। ২৩ শ্লোকে ॥

প্রবুদ্ধ কহিলেন, গুরুদেবের নিকট গমনপূর্ব্বক উপাসকের প্রতি আত্মপ্রদ আত্মা হরি যাহাতে পরিতুষ্ট হয়েন, সেইরূপ অকপটক্রিয়া গুরুসেবা করত তাঁহাকে দেবতা জ্ঞান করিয়া

অন্যায়মানুবৃত্ত্যা বৈষ্ণবৈর্লাম্যাদো হরিঃ॥
বিশ্রম্ভেণ গুরোঃ সেবা যথা তত্রৈব॥
আচার্য্যং মাং বিজানীয়ান্নাবমন্যেত কর্হিচিৎ।
ন মর্ত্ত্যবুদ্ধ্যাসূয়েত সর্ব্বদেবময়ো গুরুঃ॥ ৪৫॥
সাধুবর্ত্মানুবর্ত্তনং স্কান্দে॥
স মৃগ্যঃ শ্রেয়সাং হেতুঃ পন্থাঃ সন্তাপবর্জ্জিতঃ।
অনবাপ্তশ্রমং পূর্ব্বে যেন সন্তঃ প্রতস্থিরে॥
ব্রহ্মযামলে চ॥

ভাগবতধর্ম্ম শিক্ষা করিবে॥

বিশ্বাস সহকারে গুরুসেবা।

যথা একাদশস্কন্ধে ১৭ অ। ২২ শ্লোকে॥

ভগবান্ কহিলেন, হে উদ্ধব! আচার্য্যকে আমার স্বরূপ জ্ঞান করিবা, কদাচ মনুষ্য বুদ্ধি করিয়া তাঁহার বিক্রিয়া দর্শন করিলেও তাঁহার প্রতি অসূয়া করিবা না, যে হেতু গুরু সর্ব্বদেবময়॥ ৪৫॥

সাধুবর্ত্মানুবর্ত্তন যথা স্কন্দপুরাণে॥

পূর্ব্বতন মহাজনগণ যে পথ অবলম্বন করিয়া পরমকল্যাণ স্থান লাভ করিয়াছেন, তাঁহাদেরই অনুসরণ করা কর্ত্তব্য, যে হেতু তাহাতে পরম শ্রেয়ো লাভ হইয়া থাকে, এবং কখন সন্তপ্ত হইতে হয় না॥

ব্রহ্মযামলে॥

শ্রুতিস্মৃতিপুরাণাদি-পঞ্চরাত্রবিধিং বিনা।
ঐকান্তিকী হরের্ভক্তিরুৎপাতায়ৈব কল্পতে। ইতি ॥ ৪৬॥
ভক্তিরৈকান্তিকীবেয়মবিচারাৎ প্রতীয়তে।

উক্ত সাধুবর্ত্মশ্রুত্যাদিবিধাত্মকমেব তত্তত্বরকরণে দোষমাহ শ্রুতীতি। শ্রুত্যাদয়োঽপাত্র বৈষ্ণবানাং স্বাধিকারপ্রাপ্তাস্তদ্ভাগা এব জ্ঞেয়াঃ। স্বে স্বেঽধিকার ইত্যুক্তেঃ। শ্রুতি স্মৃত্যাদিবিধিং বিনেতি নাস্তিকতয়া তং ন মত্বেত্যর্থঃ। নবজ্ঞানেন আলস্যেন বা ত্যক্তেত্যর্থঃ। ধাবন্নিমীল্য বা নেত্রে ইত্যাদেঃ। ঐকান্তিকনিষ্ঠাং প্রাপ্তাপি ॥ ৪৬ ॥

নন্থ, তর্হি কথমৈকান্তিকী স্যাৎ তদ্রূপত্বে চ কথমুৎপাতায় কল্পতে তত্রাহ ভক্তিরিতি। ইয়ং নাস্তিকতাময়ী বৌদ্ধাদীনাং বুদ্ধদত্তাত্রেয়াদিষু ভক্তির্যদৈকান্তিকীব প্রতীয়তে তদপ্যবিচারাদেবেত্যর্থঃ। তত্র হেতুঃ যদ্যস্মাৎ

শ্রুতি, স্মৃতি, পুরাণ ও পঞ্চরাত্র এই সকলে যেরূপ বিধি বর্ণিত হইয়াছে তাহা উল্লঙ্ঘন করিয়া অর্থাৎ ঐ সকল শাস্ত্রের প্রতি অনাদর প্রকাশ করত হরিতে ঐকান্তিক ভক্তি করিলে, তদ্দ্বারা কল্যাণ লাভ হয় না, বরঞ্চ উৎপাতের নিমিত্ত কল্পিত হয় অর্থাৎ ঐ সকল শাস্ত্রের বিধি অনুসরণপূর্ব্বক ভক্ত্যঙ্গ যাজন করিবে ॥ ৪৬ ॥

উল্লিখিত ব্রহ্মযামলীয় পদ্যে বলা হইয়াছে, ঐকান্তিকী ভক্তি উৎপাতের নিমিত্ত কল্পিত হয়, তাহাতে কোন ফল লাভ হয় না। ইহাতে এরূপ আশঙ্কা হইতে পারে যে, শ্রুতি স্মৃতিপ্রভৃতি প্রামাণ্য শাস্ত্রের অনাদরকেই নাস্তিকতা বলে, অতএব ঐ সকল শাস্ত্রের প্রতি অবজ্ঞা প্রকাশ হইলে

বস্তুতস্তু তথা নৈব যদশাস্ত্রীয়তেক্ষ্যতে ॥

সদ্ধর্ম্মপৃচ্ছা যথা নারদীয়ে ॥

অচিরাদেব সর্ব্বার্থঃ সিধ্যত্যেষামভীপ্সিতঃ ।

অশাস্ত্রীয়তা শাস্ত্রাবজ্ঞাময়তা তত্রেক্ষ্যতে শাস্ত্রশত্রুবেদত্বদর্শাদি । শাস্ত্রযোনিত্বা-দিতি ন্যায়াৎ । তদা তত্তদবতারিভগবদাজ্ঞারূপানাদিসংপরম্পরাপ্রাপ্তবেদ-বেদাঙ্গায়াং সত্যাং কথমৈকান্তিকী সা স্যাদিতি ভাবঃ । কিঞ্চ, যেনৈব

ঐকান্তিকী ভক্তি লাভ হইতে পারেনা এবং যদিও ঐকান্তিকী ভক্তি লাভ হয়, তাহা হইলে তদ্দ্বারা কেনই বা কল্যাণ লাভ না হইবে ? ইহার সমাধান এই যে বৌদ্ধদিগের বুদ্ধ এবং দত্তাত্রেয়াদিতে যে ঐকান্তিকী ভক্তি দেখা যায়, উহা কেবল নাস্তিকতা ময়ী, তবে যে উহা ঐকান্তিকী বলিয়া প্রতীতি জন্মে, তাহা কেবল অবিচার বিজৃম্ভিত, কেন না ঐ বৌদ্ধ-দিগের মতে বেদাদি শাস্ত্রের প্রতি স্পষ্টরূপে অনাদর দেখা যায়, অতএব যাহাতে ভগবানের আজ্ঞাস্বরূপ অনাদি সাধু পরম্পরাগত বেদাদিশাস্ত্রের অবজ্ঞাপ্রকাশ পায় তাহাকে কিরূপে ঐকান্তিকী ভক্তি বলা যাইতে পারে, অপর যে শাস্ত্রে বুদ্ধদেবাদি শ্রীকৃষ্ণের অবতার বলিয়া কর্ত্তিত হইয়াছে, সেই শাস্ত্রেই অসুরমোহনের নিমিত্ত ভগবান্ বুদ্ধদেব অবতীর্ণ হইয়া পাষণ্ড শাস্ত্র প্রণয়ন করিয়াছেন এমত শুনা যায় ।

সদ্ধর্ম্মজিজ্ঞাসা যথা নারদীয়ে ॥

সাধুদিগের অনুষ্ঠিত ধর্ম্মের তত্ত্ব অবগত হইবার নিমিত্ত

সদ্ধর্ম্মস্যাববোধায় যেষাং নির্ব্বন্ধিনী মতিঃ ॥ ৫৭ ॥

কৃষ্ণার্থে ভোগাদিত্যাগো যথা পাদ্মে ॥

হরিমুদ্দিশ্য ভোগ্যানি কালে ত্যক্তবতস্তব।

বিষ্ণুলোকস্থিতা সম্পদলোলা সা প্রতীক্ষতে ॥

দ্বারকাদিনিবাসো যথা স্কান্দে ॥

সংবৎসরং বা ষণ্মাসান্ মাসং মাসার্দ্ধমেব বা।

দ্বারকাবাসিনঃ সর্ব্বে নরা নার্য্যশ্চতুর্ভুজাঃ ॥

বেদাদিপ্রামাণ্যেন বুদ্ধাদীনামবতারত্বং গম্যতে তেনৈব বুদ্ধস্যাসুরমোহনার্থং পাষণ্ডশাস্ত্রপ্রপঞ্চয়িতৃত্বঞ্চ শ্রূয়তে বিষ্ণুধর্ম্মাদৌ ত্রিযুগনামব্যাখ্যানে। তত্রতু শ্রীভগবদাবেশমাত্রত্বঞ্চোপাখ্যায়তে তস্মাৎ তদাজ্ঞাপি ন প্রমাণীকর্ত্তব্যেতি ॥৪৭

ত্যক্তেতি ত্যক্তবতঃ স্বামিতার্থঃ ॥ ৪৮ ॥

যাহাদিগের মতি আগ্রহশালিনী তাহাদিগের অভিলষিত সকল অর্থ অচিরকালের মধ্যে সিদ্ধ হইয়া থাকে ॥ ৪৭ ॥

শ্রীকৃষ্ণের প্রীতিনিমিত্ত ভোগত্যাগ যথা পাদ্মে ॥

আপনি হরি উদ্দেশে যথাকালে ভোগসকল পরিত্যাগ করিয়াছেন, এই কারণে বিষ্ণুলোকস্থিত অচঞ্চল সম্পদ্ আপনাকে প্রতীক্ষা-করিতেছে ॥

দ্বারকাদি নিবাস যথা পদ্মপুরাণে ॥

যাহারা দ্বারকানগরীতে এক বৎসর অথবা ছয় মাস কিম্বা এক মাস বা অর্দ্ধ মাস নিবাস করিয়াছে, তাহারা নর হউক বা নারী হউক, সকলেই চতুর্ভুজ হইবে ॥

আদিপদেন পুরুষোত্তমবাসশ্চ যথা ব্রাহ্মে ॥

অহো ক্ষেত্রস্য মাহাত্ম্যং সমন্তাদ্দশযোজনং।
দিবিষ্ঠা যত্র পশ্যন্তি সর্ব্বানেব চতুর্ভুজান্ ॥ ৪৮ ॥

গঙ্গাদিবাসো যথা প্রথমে ॥

যা বৈ লসচ্ছ্রীতুলসীবিমিশ্র-
কৃষ্ণাঙ্ঘ্রিরেণ্বভ্যধিকাম্বুনেত্রী।
পুনাতি লোকানুভয়ত্র সেশান্
কস্তাং ন সেবেত মরিষ্যমাণঃ ॥

আদি শব্দপ্রয়োগ হেতু পুরুষোত্তম বাস
যথা ব্রহ্মপুরাণে ॥

পুরুষোত্তম ক্ষেত্র চতুর্দ্দিকে দশযোজন পরিমিত স্থান, ইহার মাহাত্ম্য অনির্ব্বচনীয়, যেহেতু দেবগণ পুরুষোত্তম ক্ষেত্রনিবাসি সকলকেই চতুর্ভুজরূপে দর্শন করেন ॥ ৪৮ ॥

গঙ্গাদিনিবাস যথা প্রথমে ॥

সূত শৌনকাদিকেসম্বোধন করিয়া কহিলেন, হে ঋষিগণ! মৃত্যুসময়ে রাজা পরীক্ষিতের গঙ্গাতীরে গমন বিচিত্র নহে ঐ নদী শ্রীকৃষ্ণের তুলসীমিশ্রিত চরণরেণু সংসর্গে, সর্ব্বোৎকৃষ্ট সলিল বহন করত লোকপাল সহিত সমস্ত লোককে অন্তরে ও বহির্ভাগে পবিত্র করিতেছেন, ইহাতে আপনার মরণ আসন্ন জানিয়া কোন্ ব্যক্তি সেই সুরতরঙ্গিণী গঙ্গাদেবীর সেবা না করিবে? ॥

যাবদর্থানুবর্ত্তিতা অর্থাৎ যাহা আপনা হইতে নির্ব্বাহ হইবে ॥

যাবদর্থানুবর্ত্তিতা যথা নারদীয়ে ॥

যাবতা স্যাৎ স্বনির্ব্বাহঃ স্বীকুর্য্যাৎ তাবদর্থবিৎ।
আধিক্যে ন্যূনতায়াঞ্চ চ্যবতে পরমার্থতঃ ॥ ৪৯ ॥

স্বনির্ব্বাহ ইতি। স্বস্বভক্তিনির্ব্বাহ ইত্যর্থঃ ॥ ৪৯ ॥

যথা নারদীয়ে ॥

যে পরিমাণ নিয়ম অনুষ্ঠান করিলে আপনার ভক্তিনির্ব্বাহ হইতে পারে, অর্থজ্ঞ পুরুষ সেইরূপ নিয়ম স্বীকার করিবেন, কারণ নিয়মের আধিক্য অথবা ন্যূনতা হইলে, পরমার্থ হইতে ভ্রষ্ট হইতে হয় ॥

তাৎপর্য্য। যদি কোন কৃষ্ণভক্ত পুরুষ অনুরাগ বশতঃ এরূপ সঙ্কল্প করেন, "আমি প্রত্যহ একলক্ষ নাম জপ করিব" কিন্তু তাঁহার সাধ্য নাই যে তিনি প্রত্যহ ঐরূপ নিয়ম রক্ষা করিতে পারেন, দুই চারি দিবস ঐরূপ নিয়ম পালন করিতে করিতে অকস্মাৎ কোন সংসারিক কার্য্য উপস্থিত হইল, তাহাতে তাঁহার উল্লিখিত নিয়ম রক্ষা হইল না, তখন তিনি মনোমধ্যে এই নিশ্চয় করেন "অদ্য বিষয় রক্ষা করি, কল্যকার নিয়মের সহিত অবশিষ্ট নিয়ম রক্ষা করিব" পর দিনও ঐরূপ সাংসারিক ব্যাপার ঘটাতে কোন নিয়মই রক্ষা হইল না, ক্রমশঃ এইরূপ আচরণদ্বারা ভক্তির প্রতি অনাদর উপস্থিত হয়, অতএব প্রত্যহ অবাধে যাহা নির্ব্বাহ করিতে পারিবে সেইমাত্রে নিয়মের পরিগ্রহ করিবে, অধিক বা ন্যূন হইলে ভক্তির পুষ্টি হইবে না, উহা প্রতিনিয়ত দুর্ব্বল হইয়া পড়িবে ॥ ৪৯ ॥

হরিবাসরসম্মানো যথা ব্রহ্মবৈবর্ত্তে ॥
সর্ব্বপাপপ্রশমনং পুণ্যমাত্যন্তিকং তথা।
গোবিন্দস্মারণং নৃণামেকাদশ্যামুপোষণং ॥
ধাত্র্যশ্বত্থাদিগৌরবং যথা স্কান্দে ॥
অশ্বত্থতুলসীধাত্রী-গোভূমিসুরবৈষ্ণবাঃ।
পূজিতাঃ প্রণতা ধ্যাতাঃ ক্ষপয়ন্তি নৃণামঘং ॥ ৫০ ॥

অশ্বত্থস্য তদ্বিভূতিরূপত্বাৎ পূজ্যত্বং। ভূমিসুরা ব্রাহ্মণাঃ। গোব্রাহ্মণয়োর্হিতাবতারত্বাদ্ভগবতো ভাগবতৈরেতাবপি পূজ্যাবিতি ভাবঃ। সর্ব্বেষামেষাং তুলসীবৈষ্ণবসাহিত্যোক্তির্বিচিকিৎসানিরসনায়। তত্র গবাং পূজাতু শ্রীগোপালোপাসকানাং পরমাভীষ্টপ্রদা। যথা শ্রীগৌতমীয়ে। গবাং কণ্ডূয়নং কুর্য্যাৎ গোগ্রাসং গোপ্রদক্ষিণং। গোষু নিত্যং প্রসন্নাসু গোপালোঽপি প্রসীদতীতি॥৫০

হরিবাসরসম্মান যথা ব্রহ্মবৈবর্ত্তে ॥

একাদশীতে উপবাস করিলে মনুষ্যমাত্রের সমুদায় পাপ বিনষ্ট এবং অতিশয় পুণ্যলাভ হয়, বিশেষতঃ ইহা গোবিন্দকে স্মরণ করাইয়া দেয় ॥

আমলকী এবং অশ্বত্থাদি বৃক্ষের গৌরব ॥

যথা স্কন্দপুরাণে ॥

অশ্বত্থ, তুলসী আমলকী, গো, ব্রাহ্মণ এবং বৈষ্ণব ইহাদিগকে পূজা, নমস্কার ও ধ্যান করিলে, ইহঁারা মনুষ্যদিগের পাপ বিনষ্ট করেন ॥ ৫০ ॥

অথ শ্রীকৃষ্ণবিমুখজনসঙ্গত্যাগো—

যথা কাত্যায়নসংহিতায়াং ॥

বরং হুতবহজ্বালা পঞ্জরান্তর্ব্যবস্থিতিঃ।
ন শৌরিচিন্তাবিমুখজনসংবাসবৈশসং ॥

বিষ্ণুরহস্যে চ ॥

আলিঙ্গনং বরং মন্যে ব্যালব্যাঘ্রজলৌকসাং।
ন সঙ্গঃ শল্যযুক্তানাং নানাদেবৈকসেবিনাং ॥ ৫১ ॥

শিষ্যাদ্যননুবন্ধিত্বাদিত্রয়ং যথা সপ্তমে ॥

ন শিষ্যাননুবধ্নীত গ্রন্থান্নৈবাভ্যসেদ্বহূন্।

বৈশসং বিপত্তিঃ। শল্যমত্র তত্তদ্দেবতান্তরসেবাবাসনা ॥ ৫১ ॥

হরিপরাঙ্মুখজনের সংসর্গ পরিত্যাগ

প্রদীপ্ত অগ্নির শিখাপিঞ্জরে অবস্থান করিতে হয় সেও বরং ভাল, তথাপি যেন কৃষ্ণচিন্তা-বিমুখ জনের সহবাসরূপ ক্লেশ ভোগ করিতে না হয় ॥

বিষ্ণুরহস্যোক্তেও এইরূপ ॥

যদি সর্প, ব্যাঘ্র ও কুম্ভীরের সহিত আলিঙ্গন ঘটে, তাহাও শ্রেয়স্কর, তথাপি যেন বাসনারূপ নানাদেব গত শল্যবিদ্ধ নানা দেবোপাসকের সংসর্গ না ঘটে ॥ ৫১ ॥

শিষ্যাদ্যননুবন্ধিত্ব, মঠাদি নির্ম্মাণবিষয়ে নিরুদ্যমতা এবং বহুবিধ গ্রন্থাভ্যাসাদি পরিবর্জন ॥

যথা সপ্তমস্কন্ধে ১৩ অ। ৭ শ্লোকে ॥

নারদ যুধিষ্ঠিরকে সম্বোধন করিয়া কহিলেন, রাজন্!

ন ব্যাখ্যামুপযুঞ্জীত নারম্ভানারভেৎ ক্বচিৎ ॥
ব্যবহারেঽপ্যকার্পণ্যং যথা পাদ্মে ॥
অলব্ধে বা বিনষ্টে বা ভক্ষ্যাচ্ছাদনসাধনে।
অবিক্লবমতির্ভূত্বা হরিমেব ধিয়া স্মরেৎ ॥ ৫২ ॥

শিষ্যাদৈর্নৈবানুবধ্নীয়াদিত্যাদিকো যদ্যপি সন্ন্যাসধর্ম্মস্তথাপি নিবৃত্তানাম-পানোষাং ভক্তানামুপযুজ্যত ইতি ভাবঃ। এতচ্চানধিকারিশিষ্যাদ্যপেক্ষয়া। শ্রীনারদাদৌ তচ্ছ্রবণাৎ তত্তৎসম্প্রদায়নাশপ্রসঙ্গাচ্চ। অন্যথা জ্ঞানপাঠাপত্তেঃ। অতএব নানুবধ্নীয়াদিতি স্বস্বসম্প্রদায়বৃদ্ধ্যার্থমনধিকারিণোঽপি ন গৃহ্নীয়াদিত্যর্থঃ। বহূনিতি ভগবদ্বহির্মুখাননাংশ্বিত্যর্থঃ। আরম্ভানিত্যপি চ তদ্বৎ ॥

অলব্ধ ইতি। স্মরণাদিপরাণামেবেয়ং রীতিঃ। সেবাপরৈস্তু যথা লাভমেব সেবা কার্য্যা। ন তু যাচ্ঞাদ্যতিশয়েন নাতিকার্পণ্যং কার্য্যমিতি ভাবঃ ॥৫২॥৫৩॥

যিনি সন্ন্যাসাশ্রম অবলম্বন করিয়াছেন, তিনি অনধিকারি ব্যক্তিকে শিষ্য করিবেন না, যাহাতে ভগবদ্ভক্তি তিরোহিত হয়, এমত বহু গ্রন্থ অভ্যাসে বিরত হইবেন, শাস্ত্রব্যাখ্যাদ্বারা জীবিকা নির্ব্বাহ করিবেন না এবং মঠাদি নির্ম্মাণবিষয়ে উদ্যম করিবেন না ॥

ব্যবহারে অকার্পণ্য যথা পদ্মপুরাণে ॥

হরিভক্তিপরায়ণ জন ভোজন ও আচ্ছাদন সাধনবিষয়ে লাভ অথবা লব্ধের বিনাশ ঘটিলে, ব্যাকুলচিত্ত না হইয়া মনোমধ্যে হরিকে স্মরণ করিবেন ॥ ৫২ ॥

শোকাদ্যবশবর্ত্তিতা যথা তত্রৈব ॥

শোকামর্ষাদিভির্ভাবৈরাক্রান্তং যস্য মানসং।
কথং তত্র মুকুন্দস্য স্ফূর্ত্তিসম্ভাবনা ভবেৎ ॥

অন্যদেবানবজ্ঞা যথা তত্রৈব ॥

হরিরেব সদারাধ্যঃ সর্ব্বদেবেশ্বরেশ্বরঃ।
ইতরে ব্রহ্মরুদ্রাদ্যা নাবজ্ঞেয়াঃ কদাচন ॥

ভূতানুদ্বেগদায়িতা যথা মহাভারতে ॥

পিতেব পুত্রং করুণো নোদ্বেজয়তি যো জনং।
বিশুদ্ধস্য হৃষীকেশস্তূর্ণং তস্য প্রসীদতি ॥ ৫৩ ॥

শোকমোহাদির অবশীভূততা।

যথা পদ্মপুরাণে ॥

যাহার হৃদয়দেশ শোক ও ক্রোধে পরিপূর্ণ, তথায় কিরূপে মুকুন্দের স্ফূর্ত্তির সম্ভাবনা হইবে? ॥

অন্যদেবতার প্রতি অবজ্ঞাশূন্যতা।

যথা পদ্মপুরাণে ॥

ভগবান্ হরি সমস্ত দেবেশ্বরদিগের অধীশ্বর, এতএব সর্ব্বদা তিনিই আরাধ্য, কিন্তু ইহা বলিয়া, ব্রহ্মরুদ্রাদি অন্যান্য দেবতার প্রতি কখন অবজ্ঞা করিবে না ॥

প্রাণিদিগের প্রতি অভয় দান, যথা মহাভারতে ॥

যিনি প্রাণিমাত্রকে উদ্বেগ না দিয়া, সকরুণ পিতার ন্যায় পুত্র নির্ব্বিশেষে অবলোকন করেন, সেই বিশুদ্ধ হৃদয়ের প্রতি ভগবান্ হৃষীকেশ আশু প্রসন্ন হয়েন ॥ ৫৩ ॥

সেবানামাপরাধানাং বর্জ্জনং যথা বারাহে ॥
মমার্চ্চনাপরাধা যে কীর্ত্ত্যন্তে বসুধে ময়া।
বৈষ্ণবেন সদা তেতু বর্জ্জনীয়াঃ প্রযত্নতঃ ॥

সেবানামাপরাধানাং বর্জ্জনমিত্যাদি। বারাহে পাদ্মে চ যথাক্রমং যোজ্যং। তত্র সেবাপরাধা আগমানুসারেণ গণ্যন্তে। যানৈর্ব্বা পাদুকৈর্ব্বাপি গমনং ভগবদ্গৃহে। দেবোৎসবাদ্যসেবাচ অপ্রণামস্তদগ্রতঃ। উচ্ছিষ্টে বাপ্যশৌচে বা ভগবদ্বন্দনাদিকং। একহস্তপ্রণামশ্চ তৎপুরস্তাৎ প্রদক্ষিণং। পাদপ্রসারণঞ্চাগ্রে তথা পর্য্যঙ্কবন্ধনং। শয়নং ভক্ষণঞ্চাপি মিথ্যাভাষণমেবচ। উচ্চৈর্ভাষা মিথোজল্পো রোদনানি চ বিগ্রহঃ। নিগ্রহানুগ্রহৌ চৈব নৃষু চ ক্রূরভাষণং। কম্বলাবরণঞ্চৈব পরনিন্দা পরস্তুতিঃ অশ্লীলভাষণঞ্চৈব অধোবায়ুবিমোক্ষণং। শক্তৌ গৌণোপচারশ্চ অনিবেদিতভক্ষণং। তত্তৎকালোদ্ভবানাঞ্চ ফলাদীনামনর্পণং। বিনিযুক্তাবশিষ্টস্য প্রদানং ব্যঞ্জনাদিকে। পৃষ্ঠীকৃত্যাসনঞ্চৈব পরেষামভিবাদনং,

সেবাপরাধ বর্জন, যথা বরাহপুরাণে ॥

বরাহদেব পৃথিবীকে কহিলেন, হে বসুধে! আমার অর্চ্চনা-সম্বন্ধীয় অপরাধ আমি কীর্ত্তন করিতেছি, বৈষ্ণবগণ যত্নপূর্ব্বক সর্ব্বদা ঐ সকল অপরাধ বর্জন করিবেন।

আগমশাস্ত্রে সেবাপরাধ দ্বাত্রিংশৎ প্রকার বলিয়া কীর্ত্তিত হইয়াছে। যথা যান অর্থাৎ শিবিকাদি অথবা পদে পাদুকা প্রদান করত ভগবদ্গৃহে গমন। ১। ভগবৎপ্রীত্যর্থে কৃত উৎসবাদির অর্থাৎ ভগবৎসম্বন্ধীয় দোলপ্রভৃতি উৎসবের অকরণ। ২। তাঁহার সম্মুখে প্রণাম না করা। ৩। উচ্ছিষ্ট

হরৌ মৌনং নিজস্তোত্রং দেবতানিন্দনং তথা। অপরাধাস্তথা বিষ্ণোর্দ্বাত্রিংশৎ পরিকীর্ত্তিতাঃ। বারাহে চ। যে অন্যাপরাধাস্তে সংক্ষেপা লিখ্যন্তে। রাজান্নভোজনং ধ্বান্তাগারে হরেঃ স্পর্শঃ। বিধিং বিনা হর্য্যুপসর্পণং। বাদ্যং বিনা তদ্দ্বারোদ্ঘাটনং। কুক্কুরদৃষ্টভক্ষ্যসংগ্রহঃ। অর্চ্চনে মৌনভঙ্গঃ। পূজাকালে বিড়ুৎসর্গায় সর্পণং। গন্ধমাল্যাদিকমদত্ত্বা ধূপনং। অনর্হপুষ্পেণ পূজনং। তথা অকৃত্বা দন্তকাষ্ঠঞ্চ কৃত্বা নিধুবনং তথা। স্পৃষ্ট্বা রজঃস্বলাং দীপং তথা মৃতকমেবচ। রক্তং নীলমধৌতঞ্চ পারক্যং মলিনং পটং। পরিধায় মৃতং দৃষ্ট্বা বিমুচ্যাপানমারুতং। ক্রোধং কৃত্বা শ্মশানঞ্চ গত্বা ভুক্ত্বাপ্যজীর্ণযুক্। ভুক্ত্বা কুসুম্ভং পিন্যাকং তৈলাভ্যঙ্গং বিধায় চ। হরেঃ স্পর্শো হরেঃ কর্ম্মকরণং পাতকাবহং। তথা তত্রৈবান্যত্র। ভগবচ্ছাস্ত্রানাদরেণ তৎপ্রতিপত্তিঃ। অন্যশাস্ত্রপ্রবর্ত্তনং। তদগ্রতস্তাম্বূলচর্ব্বণং। এরণ্ডপত্রস্থপুষ্পৈরর্চ্চনং। আসুরকালে পূজনং। পীঠে ভূমৌ বোপবিশ্য পূজনং। স্নপনকালে বামহস্তেন তৎস্পর্শঃ। পর্য্যুষিতৈর্যাচিতৈর্ব্বা পুষ্পৈরর্চ্চনং পূজায়াং নিষ্ঠীবনং। তস্যাং স্বগর্ব্বপ্রতিপাদনং। তির্য্যক্পুণ্ড্রধৃতিঃ। অপ্রক্ষালিতপাদত্বেঽপি তন্মন্দিরে প্রবেশঃ। অবৈষ্ণবপক্কনিবেদনং। অবৈষ্ণবদৃষ্টৌ পূজনং। বিঘ্নেশমপূজয়িত্বা কপালিনং দৃষ্ট্বা বা পূজনং। নখাম্ভসা স্নপনং। ঘর্ম্মাম্বুলিপ্তত্বেঽপি পূজনমিত্যাদয়ঃ। অন্যত্র নির্ম্মাল্যলঙ্ঘন-

লিপ্ত দেহে অথবা অশৌচে ভগবদ্বন্দনাদি। ৪। এক হস্তদ্বারা প্রণাম। ৫। শ্রীকৃষ্ণের সম্মুখে প্রদক্ষিণ। ৬। ভগবানের অগ্রে পাদপ্রসারণ। ৭। পর্য্যঙ্কবন্ধন অর্থাৎ ভগবানের অগ্রে হস্তদ্বারা জানুদ্বয় বন্ধনপূর্ব্বক উপবেশন। ৮। শ্রীকৃষ্ণের শ্রীমূর্ত্তির অগ্রে শয়ন। ৯। ভোজন। ১০। মিথ্যা কথন। ১১। উচ্চৈঃস্বরে ভাষণ। ১২। পরস্পর কথোপকথন। ১৩। রোদন। ১৪। কলহ। ১৫। কাহারও প্রতি নিগ্রহ। ১৬। কাহারও প্রতি অনুগ্রহ করণ। ১৭। শ্রীকৃষ্ণের শ্রীমূর্ত্তির অগ্রভাগে সাধারণ

মনুষ্যের প্রতি নিষ্ঠুর ভাষণং। ১৮। কম্বলের আবরণ অর্থাৎ কম্বল আবরণ দিয়া সেবাদি কার্য্য করিবে না, কি জানি তাহা হইতে লোম স্খলিত হইতে পারে। ১৯। ভগবানের অগ্রে পরনিন্দা। ২০। পরস্তুতি। ২১। অশ্লীলভাষণ অর্থাৎ গালি দেওন। ২২। অধো বায়ু পরিত্যাগ। ২৩। সামর্থ্য থাকিতেও অল্প উপচার দান অর্থাৎ পুষ্প তুলসীপ্রভৃতি আহরণ করিয়া পরিপাটী রূপে ভগবৎ পূজাদি নির্ব্বাহ করিতে সামর্থ্য থাকিতেও সঙ্ক্ষেপে জলমধ্যে পূজাদি নির্ব্বাহ করণ অথবা অর্থসামর্থ্য থাকিতেও কুণ্ঠতা প্রকাশপূর্ব্বক অল্পব্যয়ে ভগবৎ উৎসবাদি নির্ব্বাহ করণ। ২৪। অনিবেদিত ভক্ষণ। ২৫। যে কালে যে ফল বা শস্যাদি উৎপন্ন হয়, সেইকালে তাহা ভগবান্‌কে সমর্পণ না করা। ২৬। আনীত দ্রব্যের অগ্রভাগ অন্যকে দিয়া অবশিষ্টাংশ ব্যঞ্জনাদিতে প্রদান। ২৭। শ্রীমূর্ত্তির দিকে পৃষ্ঠ করিয়া উপবেশন। ২৮। শ্রীকৃষ্ণের শ্রীমূর্ত্তির অগ্রে অন্যকে অভিবাদন। ২৯। গুরুদেবে মৌন অর্থাৎ গুরুদেবের অগ্রে কোন স্তবাদি না করিয়া তূষ্ণীম্ভাবে আপনার প্রশংসা করণ। ৩১। এবং দেবতানিন্দন। ৩২। বিষ্ণুর এই দ্বাত্রিংশৎ প্রকার অপরাধ কীর্ত্তিত হইল, এতদ্ভিন্ন বরাহপুরাণে যে সকল অপরাধ কীর্ত্তন করিয়াছেন তাহা সঙ্ক্ষেপে লিখিত হইতেছে। যথা-রাজান্নভক্ষণ। ১। অন্ধকার গৃহে শ্রীমূর্ত্তির স্পর্শন। ২। বিধি উল্লঙ্ঘন করিয়া স্বেচ্ছাচারে হরির উপাসনা। ৩। বাদ্য

না করিয়া শ্রীমন্দিরের দ্বার উদ্ঘাটন। ৪। যে দ্রব্যের প্রতি কুক্কুর দৃষ্টিপাত করিয়াছে তদ্দ্বারা ভক্ষ্য-দ্রব্যের সংগ্রহ করণ। ৫। পূজাকালে মৌনভঙ্গ। ৬। পূজা করিতে করিতে মল ত্যাগার্থ গমন। ৭। গন্ধমাল্য প্রদান না করিয়া অগ্রে ধূপ দেওন। ৮। অযোগ্য পুষ্পে পূজন। ৯। দন্তধাবন না করণ। ১০। ও স্ত্রী সম্ভোগ। ১১। রজঃস্বলাস্ত্রী স্পর্শ। ১২। দীপ-স্পর্শ। ১৩। শবস্পর্শ। ১৪। রক্তবর্ণ, নীলবর্ণ, অধৌত পরের এবং মলিন বস্ত্র পরিধান। ১৫। মৃতদর্শন। ১৬। অপান বায়ু পরিত্যাগ। ১৭। ক্রোধ করণ। ১৮। শ্মশান গমন। ১৯। ভুক্ত দ্রব্য জীর্ণ না হইতে। ২০। কুসুম্ভ অর্থাৎ গাঁজা পান। ২১। পিন্যাক অর্থাৎ অহিফেন ভোজন। ২২। এবং তৈল মর্দ্দন করিয়া হরিস্পর্শ ও হরির সেবা করিলে, পাপ জন্মে। ২৩। অপর অন্যত্র বর্ণিত আছে। ভগ-বচ্ছাস্ত্রের প্রতি অনাদর করিয়া তৎপ্রতিপত্তি। অন্য শাস্ত্রের প্রবর্ত্তন। ভগবানের অগ্রে তাম্বূল চর্ব্বণ। এরণ্ড পত্রস্থ পুষ্প-দ্বারা অর্চ্চন। আসুরিক কালে ভগবৎপূজা পীঠ অথবা ভূমিতে উপবেশন পূর্ব্বক পূজন। স্নানকালে বাম হস্তদ্বারা শ্রীমূর্ত্তির স্পর্শন। পর্য্যুষিত অথবা যাচিত পুজাবিষয়ে স্বীয় গর্ব্ব প্রতিপাদন অর্থাৎ আমি বরপূজক ইত্যাদি মনন। তির্য্যক্ পুণ্ড্র ধারণ। পাদপ্রক্ষালন না করিয়া শ্রীমন্দিরে প্রবেশ। অবৈষ্ণবের পাক করা অন্ন ভগবান্‌কে নিবেদন।

সর্ব্বাপরাধকৃদপি মুচ্যতে হরিসংশ্রয়ঃ।
হরেরপ্যপরাধান্ যঃ কুর্য্যাদ্দ্বিপদপাংশলঃ॥
নামাশ্রয়ঃ কদাচিৎ স্যাৎ তরত্যেব স নামতঃ।

ভগবচ্ছপথাদয়োঽন্যেচ বহব ইতি। অথ নামাপরাধাঃ পাদ্মোক্তাঃ। সতাং নিন্দা। শ্রীবিষ্ণোঃ সকাশাৎ শিবস্য নামাদেঃ স্বাতন্ত্র্যমননং। গুর্ব্ববজ্ঞা। শ্রুতিতদনুগতশাস্ত্রনিন্দনং। হরিনামমহিম্নি অর্থবাদমাত্রমিদমিতি মননং। তত্র প্রকারান্তরেণার্থকল্পনং। নামবলেন পাপে প্রবৃত্তিঃ। অন্যশুভক্রিয়াভির্নাম-সামান্যমননং। অশ্রদ্দধানাদৌ নামোপদেশঃ। নামমাহাত্ম্যে শ্রুতেঽপ্যপ্রীতি-

অবৈষ্ণবের সম্মুখে বিষ্ণুপূজন। গণেশকে পূজা না করিয়া এবং কপালি অর্থাৎ স্বনামখ্যাত নীচজাতি-বিশেষকে দর্শন করিয়া বিষ্ণুপূজন। নখস্পৃষ্ট জলে শ্রীমূর্ত্তির স্নপন। এবং ঘর্ম্মাম্বুলিপ্ত কলেবরে হরিপূজন। এতদ্ভিন্ন অন্যত্র বর্ণিত আছে। নির্ম্মাল্য-লঙ্ঘন। ভগবৎশপথাদি করণ। ইত্যাদি অনেকানেক সেবাপরাধ আছে॥

নামাপরাধ যথা পদ্মপুরাণে॥

মনুষ্য সর্ব্বপ্রকার অপরাধ করিয়াও যদি হরিচরণারবিন্দ আশ্রয় করে, তাহা হইলে সকল অপরাধ হইতে পরিত্রাণ পায়, কিন্তু যে নরাধম হরির নিকটেও অপরাধী, সে যদি কখন হরিনামের আশ্রিত হয়, তাহা হইলে নামমাহাত্ম্যে ঐ অপরাধ হইতে নিস্তার পাইতে পারে। ফলতঃ হরিনাম

নাম্নো হি সর্ব্বসুহৃদো হ্যপরাধাৎ পতত্যধঃ ॥ ৫৪ ॥

তন্নিন্দাদ্যসহিষ্ণুতা যথা শ্রীদশমে ॥

নিন্দাং ভগবতঃ শৃণ্বংস্তৎপরস্য জনস্য বা।

রিতি। সর্ব্ব এবৈতে হরিভক্তিবিলাসে প্রমাণবচনৈর্দ্রষ্টব্যাঃ ॥ ৫৪ ॥

সকলের সুহৃদ্ অতএব নামাপরাধ করিলে অধোলোকে পতিত হইতে হইবে ॥ ৫৪ ॥

নামাপরাধ যথা ॥

সৎসকলের নিন্দা। ১। বিষ্ণুনাম হইতে শিবনামাদির স্বাতন্ত্র্যরূপে মনন অর্থাৎ বিষ্ণুনাম হইতে স্বাধীনরূপে শিব-নামাদির চিন্তন। ২। গুরুদেবের প্রতি অবজ্ঞাপ্রকাশ। ৩। বেদ ও বেদানুগত শাস্ত্রের নিন্দা। ৪। হরিনামের মাহাত্ম্যে "ইহা অর্থবাদ অর্থাৎ স্তুতিমাত্র" ইত্যাদি মনন। ৫। অথবা প্রকারান্তরে নামের অর্থকল্পন। ৬। নামবলে পাপে প্রবৃত্তি। ৭। অন্য শুভক্রিয়ার সহিত নামের তুল্যত্বচিন্তন। ৮। শ্রদ্ধাবিহীন জনকে নামোপদেশ। ৯। এবং নামমাহাত্ম্য-শ্রবণ করিয়া তাহাতে অপ্রীতি। ১০। এই দশ প্রকার নামাপরাধ বৈষ্ণবব্যক্তি অবশ্য বর্জন করিবেন ॥

ভগবান্ বা ভগবজ্জনের নিন্দাদিতে অসহিষ্ণুতা যথা দশমস্কন্ধে ৭৪ অ। ২৬। শ্লোকে ॥

শুকদেব কহিলেন, রাজন্! যে ব্যক্তি ভগবান্ বা ভগবৎ-পরায়ণ জনের নিন্দা শ্রবণ করিয়া, সেই স্থান হইতে পলায়ন

ততো নাপৈতি যঃ সোঽপি যাত্যধঃ সুকৃতাচ্চ্যুতঃ ॥

অথ বৈষ্ণবচিহ্নধৃতির্যথা পাদ্মে ॥

যে কণ্ঠলগ্নতুলসীনলিনাক্ষমালা-
যে বাহুমূলপরিচিহ্নিতশঙ্খচক্রাঃ।
যে বা ললাটফলকে লসদূর্দ্ধপুণ্ড্রা-
স্তে বৈষ্ণবা ভুবনমাশু পবিত্রয়ন্তি ॥

নামাক্ষরধৃতির্যথা স্কান্দে ॥

হরিনামাক্ষরযুতং ভালে গোপীমৃদঙ্কিতং।
তুলসীমালিকোরস্কং স্পৃশেয়ুর্ন যমোদ্ভটাঃ ॥ ৫৫ ॥

গোপীমৃদঙ্কিতং গোপীচন্দনেন তিলকিতং ॥ ৫৫ ॥

না করে, সে সমুদায় পুণ্য হইতে বিচ্যুত হইয়া অধোগামী হয় ॥

বৈষ্ণবচিহ্ন ধারণ যথা পদ্মপুরাণে ॥

যাঁহারা কণ্ঠদেশে তুলসী, পদ্মবীজমালা-ধারণ করেন, যাঁহারা বাহুমূলে শঙ্খ চক্রের চিহ্ন ধারণ করিয়া থাকেন এবং যাঁহাদের ললাটদেশ ঊর্দ্ধপুণ্ড্রে দেদীপ্যমান, তাঁহারাই বৈষ্ণব, তাঁহারাই ভুবনতলকে আশু পবিত্র করেন ॥

হরিনামাক্ষর ধারণ যথা স্কন্দপুরাণে ॥

যাঁহার ললাটদেশ গোপীচন্দনে তিলকিত, গাত্রে হরিনামাক্ষর লিখন এবং হৃদয়ে তুলসীমালা দোদুল্যমান রহিয়াছে, যমকিঙ্করগণ তাহাকে স্পর্শ করিতে পারে না ॥ ৫৫ ॥

কৃষ্ণনামাক্ষরৈর্গাত্রমঙ্কয়েচ্চন্দনাদিনা।
স লোকপাবনো ভূত্বা তস্য লোকমবাপ্নুয়াৎ ॥

নির্ম্মাল্যধৃতির্যথৈকাদশে ॥

ত্বয়োপযুক্তস্রগ্‌গন্ধ-বাসোঽলঙ্কারচর্চ্চিতাঃ।
উচ্ছিষ্টভোজিনো দাসাস্তব মায়াং জয়েম হি ॥

স্কান্দে চ ॥

কৃষ্ণোত্তীর্ণন্তু নির্ম্মাল্যং যস্যাঙ্গং স্পৃশতে মুনে।

ত্বয়োপযুক্তেতি শ্রীমদুদ্ধববাক্যং। পরোক্ষপূজাদাবপীতি ভাবঃ। জয়েম জেতুং শক্নুম ইত্যর্থঃ। এতদুত্তরমস্য পদদ্বয়ং চাস্তি। মুনয়ো বাতবসনাঃ শ্রমণা ঊর্দ্ধমন্থিনঃ। ব্রহ্মাখ্যং ধাম তে যান্তি শান্তাঃ সন্ন্যাসিনোঽমলাঃ ॥

পদ্মপুরাণে ॥

যিনি চন্দনাদিদ্বারা গাত্রে হরিনামাক্ষর লিখন করেন, তিনি লোকপাবন হইয়া শ্রীকৃষ্ণের সালোক্যপ্রাপ্ত হইবেন ॥

নির্ম্মাল্যধারণ, যথা একাদশ স্কন্ধে ৬ অ। ৩১ শ্লোকে ॥

উদ্ধব কহিলেন, কৃষ্ণ! তুমি যে সমস্ত বস্তু উপভোগ করিয়া ত্যাগ করিয়াছ, সেই মাল্য, গন্ধ, বস্ত্র ও অলঙ্কারে অলঙ্কৃত হইয়াছি এবং দাসের ন্যায় তোমার উচ্ছিষ্ট ভোজন করিয়া থাকি, অতএব তোমার মায়া অনায়াসেই জয় করিব ॥

স্কন্দপুরাণে ॥

ব্রহ্মা কহিলেন, হে নারদ! শ্রীকৃষ্ণের অঙ্গোত্তীর্ণ

সর্ব্বরোগৈস্তথা পাপৈর্মুক্তো ভবতি নারদ ॥ ৫৬ ॥

অগ্রে তাণ্ডবং, যথা দ্বারকামাহাত্ম্যে ॥

যো নৃত্যতি প্রহৃষ্টাত্মা ভাবৈর্বহুসুভক্তিতঃ।
স নির্দ্দহতি পাপানি মন্বন্তরশতেষ্বপি ॥

তথা শ্রীনারদোক্তৌ চ ॥

নৃত্যতাং শ্রীপতেরগ্রে তালিকাবাদনৈর্ভৃশং।
উড্ডীয়ন্তে শরীরস্থাঃ সর্ব্বে পাতকপক্ষিণঃ ॥

বয়ন্ত্বিহ মহাযোগিন্ ভ্রমামঃ কর্ম্মবর্ত্মসু। ত্বদ্বার্ত্তয়া তরিষ্যামস্তাবকৈর্দুস্তরং তমঃ। ইতি। তরিষ্যামস্তর্ত্তুং শক্নুম ইত্যর্থঃ ॥ ৫৬ ॥

মন্বন্তরশতেষ্বিত্যত্র জাতানীতি শেষঃ ॥ ৫৭ ॥

নির্ম্মাল্য যাহার অঙ্গ স্পর্শ করে, সে ব্যক্তি সর্ব্বপ্রকার রোগ ও পাপরাশি হইতে মুক্তিলাভ করেন ॥ ৫৬ ॥

হরির সম্মুখে নৃত্য যথা দ্বারকামাহাত্ম্যে ॥

শ্রীকৃষ্ণ কহিলেন, নারদ! যে ব্যক্তি প্রহৃষ্ট চিত্তে ঐকান্তিকী ভক্তিসহকারে বিবিধ ভাব ব্যঞ্জক অঙ্গভঙ্গী করিয়া আমার অগ্রে নৃত্য করেন, তাঁহার শত শত মন্বন্তরসঞ্চিত পাপপুঞ্জ দগ্ধ হইয়া যায় ॥

এবং নারদও কহিয়াছেন যথা ॥

যে ব্যক্তি শ্রীকৃষ্ণের অগ্রে করতালি দিয়া বারম্বার নৃত্য করেন, তাঁহার শরীরস্থ পাপরূপ পক্ষিসকল ঊর্দ্ধে পলায়ন করে ॥

দণ্ডবন্নতির্যথা নারদীয়ে ॥

একোঽপি কৃষ্ণায় কৃতপ্রণামো, দশাশ্বমেধাবভৃথৈর্ন তুল্যঃ।
দশাশ্বমেধী পুনরেতি জন্মকৃষ্ণ, প্রণামী ন পুনর্ভবায় ॥

অভ্যুত্থানং যথা ব্রহ্মাণ্ডে ॥

যানারূঢ়ং পুরঃ প্রেক্ষ্য সমায়ান্তং জনার্দ্দনং।
অভ্যুত্থানং নরঃ কুর্ব্বন্ পাতয়েৎ সর্ব্বকিল্বিষং ॥ ৫৭ ॥

অথানুব্রজ্যা যথা ভবিষ্যোত্তরে ॥

রথেন সহ গচ্ছন্তি পার্শ্বতঃ পৃষ্ঠতোঽগ্রতঃ।

রথেনেত্যুপলক্ষণং অনেনাপি ইত্যাদ্যেয়মিতি ভাবঃ। এবং পূর্ব্বত্র চ যানারূঢ়মিত্যত্র জ্ঞেয়ং ॥ ৫৮ ॥

দণ্ডবৎ প্রণাম, যথা নারদপুরাণে ॥

দশ অশ্বমেধ যজ্ঞের অবভৃথ স্নান ও শ্রীকৃষ্ণে একবারমাত্র প্রণাম এতদুভয়ের তুল্য ফল হইতে পারে না, কারণ দশ অশ্বমেধ যজ্ঞকারী পুণ্যক্ষয়ে পুনর্ব্বার জন্মগ্রহণ করে, কিন্তু কৃষ্ণপ্রণামী ব্যক্তি পুনরায় ভবে আগমন করেন না ॥

অভ্যুত্থান অর্থাৎ গাত্রোত্থান ॥

যথা ব্রহ্মাণ্ডপুরাণে ॥

যে ব্যক্তি সম্মুখে রথারোহণে জনার্দ্দনকে আগমন করিতে দেখিয়া গাত্রোত্থান করেন, তিনি সমুদায় পাতককে পাতিত করিয়া থাকেন ॥ ৫৭ ॥

অনুগমন অর্থাৎ পশ্চাৎ ২ গমন

যথা ভবিষ্যোত্তরে ॥

যে সকল মানব ভগবান্ রথারোহণে গমন করিতেছেন,

বিষ্ণুনৈব সমাঃ সর্ব্বে ভবন্তি শ্বপচাদয়ঃ॥

স্থানে গতিঃ॥

স্থানং তীর্থগৃহঞ্চাস্য, তত্র তীর্থে গতির্যথা।

পুরাণান্তরে॥

সংসারমরুকান্তার-নিস্তারকরণক্ষমৌ।
শ্লাঘ্যৌ তাবেব চরণৌ যৌ হরেস্তীর্থগামিনৌ॥

আলয়ে যথা হরিভক্তিসুধোদয়ে॥

প্রবিশন্নালয়ং বিষ্ণোর্দর্শনার্থং সুভক্তিমান্।
ন ভূয়ঃ প্রবিশেন্মাতুঃ কুক্ষিকারাগৃহং সুধীঃ॥

দেখিয়া পার্শ্বদেশে অথবা পশ্চাৎভাগে কিম্বা সম্মুখে রথের সঙ্গে সঙ্গে গমন করে, তাহারা চণ্ডালাদি জাতি হইলেও বিষ্ণুর তুল্যত্ব লাভ করিয়া থাকে॥

স্থানে গমন॥

স্থান দুই প্রকার, তীর্থ এবং ভগবদালয়।

তন্মধ্যে তীর্থগমনং, যথা পুরাণান্তরে॥

যে দুই চরণ হরিসম্বন্ধীয় তীর্থে গমনশীল তাহাই অতিশয় প্রশংসনীয়। যেহেতু তদ্দারা সংসাররূপ মরুভূমির দুর্গম পথ উত্তীর্ণ হওয়া যায়॥

ভগবদালয়ে গমন, যথা হরিভক্তিসুধোদয়ে॥

যিনি বিশুদ্ধ ভক্তিযুক্ত হইয়া শ্রীবিষ্ণুর দর্শনার্থ আলয়ে প্রবেশ করেন, সেই সদ্বুদ্ধিশালী মানব মাতৃকুক্ষিরূপ কারাগৃহ পুনঃ প্রবেশ করিবেন না॥

পরিক্রমা যথা তত্রৈব ॥

বিষ্ণুং প্রদক্ষিণীকুর্ব্বন্ যস্তত্রাবর্ত্ততে পুনঃ।
তদেবাবর্ত্তনং তস্য পুনর্নাবর্ত্ততে ভবে ॥ ৫৮ ॥

স্কান্দে চ চাতুর্ম্মাস্যমাহাত্ম্যে ॥

চতুর্ব্বারং ভ্রমীভিস্তু জগৎ সর্ব্বং চরাচরং।
ক্রান্তং ভবতি বিপ্রাগ্র্য! তত্তীর্থগমনাধিকমিতি ॥

অথার্চ্চনং ॥

শুদ্ধিন্যাসাদিপূর্ব্বাঙ্গ-কর্ম্মনির্ব্বাহপূর্ব্বকং।

চতুরিত্যত্র বিষ্ণুং পরিতঃ। ইতি প্রকরণপ্রাপ্তং। তীর্থানাং শ্রীগঙ্গাদীনাং গমনাদপ্যধিকং। শীঘ্রং ভগবদ্ভক্তিপ্রদত্বাদিত্যর্থঃ ॥

শুদ্ধির্ভূতশুদ্ধিঃ। ন্যাসাঃ মাতৃকান্যাসাদয়ঃ। তদাদিকং পূর্ব্বমঙ্গং যস্য।

পরিক্রমা যথা হরিভক্তিসুধোদয়ে ॥

যে মানব বিষ্ণুকে প্রদক্ষিণ করিতে করিতে যতবার আবর্ত্তন করিয়া থাকে, তাহার সেই আবর্ত্তন নিবন্ধন পুনর্ব্বার ভবে প্রত্যাবর্ত্তন করিতে হয় না ॥

এবং স্কন্ধপুরাণে চাতুর্মাস্যমাহাত্ম্যে ॥

হে দ্বিজোত্তম! বিষ্ণুকে চারিবার প্রদক্ষিণ করিলে সমুদায় চরাচর জগৎ পরিক্রমা করা হয় এবং গঙ্গাদি তীর্থ সমুদায়ের গমন অপেক্ষা অধিক ফল হয়, কারণ এতদ্দারা আশু ভগবদ্ভক্তি লাভ করিতে পারা যায় ॥

অর্চ্চন ॥

ভূতশুদ্ধি ও মাতৃকান্যাসাদি পূর্ব্বাঙ্গ নির্ব্বাহপূর্ব্বক মন্ত্র

অর্চ্চনন্তূপচারাণাং স্যান্মন্ত্রেণোপপাদনং ॥ ৫৯ ॥

তদ্যথা শ্রীদশমে।

স্বর্গাপবর্গয়োঃ পুংসাং রসায়াং ভুবি সম্পদাং।
সর্ব্বাসামপি সিদ্ধীনাং মূলং তচ্চরণার্চ্চনং ॥

বিষ্ণুরহস্যে চ।

শ্রীবিষ্ণোরর্চ্চনং যে তু প্রকুর্ব্বন্তি নরা ভুবি।

তাদৃশকর্ম্মনির্ব্বাহপূর্ব্বকং যন্মন্ত্রেণোপচারাণাং সমর্পণং তদর্চ্চনমিত্যর্থঃ ॥ ৫৯ ॥
স্বর্গাপবর্গয়োরিতি। অত্রার্চ্চনং প্রধানং কৃত্বা ভক্ত্যন্তরমহিমা সূচিতঃ। ইত্যর্চ্চনং মহিমন্যেব নিখিতং মূলমিতি। অন্যত্তু তদভাবাদেব বিধীয়ত ইত্যর্থঃ। কালেন নষ্টা বাণীয়ং প্রলয়ে বেদসংজ্ঞিতা। ময়াদৌ ব্রহ্মণে প্রোক্তো ধর্ম্মো যস্যাং মদাত্মক ইতি। অকামঃ সর্ব্বকামো বা ইত্যাদেশ্চ। যদ্বা তদ্বহির্ম্মুখানাং সাধনান্তরস্যাপ্যসিদ্ধেঃ। তচ্চ মুখতস্তরুতশ্ছিদ্রমিত্যাদেঃ। মুখবাহূরুপাদেভ্য

দ্বারা উপচার সমর্পণকেই অর্চ্চন কহে ॥ ৫৯ ॥

যথা দশমস্কন্ধে ৮১ অ। ১৬ শ্লোকে।

শ্রীদাম ব্রাহ্মণ গৃহে আগমন করিতে করিতে কহিলেন পুরুষদিগের স্বর্গ, অপবর্গ, পাতালের আধিপত্য, পৃথিবীর সম্পত্তি ও অণিমাদি সিদ্ধি সকলের মূল কারণ এক শ্রীকৃষ্ণের চরণার্চ্চন, ইহার দ্বারাই সর্ব্বার্থ সিদ্ধি হয় ॥

এবং বিষ্ণুরহস্যে যথা ॥

এই পৃথিবীতে যে সকল নর শ্রীবিষ্ণুর অর্চ্চন করেন,

তে যান্তি শাশ্বতং বিষ্ণোরানন্দং পরমং পদং ॥ ৬০ ॥

অথ পরিচর্য্যা।

পরিচর্য্যা তু সেবোপকরণাদি-পরিষ্ক্রিয়া।
তথা প্রকীর্ণকচ্ছত্রবাদিত্রাদ্যৈরুপাসনা ॥

যথা নারদীয়ে।

মুহূর্ত্তং বা মুহূর্ত্তার্দ্ধং যস্তিষ্ঠেদ্ধরিমন্দিরে।
স যাতি পরমং স্থানং কিমু শুশ্রূষণে রতাঃ ॥

চতুর্থে চ।

ইত্যাদেঃ। তপস্বিনো দানপরা ইত্যাদেঃ ॥ ৬০ ॥

পরিচর্য্যাত্র রাজ্ঞ ইব সেবোচ্যতে। সা দ্বিধা। উপকরণাদিপরিষ্ক্রিয়া চামরাদিভিরুপাসনা চেত্যর্থঃ ॥ ৬১ ॥

তাঁহারাই বিষ্ণুর নিত্য পরমানন্দময় পরম ধাম প্রাপ্ত হইয়া থাকেন ॥ ৬০ ॥

অথ পরিচর্য্যা ॥

রাজার ন্যায় শ্রীকৃষ্ণের সেবনকে পরিচর্য্যা কহে। এই পরিচর্য্যা দুই প্রকার। যথা উপকরণাদি পরিষ্কার করণ এবং চামরাদি দ্বারা উপাসনা ॥

যথা নারদপুরাণে ॥

যে ব্যক্তি মুহূর্ত্ত বা অর্দ্ধ মুহূর্ত্ত কাল হরিমন্দিরে অবস্থিতি করেন, তিনি পরমধাম প্রাপ্ত হয়েন। কিন্তু সর্ব্বদা যাঁহারা হরিসেবায় রত তাঁহাদিগের কথা আর কি বলিব ? ॥

এবং চতুর্থস্কন্ধে ২১ অ। ২৯ শ্লোকে ॥

যৎপাদসেবাভিরুচিস্তপস্বিনা-
মশেষজন্মোপচিতং মলং ধিয়ঃ।
সদ্যঃ ক্ষিণোত্যন্বহমেধতী সতী
যথা পদাঙ্গুষ্ঠবিনিঃসৃতা সরিৎ॥ ৬১॥
অঙ্গানি বিবিধান্যেব স্যুঃ পূজাপরিচর্য্যয়োঃ।
ন তানি লিখিতান্যত্র গ্রন্থবাহুল্যভীতিতঃ॥

অথ গীতং যথা লৈঙ্গে।

ব্রাহ্মণো বাসুদেবাখ্যং গায়মানোঽনিশং পরং।
হরেঃ সালোক্যমাপ্নোতি রুদ্রগানাধিকং ভবেৎ॥ ৬২॥

ব্রাহ্মণ ইতি গানসামান্যস্য ব্রাহ্মণে নিষিদ্ধত্বাৎ। ব্রাহ্মণোঽপীত্যর্থঃ। রুদ্রকর্ত্তৃকগানাদপি ভগবদগ্রে তস্য গানমধিকং ভবেদিত্যর্থঃ॥ ৬২॥

পৃথুরাজ কহিলেন অহে প্রজাগণ! ভগবান্ হরিই জীব সকলের মোক্ষদাতা, তদ্ভিন্ন অন্য দেবতা হইতে মুক্তির সম্ভাবনা নাই, কারণ তাঁহারাও জীব বিশেষ। অতএব যাঁহার চরণদ্বয়ের সেবাবিষয়ক অভিলাষও পদাঙ্গুষ্ঠ বিনিঃসৃতা সরিদ্বরা গঙ্গার ন্যায়, সংসারসন্তপ্ত জীবদিগের অশেষ জন্মসঞ্চিত বুদ্ধিমালিন্য সদ্যঃ বিনিষ্ট করিয়া অহরহঃ বৃদ্ধি প্রাপ্ত হয়॥

পূজা এবং পরিচর্য্যার অঙ্গ বহুবিধ। কিন্তু গ্রন্থের বাহুল্যভয়ে এ স্থলে তাহা লিখিত হইল না॥ ৬১॥

গীত যথা লিঙ্গপুরাণে॥

ব্রাহ্মণ নিরন্তর পরম পুরুষ বাসুদেবের গুণ গান করিয়া

অথ সঙ্কীর্ত্তনং ॥

নামলীলাগুণাদীনামুচ্চৈর্ভাষাতু কীর্ত্তনং ॥

তত্র নামকীর্ত্তনং যথা বিষ্ণুধর্ম্মে ॥

কৃষ্ণেতি মঙ্গলং নাম যস্য বাচি প্রবর্ত্ততে।
ভস্মীভবন্তি রাজেন্দ্র! মহাপাতককোটয়ঃ ॥ ৬৩ ॥

লীলাকীর্ত্তনং যথা সপ্তমস্কন্ধে ॥

সোঽহং পরস্য সুহৃদঃ পরদেবতায়া-

কৃষ্ণেতি মঙ্গলং নামেত্যর্চ্চনবদেব ব্যাখ্যেয়ং। তদেতৎ প্রাধান্যেন নামান্তর কীর্ত্তনমপি জ্ঞেয়মিতি। এবমন্যত্রাপি ॥ ৬৩ ॥

তিত্তর্ম্মি তরিষ্যামীত্যর্থঃ ॥ ৬৪ ॥

তাঁহার সালোক্য লাভ করিয়া থাকেন, এমন কি শ্রীকৃষ্ণ মহাদেবকৃত সঙ্গীত- অপেক্ষা তাঁহার গানকে অধিক প্রিয়তর জ্ঞান করেন ॥ ৬২ ॥

অথ সঙ্কীর্ত্তন ॥

নাম, রূপ ও গুণাদির উচ্চরূপে উচ্চারণ করাকে কীর্ত্তন বলে ॥

তন্মধ্যে নামসঙ্কীর্ত্তন যথা বিষ্ণুধর্ম্মে ॥

হে রাজেন্দ্র! "কৃষ্ণ" এই পরম মঙ্গলপ্রদ নাম যাঁহার বাক্যে বিরাজ করেন তাহার কোটি মহাপাতক ভস্মীভূত হইয়া যায় ॥ ৬৩ ॥

লীলাকীর্ত্তন যথা সপ্তমস্কন্ধে ৯ অ। ১৭ শ্লোকে ॥

প্রহ্লাদ কহিলেন হে নৃসিংহ! আমি আপনকার দাস

লীলাকথাস্তব নৃসিংহবিরিঞ্চিগীতাঃ।
অঞ্জস্তিতর্ম্যনুগৃন্ গুণবিপ্রমুক্তো
দুর্গাণি তে পদযুগালয়হংসসঙ্গঃ ॥ ৬৪ ॥

গুণকীর্ত্তনং যথা প্রথমস্কন্ধে ॥

ইদং হি পুংসস্তপসঃ শ্রুতস্য বা
স্বিষ্টস্য সূক্তস্য চ বুদ্ধদত্তয়োঃ।
অবিচ্যুতোঽর্থঃ কবিভি র্নিরূপিতো
যদুত্তমঃশ্লোকগুণানুবর্ণনং ॥

হইলে প্রিয় পরম সুহৃদ্ ও পরমদেবতা যে আপনি, আপনকার লীলা কথা উচ্চারণ করত সুমহৎ দুঃখ সকলও গণ্য করিব না, তৎকালে আপনার পদযুগলই যাঁহাদের আলয়, সেই সকল ভক্ত স্বরূপ যে সমস্ত হংস অর্থাৎ তত্ত্বজ্ঞ, তাঁহাদের সহিত সঙ্গ হওয়াতে রাগাদি হইতে বিশেষরূপে পরিত্রাণ পাইব। প্রভো! আপনকার লীলাকথা অবগত হওয়া আমার পক্ষে কঠিন হইবে না, ব্রহ্মা ঐ সকল কথা গান করিয়াছিলেন, তাহাতে তাহা সম্প্রদায় প্রবৃত্ত হইয়া আসিয়াছে ॥ ৬৪ ॥

গুণ কীর্ত্তন যথা প্রথমস্কন্ধে ৫ অ। ২২ শ্লোকে ॥

নারদ কহিলেন হে ব্যাস। উত্তমঃশ্লোক শ্রীকৃষ্ণের যে গুণানুবর্ণন, পণ্ডিতেরা তাহাকেই তপস্যা, বেদাধ্যয়ন, যজ্ঞ, মন্ত্রপাঠ, জ্ঞান এবং দান এই সকল কর্ম্মের নিত্য ফল বলিয়া কীর্ত্তন করিয়াছেন ॥

জপঃ ॥

মন্ত্রস্য সুলঘূচ্চারো জপ ইত্যভিধীয়তে ॥

যথা পাদ্মে ॥

কৃষ্ণায় নম ইত্যেষ মন্ত্রঃ সর্ব্বার্থসাধকঃ।
ভক্তানাং জপতাং ভূপ ! স্বর্গমোক্ষফলপ্রদঃ ॥

বিজ্ঞপ্তির্যথা স্কান্দে ॥

হরিমুদ্দিশ্য যৎ কিঞ্চিৎ কৃতং বিজ্ঞাপনং গিরা।
মোক্ষদ্বারার্গলান্মোক্ষস্তেনৈব বিহিতঃ স্তবঃ ॥ ইতি ॥

সংপ্রার্থনাময়ী দৈন্যবোধিকা লালসাময়ী।
ইত্যাদির্বিবিধা ধীরৈঃ কৃষ্ণে বিজ্ঞপ্তিরীরিতা ॥

জপ ॥

মন্ত্রের অতিশয় লঘু উচ্চারণকে জপ কহে। অর্থাৎ এরূপে মন্ত্র উচ্চারণ করিতে হয় তাহা কেবল আপনার কর্ণগোচর-মাত্র হয়, অন্যে শুনিতে পায় না ॥

যথা পদ্মপুরাণে ॥

হে রাজন্ ! "কৃষ্ণায় নমঃ" এই মন্ত্র সমুদায় অর্থসিদ্ধি বিষয়ে সাধক। যে সকল হরিভক্ত পুরুষ ইহা জপ করেন তাঁহাদিগের স্বর্গ ও মোক্ষ লাভ হইয়া থাকে ॥

বিজ্ঞপ্তি যথা স্কন্দপুরাণে ॥

তুমি হরিকে উদ্দেশ করিয়া যাহা কিছু নিবেদন করিয়াছ এতদ্দ্বারাই তোমার মোক্ষদ্বারের অর্গল (খিল) বিমুক্ত হইয়াছে ॥

ধীরগণ শ্রীকৃষ্ণবিষয়ে বিজ্ঞপ্তি তিন প্রকার কীর্ত্তন করিয়া-

তত্র সংপ্রার্থনাত্মিকা যথা পাদ্মে ॥

যুবতীনাং যথা যুনি যূনাঞ্চ যুবতৌ যথা।

মনোঽভিরমতে তদ্বন্মনোঽভিরমতাং ত্বয়ি ॥

দৈন্যবোধিকা যথা তত্রৈব ॥

মত্তুল্যো নাস্তি পাপাত্মা নাপরাধী চ কশ্চন।

পরিহারেঽপি লজ্জা মে কিং ব্রুবে পুরুষোত্তম ! ॥

লালসাময়ী যথা নারদপঞ্চরাত্রে ॥

কদা গম্ভীরয়া বাচা শ্রিয়া যুক্তো জগৎপতে।

ছেন। যথা সংপ্রার্থনাময়ী, দৈন্যবোধিকা অর্থাৎ স্বীয় দৈন্য নিবেদন ও লালসাময়ী ॥

সংপ্রার্থনাত্মিকা বিজ্ঞপ্তি, যথা স্কন্দপুরাণে ॥

হে ভগবন্! যুবতীগণের যেমন যুবা পুরুষে এবং যুবাদিগের যেমন যুবতীতে (স্ত্রীতে) মন আসক্ত হয়, তদ্রূপ আমার চিত্ত তোমাতে অনুরক্ত হউক ॥

দৈন্যবোধিকা বিজ্ঞপ্তি, যথা স্কন্দপুরাণে ॥

হে পুরুষোত্তম! আমার তুল্য পাপাত্মা ও অপরাধী আর কেহই নাই, বলিব কি? পাপপরিহারের নিমিত্ত তোমার নিকট দৈন্য জানাইতে আমার লজ্জা হইতেছে ॥

লালসাময়ী বিজ্ঞপ্তি, যথা নারদপঞ্চরাত্রে ॥

হে জগৎপতে! আমার এমন দিন কবে উপস্থিত হইবে যে দিন সলক্ষ্মীক তোমাকে চামর করিতে আমার হস্ত ব্যগ্র

চামরব্যগ্রহস্তং মামেবং কুর্ব্বিতি বক্ষ্যসি ॥

অথবা ॥

কদাহং যমুনাতীরে নামানি তব কীর্ত্তয়ন্।
উদ্বাষ্পঃ পুণ্ডরীকাক্ষ রচয়িষ্যামি তাণ্ডবং ॥ ৬৫ ॥

স্তবপাঠঃ ॥

প্রোক্তা মনীষিভি গীতা স্তবরাজাদয়ঃ স্তবাঃ ॥

কদাহং যমুনাতীরে ইতি দূরতঃ প্রার্থনা কস্যচিজ্জাতভাবস্য যতঃ সংপ্রার্থনা অনুৎপন্নভাবস্য লালসাতু জাতভাবস্যেতি ভেদঃ। লালসাময়ত্বাৎ সংপ্রার্থনাপাত্র লালসেত্যেব ভণ্যতে। অতো লালসাময়ীয়ং। অত্রেদৃশে সংপ্রার্থনালালসে প্রস্তাবাদেব দর্শিতে। কিন্তু রাগানুগায়ামেব জ্ঞেয়ে ॥ ৬৫ ॥
গীতায়াস্তবত্বং ভগবন্মহিমাত্মকত্বাৎ। স্তবরাজো গৌতমীয়োক্তঃ স্তবরাজঃ ॥ ৬৬ ॥

দেখিয়া তুমি আমাকে "এইরূপ কর" এই বলিয়া আদেশ করিবা ॥

যথাবা ॥

হে পুণ্ডরীকাক্ষ (পদ্মনেত্র!) কবে আমি যমুনাতীরে তোমার নামসকল কীর্ত্তন করিতে করিতে সজল নয়নে নৃত্য আরম্ভ করিব ॥ ৬৫ ॥

স্তব ॥

পণ্ডিতগণ ভগবদ্গীতা ও গৌতমীয় তন্ত্রোক্ত স্তবরাজকে শ্রীকৃষ্ণের স্তব বলিয়া নির্দ্দেশ করেন ॥

যথা স্কান্দে ॥

শ্রীকৃষ্ণস্তবরত্নৌঘৈর্যেষাং জিহ্বা ত্বলঙ্কৃতা।
নমস্যা মুনিসিদ্ধানাং বন্দনীয়া দিবৌকসাং ॥ ৬৬ ॥

নারসিংহে চ ॥

স্তোত্রৈঃ স্তবৈশ্চ দেবাগ্রে যঃ স্তৌতি মধুসূদনং।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তো বিষ্ণুলোকমবাপ্নুয়াৎ ॥ ৬৭ ॥

নৈবেদ্যাস্বাদো যথা পাদ্মে।

নৈবেদ্যমন্নং তুলসীবিমিশ্রং
বিশেষতঃ পাদজলেন সিক্তং।

স্তোত্রস্তবয়োরভেদেঽপ্যবান্তরভেদঃ। পূর্ব্বপ্রসিদ্ধত্বস্বকৃতত্বাভ্যাং জ্ঞেয়ঃ। স্তোত্রস্য করণসাধনত্বেন পূর্ব্বসিদ্ধত্বপ্রতীতেঃ। স্তবস্য ভাবসাধনত্বেন স্বকৃতত্ব-প্রতীতেঃ। তথাপি প্রোক্তা মনীষিভিরিত্যাদৌ গীতাদীনাং স্তবত্বমুক্তং। তত্র স্তননা। গত্যা করণসাধনত্বমেব কর্ত্তব্যং তদেবাগ্রে শ্রীমদর্চ্চায়াঃ পুরতঃ ॥ ৬৭ ॥

স্তবপাঠ যথা স্কন্দপুরাণে ॥

শ্রীকৃষ্ণের স্তবরূপ রত্নসমূহে যাঁহাদিগের জিহ্বা অলঙ্কৃতা হইয়াছে, সেই সকল মানব, মুনি ও সিদ্ধগণের নমস্য এবং দেবতাদিগের বন্দনীয় হয়েন ॥ ৬৬ ॥

এবং নৃসিংহপুরাণে ॥

যে ব্যক্তি ভগবান্ মধুসূদনের সম্মুখবর্ত্তী হইয়া স্তোত্র এবং স্তবদ্বারা তাঁহাকে স্তুতি করেন, তিনি নিখিল পাপ হইতে বিনির্ম্মুক্ত হইয়া বিষ্ণুলোকপ্রাপ্ত হইয়া থাকেন ॥ ৬৭ ॥

নৈবেদ্যাস্বাদ গ্রহণ, যথা পদ্মপুরাণে ॥

যে ব্যক্তি মুরারির সম্মুখ ভাগ পরিত্যাগ করিয়া চরণামৃতে

যোঽশ্নাতি নিত্যং পুরতো মুরারেঃ
প্রাপ্নোতি যজ্ঞাযুতকোটিপুণ্যং ॥

পাদ্যাস্বাদো যথা তত্রৈব ॥

ন দানং ন হবির্যেষাং স্বাধ্যায়ো ন সুরার্চ্চনং।
তেঽপি পাদোদকং পীত্বা প্রয়ান্তি পরমাং গতিং ॥

অথ ধূপসৌরভ্যং যথা হরিভক্তিসুধোদয়ে ॥

আঘ্রাণং যদ্ধরের্দ্দত্তধূপোচ্ছিষ্টস্য সর্ব্বতঃ।
তদ্ভাবব্যালদষ্টানাং নস্যং কর্ম্ম বিষাপহং ॥

মুরারেঃ পুরত ইতি ল্যপ্লোপে পঞ্চমী। পুরং অন্তঃপুরং পরিত্যজ্যেত্যর্থঃ। তদগ্রে ভোজননিষেধাৎ ॥ ৬৮ ॥

বিশেষরূপে সিক্ত তুলসী-দলসমন্বিত নৈবেদ্যান্ন নিত্য ভোজন করেন, তিনি দশ সহস্র কোটি যজ্ঞের পুণ্য প্রাপ্ত হয়েন ॥

চরণামৃতের আস্বাদন, যথা পদ্মপুরাণে ॥

যাহাদিগের দান, যজ্ঞ, বেদাধ্যয়ন ও দেবার্চ্চন প্রভৃতি সৎ কর্ম্মের অনুষ্ঠান নাই, তাহারাও বিষ্ণুপাদোদক পান করিয়া পরম গতি প্রাপ্ত হয় ॥

ধূপসৌরভ্য, যথা হরিভক্তিসুধোদয়ে ॥

হরিকে নিবেদন করিয়া উচ্ছিষ্ট ধূপের আঘ্রাণ করিলে সংসাররূপ সর্পদষ্ট জীবগণের বিষনাশন নস্য (নাস) ক্রিয়ার অনুষ্ঠান করা হয় ॥

মাল্যসৌরভ্যং যথা তন্ত্রে ॥

প্রবিষ্টে নাসিকারন্ধ্রে হরেনির্মাল্যসৌরভে।
সদ্যো বিলয়মায়াতি পাপপঞ্জরবন্ধনং ॥ ৬৮ ॥

অগস্ত্যসংহিতায়াঞ্চ ॥

আঘ্রাণং গন্ধপুষ্পাদেরর্চ্চিতস্য তপোধন।
বিশুদ্ধিঃ স্যাদনন্তস্য ঘ্রাণস্যেহাভিধীয়তে ॥ ৬৯ ॥

অথ শ্রীমূর্ত্তেঃ স্পর্শনং যথা বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

স্পৃষ্ট্বা বিষ্ণোরধিষ্ঠানং পবিত্রঃ শ্রদ্ধয়ান্বিতঃ।

অর্চ্চিতস্যানন্তস্য ভগবতঃ সম্বন্ধী যো গন্ধপুষ্পাদি তস্যাঘ্রাণং ঘ্রাণেন্দ্রিয়স্য ইহ জগতি বিশুদ্ধিস্তদ্ধেতুঃ স্যাদিত্যবধীয়ত ইতি ॥ ৬৯ ॥

অথ শ্রীমদর্চ্চামাত্রস্য স্পর্শাধিকারিণাং স্পর্শমাহাত্ম্যমাহ স্পৃষ্ট্বেতি ॥ ৭০ ॥

নির্ম্মাল্যসৌরভ, যথা তন্ত্রে ॥

হরিনির্ম্মাল্যের সৌরভ নাসারন্ধ্রে প্রবিষ্ট হইলে, পাপরূপ পিঞ্জর বন্ধন তৎক্ষণাৎ বিনষ্ট হইয়া যায় ॥

অগস্ত্যসংহিতাতেও বলিয়াছেন ॥

হে তপোধন! গন্ধপুষ্পাদিদ্বারা ভগবান্ হরি পূজিত হইলে, তাঁহার সেই নির্ম্মাল্যের আঘ্রাণই ঘ্রাণেন্দ্রিয়ের বিশুদ্ধির কারণ হইয়া থাকে ॥

শ্রীমূর্ত্তির স্পর্শন, যথা বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

স্পর্শ করিবার অধিকার সত্ত্বেও যিনি শ্রদ্ধান্বিত ও পবিত্র হইয়া ভগবদ্বিগ্রহ স্পর্শ করেন, তিনি পাপবন্ধন হইতে বিনি-

পাপবন্ধৈর্বিনির্মুক্তঃ সর্ব্বান্ কামানবাপ্নুয়াৎ ॥ ৭০ ॥

অথ শ্রীমূর্ত্তের্দর্শনং যথা বারাহে ॥

বৃন্দাবনে তু গোবিন্দং যে পশ্যন্তি বসুন্ধরে।
ন তে যমপুরং যান্তি, যান্তি পুণ্যকৃতাং গতিং ॥ ৭১ ॥

অথ আরাত্রিকদর্শনং যথা স্কান্দে ॥

কোটয়ো ব্রহ্মহত্যানামগম্যাগমকোটয়ঃ ॥

অথ সর্ব্বান্ প্রতি দর্শনমাহাত্ম্যঞ্চ সর্ব্বাসামর্চ্চানাং বদন ভক্ত্যাবেশবিশেষা- দুপর্য্যুপরি স্ফূর্ত্ত্যা শ্রীমদর্চ্চাবিশেষায়মানস্য সাক্ষাদ্ভগবতঃ শ্রীগোবিন্দদেবস্য দর্শনে মাহাত্ম্যবিশেষমাহ বৃন্দাবন ইতি যান্তি পুণ্যকৃতাং গতিমিতি। স বৈ পুং- সাং পরো ধর্ম্মো যতো ভক্তিরধোক্ষজে ইতি ন্যায়েন সুবিচারবতাং সর্ব্বসৎকর্ম্ম- ণামেকান্তগতিং ভক্ত্যাখ্যপরমপুরুষার্থসিদ্ধিমাপ্নুবন্তীত্যর্থঃ ॥ ৭১ ॥

পুনঃ শ্রীমদর্চ্চামাত্রারাত্রিকদর্শনফলমাহ কোটয়ঃ কোটী রিতি। মুখং কর্ত্তৃ। ৭২ ॥

মুক্ত হইয়া সর্ব্বপ্রকার মনোরথ সিদ্ধি করিয়া থাকেন ॥ ৭০ ॥

শ্রীমূর্ত্তির দর্শন, যথা বরাহপুরাণে ॥

হে বসুন্ধরে! যাঁহারা বৃন্দাবনে গোবিন্দদেবকে সন্দর্শন করেন, তাঁহারা আর যমপুরীতে গমন করেন না, কিন্তু পুণ্যাত্মাদিগের গতিই প্রাপ্ত হয়েন ॥ ৭১ ॥

আরাত্রিক দর্শন, যথা স্কন্দপুরাণে ॥

বিষ্ণুর আরাত্রিক-সমন্বিত বদনকমল অবলোকনমাত্রেই কোটি কোটি ব্রহ্মহত্যা ও কোটি কোটি অগম্যাগমন জন্য

দহত্যালোকমাত্রেণ বিষ্ণোঃ সারাত্রিকং মুখং ॥ ৭২ ॥

উৎসবদর্শনং যথা ভবিষ্যোত্তরে ॥

রথস্থং যে নিরীক্ষন্তে কৌতুকেনাপি কেশবং।
দেবতানাং গণাঃ সর্ব্বে ভবন্তি শ্বপচাদয়ঃ ॥ ৭৩ ॥

আদিশব্দেন পূজাদর্শনং যথা চাগ্নেয়ে ॥

পূজিতং পূজ্যমানং বা যঃ পশ্যেদ্ভক্তিতো হরিং।
শ্রদ্ধয়া মোদমানস্তু সোঽপি যোগফলং লভেৎ ॥

অথ শ্রবণং ॥

শ্রবণং নাম চরিতগুণাদীনাং শ্রুতির্ভবেৎ ॥

রথস্থমিত্যুৎসবান্তরোপলক্ষণং সর্ব্বে শ্বপচাদয়োঽপি দেবানাং পার্ষদানাং ॥ ৭৩ ॥
যোগোঽত্র পঞ্চরাত্রাদ্যুক্তঃ ক্রিয়াযোগঃ ॥ ৭৪ ॥

পাপ বিনষ্ট হয় ॥ ৭২ ॥

উৎসবদর্শন, যথা ভবিষ্যোত্তরে ॥

যাঁহারা কৌতুক নিমিত্তই রথস্থ কেশবকে অবলোকন করেন, তাঁহারা চণ্ডালজাতি হইলেও বিষ্ণুপার্ষদগণের মধ্যে পরিগণিত হয়েন ॥ ৭৩ ॥

আদিশব্দে পূজাদর্শন, যথা অগ্নিপুরাণে ॥

যিনি ভক্তি ও শ্রদ্ধাসহকারে সানন্দচিত্তে পূজিত অথবা পূজ্যমান হরিমূর্ত্তি সন্দর্শন করেন, তিনি যোগের অর্থাৎ পঞ্চরাত্রাদি শাস্ত্রোক্ত ক্রিয়াযোগের ফল প্রাপ্ত হয়েন ॥

অথ শ্রবণ ॥

ভগবানের নাম, চরিত্র ও গুণাদির শ্রবণকে শ্রবণ বলে ॥

তত্র নামশ্রবণং যথা গারুড়ে ॥

সংসারসর্পসংদষ্ট-নষ্টচেষ্টৈকভেষজং।
কৃষ্ণেতি বৈষ্ণবং মন্ত্রং শ্রুত্বা মুক্তো ভবেন্নরঃ ॥ ৭৪ ॥

চরিতশ্রবণং যথা চতুর্থে ॥

তস্মিন্মহন্মুখরিতা মধুভিচ্চরিত্র-
পীযূষশেষসরিতঃ পরিতঃ স্রবন্তি।
তা যে পিবন্ত্যবিতৃষো নৃপ গাঢ়কর্ণৈ-
স্তান্ স্পৃশন্ত্যশনতৃড়্‌ভয়শোকমোহাঃ ॥

তস্মিন্নিতি। মহতাং সদসি মহদ্ভির্মুখরিতাঃ শব্দায়মানীকৃতাঃ তান্ প্রাপ্য স্বয়মেব স্বব্যঞ্জকশব্দং কুর্ব্বত্য ইব জাতা ইত্যর্থঃ। শেষঃ সারঃ ॥

তন্মধ্যে নামশ্রবণ, যথা গরুড়পুরাণে ॥

সংসাররূপ সর্পদংশনে জ্ঞানশূন্য ব্যক্তির একমাত্র মহৌষধ "কৃষ্ণ" বলিয়া এই বৈষ্ণবমন্ত্র, ইহা শ্রবণ করিলে মানব বিমুক্ত হয় ॥ ৭৪ ॥

চরিতশ্রবণ যথা চতুর্থে ২৯ অ। ৩৭ শ্লোকে ॥

যেস্থানে মহাপুরুষদিগের বদনচন্দ্র হইতে বিগলিত শ্রীকৃষ্ণের চরিতরূপ অমৃতনদী, সর্ব্বতোভাবে প্রবাহিত হয়, হে রাজন্! সেইস্থানে অবস্থিতিপূর্ব্বক যে সকল ব্যক্তি বাসনাশূন্য চিত্তে কর্ণাঞ্জলিদ্বারা তাহা পান করেন, ক্ষুধা, তৃষ্ণা, ভয়, শোক ও মোহপ্রভৃতি তাহাদিগকে কখনই স্পর্শ করিতে পারে না ॥

গুণশ্রবণং যথা দ্বাদশে ॥

প্রস্তূয়তেঽভীক্ষ্ণমমঙ্গলঘ্নঃ।
তমেব নিত্যং শৃণুয়াদভীক্ষ্ণং
কৃষ্ণেঽমলাং ভক্তিমভীপ্সমানঃ ॥ ৭৫ ॥

অথ তৎকৃপেক্ষণং যথা শ্রীদশমে ॥

তত্তেঽনুকম্পাং সুসমীক্ষমাণো
ভুঞ্জান এবাত্মকৃতং বিপাকং।

উত্তমশ্লোকানাং ভগবদবতারাণাং ভাগবতানাঞ্চ গুণানুবাদো মহদ্ভিঃ সঙ্গীয়তে। তমেব নিত্যং প্রত্যহং তত্রাপ্যভীক্ষ্ণং শৃণুয়াৎ। তত্র স্তুতিশব্দেনাগ্রহং কুর্য্যাদিত্যর্থঃ। শ্রবণস্য তস্য পরমফলমাহ কৃষ্ণ ইতি। কৃষ্ণস্তু ভগবান্ স্বয়মিত্যাদিপ্রসিদ্ধেঃ শ্রীগোপাল ইত্যর্থঃ ॥ ৭৫ ॥

তত্তেঽনুকম্পামিত্যত্রানুকম্পেক্ষণং নমস্কারশ্চেতি পৃথগেব সাধনদ্বয়ং বৈশিষ্ট্যায় ত্বেকত্র পঠিতং। তত উভয়মপি সমানফলমেব জ্ঞেয়মিতি ভাবঃ। নবম-

গুণশ্রবণ যথা দ্বাদশস্কন্ধে ৩ অ। ১২ শ্লোকে ॥

অমঙ্গলনাশক শ্রীকৃষ্ণের যে সকল গুণানুবাদ তাহাই বারম্বার শ্রবণ করিবেন ॥ ৭৫ ॥

তাঁহার কৃপার প্রতি ঈক্ষণ,

যথা দশমস্কন্ধে ১৪ অ। ৮ শ্লোকে ॥

হে ভগবন্! তোমার অনুকম্পা নিরীক্ষণ করিয়া অর্থাৎ কবে আপনার দয়া হইবে এই প্রতীক্ষায় বহু মন্যমান হইয়া

হৃদ্বাগ্বপুর্ভির্বিদধন্ নমস্তে
জীবেত যো মুক্তিপদে স দায়ভাক্ ॥

অথ স্মৃতিঃ ॥

যথা কথঞ্চিন্মনসা সম্বন্ধঃ স্মৃতিরুচ্যতে।

যথা বিষ্ণুপুরাণে ॥

স্মৃতে সকলকল্যাণভাজনং যত্র জায়তে।
পুরুষস্তমজং নিত্যং ব্রজামি শরণং হরিং ॥ ৭৬ ॥

পদার্থসা মুক্তেরপ্যাশ্রয়ে দশমপদার্থে স্বয়ি স দায়ভাগ্ ভবতি। ত্বং তস্য দায়ত্বেন বর্ত্তসে ইত্যর্থঃ ॥ ৭৮ ॥

অনাসক্ত চিত্তে আপনার অর্জ্জিত কর্ম্মফল ভোগ ও কায়মনোবাক্যে আপনার প্রতি নমস্কার বিধান করত যে ব্যক্তি জীবিত থাকেন, তিনিই মুক্তিবিষয়ে দায়ভাগী হয়েন। ফলতঃ ভক্তব্যক্তির জীবন ব্যতিরেকে অন্য কিছুই দায় প্রাপ্তির ন্যায় মুক্তিবিষয়ে উপযোগী নহে ॥

অথ স্মৃতি ॥

যে কোন প্রকারে মনের সহিত সম্বন্ধ হওয়াকে স্মৃতি কহে ॥

যথা বিষ্ণুপুরাণে ॥

যাঁহার স্মরণে জীবগণ সমস্ত কল্যাণের ভাজন হয়, সেই জন্মরহিত নিত্য বিগ্রহ পুরুষ শ্রীহরির স্মরণাগত হই ॥

যথা বা পাদ্মে ॥

প্রয়াণে চাপ্রয়াণে চ যন্নাম স্মরতাং নৃণাং।

সদ্যো নশ্যতি পাপৌঘো নমস্তস্মৈ চিদাত্মনে ॥

ধ্যানং যথা ॥

ধ্যানং রূপগুণক্রীড়াসেবাদেঃ সুষ্ঠু চিন্তনং ॥ ৭৭ ॥

তত্র রূপধ্যানং যথা নারসিংহে ॥

ভগবচ্চরণদ্বন্দ্বধ্যানং নির্দ্বন্দ্বমীরিতং।

প্রয়াণে মরণদশায়াং অপ্রয়াণে জীবনদশায়াং। প্রয়াণকালে মনসা চলেনেতি শ্রীগীতাতঃ ॥ ৭৭ ॥

নির্দ্বন্দ্বং শীতোষ্ণাদিময়দুঃখপরম্পরাতীতং ঈরিতং শাস্ত্রে বিহিতং তচ্চ পাপিনোঽপি প্রসঙ্গেনাপি পরমুৎকৃষ্টং সুহিতং বিহিতং তত্রৈবেত্যর্থঃ ॥ ৭৮ ॥

যথা বা পদ্মপুরাণে ॥

মৃত্যুকালে অথবা জীবদ্দশায় যাঁহার নাম স্মরণ করিলে পাপরাশি সদ্যই বিনষ্ট হইয়া যায়, সেই সচ্চিদানন্দবিগ্রহ শ্রীকৃষ্ণকে প্রণাম করি ॥

অথ ধ্যান ॥

রূপ, গুণ, ক্রীড়া ও সেবাদির যে সুষ্ঠু চিন্তন তাহার নাম ধ্যান ॥ ৭৭ ॥

রূপধ্যান, যথা নারসিংহে ॥

'ভগবানের চরণদ্বন্দ্ব ধ্যানই শীতোষ্ণাদিময় সুখদুঃখপরম্পরা-রহিত বলিয়া কথিত হইয়াছে, যাঁহার প্রসঙ্গ মাত্রে

পাপিনোঽপি প্রসঙ্গেন বিহিতং সুহিতং পরং ॥

গুণধ্যানং যথা বিষ্ণুধর্ম্মে ॥

যে কুর্ব্বন্তি সদা ভক্ত্যা গুণানুস্মরণং হরেঃ।
প্রক্ষীণকলুষৌঘাস্তে প্রবিশন্তি হরেঃ পদং ॥

ক্রীড়াধ্যানং যথা পাদ্মে ॥

সর্ব্বমাধুর্য্যসারাণি সর্ব্বাদ্ভুতময়ানি চ।
ধ্যায়ন্ হরেশ্চরিত্রাণি ললিতানি বিমুচ্যতে ॥ ৭৮ ॥

সেবাধ্যানং যথা পুরাণান্তরে ॥

মানসেনোপচারেণ পরিচর্য্য হরিং মুদা।

মানসেনেত্যত্র ব্রহ্মবৈবর্ত্তকথা চ যথা। প্রতিষ্ঠানপুরে কশ্চিদ্বিপ্র আসীৎ স চ দরিদ্রোঽপি কর্ম্মাধীনং আত্মানং মন্যমানঃ শান্ত এবাসীৎ। স তু সরলবুদ্ধিঃ

পাপাত্মাদিগেরও সুন্দর হিত হইয়া থাকে ॥

গুণধ্যান যথা বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

যাঁহারা নিরন্তর ভক্তিযোগ সহকারে ভগবান্ হরির গুণসকলের অনুস্মরণে প্রবৃত্ত হয়েন, তাঁহারা পাপরাশিকে ক্ষয় করিয়া ভগবদ্ধামে প্রবেশ করেন ॥

ক্রীড়াধ্যান, যথা পদ্মপুরাণে ॥

সমস্ত মাধুর্য্যের সার এবং সর্ব্বাশ্চর্য্যময় ও মনোহর হরির চরিত্র যাঁহারা ধ্যান করেন, তাঁহারা সংসার হইতে বিনির্ম্মুক্ত হয়েন ॥ ৭৮ ॥

সেবাধ্যান যথা পুরাণান্তরে ॥

মনঃকল্পিত উপচার দ্বারা আনন্দচিত্তে হরির পরিচর্য্যা

পরে বাঙ্মনসাহগম্যং তৎ সাক্ষাৎ প্রতিপেদিরে ॥ ৭৯ ॥

কদাচিৎবিপ্রেন্দ্রাণাং সদসি বৈষ্ণবান্ ধর্ম্মান্শুশ্রাব। তে চ ধর্ম্মা মনসাপি সিধ্যন্তীতি শ্রুত্বা দরিদ্রঃ স্বয়ং তথৈবাচরিতুমারব্ধবান্। ততশ্চ গোদাবরীস্নানপূর্ব্বকং নিত্যকর্ম্ম সমাপ্য শান্তমতির্ভূত্বা বিবিক্তাসনঃ প্রাণায়ামাদিকর্ম্মপূর্ব্বকং স্থিরীভূয় মনসৈবাভিমতাং শ্রীহরিমূর্ত্তিং স্থাপয়িত্বা স্বয়ং দুকূলাদিকং পরিধায় তাং প্রণম্য দৃঢ়ং পরিকরং বদ্ধ্বা তৎসদনং সম্মার্জ্জ্য তাং প্রণম্য রাজতসৌবর্ণঘটৈঃ সর্ব্বেষাং গঙ্গাদিতীর্থানাং জলমাহৃত্য তথা নানা পরিচর্য্যাদ্রব্যাণি উপানীয় তদীয়ং স্নপনাদিকমারাত্রিকান্তং মহারাজোপচারং সমাপ্য চ দিনং সুখাতিশয়মাপ্নুবন্নাসীৎ। তদেবং বহুষু কালেষু গতেষু কদাচিৎ মনসৈব সঘৃতং পরমান্নং নির্ম্মায়, সৌবর্ণপাত্রেণ তদ্ভোজনার্থমুত্থাপ্য স্থিতস্তপ্ততয়া স্ফুরিতে তস্মিন্ প্রবিষ্টমঙ্গুষ্ঠযুগং দগ্ধং প্রতিযন্ হন্ত তদিদং দুষ্টং জাতমিতি দুঃখেন তক্তিত্বা সমাধিভঙ্গে ঽপি জাতে দগ্ধাঙ্গুষ্ঠতয়া বহিরপি পীড়িতো বভূব। তদবধার্য বৈকুণ্ঠে সমুপবিষ্টেন বৈকুণ্ঠনাথেন হসতা শ্রীপ্রভৃতিভিস্তৎ কারণং পৃষ্টেন চ সতা স্বনিকটং বিমানেন আনয়ামাসে। তথাবিধতয়া স্বনিকটে দর্শয়ামাসে স্বনিকটে যোগ্যতয়া স্থাপয়ামাসে চেতি ॥ ৭৯ ॥

করিয়া কোন কোন ব্যক্তি বাক্য মনের অগম্য সেই হরির সাক্ষাৎকার লাভ করিয়াছেন ॥

মানস পরিচর্য্যাসম্বন্ধে ব্রহ্মবৈবর্ত্ত পুরাণের কথা, যথা—

প্রতিষ্ঠান-পুরে কোন এক ব্রাহ্মণ বাস করিতেন, কিন্তু তিনি দরিদ্র হইয়াও আপনাকে কর্ম্মাধীন মানিয়া শান্তচিত্তে কাল যাপন করিতেন, ব্রাহ্মণ অতি সরল-চিত্ত, কোন সময় বিজ্ঞতম বিপ্রদিগেরর সভায় বৈষ্ণবধর্ম্ম সকল শ্রবণ করিতে

করিতে ঐ ধর্ম্ম সকল মনের দ্বারাও সিদ্ধ হয়, এই কথা শ্রবণ করিয়া স্বীয় দরিদ্রতা নিবন্ধন স্বয়ং মনে মনে ঐ ধর্ম্মের আচরণ করিতে আরম্ভ করিলেন। কোন এক দিবস গোদাবরী-নদীতে স্নানপূর্ব্বক নিত্য কর্ম্ম সমাপন করিলেন, পরে নিশ্চল বুদ্ধিতে নির্জ্জন প্রদেশে উপবেশনপূর্ব্বক প্রাণায়ামাদিদ্বারা মনকে স্থির করিয়া তন্মধ্যে ভগবান্ হরির মূর্ত্তি স্থাপন করিয়া পট্টবস্ত্র পরিধান করাইলেন, পরে প্রণামপূর্ব্বক দৃঢ়রূপে কটি বন্ধন করত শ্রীমন্দির মার্জ্জনা করিতে লাগিলেন। অনন্তর ঐ মূর্ত্তিকে প্রণিপাতপুরঃসর স্বর্ণ রৌপ্য নির্ম্মিত কলস-দ্বারা গঙ্গাদি পুণ্যতীর্থ সকল হইতে জল আনয়ন করিলেন, তদনন্তর বিবিধ পূজোপকরণ দ্রব্য আহরণপূর্ব্বক মহারাজো-পচারে তাঁহার স্নানাদি আরাত্রিকপর্য্যন্ত সমস্ত কর্ম্ম সমাপন করিয়া দিন দিন অতিশয় সুখানুভব করিতে লাগিলেন। এই-রূপে বহু কাল অতিবাহিত হইলে কোন এক দিবস মনে মনে সঘৃত পরমান্ন পাক করিয়া স্বর্ণপাত্রে সংস্থাপন করত ভগ-বানের ভোজনের জন্য দণ্ডায়মান হইলেন, পরমান্নের উত্ত-প্ততা নিবন্ধন তন্মধ্যে প্রবিষ্ট অঙ্গুষ্ঠদ্বয় দগ্ধ জ্ঞান করিয়া হায়! পরমান্ন দূষিত হইল, দুঃখিতচিত্তে এই কথা বলিতে বলিতে তাঁহার সমাধি ভঙ্গ হইল এবং অনুতাপ করিতে করিতে দৈবাৎ অঙ্গুষ্ঠের প্রতি দৃষ্টিপাত হওয়াতে দেখেন সত্যই অঙ্গুষ্ঠদ্বয় দগ্ধ হইয়াছে, ব্রাহ্মণের এই ব্যাপার অবগত হইয়া বৈকুণ্ঠাধিষ্ঠিত বৈকুণ্ঠনাথ ঈষৎ হাস্য করিলেন,কু

অথ দাস্যং ॥

দাস্যং কর্ম্মার্পণং তস্য কৈঙ্কর্য্যমপি সর্ব্বথা ॥ ৮০ ॥

উক্ত পদ্যের তাৎপর্য্য, উত্তরোত্তর অভিলাষ বৃদ্ধি পাওয়াতে রতির অশান্ততা প্রযুক্ত উষ্ণত্ব, উল্লাস প্রদ বলিয়া রতির আনন্দত্ব, উষ্মা উদ্গীরণ করে অর্থাৎ নানাবিধ সঞ্চারি ভাব প্রকাশ করে ॥ ৩১ ॥

॥ * ॥ ইতি পূর্ব্ববিভাগে ভাবভক্তিলহরী ॥ * ॥

অথ প্রেমভক্তিঃ ॥

সম্যঙ্মসৃণিতস্বান্তো মমত্বাতিশয়াঙ্কিতঃ।
ভাবঃ স এব সান্দ্রাত্মা বুধৈঃ প্রেমা নিগদ্যতে ॥ ১ ॥

যথা পঞ্চরাত্রে ॥

অনন্যমমতা বিষ্ণৌ মমতা প্রেমসঙ্গতা।
ভক্তিরিত্যুচ্যতে ভীষ্মপ্রহ্লাদোদ্ধবনারদৈঃ ॥ ইতি ॥

অথ ভাবমপুক্ত্বা প্রেমাণমাহ সম্যগিতি। অত্র সান্দ্রাত্মত্বং স্বরূপলক্ষণং অন্যদ্বয়ং তটস্থলক্ষণং ॥ ১ ॥

অত্র স্বমতমুদারদাহরণমেবম্ভূত ইত্যাদি বক্ষ্যমাণপ্রকারমেব জ্ঞেয়ং। মতান্তরমপি যোজনারেণ সঙ্গময়িতুমাহ যথেতি। ভক্তিরত্র ভাবঃ ॥ ২ ॥

অথ প্রেমভক্তি ॥

যাহা হইতে চিত্ত সর্ব্বতোভাবে নির্ম্মল হয় এবং যাহা অতিশয় মমতাসম্পন্ন এরূপ যে ভাব তাহা গাঢ়তা প্রাপ্ত হইলেই পণ্ডিতেরা তাহাকে প্রেম বলিয়া কীর্ত্তন করেন ॥

তাৎপর্য্য। সাধন ভক্তি যাজন করিতে করিতে রতি হয়, সেই রতি গাঢ় হইলে তাহাকে প্রেম বলে। চৈতন্যচরিতামৃত গ্রন্থে লিখিয়াছেন যথা, সাধনভক্তি হইতে রতির উদয় হয়। রতি গাঢ় হইলে তারে প্রেম নাম কয় ॥ ১ ॥

যথা পঞ্চরাত্রে ॥

অন্যের প্রতি মমতা পরিহার পূর্ব্বক ভগবানে যে মমতা তাহার নাম প্রেম, এই প্রেমকেই ভীষ্ম, প্রহ্লাদ, উদ্ধব এবং নারদেরা ভক্তি বলিয়া কীর্ত্তন করিয়াছেন ॥

ভক্তিঃ প্রেমোচ্যতে ভীষ্মমুখৈর্যত্র তু সঙ্গতা।
মমতান্যমমত্বেন বর্জ্জিতেত্যত্র যোজনা॥
ভাবোত্থোঽতিপ্রসাদোত্থঃ শ্রীহরেরিতি স দ্বিধা।

তত্র ভাবোত্থঃ।

ভাব এবান্তরঙ্গাণামঙ্গানামনুসেবয়া।
আরূঢ়ঃ পরমোৎকর্ষং ভাবোত্থঃ পরিকীর্ত্তিতঃ॥ ২॥

তত্র বৈধভাবোত্থো যথা একাদশে॥ ৩॥

এবম্ব্রতঃ স্বপ্রিয়নামকীর্ত্ত্যা
জাতানুরাগো দ্রুতচিত্ত উচ্চৈঃ।

বৈধ্যা নিবৃত্তো বৈধঃ স চাসৌ ভাবশ্চেতি তত্পুৰুষঃ॥ ৩॥
অত্রৈবম্ব্ৰত ইতি বৈধীসম্বন্ধাত্তন্নিবৃত্তত্বং। প্রিয়েতি ভাবোত্থত্বং। সেতি

অন্য মমত্ব বর্জ্জিত যে মমতা তাহাকে ভীষ্ম প্রভৃতি ভাগবতগণ প্রেমভক্তি বলিয়া উল্লেখ করিয়াছেন, সেই প্রেম ভাবোত্থ ও ভগবানের অতিপ্রসাদোত্থ ভেদে দুই প্রকার হয়॥

তন্মধ্যে ভাবোত্থ প্রেম যথা॥

অন্তরঙ্গ ভক্ত্যঙ্গ সকলের নিরন্তর সেবনদ্বারা ভাব পরমোৎকর্ষ প্রাপ্ত হইলেই ভাবোত্থ প্রেম বলিয়া কথিত হয়॥ ২॥

বৈধভক্তিসঞ্জাত ভাবজন্য প্রেম যথা।

একাদশস্কন্ধে ২ অ। ৩৮ শ্লোকে॥ ৩॥

পূর্ব্বোক্ত ভক্ত্যঙ্গ যাজনে অবশচিত্ত ব্যক্তি লোকাচারবহির্ভূত হইয়া স্বীয় প্রিয়ের নামকীর্ত্তনে জাতানুরাগ ও শ্লথহৃদয় হওত উন্মত্তের ন্যায় উচ্চৈঃস্বরে কখন হাস্য, কখন

হসত্যথো রোদিতি রৌতি গায়-
ত্যুন্মাদবন্নৃত্যতি লোকবাহ্যঃ ॥ ৪ ॥

রাগানুগীয়ভাবোত্থো যথা পাদ্মে।

ন পতিং কাময়েৎ কঞ্চিদ্ ব্রহ্মচর্য্যস্থিতা সদা ॥
শ্রীকৃষ্ণগাথাং গায়ন্তী রোমাঞ্চোৎস্বেদলক্ষণা।
অস্মিন্মন্বন্তরে স্নিগ্ধাং শ্রীকৃষ্ণপ্রিয়বার্ত্তয়া ॥ ৫ ॥

অথ হরেরতিপ্রসাদোত্থঃ।

হরেরতিপ্রসাদোহয়ং সঙ্গদানাদিরাত্মনঃ ॥ ৬ ॥

মমতাযুক্তঃ। জাতানুরাগ ইতি তদতিশয়িত্বক জ্ঞেয়ং ॥ ৪ ॥

তামেব মূর্ত্তিং ধ্যায়ন্তীতি তস্যাং মূর্ত্তৌ পূর্ব্বভাবো জাত আসীদিতি সূচিতং কঞ্চিদন্যং পতিং ন কাময়েৎ ন কাময়তেতি গাঢ়মমতয়া প্রেম দর্শিতং স্নিগ্ধা বভূবেতি শেষঃ ॥ ৫ ॥

সঙ্গদানমাদি র্যস্য সঃ ॥ ৬ ॥

রোদন, কখন আলাপ, কখন গান, কখনও বা বাহ্যলোকের ন্যায় নৃত্য করিতে থাকেন ॥ ৪ ॥

রাগানুগীয় ভাবোত্থ যথা পদ্মপুরাণে ॥

সেই মন্বন্তরে শ্রীকৃষ্ণের প্রিয়বার্ত্তায় স্নিগ্ধ হইয়া ব্রহ্মচর্য্য-ব্রত পরায়ণা সুমুখী চন্দ্রকান্তি পুলকাঞ্চিত কলেবরে শ্রীকৃষ্ণ-গাথা গান করিতে করিতে সেই শ্রীকৃষ্ণমূর্ত্তিকে ধ্যান করত অন্য কাহাকেও পতি বলিয়া কামনা করেন নাই ॥ ৫ ॥

অথ হরির অতিপ্রসাদোত্থ প্রেম ॥

ভগবান্ হরির স্বীয় সঙ্গদানাদিকেই অতিপ্রসাদোত্থ প্রেম কহে ॥ ৬ ॥

যথৈকাদশে ॥

তে নাধীতশ্রুতিগণা নোপাসিতমহত্তমাঃ।
অব্রতা তপ্ততপসো মৎসঙ্গান্মামুপাগতাঃ॥ ইতি॥
মাহাত্ম্যজ্ঞানযুক্তশ্চ কেবলশ্চেতি স দ্বিধা॥ ৭॥

তত্রাদ্যো যথা পঞ্চরাত্রে।

মাহাত্ম্যজ্ঞানযুক্তস্তু সুদৃঢ়ঃ সর্ব্বতোঽধিকঃ।

ত ইতি। পূর্ব্বোক্তেষু তে কেচিদ্বলিপ্রভৃতয়ঃ। তে চ মৎপ্রাপ্ত্যর্থং ন অধীতাঃ শ্রুতিগণা যৈঃ। তথা অধ্যয়নার্থং নোপাসিতা মহত্তমাঃ তৎপারগা যৈঃ। মৎসঙ্গাদিতি। তেষাং সতাং মধ্যে প্রধানস্য মম সঙ্গাৎ প্রেমাণং প্রাপ্য মামুপাগতা ইত্যর্থঃ। কিন্তু শ্রীভগবতঃ স্বতন্ত্রত্বেঽপি সতাং মধ্যে স্বয়ং গণনং বিনয়স্বভাবাদেব কৃতমিতি শ্রীভগবৎপ্রসাদোত্থ এবায়ং জ্ঞেয়ঃ॥ ৭॥

পুনশ্চ তস্যৈব প্রেম্নো ভেদদ্বয়মাহ মাহাত্ম্যেতি। কেবলো মাধুর্য্যমাত্র-

যথা একাদশে ১২ অ। ৬ শ্লোকে॥

শ্রীকৃষ্ণ কহিলেন হে উদ্ধব! গোপীগণ আমাকে পাইবার নিমিত্ত বেদাধ্যয়ন করেন নাই, মহত্তমদিগের সঙ্গ অর্থাৎ তীর্থ সেবন করেন নাই, ব্রতাচরণ করেন নাই এবং তপস্যাও করেন নাই, কেবল আমার সংসর্গদ্বারাই আমাকে প্রাপ্ত হইয়াছেন॥

অতিপ্রসাদোত্থ প্রেম দুই প্রকার, যথা, মাহাত্ম্যজ্ঞানযুক্ত এবং কেবল অর্থাৎ মার্ধ্যাধুমাত্র জ্ঞান যুক্ত॥ ৭॥

মাহাত্ম্যজ্ঞানযুক্ত প্রেম যথা পঞ্চরাত্রে॥

মাহাত্ম্যজ্ঞান যুক্ত, সুদৃঢ় এবং সকল বিষয় হইতে অধিক

স্নেহো ভক্তিরিতি প্রোক্তস্তয়া সার্ষ্ট্যাদি নান্যথা ॥ ৮ ॥

কেবলো যথা তত্রৈব।

মনোগতিরবিচ্ছিন্না হরৌ প্রেমপরিপ্লুতা।

অভিসন্ধিবিনির্ম্মুক্তা ভক্তির্ব্বিষ্ণুবশঙ্করী ॥ ইতি ॥ ৯ ॥

মহিমজ্ঞানযুক্তঃ স্যাদ্বিধিমার্গানুসারিণাং।

রাগানুগাশ্রিতানান্তু প্রায়শঃ কেবলো ভবেৎ ॥ ১০ ॥

জ্ঞানযুক্ত ইত্যর্থঃ ॥ ৮ ॥

অত্র পাঞ্চরাত্রিকপদ্যদ্বয়মাহ। মাহাত্ম্যজ্ঞানসম্ভাবাংশ এব নতু লক্ষণাংশে ॥ ৯ ॥

প্রায়শ ইতি বৈধ্যাংশযুক্তত্বেঽপি ন কেবলঃ স্যাদিত্যর্থঃ ॥ ১০ ॥

যে স্নেহ তাহাকেই ভক্তি বলা যায়, এতাদৃশী ভক্তি ব্যতীত সার্ষ্ট্যাদি মুক্তি কখনই লব্ধ হয় না ॥ ৮ ॥

কেবল যথা পঞ্চরাত্রে ॥

অভিসন্ধি শূন্য এবং প্রেমপরিপ্লুত যে শ্রীকৃষ্ণে নিরবচ্ছিন্ন মনের গতি তাহাকে ভক্তি বলা যায়, এতাদৃশী ভক্তিই বিষ্ণুর বশকারিণী ॥ ৯ ॥

বিধি মার্গানুবর্ত্তি ভক্তগণের যে অতিপ্রসাদোত্থ প্রেম তাহা মহিমজ্ঞানযুক্ত, আর রাগানুগাশ্রিত ভক্তগণের প্রেম প্রায়শই কেবল অর্থাৎ মাধুর্য্যজ্ঞান যুক্ত হইয়া থাকে ॥

উক্ত উদাহরণে "প্রায়শই" বলার তাৎপর্য্য এই যে, বৈধী ভক্তির কোন অংশ যুক্ত হইলে কেবল প্রেম হয় না ॥ ১০ ॥

আদৌ শ্রদ্ধা ততঃ সাধুসঙ্গোঽথ ভজনক্রিয়া।
ততোঽনর্থনিবৃত্তিঃ স্যাত্ততো নিষ্ঠা রুচিস্ততঃ ॥
অথাসক্তিস্ততো ভাবস্ততঃ প্রেমাভ্যুদঞ্চতি।
সাধকানাময়ং প্রেম্ণঃ প্রাদুর্ভাবে ভবেৎ ক্রমঃ ॥ ১১ ॥
ধন্যস্যায়ং নবঃ প্রেমা যস্যোন্মীলতি চেতসি।
অন্তর্ব্বাণিভিরপ্যস্য মুদ্রা সুষ্ঠু সুদুর্গমা ॥ ১২ ॥

অতএব শ্রীনারায়ণপঞ্চরাত্রে যথা ॥

তত্র বহুষপি ক্রমেষু সৎসু প্রায়িকমেকং ক্রমমাহ আদাবিতি দ্বয়েন। আদৌ প্রথমসাধুসঙ্গে শাস্ত্রশ্রবণদ্বারা শ্রদ্ধা তদর্থবিশ্বাসঃ। ততঃ প্রথমানন্তরং দ্বিতীয়ঃ সাধুসঙ্গো ভজনরীতিশিক্ষানিবন্ধনঃ। নিষ্ঠা তত্রাবিক্ষেপেণ সাতত্যং। রুচিরভিলাষঃ কিন্তু বুদ্ধিপূর্ব্বিকেয়ং, আসক্তিস্ত স্বারসিকী ॥ ১১ ॥

অন্তর্ব্বাণিভিঃ শাস্ত্রবিদ্ভিঃ। মুদ্রা পরিপাটী ॥ ১২ ॥

প্রেমোদয়ের বহুতর ক্রম সত্ত্বেও প্রায়িক ক্রম কহিতেছেন যথা। প্রথমে শ্রদ্ধা, তৎপরে সাধুসঙ্গ, তাহার পর ভজনক্রিয়া, তদনন্তর অনর্থনিবৃত্তি, তৎপরে নিষ্ঠা, তাহার পর রুচি, তৎপরে আসক্তি, তদনন্তর ভাব, তাহার পর প্রেম উদিত হয়। সাধকগণের প্রেমাবির্ভাবের প্রতি ক্রম এইরূপ নিরূপিত হইয়াছে ॥ ১১ ॥

যে সকল ব্যক্তি ভাগ্যবান্ তাঁহাদেরই চিত্তে এই নবীন প্রেম উদিত হয়, কিন্তু শাস্ত্রজ্ঞেরা সহসা এই নবীন প্রেমের পরিপাটী জানিতে পারেন না ॥ ১২ ॥

এজন্য নারয়ণ পঞ্চরাত্রে কহিয়াছেন—

ভাবোন্মত্তো হরেঃ কিঞ্চিন্ন বেদ সুখমাত্মনঃ।
দুঃখঞ্চেতি মহেশানি পরমানন্দ আপ্লুতঃ॥
প্রেম এব বিলাসত্বাদ্বৈরল্যাৎ সাধকেম্বপি।
অত্র স্নেহাদয়ো ভেদা বিবিচ্য নহি শংসিতাঃ॥
শ্রীমৎপ্রভুপদাম্ভোজৈঃ সর্ব্বা ভাগবতামৃতে।
ব্যক্তীকৃতাস্তি গূঢ়াপি ভক্তিসিদ্ধান্তমাধুরী।

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ পূর্ব্ববিভাগে প্রেমভক্তিলহরী চতুর্থী॥ * ॥ ৪ ॥ * ॥

সুদুর্গমত্বমেব দর্শয়তি অতএবেতি। অয়ং ভাবঃ। শাস্ত্রবিহিতৈর্হি বহিঃসুখপ্রাপ্তিদুঃখহানী এব পুরুষার্থত্বেন। তেচ তাদৃশভক্তানাং বহিরেব বৈতর্ক্যান্নেতে মান্তঃ। তেষামন্তস্ত সুখদুঃখে ভগবৎপ্রাপ্ত্যপ্রাপ্তিকৃতে এব। যথোক্তং। নাত্যন্তিকং বিগণয়ন্ত্যপি তে প্রসাদমিত্যাদি। কামং ভবঃ স্ববৃজিনৈর্নিরয়েষু নস্তাচ্চেতোঽলিবদ্‌ যদি নু তে পদয়ো রমেতেত্যাদি চ॥ ১৩॥

মহাদেব পার্ব্বতীকে কহিলেন হে মহেশ্বরি! যে ব্যক্তি ভগবান্ হরির ভাবে উন্মত্ত হইয়া পরমানন্দে নিমগ্ন হইয়াছেন, তিনি আত্মবিষয়ক সুখ বা দুঃখ কিছুই জানিতে পারেন না॥

স্নেহ প্রণয়াদি প্রেমের বিলাস বলিয়া অতি বিরল, এপ্রযুক্ত প্রায়ই উক্ত স্নেহাদি সাধকগণে লক্ষিত হয়না, একারণ এখানে আর পৃথক্ করিয়া নির্দ্দেশ করিলাম না॥

আমার প্রভু শ্রীল সনাতন গোস্বামিপাদ নিজ ভাগবতামৃত গ্রন্থে সমস্ত ভক্তিসিদ্ধান্তের মাধুরী অতিগূঢ় হইলেও স্পষ্ট রূপে বর্ণন করিয়াছেন॥

গোপালরূপশোভাং দধদপি রঘুনাথভাববিস্তারী।
তুষ্যতু সনাতনাত্মা প্রথমবিভাগে সুধাম্বুনিধেঃ॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ রসোপযোগী স্থায়িভাবোৎপাদনো নাম পূর্ব্ববিভাগঃ সমাপ্তঃ॥ * ॥

ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ লহরীচতুষ্টয়াত্মকে পূর্ব্ববিভাগে প্রেমভক্তিলহরী চতুর্থী॥ * ॥

গোপালেতি। শ্লিষ্টমিদং। তত্র কৃষ্ণপক্ষে, রঘুনাথভাবস্য রঘুনাথস্য বিস্তারী রঘুনাথাদীনামপ্যবতারীত্যর্থঃ। তত্তদুপাসকানামভীষ্টপূরণায়েতি ভাবঃ। অতো কৃপামাহাত্ম্যমিতি বিবক্ষিতং। পক্ষে। স্ববর্গস্য নামচতুষ্টয়মুদ্দিষ্টং। তত্র দ্বিতীয়ং শ্রীমদগ্রজচরণানাং নাম প্রথমতৃতীয়োঃ। চতুর্থে শ্রীমদগ্রজচরণানাং। ভাবঃ শ্রীকৃষ্ণপ্রেমা॥

ইতি দুর্গমসঙ্গমনীনাম্ন্যাং শ্রীভক্তিরসামৃতসিন্ধুটীকায়াং পূর্ব্ববিভাগঃ সমাপ্তঃ॥ * ॥

গোপালরূপ শোভা প্রকটন করিয়াও যিনি রঘুনাথের ভাব বিস্তার করিয়াছেন, সেই সনাতনাত্মা অর্থাৎ সচ্চিদানন্দ বিগ্রহ শ্রীকৃষ্ণ এই ভক্তিরসামৃতসিন্ধুর পূর্ব্ববিভাগে পরিতোষ লাভ করুন॥

অথবা গোপালভট্ট এবং শ্রীরূপ গোস্বামির শোভা সম্পাদন করত ভট্টরঘুনাথের ভাবকে যিনি বিস্তার করিয়াছেন এরূপ যে সনাতনগোস্বামী তিনি এই ভক্তিরসামৃতসিন্ধুর পূর্ব্ববিভাগে পরিতোষ প্রকাশ করুন॥ ১২॥

॥ * ॥ ইতি শ্রীরামনারায়ণবিদ্যারত্নকৃতব্যাখ্যায় ভক্তিরসামৃতসিন্ধুর পূর্ব্ববিভাগ সমাপ্ত॥ * ॥

দক্ষিণবিভাগঃ।

১ম লহরী।

প্রবলমনন্যাশ্রয়িণা, নিষেবিতঃ সহজরূপেণ।
অঘদমনো মথুরায়াং সনাতনতনুর্জয়তি॥
রসামৃতাব্ধের্ভাগেঽস্মিন্, দ্বিতীয়ে দক্ষিণাভিধে।
সামান্যে ভগবদ্ভক্তিরসস্তাবদুদীর্য্যতে॥

যিনি স্বাভাবিক অনন্যাশ্রয়ী রূপদ্বারা প্রবল রূপে নিষেবিত, যিনি অঘাসুরকে সংহার করিয়াছেন, সেই সনাতন (-নিত্য-)-মূর্ত্তি শ্রীকৃষ্ণ মথুরামণ্ডলে জয় যুক্ত হউন॥

অথবা যিনি একান্তাশ্রিত অনুজ রূপকর্ত্তৃক অতিশয় রূপে নিষেবিত এবং যিনি পাপনাশক, সেই সনাতননা গোস্বামী সর্ব্বদা মথুরামণ্ডলে জয়যুক্ত হউন॥

রসামৃতসিন্ধুর এই দ্বিতীয় দক্ষিণবিভাগে সামান্য ভগবদ্ভক্তিরস বর্ণিত হইবে॥

অস্য পঞ্চ লহর্য্যঃ স্যুর্বিভাগাখ্যাগ্রিমা মতা।
দ্বিতীয়া ত্বনুভাবাখ্যা তৃতীয়া সাত্ত্বিকাভিধা।
ব্যভিচার্য্যভিধা তুর্য্যা স্থায়িসংজ্ঞা চ পঞ্চমী।
অথাস্যাঃ কেশবরতের্লক্ষিতায়া নিগদ্যতে।
সামগ্রীপরিপোষেণ পরমা রসরূপতা ॥ ১ ॥
বিভাবৈরনুভাবৈশ্চ সাত্ত্বিকৈর্ব্যভিচারিভিঃ।
স্বাদ্যত্বং হৃদি ভক্তানামানীতা শ্রবণাদিভিঃ।
এষা কৃষ্ণরতিঃ স্থায়ী ভাবো ভক্তিরসো ভবেৎ ॥ ২ ॥

বিভাবৈরিতি। এষা শ্রীকৃষ্ণরতিরেব স্থায়ী ভাবঃ সৈব চ ভক্তিরসো ভবেৎ। কীদৃশী সতী তত্রাহ বিভাবৈরিতি। শ্রবণাদিভিঃ কর্ত্তৃভির্বিভাবাদিভিঃ করণৈর্ভক্তানাং হৃদি স্বাদ্যত্বমানীতা সম্যক্ প্রাপিতা চমৎকারবিশেষেণ পুষ্টেত্যর্থঃ। রতিশ্চাত্রোপলক্ষণমেব। তেন মহাভাবপর্য্যন্তঃ সর্ব্বোঽপি গ্রাহ্যঃ। তস্যা এবোৎকর্ষরূপত্বাৎ ॥ ২ ॥

অপর এই বিভাগে পাঁচটী লহরী আছে। যথা— প্রথম বিভাব, দ্বিতীয় অনুভাব, তৃতীয় সাত্ত্বিক ভাব, চতুর্থ ব্যভিচারিভাব পঞ্চম স্থায়িভাব ॥

অপিচ, লক্ষ স্বরূপা কেশবরতি, যাহা বিভাবাদিসামগ্রী দ্বারা পরিপুষ্ট হইয়া পরম রসরূপতা প্রাপ্ত হয়, তাহাই এই বিভাগে কথিত হইবে ॥ ১ ॥

এই স্থায়িভাব স্বরূপ কৃষ্ণরতি বিভাব, অনুভাব, সাত্ত্বিক ও ব্যভিচারি ভাব দ্বারা শ্রবণাদি কর্ত্তৃক ভক্ত জনের হৃদয়ে আস্বাদনীয়ত্ব রূপে আনীত হইলে, ভক্তিরস বলিয়া কীর্ত্তিত হয় ॥ ২ ॥

প্রাক্তন্যাধুনিকী চাস্তি যস্য সদ্ভক্তিবাসনা।
এষ ভক্তিরসাস্বাদস্তস্যৈব হৃদি জায়তে ॥ ৩ ॥
ভক্তিনির্ধূতদোষাণাং প্রসন্নোজ্জ্বলচেতসাং।
শ্রীভাগবতরক্তানাং রসিকাসঙ্গরঙ্গিণাং।
জীবনীভূতগোবিন্দপাদভক্তিসুখশ্রিয়াং।
প্রেমান্তরঙ্গভূতানি কৃত্যান্যেবানুতিষ্ঠতাং।

যদ্যপি রতেরস্তিত্বেনাধুনিকী বাসনাস্ত্যেব তথাপি রসতাপত্তৌ প্রাক্তনী চাবশ্যং মৃগ্যেত ইত্যাহ|প্রাক্তনীতি। প্রাগ্জন্মজাতা|আধুনিকী জন্মনাস্মিন্ জাতা চেতি মধ্যে তিরোধানাপেক্ষয়ৈব ভেদো বিবক্ষিতঃ। ইদমপি প্রায়িকং। তাৎ-পর্য্যন্তু রত্যতিশয় এব জ্ঞেয়ঃ ॥ ৩ ॥

পুনস্তস্যাঃ রসোৎপত্তৌ সাধনং সহায়ং প্রকারঞ্চাহ ভক্তীতি চতুর্ভিঃ। তত্র সাধনমনুতিষ্ঠতামিত্যন্তং সহায়ং সংস্কারযুগলং। প্রকারস্তু রতিরিত্যাদিকো জ্ঞেয়ঃ নির্ধূতদোষত্বাদেব প্রসন্নত্বং শুদ্ধসত্ত্বিশেষাবির্ভাবযোগাত্বং ততশ্চোজ্জ্বলত্বং

অপর এই ভক্তিরস-আস্বাদ সকলের সম্বন্ধে হইতে পারে না, কারণ, যাহার জন্মান্তরীয় অথবা ইহ জন্ম সম্বন্ধীয় ভগবদ্ভক্তি সদ্বাসনা বিদ্যমান আছে, তাহারই হৃদয়ে ভক্তিরসের আস্বাদ উৎপন্ন হয় ॥ ৩ ॥

আর, যাঁহাদের ভক্তিকর্তৃক দোষ সকল ধৌত হওয়াতে চিত্ত প্রসন্ন হইয়া উজ্জ্বল হইয়াছে, যাঁহারা শ্রীমদ্ভাগবতে অনুরক্ত, রসিক জন সঙ্গে যাঁহাদের উল্লাস এবং যাঁহারা গোবিন্দচরণারবিন্দের ভক্তিসুখ সম্পত্তিকেই জীবন স্বরূপ জানেন, প্রেমের অন্তরঙ্গ কৃত্য সকলকেই যাঁহারা অনুষ্ঠান করেন, সেই সকল ভক্ত জনের হৃদয়ে দুইটী সংস্কারদ্বারা

ভক্তানাং হৃদি রাজন্তী সংস্কারযুগলোজ্জ্বলা
রতিরানন্দরূপৈব নীয়মানা তু রস্যতাং।
কৃষ্ণাদিভির্বিভাবাদ্যৈর্গতৈরনুভবাধ্বনি।
প্রৌঢ়ানন্দচমৎকারকাষ্ঠামাপদ্যতে পরাং।
কিন্তু প্রেমা বিভাবাদ্যৈঃ স্বল্পৈর্নীতোঽপ্যণীয়সীং।
বিভাবনাদ্যবস্থাং তু সদ্য আস্বাদ্যতাং ব্রজেৎ॥

তত্র বিভাবাদিসামান্যলক্ষণং॥

যে কৃষ্ণভক্তমুরলীনাদাদ্যা হেতবো রতেঃ।

তদাবির্ভাবাং সর্ব্বজ্ঞানসম্পন্নত্বং। অনুভবাধ্বনি গতৈরিতি নতু লৌকিকরসবদত্র সৎকবিনিবন্ধতাপেক্ষেতি ভাবঃ। তত্র সতি কিন্ত্বিতি প্রেম্ণো বৈশিষ্ট্যং বিভাবনাদ্যবস্থাং তত্তদাস্বাদবিশেষযোগ্যতাবস্থাং। এবং প্রণয়স্নেহাদীনামপি জ্ঞেয়ং। রতেরেবোৎকর্ষরূপা এত ইতি তদ্‌গ্রহণেনৈব বিভাবৈরিত্যাদিলক্ষণে প্রবেশ ইতি ভাবঃ। অণীয়সীমপীতি যোজ্যং॥ ৪॥

উজ্জ্বল হইয়া কৃষ্ণরতি অতিশয় রূপে বিরাজ করেন এবং ঐ রতি আস্বাদনীয়া হইয়া পরমানন্দ স্বরূপা হয়েন॥

অপর অনুভবাদি মার্গে কৃষ্ণাদি বিভাগ দ্বারা ঐ কৃষ্ণরতি পরমানন্দের পরাকাষ্ঠা প্রাপ্ত হয় অর্থাৎ প্রেমরূপে পরিণত হয়, কিন্তু ঐ প্রেম অল্প বিভাবনাদি অবস্থা প্রাপ্ত হইয়া সদ্যঃ আস্বাদনীয় হয়॥

তন্মধ্যে বিভাবাদির সামান্য লক্ষণ যথা॥

কৃষ্ণ, কৃষ্ণভক্ত ও মুরলীনাদাদি যে সকল রতির কারণ

কার্য্যভূতাঃ স্মিতাদ্যাশ্চ তথাষ্টৌ স্তম্ভতাদয়ঃ।
নির্ব্বেদাদ্যাঃ সহায়াশ্চ তে জ্ঞেয়া রসভাবনে।
বিভাবা অনুভাবাশ্চ সাত্ত্বিকা ব্যভিচারিণঃ॥ ৪॥

তত্র বিভাবাঃ॥ ৫॥

তত্র জ্ঞেয়া বিভাবাস্তু রত্যাস্বাদনহেতবঃ।
তে দ্বিধালম্বনা একে তথৈবোদ্দীপনাঃ পরে॥

তদুক্তমগ্নিপুরাণে॥

বিভাব্যতে হি রত্যাদির্যত্র যেন বিভাব্যতে।

তত্র বিভাবা লক্ষ্যন্তে ইতি শেষঃ॥ ৫॥

কেন তদাহ তত্র জ্ঞেয়া ইতি। হেতুত্বমত্র বিষয়াশ্রয়ত্বেনোদ্বোধকত্বেনচ জ্ঞেয়ং তথৈবাহ তে দ্বিধা ইতি॥ ৬॥

স্বরূপ, এবং হাস্যাদি যে সকল রতির কার্য্য তথা স্তম্ভতাদি আট ও নির্ব্বেদাদি, এই সকল যথাক্রমে বিভাব, অনুভাব সাত্ত্বিকভাব ও ব্যভিচারিভাবরূপে কথিত হয়। রসনিষ্পত্তি-বিষয়ে এই চারিটীকে সহায় বলে অর্থাৎ এই চারিটী ব্যতি-রেকে রস নিষ্পন্ন হয় না॥ ৪॥

অথ বিভাব॥ ৫॥

রতির আস্বাদনের কারণকে বিভাব বলে। এই বিভাব দুই প্রকার হয়, আলম্বন ও উদ্দীপন॥

যথা অগ্নিপুরাণে॥

যাহাতে এবং যাহা দ্বারা রতি প্রভৃতি বিভাবনীয় (বিবেচনীয়) হয়, তাহার নাম বিভাব। ঐ বিভাব আলম্বন

বিভাবো নাম স দ্বেধালম্বনোদ্দীপনাত্মকঃ ॥ ৬ ॥

তত্রালম্বনাঃ ॥

কৃষ্ণশ্চ কৃষ্ণভক্তাশ্চ বুধৈরালম্বনা মতাঃ।
রত্যাদির্বিষয়ত্বেন তথাধারতয়াপি চ ॥

অত্র কৃষ্ণঃ ॥

কৃষ্ণশ্চ কৃষ্ণভক্তাশ্চেত্যত্রায়ং বিবেকঃ, যমুদ্দিশ্য রতিঃ প্রবর্ত্ততে স বিষয়ঃ। নচ শ্রীকৃষ্ণ এবাত্র। আধারস্তু রতেরাশ্রয়ঃ। সচাত্র মূলং রতেঃ পাত্রং গৃহ্যতে তন্নিঃসান্দেন হ্যাধুনিকা অপি ভক্তাঃ স্নিগ্ধা ভবন্তি। স পুনঃ স্থাপয়িষ্যমাণমহারস-পূর্ত্তিতল্লীলাপরিকরগণ এব। অন্যত্রাশ্রয়তা তু স্বস্বমতানুসারেণ তদেবং দ্বিবিধা-লম্বনশালিতাচ তল্লীলাপরিকরাদন্যেষাং তস্মিন্ লীলাপরিকরগণেঽপি পরম-সুখাসুখ্যাদিতরেষাংপরমসুখাসুখাসা তু কেবলশ্রীকৃষ্ণালম্বনশালিতা জ্ঞেয়েতি। রত্যাদেরিত্যাদিশব্দাদ্গৌণবক্ষ্যমাণহাসাদয়ো গৃহীতাঃ। রতিশ্চাত্র সজাতীয়ৈব জ্ঞেয়া নতু বিজাতীয়া অনুভবিতুস্তৎসংস্কারাভাবাৎ বিজাতীয়া স্ববিরোধিনী চেদুদ্দীপন এব তদাধারো ভবতি নত্বালম্বনং। কুতস্তরাং বিরোধী রত্যাশ্রয় ইত্যগ্রিমগ্রন্থানুসারেণ জ্ঞেয়ঃ ॥ ৭ ॥

ও উদ্দীপনভেদে দুই প্রকার হয়। অর্থাৎ আলম্বন বিভাব ও উদ্দীপন বিভাব ॥ ৬ ॥

তন্মধ্যে আলম্বন যথা ॥

রতির বিষয় ও আধারতা রূপে কৃষ্ণ এবং ভক্ত এই দুইকে পণ্ডিতগণ আলম্বনরূপে কীর্ত্তন করেন। অর্থাৎ শ্রীকৃষ্ণ রতির বিষয়তা রূপে ও ভক্ত আধারস্বরূপে আলম্বন হয়েন ॥

তন্মধ্যে কৃষ্ণ যথা ॥

নায়কানাং শিরোরত্নং কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ং।
যত্র নিত্যতয়া সর্ব্বে বিরাজন্তে মহাগুণাঃ।
সোঽন্যরূপস্বরূপাভ্যামস্মিন্নালম্বনো মতঃ॥ ৭॥

তত্রান্যরূপেণ যথা॥

হন্ত মে কথমুদেতি সবৎসে
বৎসপালপটলে রতিরত্র।
ইত্যনিশ্চিতমতির্বলদেবো
বিস্ময়স্তিমিতমূর্ত্তিরিবাসীৎ॥

হন্তেতি। অত্র শ্রীকৃষ্ণে যা রতিঃ সা কথং বৎসপালপটলে উদেতীত্যর্থঃ। স্তিমিতং স্তব্ধত্বং। ইবেতি বাক্যালঙ্কারে॥ ৮॥

নায়কগণের শিরোরত্ন স্বরূপ স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণ, যাঁহাতে মহামহা গুণ সকল নিত্য বিরাজমান, তিনি অন্যরূপ এবং স্বরূপভেদে এই রতিতে আলম্বন হইয়া থাকেন॥ ৭॥

তন্মধ্যে অন্যরূপ যথা।

ব্রহ্মমোহনে শ্রীকৃষ্ণ বালক ও বৎস রূপ ধারণ করায় বলদেব বিস্ময় প্রকাশপূর্ব্বক কহিলেন কি আশ্চর্য্য! শ্রীকৃষ্ণে আমার যে প্রকার রতি ছিল, সেই রতি পুনরায় কি প্রকারে বৎস এবং বৎসপাল সকলে উদিত হইল? বলদেব এই রূপ নিশ্চয় করিতে না পারিয়া সহসা স্তব্ধ হইলেন॥

অথ স্বরূপ

স্বরূপ দুই প্রকার, আবৃত এবং প্রকট॥

অথ স্বরূপং ॥

আবৃতং প্রকটঞ্চেতি স্বরূপং কথিতংদ্বিধা ॥

তত্রাবৃতং ॥

অন্যবেশাদিনাচ্ছন্নং স্বরূপং প্রোক্তমাবৃতং ॥ ৮ ॥

তেন যথা ॥

মাং স্নেহয়তি কিমুচ্চৈ—,
র্মহিলেয়ং দ্বারকাবরোধেহত্র।
আং বিদিতং কুতুকার্থী,
বনিতাবেশো হরিশ্চরতি ॥ ৯ ॥

প্রকটস্বরূপেণ যথা ॥

মামিতি শ্রীমদুদ্ধববাক্যং। উচ্চৈরিতি। সর্ব্বতঃ পরমং শ্রীহরিযোগ্যং যথা স্যাত্তথেত্যর্থঃ। অত্র প্রমাণং যোগমায়াবৈভবদর্শনে যথা অব্যক্তলিঙ্গং প্রকৃতিষ্বন্তঃপুরগৃহাদিষু। কচিজ্জরন্তং যোগেশং তত্তদ্ভাববুভুৎসয়েতি ॥ ৯ ॥

অন্য বেশ দ্বারা আচ্ছাদিত স্বরূপকে আবৃত কহা যায় ॥ ৮ ॥

আবৃত স্বরূপ যথা।

এক দিবস শ্রীকৃষ্ণ দ্বারকা পুরীতে স্ত্রীবেশ ধারণপূর্ব্বক কৌতুক প্রদর্শন করিতে লাগিলে উদ্ধব অবলোকন করিয়া কহিলেন আহা! দ্বারকা অবরোধে এই মহিলাকে অবলোকন করিয়া আমার হরিদর্শনে যদ্রূপ স্নেহ উদিত হয় তাহার ন্যায় এ আমাকে স্নেহান্বিত করিতেছে। আমার নিশ্চয় বোধ হইল কৌতুক প্রদর্শনার্থ হরিই বনিতার বেশ ধারণ পূর্ব্বক বিচরণ করিতেছেন ॥ ৯ ॥

অয়ং কম্বুগ্রীবঃ কমলকমনীয়াক্ষিপটিমা
তমালশ্যামাঙ্গদ্যুতিরতি তরাং ছত্রিতশিরাঃ।
দরশ্রীবৎসাঙ্কঃ স্ফুরদরিদরাদ্যঙ্কিতকরঃ
করোত্যুচ্চৈর্মোদং মম মধুরমূর্ত্তির্মধুরিপুঃ॥ ১০॥

অথ তদ্গুণাঃ॥

অয়ং নেতা সুরম্যাঙ্গঃ সর্ব্বসল্লক্ষণান্বিতঃ।

অয়মিত্যপি তদ্বাক্যং। কমলৈরপি কমনীয়ঃ। অক্ষিপটিমা নেত্রয়োঃ সৌন্দর্য্যাতিশয়ো যস্য সঃ। তমালবৎ শ্যামা শ্যামতয়া বিরাজন্তী অঙ্গস্য দ্যুতির্যস্য সঃ। পাঠান্তরং ত্যক্তং। দর ঈষদ্যত্নাদেব নিরীক্ষ্যঃ শ্রীবৎসরূপোঽঙ্কো লক্ষণং যত্র। অরি চক্রং দরঃ শঙ্খঃ তাবেতৌ করস্থাবঙ্কত্বেন জ্ঞেয়ৌ অতিতরামিতি সর্ব্বত্রান্বিতং॥ ১০॥

অথ তদ্গুণ ইতি তত্র গুণা দ্বেধা নিরূপ্যন্তে প্রাধান্যেনোপসর্জনত্বেন চ

শ্রীকৃষ্ণের স্বাভাবিক রূপ দর্শন করিয়া কহিলেন, শ্রীকৃষ্ণের কি আশ্চর্য্য রূপ!, ইহাঁর গ্রীবা কম্বুসদৃশ, নেত্র-সৌন্দর্য্য এরূপ আশ্চর্য্য, যে, কমলের কমনীয় মূর্ত্তিকেও জয় করিয়াছে,অপর অঙ্গ তমালতুল্য অতিশয় শ্যামবর্ণ, মস্তক ছত্রশোভিত, ঈষৎ শ্রীবৎসের চিহ্ন, করে শঙ্খচক্রাদি চিহ্ন ইত্যাদি সুন্দরাবয়ব হইয়া মধুরিপুর মধুর মূর্ত্তি আমাকে অতিশয় আনন্দপ্রদান করিতেছেন॥ ১০॥

অথ শ্রীকৃষ্ণের গুণ॥

নায়কস্বরূপ শ্রীকৃষ্ণের গুণ এই যে, ইনি সুরম্যাঙ্গ। ১। সর্ব্ব সল্লক্ষণান্বিত। ২। রুচির। ৩। তেজস্বী। ৪। বলী-

রুচিরস্তেজসা যুক্তো বলীয়ান্ বয়সান্বিতঃ।
বিবিধাদ্ভুতভাষাবিৎ সত্যবাক্যঃ প্রিয়ংবদঃ।
বাবদূকঃ সুপাণ্ডিত্যোবুদ্ধিমান্ প্রতিভান্বিতঃ।
বিদগ্ধ শ্চতুরো দক্ষঃ কৃতজ্ঞঃ সুদৃঢ়ব্রতঃ।
দেশকালসুপাত্রজ্ঞঃ শাস্ত্রচক্ষুঃ শুচির্বশী।
স্থিরো দান্তঃ ক্ষমাশীলো গম্ভীরো ধৃতিমান্ সমঃ।
বদান্যো ধার্ম্মিকঃ শূরঃ করুণো মান্যমানকৃৎ।
দক্ষিণো বিনয়ী হ্রীমান্ শরণাগতপালকঃ।
সুখী ভক্তসুহৃৎ প্রেমবশ্যঃ সর্ব্বশুভঙ্করঃ।
প্রতাপী কীর্ত্তিমান্ রক্তলোকঃ সাধুসমাশ্রয়ঃ।

কচিৎ সুরম্যাঙ্গমিত্যাদিনা চেতি যত্র প্রথমেন নিরূপাস্তে তত্র তেষামুদ্দী·

য়ান্। ৫। বয়সন্বিত। ৬। বিবিধ অদ্ভুত ভাষাজ্ঞ। ৭। সত্যবাক্য। ৮। প্রিয়ম্বদ। ৯। বাবদূক। ১০। সুপণ্ডিত। ১১। বুদ্ধিমান্। ১২। প্রতিভান্বিত। ১৩। বিদগ্ধ। ১৪। চতুর। ১৫ দক্ষ। ১৬। কৃতজ্ঞঃ। ১৭। সুদৃঢ়ব্রত। ১৮। দেশকালসুপাত্রজ্ঞ। ১৯। সাস্ত্রচক্ষুঃ। ২০। শুচি। ২১। বশী। ২২। স্থির। ২৩। দান্ত। ২৪। ক্ষমাশীল। ২৫। গম্ভীর। ২৬। ধৃতিমান্। ২৭। সম। ২৮। বদান্য। ২৯। ধার্ম্মিক। ৩০। শূর। ৩১। করুণ। ৩২। মান্যমানকৃৎ। ৩৩। দক্ষিণ। ৩৪। বিনয়ী। ৩৫। হ্রীমান্। ৩৬। শরণাগত-পালক। ৩৭। সুখী। ৩৮। ভক্তসুহৃৎ। ৩৯। প্রেমবশ্য। ৪০। সর্ব্ব শুভঙ্কর। ৪১। প্রতাপী। ৪২। কীর্ত্তিমান্। ৪৩। রক্তলোক। ৪৪। সাধুসমাশ্রয়। ৪৫।

নারীগণমনোহারী সর্ব্বারাধ্যঃ সমৃদ্ধিমান্।
বরীয়ানীশ্বরশ্চেতি গুণাস্তস্যানুকীর্ত্তিতাঃ।
সমুদ্রা ইব পঞ্চাশদ্দুর্বিগাহা হরেরমী ॥ ১১ ॥
জীবেম্বেতে বসন্তোঽপি বিন্দুবিন্দুতয়া ক্বচিৎ।
পরিপূর্ণতয়া ভান্তি তত্রৈব পুরুষোত্তমে।
তথাহি পাদ্মে পার্ব্বত্যৈ শিতিকণ্ঠেন তদ্গুণাঃ।
কন্দর্পকোটিলাবণ্য ইত্যাদ্যাঃ পরিকীর্ত্তিতাঃ ॥ ১২ ॥
অতএব গুণঃ প্রায়ো ধর্ম্মায় বনমালিনঃ।

পনস্থং যত্র দ্বিতীয়েন তত্রালম্বনত্বং। তদেবং যত্রালম্বনপ্রকরণে দ্বিতীয়েনৈবাহ অয়মিতি। অয়ং শ্রীকৃষ্ণাখ্যো নেতা নায়কঃ ॥ ১১ ॥

ক্বচিদিতি। ভগবদনুগৃহীতেম্বিত্যেব মুখ্যতয়াঙ্গীকৃতং। অতএব বিন্দুত্বমপি অন্যেষু তু তদাভাসত্বমেব জ্ঞেয়ং ॥ ১২ ॥

নারীগণ-মনোহারী। ৪৬। সর্ব্বারাধ্য। ৪৭। সমৃদ্ধিমান্। ৪৮। বরীয়ান্। ৪৯। ঈশ্বর। ৫০। হরির এই পঞ্চাশৎ গুণ, ইহা সমুদ্রের ন্যায় দুর্ব্বিগাহ ॥ ১১ ॥

এই সমস্ত গুণ যদি জীবগণে থাকা সম্ভব হয়, তবে যে যে জীব ভগবানের অনুগৃহীত সেই জীব বিন্দু বিন্দু রূপে অবস্থিতি করে, কিন্তু ভগবান্ পুরুষোত্তমে এই সমস্ত গুণ সম্পূর্ণ রূপে বিরাজ করিতেছে ॥

পরন্তু, পদ্মপুরাণে ভগবান্ শিতিকণ্ঠ পার্ব্বতীর প্রতি শ্রীকৃষ্ণের কন্দর্প কোটি-লাবন্যপ্রভৃতি গুণ সকল কীর্ত্তন করিয়াছেন ॥ ১২ ॥

পৃথিব্যা প্রথমস্কন্ধে প্রথয়াঞ্চক্রিরে স্ফুটং ॥

যথা ॥

সত্যং শৌচং দয়া ক্ষান্তিস্ত্যাগঃ সন্তোষ আর্জ্জবং।
শমোদম স্তপং সাম্যং তিতিক্ষোপরতিঃ শ্রুতং।
জ্ঞানং বিরক্তি রৈশ্বর্য্যং শৌর্য্যং তেজো বলং স্মৃতিঃ।
স্বাতন্ত্র্যং কৌশলং কান্তির্ধৈর্য্যং মার্দ্দবমেবচ।
প্রাগল্‌ভ্যং প্রশ্রয়ঃ শীলং সহ ওজো বলং ভগঃ।
গাম্ভীর্য্যং স্থৈর্য্যমাস্তিক্যং কীর্ত্তির্মানোঽনহঙ্কৃতিঃ।
ইমে চান্যে চ ভগবন্নিত্যা যত্র মহাগুণাঃ।
প্রার্থ্যা মহত্ত্বমিচ্ছদ্ভির্ন বিয়ন্তি স্ম কর্হিচিৎ ॥ ১৩ ॥

ধর্ম্মায় ধর্ম্মরূপং দেবং বোধয়িতুমিত্যর্থঃ। ক্রিয়ার্থোপপদস্যচ কর্ম্মণি স্থানিন ইতি স্মরণাচ্চতুর্থী ॥ ১৩ ॥

অতএব শ্রীমদ্ভাগবতের প্রথমস্কন্ধে পৃথিবী ধর্ম্মরূপিদেবকে জানাইবার নিমিত্ত ভগবান্ বনমালির ঐ সমস্ত গুণ স্পষ্টরূপে বিস্তার করিয়া বর্ণন করিয়াছেন ॥

যথা, পৃথিবী কহিলেন, হে ধর্ম্ম! যাঁহারা মহত্ত্ব প্রাপ্তির ইচ্ছা করেন তাঁহারা সত্য, শৌচ, দয়া, ক্ষান্তি, ত্যাগ সন্তোষ, ঋজুতা, শম, দম, তপস্যা, সাম্য, তিতিক্ষা, উপরতি, শ্রুত, জ্ঞান, বিরক্তি, ঐশ্বর্য্য, শৌর্য্য, তেজ, বল, স্মৃতি, স্বাতন্ত্র, কৌশল, কান্তি, ধৈর্য্য, মার্দ্দব, প্রাগল্‌ভ্য, প্রশ্রয়শীলসহ, ওজ, বল, ভগ, গাম্ভীর্য্য, স্থৈর্য্য, আস্তিক্য, কীর্ত্তি, মান ও অহঙ্কার শূন্যতাপ্রভৃতি গুণসকল কখন পরিত্যাগ করেন না ॥ ১৩ ॥

অথ পঞ্চগুণা যে স্যুরংশেন গিরিশাদিষু ॥ ১৪ ॥
সদা স্বরূপসংপ্রাপ্তঃ সর্ব্বজ্ঞো নিত্যনূতনঃ।
সচ্চিদানন্দসান্দ্রাঙ্গঃ সর্ব্বসিদ্ধিনিষেবিতঃ ॥ ১৫ ॥
অথোচ্যন্তে গুণাঃ পঞ্চ যে লক্ষ্মীশাদিবর্ত্তিনঃ।
অবিচিন্ত্য মহাশক্তিঃ কোটিব্রহ্মাণ্ডবিগ্রহঃ।
অবতারাবলীবীজং হতারিগতিদায়কঃ।

অংশেন যথাসম্ভব স্বাংশেন গিরিশাদিষু শ্রীশিবাদিষু। আদিগ্রহণাৎ ক্বচিৎ দ্বিপরার্দ্ধাদৌ সাক্ষাদ্ভগবদবতারব্রহ্মাদয়ো গৃহ্যন্তে ॥ ১৪ ॥

সচ্চিদানন্দেতি। শ্রীভগবৎপক্ষে সচ্চিদানন্দস্বরূপঞ্চ তৎসান্দ্রং বস্ত্বন্তরাপ্রবেশ্যঞ্চাঙ্গং যস্য স ইতি বিগ্রহঃ। শিবপক্ষে, সচ্চিদানন্দেন শ্রীভগবতা সান্দ্রং তাদাত্ম্যং প্রাপ্তমঙ্গং যস্য সঃ ॥ ১৫ ॥

অথোচ্যন্তে ইতি যুগলং। লক্ষ্মীশোঽত্র পরব্যোমাধিনাথঃ শ্রীনারায়ণঃ। আদি শব্দান্মহাপুরুষাদয়োঽপি গৃহ্যন্তে। তত্রাবিচিন্ত্যমহাশক্তিত্বং লক্ষ্মীশে

অপর, শ্রীকৃষ্ণের অন্য পাঁচটী গুণ যাহা আংশিক রূপে সদাশিব এবং ব্রহ্মাদিতে বর্ত্তমান তাহাও কীর্ত্তন করিতেছি ॥ ১৪ ॥

যথা, সদা স্বরূপসংপ্রাপ্তি। ১। সর্ব্বজ্ঞ। ২। নিত্যনূতন। ৩। সচ্চিদানন্দসান্দ্রাঙ্গ। ৪। এবং সর্ব্বসিদ্ধি নিষেবিত। ৫ ॥ ১৫ ॥

অপর শ্রীনারায়ণাদির অনুবর্ত্তী পঞ্চ গুণ কীর্ত্তন করি, অবিচিন্ত্য মহাশক্তি। ১। কোটি ব্রহ্মাণ্ড বিগ্রহ। ২। অবতারাবলীবীজ। ৩। হতারিগতিদায়ক। ৪। ও আত্মারাম

আত্মারামগণাকর্ষীত্যমী কৃষ্ণে কিলাদ্ভুতাঃ ॥ ১৬ ॥

সর্ব্বাদ্ভুতচমৎকারলীলাকল্লোলবারিধিঃ।

জ্ঞেয়ং মহাপুরুষাদাবতারকর্ত্তৃত্বাৎ। কোটিব্রহ্মাণ্ডব্যাপী বিগ্রহো যস্যেতি মধ্যপদলোপী সমাসঃ। তস্মাত্রব্যাপিবিগ্রহত্বং মাহপুরুষে। মায়াদ্রষ্টৃত্বস্যৈব তদুপাধিত্বাৎ। যথা ব্রহ্মসংহিতায়াং। যস্যৈকনিঃশ্বসিতকালমথাবলম্ব্য জীবন্তি লোমবিলজা জগদণ্ডনাথাঃ। বিষ্ণুর্মহান্ স ইহ যস্য কলাবিশেষো গোবিন্দমিতি। অবতারাবলীবীজত্বং পূর্ব্বয়োর্দ্বয়োর্যথাসম্ভবমনাত্র চ। গতিঃ সর্গাদিরূপোঽর্থঃ। সতু ভগবদ্দ্বেষিণামন্যেন কেনাপি কর্ম্মণা ন সম্ভবতীতি। যথোক্তং গীতাসু। তানহং দ্বিষতঃ ক্রূরান্ সংসারেষু নরাধমান্। ক্ষিপাম্যজস্রমশুভানাসুরীষ্বেব যোনিষু। আসুরীং যোনিমাপন্না মূঢ়া জন্মনি জন্মনি। মামপ্রাপ্যৈব কৌন্তেয় ততো যান্ত্যধমাং গতিমিতি। আত্মারামগণাকর্ষিত্বং শ্রীমদ্বিকুণ্ঠাসু ভাদাবপি তৃতীয়স্কন্ধাদিষু প্রসিদ্ধং। কৃষ্ণে কিলাদ্ভুতা ইতি নরলীলাময়ত্বেনৈব তত্তদাবির্ভাবনাৎ। কিঞ্চ। অবিচিন্ত্যেতি অবতারেতি চ স্বয়ং ভগবত্ত্বাৎ স্বয়ং ভগবত্ত্বেঽপি জিজ্ঞাসা চেৎ কৃষ্ণসন্দর্ভো দৃশ্যঃ। কোটীতি। তানি ব্যাপ্যাপি বৈকুণ্ঠাদি ব্যাপিত্বাৎ হতেতি। মোক্ষভক্তিপর্য্যন্তগতিদাতৃত্বাদদ্ভুতত্বং জ্ঞেয়ঃ। তদেবং পরমব্যোমনাথাদীনতিক্রম্য কৃষ্ণস্যৈব বিস্ময়কারিত্বে স্থিতে ভবতু নাম গিরিশাদিবংশেন তত্তদগুণত্বং; কিন্তু সুতরামেব শ্রীকৃষ্ণানুভবিষু ন তেষাং বিস্ময়কারিত্বমিতি ব্যঞ্জিতং। যথোক্তং। যন্মর্ত্ত্যলীলোপয়িকমিতি গোপ্যস্তপঃ কিমচরন্ যদমুষ্য রূপমিতি চ ॥ ১৬ ॥

সর্ব্বাদ্ভুতেত্যাদিকস্তুদাহরণে বিবেচনীয়ং। অতুলেত্যাদি দ্বয়ে ষষ্ঠান্যঃ

গণাকর্ষী, এই পাঁচ গুণ শ্রীকৃষ্ণে অদ্ভুতরূপে বিরাজিত ॥ ১৬ ॥

অপর, সর্ব্বাদ্ভুত চমৎকারলীলা কল্লোল বারিধি। ১।

অতুল্যমধুরপ্রেমমণ্ডিতপ্রিয়মণ্ডলঃ।
ত্রিজগন্মানসাকর্ষী মুরলীকলকূজিতঃ।
অসমানোর্দ্ধরূপশ্রীবিস্মাপিতচরাচরঃ ॥ ১৭ ॥
লীলাপ্রেম্নাপ্রিয়াধিক্যং মাধুর্য্যে বেণুরূপয়োঃ।
ইত্যসাধারণং প্রোক্তং গোবিন্দস্য চতুষ্টয়ং ॥ ১৮ ॥
এবং গুণাশ্চতুর্ভেদা চতুঃষষ্টিরুদাহৃতাঃ।

পদার্থো বহুব্রীহিঃ ॥ ১৭ ॥

তানেব চতুরো গুণান্ সংক্ষিপ্য দর্শয়তি। লীলেতি প্রথমঃ। প্রেম্ন-প্রিয়াণামাধিক্যমিতি তাদৃশপ্রিয়জনবিরাজমানত্বমিত্যর্থঃ। তচ্চ দ্বিতীয়ে। বেণুমাধুর্য্যমিতি তৃতিয়েঃ। রূপমাধুর্য্যমিতি চতুর্থঃ। তদেবং নিরূপ্যানুভববিশেষাৎ প্রৌঢ়িবাদেনাহ ইত্য- সাধারণমিতি। তদেবমপি সিদ্ধান্ততস্ত্বভেদেঽপী-ত্যাদৌ রসেনোৎকৃষ্যতে কৃষ্ণরূপমিতি যদুক্তং তত্ত্বপলক্ষণমেব জ্ঞেয়ং ॥ ১৮ ॥

চতুর্ভেদা ইতি। তত্র পঞ্চাশত্তমপর্য্যন্তঃ প্রথমঃ পঞ্চপঞ্চাশত্তমপর্য্যন্তো দ্বিতীয়ঃ ষষ্টিতমপর্য্যন্ত স্তৃতীয়ঃ চতুঃষষ্টিপর্য্যন্ত শ্চতুর্থইতি ভেদো বর্গঃ।

অতুল্য মধুর প্রেম-মণ্ডিত প্রিয়-মণ্ডল। ২। ত্রিজগন্মানসাকর্ষী মুরলীকলকূজিত। ৩। এবং অসমানোর্দ্ধরূপ শ্রীবিস্মাপিত চরাচর। ৪ ॥ ১৭ ॥

অর্থাৎ লীলা ও প্রেম-দ্বারা প্রিয়াগণের আধিক্য। বেণু-মাধুর্য্য, ও রূপ-মাধুর্য্য, গোবিন্দের এই চারিটী অসাধারণ গুণ ॥ ১৮। উক্ত চারি গুণ সহ শ্রীকৃষ্ণের চতুঃষষ্টি গুণ ইহাদের

সোদাহরণমেতেষাং লক্ষণং ক্রিয়তে ক্রমাৎ ॥

তত্র সুরম্যাঙ্গঃ ॥

শ্লাঘ্যাঙ্গসন্নিবেশো যঃ সুরম্যাঙ্গঃ স কথ্যতে ॥ ১৯ ॥

যথা ॥

মুখং চন্দ্রাকারং করভনিভমূরুদ্বয়মিদং
ভুজৌ স্তম্ভারম্ভৌ সরসিজবরেণ্যং করযুগং।

সোদাহরণমিতি। অত্রোদাহরণানি চতুর্ভিঃ প্রমাণৈর্লব্ধানি। শাস্ত্রেণ তত্তাৎপর্য্যেণ তদনুসারিমহাজনপ্রসিদ্ধ্যা তত্তদনুসারিসম্ভবেন চ তানি পুনর্দ্বিবিধানি ভগবত্তয়া চমৎকারকরাণি মনুষ্যলীলায়া চেতি। তত্র ভগবত্ত্বেঽপি মনুষ্যলীলয়া চমৎকারকরত্বং। তথাপি মর্ত্ত্যানুবিধস্য বর্ণ্যত ইতি প্রপঞ্চনিষ্প্রপঞ্চোঽপীত্যাদন্যায়েন চ। যথৈব বর্ণিতং পৃথিব্যা সত্যং শৌচমিত্যাদিনা। যথা চাত্রৈব দর্শয়িষ্যতে। পশ্য বিন্ধ্যগিরিতোঽপিগরিষ্ঠমিত্যাদিভিঃ ॥ ১৯ ॥

মুখমিতি যদ্যপি পূর্ব্বানুসারেণ চন্দ্রাদয় স্তস্য দৃষ্টান্তিতা লেশমপি নার্হন্তি তথাপি সাধারণলোকানাং তদ্দ্বারা তন্মহিমপ্রবেশধামেব তে দৃষ্টান্তিতাঃ। যত্র তু তদস্তরঙ্গপরিকরৈরপি তাদৃশং বর্ণ্যতে তত্র সাক্ষাৎ ভগবদ্বিভূতিরূপ-

---

উদাহরণ ও লক্ষণ ক্রমশঃ প্রদর্শিত হইতেছে ॥

তন্মধ্যে সুরম্যাঙ্গ যথা ॥

প্রশংসিতরূপে অঙ্গের যে সন্নিবেশ অর্থাৎ সুগঠন তাহাকে সুরম্যাঙ্গ বলে ॥ ১৯ ॥

যথা, আহা! মুরারির কি আশ্চর্য্য মধুরিমা স্ফূর্ত্তি পাইতেছে, বদন চন্দ্রতুল্য, উরুদ্বয় করিশুণ্ডের ন্যায়, ভুজ

কবাটাভং বক্ষঃস্থলমবিরলং শ্রোণিফলকং
পরিক্ষামো মধ্যঃ স্ফুরতি মুরহন্তুর্মধুরিমা ॥

সর্ব্বসল্লক্ষণান্বিতঃ ॥ ২ ॥

তনৌ গুণোত্থমঙ্কোত্থমিতি সল্লক্ষণং দ্বিধা ॥

তত্র গুণোত্থং ॥

গুণোত্থং স্যাদ্ গুণৈর্যোগো রক্ততা তুঙ্গতাদিভিঃ ॥ ২০ ॥

যথা।

রাগঃ সপ্তসু হন্ত ষট্স্বপি শিশোরঙ্গেষ্বলং তুঙ্গতা

তল্লীলাপরিকরাশ্চন্দ্রাদয় এব দৃষ্টান্তিতা ইতি সর্ব্বত্র জ্ঞেয়ং। তদেতদভিপ্রেত্যৈব তদপ্যনাদৃত্য কেবলানুবাদেনৈবাহ অবিরলমিত্যাদি। অবিরলমিতি স্থূলত্বাদি-ভক্তাবয়বত্বেন বিবেক্তুমশক্যমিত্যর্থঃ ॥ ২০ ॥

রাগ ইতি শ্রীমদ্ব্রজেশ্বরং প্রতি কস্যচিৎ সবয়সো গোপস্য বাক্যমিদং

যুগল স্তম্ভ সদৃশ, করদ্বয় প্রশস্ত পদ্মসদৃশ, বক্ষঃস্থল কবাট-তুল্য বিস্তৃত নিতম্বযুগল নিবিড়, মধ্যদেশ অতিক্ষীণ ॥

সর্ব্বসল্লক্ষণান্বিত ॥ ২ ॥

শরীরে গুণোত্থ এবং অঙ্কোত্থভেদে সল্লক্ষণ দুই প্রকার হইয়া থাকে ॥

তন্মধ্যে গুণোত্থ সল্লক্ষণ যথা ॥

শরীরে উন্নতাদি গুণযোগকেই গুণোত্থ সল্লক্ষণ কহা যায় ॥

যথা—

শ্রীমান্ নন্দকে তাঁহারই কোন সমবয়স্ক গোপ কহিল

বিস্তারস্ত্রিষু খর্ব্বতা ত্রিষু তথা গম্ভীরতাচ ত্রিষু।
দৈর্ঘ্যং পঞ্চসু কিঞ্চ পঞ্চসু সখে সংপ্রেক্ষ্যতে সূক্ষ্মতা
দ্বাত্রিংশদ্বরলক্ষণঃ কথমসৌ গোপেষু সম্ভাব্যতে॥

সপ্তসু। নেত্রান্তপাদকরতলতাল্বধরোষ্ঠজিহ্বানখেষু ষট্সু বক্ষঃস্কন্ধনখনাসিকা-কটিমুখেষু। ত্রিসু কটিললাটবক্ষঃসু। কেচিৎ কটিস্থানে শিরঃ পঠন্তি। পুনস্ত্রিষু গ্রীবাজঙ্ঘামেহনেষু। পুনস্ত্রিষু নাভিস্বরসত্বেষু। পঞ্চসু নাসাভুজনেত্রহনুজানুষু। পুনঃ পঞ্চসু ত্বক্‌কেশলোমদন্তাঙ্গুলিপর্ব্বসু। তত্রৈব মহাপুরুষলক্ষণে সামুদ্রক-প্রসিদ্ধেঃ। দ্বাত্রিংশদ্বরাণি তল্লক্ষণেভ্যো গোপেভ্যোঽন্যেভ্যোঽপি শ্রেষ্ঠানি

হে গোপরাজ! তোমার এই অঙ্গজের অঙ্গে যে দ্বাত্রিংশৎ সল্লক্ষণ দেখিতেছি, ইহাতে ইহাঁর গোপগৃহে জন্ম হওয়া অতীব বিস্ময়জনক বোধ হইতেছে, কারণ এই বালকের শরীরের সাত স্থানে রক্তিমা, ছয় অঙ্গে তুঙ্গতা, তিন অঙ্গে বিস্তার (পরিসর), তিন অঙ্গে খর্ব্বতা, তিন অঙ্গে গম্ভীরতা পাঁচ অঙ্গে দীর্ঘতা এবং পাঁচ স্থানে সূক্ষ্মতা অর্থাৎ নেত্র, পাদ, করতল, অধর, ওষ্ঠ, জিহ্বা ও নখ এই সাত অঙ্গে রক্তিমা। বক্ষঃ, স্কন্ধ, নখ, নাসিকা, কটি ও মুখ এই ছয় অঙ্গে তুঙ্গতা (উচ্চতা)। কটি, ললাট, ও বক্ষঃ এই তিন অঙ্গে বিস্তার। গ্রীবা, জঙ্ঘা, শিশ্ন এই তিন অঙ্গে খর্ব্বতা। নাভি, স্বর, বুদ্ধি এই তিনের গম্ভীরতা। নাসা, ভুজ, নেত্র, হনু (কপোলের পর ভাগ) ও জানু এই পাঁচ অঙ্গে দীর্ঘতা। এবং ত্বক্ (চর্ম্ম), কেশ, লোম, দন্ত, অঙ্গুলিপর্ব্ব এই পাঁচ অঙ্গে সূক্ষ্মতা। এই বত্রিশ প্রকার মহাপুরুষের লক্ষণ॥

অঙ্কোত্থং ॥

রেখাময়ং রথাঙ্গাদি স্যাদঙ্কোত্থং করাদিষু ॥ ২১ ॥

যথা।

করয়োঃ কমলং তথা রথাঙ্গং

স্ফুটরেখা ময়মাত্মজস্য পশ্য।

লক্ষণানি যস্য সঃ। গোপেষু কথমিতি ভগবদবতারাদিষ্বপ্যেতাদৃশত্বশ্রবণাদিতি ভাবঃ ॥ ২১ ॥

করয়োরিতি কস্যাশ্চিদ্বৃদ্ধগোপ্যা বচনং। উপলক্ষণানোবৈতানি চিহ্নানি। পদ্মপুরাণাদিদৃষ্টান্যান্যপ্যসাধারণানি জ্ঞেয়ানি। তানিচ যথা পদ্মপুরাণে, ব্রহ্মোবাচ। শৃণু নারদ বক্ষ্যামি পাদয়োশ্চিহ্নলক্ষণং। ভগবৎকৃষ্ণরূপস্য হ্যানন্দৈকঘনস্যচ। অবতারা হ্যসংখ্যাতাঃ কথিতা মে তবাগ্রতঃ। পরং সম্যক্ প্রবক্ষ্যামি কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ং। দেবানাং কার্য্যসিদ্ধার্থমৃষীণাঞ্চ তথৈবচ। আবির্ভূতস্তু ভগবান্ স্বানাং প্রিয়চিকীর্ষয়া। যৈরেব জ্ঞায়তে দেবো ভগবান্ ভক্তবৎসলঃ। তান্যহং বেদ নান্যোঽস্তি সত্যমেতন্ময়োদিতং। ষোড়শৈব তু চিহ্নানি ময়া দৃষ্টানি তৎপদে। দক্ষিণে চাষ্ট চিহ্নানি ইতরে সপ্ত এব চ। ধ্বজঃ পদ্মং তথা

অঙ্কোত্থ সল্লক্ষণ যথা।

হস্তাদিতে যে সকল রথাঙ্গাদি (চক্রাদি) রেখা তাহাকেই অঙ্কোত্থ সল্লক্ষণ কহা যায় ॥ ২১ ॥

যথা।

কোন বৃদ্ধা গোপী গোপরাজকে সম্বোধন করিয়া কহিলেন হে বল্লবেন্দ্র! তোমার এই আত্মজের করদ্বয়ে কমল ও চক্রের রেখা, তথা চরণদ্বয়ে ধ্বজ, বজ্র, অঙ্কুশ, মীন এবং

পদপল্লবয়োশ্চ বল্লবেন্দ্র-
ধ্বজবজ্রাঙ্কুশমীনপঙ্কজানি ॥ ২২ ॥

অথ রুচিরঃ ॥ ৩ ॥

সৌন্দর্য্যেন দৃগানন্দকারী রুচির উচ্যতে ॥ ২৩ ॥

যথা তৃতীয়ে।

বজ্রমঙ্কুশো যব এবচ। স্বস্তিকশ্চোর্দ্ধরেখাচ অষ্টকোণং তথৈবচ। দৃশ্যন্তে বৈষ্ণবশ্রেষ্ঠ দক্ষিণে ভগবৎপদে। সপ্তান্যানি প্রবক্ষ্যামি সাম্প্রতং বৈষ্ণবোত্তম। ইন্দ্রচাপং ত্রিকোণঞ্চ কলসং চার্দ্ধচন্দ্রকং অম্বরং মৎস্যচিহ্নঞ্চ গোষ্পদং সপ্তমং স্মৃতং। অঙ্কান্যেতানি ভো বিদ্বন্ দৃশ্যন্তে তু যদা কদা। কৃষ্ণাখ্যং তু পরং ব্রহ্ম ভুবি জাতং ন সংশয়ঃ। দ্বয়ং বাথ ত্রয়ং বাথ চত্বারঃ পঞ্চ চৈব চ। দৃশ্যন্তে বৈষ্ণবশ্রেষ্ঠ অবতারে কথঞ্চনেত্যাদি। ষোড়শঞ্চ তথা চিহ্নং শৃণু দেবর্ষিসত্তম। জম্বুফলসমাকারং দৃশ্যতে যত্র কুত্রচিদিত্যন্তং। শাস্ত্রান্তরেষু তাপন্যাগমবারাহা-দিষু। শঙ্খচক্রচত্রাণি জ্ঞেয়ানি ॥ ২২ ॥

সৌন্দর্য্যেণ কান্ত্যা ॥ ২৩ ॥

বিধাতুরর্ব্বাক্ সৃতৌ কৌশলং তদিহ শ্রীকৃষ্ণসৌন্দর্য্যে কার্ৎস্ন্যেন গতং

পঙ্কজাদির চিহ্ন সকল স্পষ্টরূপে দেদীপ্যমান রহিয়াছে অবলোকন কর ॥ ২২ ॥

অথ রুচির ॥ ৩ ॥

সৌন্দর্য্যদ্বারা নয়নের যে আনন্দকারিতা, তাহাকে রুচির বলে ॥ ২৩ ॥

যথা—তৃতীয় স্কন্ধে। ২অ। ১৩ শ্লোকে ॥

ভগবান্ মনোহরমূর্ত্তি ধারণ করিয়াই ধর্ম্মপুত্র যুধিষ্ঠিরের

যদ্ধর্ম্মসূনোর্বত রাজসূয়ে
নিরীক্ষ্য দৃক্‌স্বস্ত্যয়নং ত্রিলোকঃ।
কাৎস্ন্যেন চাদ্যেহ গতং বিধাতু-
রর্ব্বাক্ সৃতৌ কৌশলমিত্যমন্যত ॥ ২৪ ॥

যথা বা—

অষ্টানাং দনুজভিদঙ্গপঙ্কজানা-
মেকস্মিন্ কথমপি যত্র বল্লবীনাং।
লোলাক্ষিভ্রমরততিঃ পপাত তস্মা-
ন্নোত্থাতুং দ্যুতিমতি পঙ্কিলাৎ ক্ষমাসীৎ ॥

প্রবিষ্টমিত্যমনাত অন্বভূৎ। তাদৃক্‌দেশান্তর্ভূতমেতৎ সর্ব্বমিত্যর্থঃ। অমংস্তেতি পাঠস্তু লিখনভ্রমাদেব ॥ ২৪ ॥

পূর্ব্বত্র সুরম্যাঙ্গত্বমিশ্রং রুচিরত্বং বর্ণিতমিত্যপরিতোষাৎ শুদ্ধোদাহরণং

রাজসূয় যজ্ঞে গমন করিয়াছিলেন, তথায় ত্রিভুবনস্থ যে সকল লোক উপস্থিত হয়, তাহারা সেই নয়নানন্দপ্রদ রূপ নিরীক্ষণ করিয়া এই অনুমান করিয়াছিল যে, বিধাতার মনুষ্য-নির্ম্মাণবিষয়ে যে নৈপুণ্য ছিল, তাহা বুঝি সমুদায় এই মূর্ত্তি নির্ম্মাণেই পরিক্ষীণ হইয়াছে ॥ ২৪ ॥

অথবা ॥

দৈত্যারি শ্রীকৃষ্ণের আটটী অঙ্গ পঙ্কজের অর্থাৎ মুখ, নেত্রযুগল, করদ্বয়, নাভি ও চরণযুগল এই অষ্টাঙ্গের মধ্যে কোনও এক অঙ্গে বল্লবীগণের চঞ্চল লোচনরূপ অলিকুল পতিত হইয়া ঐ অঙ্গদ্যুতিরূপ পঙ্ক হইতে কোনক্রমেই পুনরুত্থান করিতে সমর্থ হইতেছে না ॥

তেজসা যুক্তঃ ॥ ৪ ॥

তেজো ধাম প্রভাবশ্চেত্যুচ্যতে দ্বিবিধং বুধৈঃ ॥

তত্র ধাম ॥

তেজোরাশির্ভবেদ্ধাম ॥ ২৫ ॥

যথা বা—

অম্বরমণিনিকুরম্বং বিড়ম্বয়ন্নপি মরীচিকুলৈঃ।
হরিবক্ষসি রুচিনিবিড়ে মণিরাড়ুড়ুরিব স্ফুরতি ॥

প্রভাবঃ ॥

পুনরাহ যথা বেতি। অষ্টানাং মুখনেত্রযুগকরযুগনাভিচরণযুগরূপাণাং উপলক্ষণানি চৈতানি অন্যেষামঙ্গানাং ॥ ২৫ ॥

অথ তেজসা যুক্ত ॥ ৪ ॥

ধাম ও প্রভাব এই দুইকে পণ্ডিতগণ তেজ কহিয়া থাকেন ॥

তন্মধ্যে ধাম যথা ॥

তেজোরাশির নাম ধাম ॥ ২৫ ॥

যথা।

কৌস্তুভ মণিরাজ স্বীয় তেজোরাশিদ্বারা সূর্য্যসমূহকে বিড়ম্বিত করিয়া নিবিড় রুচিকর হরিবক্ষে একটা নক্ষত্রের ন্যায় প্রকাশ পাইতেছে ॥

অথ প্রভাব ॥

প্রভাবো দুষ্প্রধর্ষতা। প্রভাবঃ সর্ব্বজিৎ স্থিতিঃ ॥

যথা—

দূরতস্তমবলোক্য মাধবং
কোমলাঙ্গমপি রঙ্গমণ্ডলে।
পর্ব্বতোদ্ভট-ভুজান্তরোঽপ্যসৌ
কংসমল্লনিবহঃ স বিব্যথে ॥

বলীয়ান্ ॥ ৫ ॥

প্রাণেন মহতা পূর্ণো বলীয়ানিতি কথ্যতে ॥

যথা—

পশ্য বিন্ধ্যগিরিতোঽপি গরিষ্ঠং

অম্বরেতি। যদপ্যেতদেব তত্ত্বং তথাপি লৌকিকলীলারক্ষার্থং স্বস্য তস্যাচ তেজোগোপনমপি করোতি শ্রীভগবানিতি সূর্য্যাদিতেজসামপি তত্র স্থানং

দুর্দ্ধর্ষতা ও সর্ব্বপরাজয়কারি তেজকে প্রভাব কহে ॥

যথা ॥

যাহাদের ভুজান্তর পর্ব্বতসদৃশ সেই কংসমল্লগণ, যদিচ শ্রীকৃষ্ণের অঙ্গসকল কোমল তথাপি দূর হইতে তাঁহাকে অবলোকন করিয়াই ব্যথিত হইতে লাগিলে ॥

অথ বলীয়ান্ ॥ ৫ ॥

যে ব্যক্তি অতিশয় বলবান্ তাহাকে বলীয়ান্ কহে ॥

যথা—

হে সখি! অবলোকন কর, গিরি-অপেক্ষা গরিষ্ঠ অথচ উন্নত অরিষ্টাসুরকে পুণ্ডরীকনয়ন পিণ্ডিত (মুষ্টীকৃত) তুল-

দৈত্যপুঙ্গবমুদগ্রমরিষ্টং।
তূণখণ্ডমিব পিণ্ডিতমারাৎ
পুণ্ডরীকনয়নো বিনুনোদ॥

যথা বা।

বামস্তামরসাক্ষস্য ভুজদণ্ডঃ স পাতু বঃ।
ক্রীড়াকন্দুকিতাং যেন নীতো গোবর্দ্ধনো গিরিঃ॥ ২৬॥

বয়সান্বিতঃ॥ ৬॥

বয়সো বিবিধত্বেঽপি সর্ব্বভক্তিরসাশ্রয়ঃ।

জ্ঞেয়ং। নাহং প্রকাশঃ সর্ব্বস্য যোগমায়াসমাবৃত ইত্যাদ্যুক্তেঃ। এবমন্যত্রাপি। কৌস্তুভমণিরুড়্রিবেতি বা পাঠঃ॥ ২৬॥

বয়োঽত্র কৌমারপৌগণ্ডকৈশোরাখ্যত্রয়াত্মকং ক্রমপ্রাপ্তং জ্ঞেয়ং তেনান্বিতসদৃশতয়া লব্ধ ইতি বয়স্তবতোর্দ্বয়োরপি প্রাশস্ত্যমুক্তং। পশ্চাৎ সাদৃশ্যয়োঽপ্যনুরিতামরঃ। বয়স ইতি। ধর্ম্মাঃ সর্ব্বে গুণাঃ সন্ত্যাস্মিন্নিতি ধর্ম্মী পূর্ণাবির্ভাব ইত্যর্থঃ। যতঃ সর্ব্বভক্তিরসাশ্রয়ঃ। অত্র সামান্যভক্তিরসে বর্ণিত ইতি

খণ্ডের ন্যায় দূরে নিক্ষেপ করিলেন॥

যথা বা।

ওহে ভক্তবৃন্দ! পুণ্ডরীকাক্ষ শ্রীকৃষ্ণের যে বাম ভুজদণ্ড-কর্ত্তৃক গোবর্দ্ধনপর্ব্বত ক্রীড়াকন্দুকিত হইয়াছিল, সেই বাম-ভুজ তোমাদিগকে রক্ষা করুন॥ ২৬॥

অথ বয়সান্বিত॥ ৬॥

বয়সের কৌমার, পৌগণ্ড ও কৈশোরাদি বিবিধ প্রকার ভেদ থাকিলেও সর্ব্বভক্তিরসাশ্রয়, সর্ব্বগুণান্বিত ও নিত্য

ধর্ম্মী কিশোর এবাত্র নিত্যনানাবিলাসবান্ ॥ ২৭ ॥

যথা—

তদাত্বাভিব্যক্তীকৃততরুণিমারম্ভরভসং
স্মিতশ্রীনির্দ্ধূতস্ফুরদমলরাকাপতিমদং।
দরোদঞ্চৎপঞ্চাশুগনবকলামেদুরমিদং
মুরারের্ম্মাধুর্য্যং মনসি মদিরাক্ষীর্মদয়তি ॥ ২৮ ॥

বিবিধাদ্ভুতভাষাবিৎ ॥ ৭ ॥

বিবিধাদ্ভুতভাষাবিৎ স প্রোক্তো যস্তু কোবিদঃ।
নানাদেশ্যাসু ভাষাসু সংস্কৃতে প্রাকৃতেষু চ ॥ ২৯ ॥

শেষঃ ॥ ২৭ ॥

তথাপি শৃঙ্গারাখ্যস্য মহারসস্য তু পরমোদ্বোধকং তদিত্যাশয়েনাহ তদা-ত্বেতি। তৎকালস্তু তদাত্বং স্যাদিত্যমরঃ। ঈষদর্থে দরাব্যয়মিতি চ ॥ ২৮ ॥

চকারঃ পশ্বাদিভাষামপি গৃহ্লাতি ॥ ২৯ ॥

নূতন বিলাসবিশিষ্ট কৈশোর বয়সই শ্রীকৃষ্ণের প্রশস্ত বয়স্ বলিয়া পরিগণিত ॥ ২৭ ॥

যথা।

সম্প্রতি শ্রীকৃষ্ণের তারুণ্যারম্ভের বেগ অভিব্যক্ত হইয়া হাস্য শোভাদ্বারা অমল পূর্ণচন্দ্রের দর্প তিরস্কৃত করত ঈষৎ উন্নত কন্দর্পকলায় মেদুর মদিরাক্ষীদিগের অর্থাৎ স্নিগ্ধ অঙ্গ-নাক্ষীগণের মনোমধ্যে হর্ষ বিধান করিতেছে ॥ ২৮ ॥

অথ বিবিধাদ্ভুতভাষাবিৎ ॥ ৭ ॥

যে ব্যক্তি নানাদেশীয় ভাষা তথা সংস্কৃত, প্রাকৃত ও পশ্বাদির ভাষা সকলে সুপণ্ডিত তাহাকে বিবিধাদ্ভুত ভাষা-বিৎ বলা যায় ॥ ২৯ ॥

যথা—

ব্রজযুবতিষু শৌরিঃ শৌরসেনীং সুরেন্দ্রে
প্রণতশিরসি সৌরীং ভারতীমাতনোতি।
অহহ পশুষু কীরেষ্বপ্যপভ্রংশরূপাং
কথমজনি বিদগ্ধঃ সর্ব্বভাষাবলীষু॥

সত্যবাক্যঃ॥ ৮॥

স্যান্নানৃতং বচো যস্য সত্যবাক্যঃ স ভণ্যতে॥

ব্রজযুবতিষ্বিতি। ব্রজস্থবিদগ্ধবৃদ্ধাবচনং। অত্র শৌরিরিতি প্রাগয়ং বসুদেব-সোত্যাদি শ্রীগর্গবাক্যানুসারেণ তত্র ব্রজযুবত্যোর্মুখ্যত্বেনোপলক্ষণান্যেব। ব্রজ-বাসিষ্বিত্যপি জ্ঞেয়ং। শৌরসেনীং তদ্দেশ্যাং প্রাকৃতবিশেষঞ্চ। প্রায়স্তয়োরৈ-ক্যাৎ। সৌরীং দৈবীং সংস্কৃতরূপাং। পশুষু গোমহিষ্যাদিষু। কীরেষু কাশ্মীর-দেশীয়মনুষ্যেষু শুকেষু চ অপভ্রংশরূপাং পৈশাচিকাখ্যপ্রাকৃতবিশেষতত্তদ্ভাষাং যথাসম্ভবং॥ ৩০॥

যথা॥

কোন ব্রজস্থ বিদগ্ধ বৃদ্ধা গোপী কহিলেন, কি আশ্চর্য্য! শৌরি শ্রীকৃষ্ণ ব্রজযুবতিগণে শৌরসেনী (প্রাকৃত), প্রণত দেববৃন্দে সংস্কৃত, গোমহিষ্যাদি পশু তথা কাশ্মীরদেশীয় মনুষ্য সকলে ও শুক প্রভৃতি পক্ষিবৃন্দে অপভ্রংশরূপ পৈশাচী প্রাকৃতভাষা সকল বিস্তার করিতেছেন, অতএব হে গোপীগণ! সর্ব্ব প্রকার ভাষায় শ্রীকৃষ্ণ কি প্রকারে বিদগ্ধ হইলেন॥

সত্যবাক্য॥ ৮॥

যাহার বাক্য মিথ্যা হয় না, তাঁহাকে সত্যবাক্য বলিয়া কীর্ত্তন করা যায়॥

যথা ॥

পৃথে তনয়পঞ্চকং প্রকটমর্পয়িষ্যামি তে
রণাদ্বরিতমিত্যভূত্তব যথার্থমেবোদিতং।
রবির্ভবতি শীতলঃ কুমুদবন্ধুরপ্যুজ্জ্বল—
স্তথাপি ন মুরান্তক ব্যভিচরিষ্ণুরুক্তিস্তব ॥ ৩০ ॥

যথা বা ॥

গূঢ়োঽপি বেশেন মহীসুরস্য
হরির্যথার্থং মগধেন্দ্রমূচে।
সংস্পৃষ্টমাভ্যাং সহ পাণ্ডবাভ্যাং
মাং বিদ্ধি কৃষ্ণং ভবতঃ সপত্নং ॥

বক্ষ্যমাণসত্যপ্রতিজ্ঞত্বেন পৌনরুক্ত্যমাশঙ্ক্যাহ যথাবেতি। সংস্পৃষ্টং মিলি-

---

যথা ॥

"হে পৃথে! (কুন্তি!) তোমার এইটী তনয় রণক্ষেত্র হইতে প্রত্যানয়নপূর্ব্বক তোমাকে অর্পণ করিব," হে মুরান্তক! তোমার এই বাক্য যথার্থ হইল, কেন না রবি যদি শীতল হয়েন ও কুমুদবন্ধু (চন্দ্র) যদি উষ্ণ হয়েন তথাচ কখন তোমার বাক্যের ব্যভিচার হয় না ॥ ৩০ ॥

যথা বা ॥

শ্রীকৃষ্ণ ব্রাহ্মণবেশে গূঢ় হইয়াও জরাসন্ধকে যথার্থই কহিয়াছিলেন হে মগধেন্দ্র! এই দুই জন পাণ্ডবের সহিত আমি তোমার সেই চিরশত্রু কৃষ্ণ, অবগত হও ॥

প্রিয়ম্বদঃ ॥ ৯ ॥

জনে কৃতাপরাধেঽপি সান্ত্ববাদী প্রিয়ম্বদঃ ॥ ৩১ ॥

যথা ॥

কৃতব্যলীকেঽপি ন কুণ্ডলীন্দ্র।
ত্বয়া বিধেয়া ময়ি দোষদৃষ্টিঃ।
প্রবাস্যমানোঽসি সুরার্চ্চিতানাং
পরং হিতায়াদ্য গবাং কুলস্য ॥ ৩২ ॥

বাবদূকঃ ॥ ১০ ॥

শ্রুতিপ্রেষ্ঠোক্তিরখিলবাগ্গুণান্বিতবাগপি।

জং ॥ ৩১ ॥

পীড়ার্থেঽপি ব্যলীকং স্যাদিত্যমরঃ ॥ ৩২ ॥

শ্রুতীতি। শব্দমাধুরী দর্শিতা অখিলেত্যর্থপরিপাটী ॥ ৩৩ ॥

প্রিয়ম্বদ ॥ ৯ ॥

অপরাধিজনের প্রতিও যিনি সান্ত্বনা বাক্য প্রয়োগ করেন তাহাকে প্রিয়ম্বদ বলা যায় ॥ ৩১ ॥

যথা।

শ্রীকৃষ্ণ কালিয় নাগকে কহিলেন হে কুণ্ডলীন্দ্র! আমি তোমাকে পীড়া প্রদান করিলেও তুমি আমার প্রতি দোষ দৃষ্টি করিও না, কারণ অমরার্চ্চিত গোসকলের পরম হিতাভিলাষী হইয়াই তোমাকে উদ্বাসন করিলাম ॥ ৩২ ॥

বাবদূক ॥ ১০ ॥

শ্রবণপ্রিয় ও অখিল গুণান্বিত অর্থাৎ অর্থ-পরিপাটী-যুক্ত

ইতি দ্বিধা নিগদিতো বাবদূকো মনীষিভিঃ ॥ ৩৩ ॥

তত্রাদ্যো যথা—

অশ্লিষ্টকোমলপদাবলিমঞ্জুলেন
প্রত্যক্ষরক্ষরদমন্দসুধারসেন।
সখ্যঃ সমস্তজনকর্ণরসায়নেন
নাহারি কস্য হৃদয়ং হরিভাষিতেন ? ॥ ৩৪ ॥

দ্বিতীয়ো যথা—

অশ্লিষ্টেত্যাদিকং ব্রজেন্দ্রগোষ্ঠীষু মহেন্দ্রমখভঙ্গার্থং শ্রীহরিবচনহৃতমনস্কায়াঃ কস্যাশ্চিদ্বন্দিজনাঙ্গনায়াঃ স্বসখীঃ প্রতি বচনং। তত্রাশ্লিষ্টেত্যুচ্চারণমাধুরী। প্রত্যক্ষরেতি বর্ণবিশেষবিন্যাসমাধুরী সমস্তেতি স্বরমাধুরী ॥ ৩৩ ॥

প্রতিবাদিত্যাদিকং শ্রীমদুদ্ধববাক্যং। অত্র প্রতিবাদীত্যুপন্যাসপরিপাটী।

এই দুই প্রকার বাক্যকে পণ্ডিতগণ বাবদূক বলিয়া কীর্ত্তন করিয়াছেন ॥ ৩৩ ॥

তন্মধ্যে শ্রবণপ্রিয় বাক্য যথা ॥

ব্রজরাজ সভামধ্যে শ্রীকৃষ্ণকে ইন্দ্রমখ ভঙ্গ প্রস্তাবার্থ বিবিধ প্রকার বাক্য প্রয়োগ করিবে তত্রত্য কোন বন্দিজনের স্ত্রী ঐ বাক্যদ্বারা হৃতমনা হইয়া আপনার সখীদিগকে কহিল হে সখীবৃন্দ ! অদ্য গোপসভামধ্যে শ্রীকৃষ্ণ সুস্পষ্ট কোমল পদাবলীদ্বারা যাহা মনোজ্ঞ, তথা প্রত্যক্ষরে অমন্দরূপে সুধা-স্রাবি ও সমস্ত জন গণের কর্ণ রসায়ন যে বাক্য প্রয়োগ করি-লেন, তদ্দ্বারা কাহার হৃদয় অপহৃত না হয় ? ॥ ৩৪ ॥

দ্বিতীয় অর্থাৎ অখিলগুণান্বিত বাক্য যথা ॥

প্রতিবাদিচিত্তপরিবৃত্তিপটু-
র্জগদেকসংশয়বিমর্দ্দকরী।
প্রমিতাক্ষরাদ্য বিবিধার্থময়ী
হরিবাগিয়ং মম ধিনোতি ধিয়ং ॥ ৩৫ ॥

স্থপাণ্ডিত্যং ॥ ১১ ॥

বিদ্বান্নীতিজ্ঞ ইত্যেষ সুপাণ্ডিত্যো দ্বিধা মতঃ।
বিদ্বানখিলবিদ্যাবিন্নীতিজ্ঞস্তু যথার্হকৃৎ ॥ ৩৬ ॥

তত্র্যাদ্যো যথা ॥

জগদিতি যুক্তিপরিপাটী। প্রকর্ষেণ মিতানি অব্যর্থানি সপ্রমাণানি বা অক্ষরাণি যস্যামিতি যাথার্থ্যপরিপাটী। বিবিধঃ নানোপহাসসমাধানবিচিত্রোঽর্থো যস্যাং সেতি প্রতিভাপরিপাটী দর্শিতা ॥ ৩৫ ॥

অখিলবিদ্যাবিদিতি শাস্ত্রীয়জ্ঞানমাত্রমুক্তং। যথার্হকৃদিতি। তত্রাপি কর্ত্তব্যেষু নিশ্চয়জ্ঞানং দর্শিতং ॥ ৩৬ ॥

উদ্ধব কহিলেন, যাহা প্রতিবাদিগণের চিত্ত পরিবর্ত্তন করণে পটু, যাহা জগতের অশেষ সংশয়চ্ছেদনকারী এবং যাহা পরিমিতাক্ষর ও বিবিধ অর্থশালী সেই হরিবাক্য আমার অন্তঃকরণকে অতিশয়রূপে সুখ প্রদান করিতেছে ॥ ৩৫ ॥

অথ সুপাণ্ডিত্য ॥ ১১ ॥

সুপাণ্ডিত্য নায়ক দুইপ্রকার বিদ্বান্ এবং নীতিজ্ঞ। অখিলবিদ্যাবিদ্‌কে বিদ্বান্ ও যথাযোগ্য কর্ম্মকারিকে নীতিজ্ঞ কহে ॥ ৩৬ ॥

তন্মধ্যে বিদ্বান্ যথা ॥

যং সুষ্ঠু পূর্ব্বং পরিচর্য্য গৌরবাৎ
পিতামহাদ্যম্বুধরৈঃ প্রবর্ত্তিতাঃ।
কৃষ্ণার্ণবং কাশ্যগুরুক্ষমাভৃত-
স্তমেব বিদ্যাসরিতঃ প্রপেদিরে ॥ ৩৭ ॥

যথা বা ॥

আম্নায়প্রথিতান্বয়া স্মৃতিমতী বাঢ়ং ষড়ঙ্গোজ্জ্বলা
ন্যায়েনানুগতা পুরাণসুহৃদা মীমাংসয়া মণ্ডিতা।

যং সুষ্ঠ্বিতি শ্রীনারদবাক্যং কাশ্যঃ মথুরবংশবৎ। কাশীদেশীয়োত্তব সান্দীপনিঃ ॥ ৩৭ ॥

আম্নায়েতি সিদ্ধচারণাদীনাং স্তুতিঃ। বিদ্যাপক্ষে আম্নায়ৈশ্চতুর্ভির্বেদৈঃ। প্রথিতো বিস্তারিতোঽন্বয়ো ব্যুৎপত্তির্যস্যাঃ। স্মৃতির্মন্বাদিঃ। শিক্ষা কল্পো ব্যাকরণং জ্যোতিষং ছন্দ এবচ। নিরুক্তঞ্চ নিরুক্তানি ষড়ঙ্গানি মনীষিভিঃ ‡। ন্যায়স্তর্কশাস্ত্রং। পুরাণং শ্রীভাগবতাদি। মীমাংসা পূর্ব্বোত্তররূপা। তদেতদনু-

নারদ কহিলেন, পূর্ব্বে ব্রহ্মাপ্রভৃতিরূপ মেঘগণ সগৌরবে পরিচর্য্যা দ্বারা যে কৃষ্ণার্ণব হইতে বিদ্যাসরিৎ প্রবর্ত্তিত করিয়াছিলেন, সেই সকল বিদ্যানদী এক্ষণে সান্দীপনি রূপ পর্ব্বত হইতে পুনরায় কৃষ্ণার্ণবে পতিত হইল ॥ ৩৭ ॥

অথবা ॥

সিদ্ধ ও চারণগণ স্তুতিপূর্ব্বক কহিলেন, হে গোবিন্দ! যাঁহার চারি বেদে বিস্তৃত বুদ্ধি, যিনি মন্বাদিস্মৃতিশাস্ত্রে মতি-শালিনী, যিনি ষড়ঙ্গে অর্থাৎ শিক্ষা, কল্প, ব্যাকরণ জ্যোতিষ,

‡ ছন্দোঽনুষ্টুবাদিপ্রতিপাদনং। শ্রৌতপ্রতিপাদনপরঃ কল্পঃ। শিক্ষা বর্ণনির্ণয়াত্মিকা। নিরুক্তং অপূর্ব্বার্থপ্রতিপাদকং। ব্যাকরণঞ্চ সুপদ স্বরাদিপ্রতিপাদকং। জ্যোতিষং অধ্যয়নতদনুষ্ঠানকালনির্ণায়কং ॥

ত্বাং লব্ধাবসরা চিরাদ্‌গুরুকুলে প্রেক্ষ্য স্বসঙ্গার্থিনং
বিদ্যানামবধূশ্চতুর্দ্দশ গুণা গোবিন্দ শুশ্রূষতে ॥ ৩৮ ॥

দ্বিতীয়ো যথা ॥

মৃত্যুস্তস্করমণ্ডলে সুকৃতিনাং বৃন্দে বসন্তানিলঃ
কন্দর্পো রমণীষু দুর্গতকুলে কল্যাণকল্পদ্রুমঃ।

সারেণ চতুর্দ্দশ গুণাঃ অঙ্গানি বেদাশ্চত্বারো মীমাংসা ন্যায়বিস্তরঃ। ধর্ম্মশাস্ত্রং পুরাণঞ্চ বিদ্যা হেতাশ্চতুর্দ্দশ ইতিপ্রমাণপ্রাপ্তাঃ। বধূপক্ষে। আম্নায়ঃ সৎকুলতা। অন্বয়ো বংশঃ। স্মৃতির্মেধা। ষড়ঙ্গানি শিরোমধ্যভাগৌ হস্তপাদৌ চেতি ন্যায়ো নীতিঃ। পুরাণা বৃদ্ধাঃ সুহৃদঃ সহায়া যস্যাং তয়া মীমাংসয়া বিচারেণ মণ্ডিতা। গুরুরত্র পিত্রাদিঃ। সংকুলে বর্ত্তমানমিত্যর্থঃ। চতুর্দ্দশ তাবদ্বিদ্যাত্মিকা গুণা যস্যা ইতি ॥ ৩৮ ॥

মধুপুরীং নিত্যা মধূনাং পতিরিতোব পাঠোঽত্র যোগ্যঃ। মহারাজোচিতাবর্ণনাৎ। অত্র মধুপুরীমিতি পুরদ্বয়স্যোপলক্ষণত্বেন দ্বারকাপি মধূনাং পুরী

ছন্দ ও নিরুক্ত এই ছয় অঙ্গে উজ্জ্বলা, যিনি ন্যায় অর্থাৎ তর্কশাস্ত্রের অনুগামিনী, যাঁহার পুরাণ শাস্ত্রই সুহৃদ্ এবং যিনি মীমাংসাশাস্ত্রে ভূষিতা সেই চতুর্দ্দশগুণশালিনী বিদ্যাবধূ অবসরলাভপূর্ব্বক গুরুকুলে তোমাকে স্বীয় সঙ্গার্থি দেখিয়া শুশ্রূষা করিয়াছেন ॥ ৩৮ ॥

নীতিজ্ঞ যথা ॥

ব্রজেন্দ্রনন্দন তস্করমণ্ডলে মৃত্যুরূপ, পুণ্যবান্ জনসমূহে বসন্তানীল সদৃশ, রমণীবৃন্দে কন্দর্প তুল্য, দরিদ্রকুলে কল্যাণ কল্পবৃক্ষ সম, বন্ধুবর্গে চন্দ্রস্বরূপ ও বিপক্ষপক্ষে কালাগ্নি

ইন্দুর্বন্ধুগণে বিপক্ষপটলে কালাগ্নিরুদ্রাকৃতিঃ
শাস্তি স্বস্তিধুরন্ধরো ব্রজপুরীং নীত্যা ব্রজেন্দ্রাত্মজঃ॥

বুদ্ধিমান্॥ ১২॥

মেধাবী সূক্ষ্মধীশ্চেতি প্রোচ্যতে বুদ্ধিমান্ দ্বিধা॥ ৩৯॥

তত্র মেধাবী যথা॥

অবন্তিপুরবাসিনঃ সদনমেত্য সান্দীপনে-
র্গুরোর্জগতি দর্শয়ন্ সময়মত্র বিদ্যার্থিনাং;
সকৃন্নিগদমাত্রতঃ সকলমেব বিদ্যাকুলং
দধৌ হৃদয়মন্দিরে কিমপি চিত্রবন্মাধবঃ॥ ৪০॥

ভবতীতি যোগবৃত্ত্যা বা দ্বারকাপি জ্ঞেয়া॥ ৩৯॥
সময়মাচারং দর্শয়ন্ শিক্ষয়ন্। সময়াঃ সপথাচারকালসিদ্ধান্তসম্বিদ ইতি অমরনানার্থবর্গাৎ॥ ৪০॥

রুদ্রসম হইয়া নীতিদ্বারা ব্রজপুরী শাসন করিতেছেন॥

অথ বুদ্ধিমান্॥ ১২॥

বুদ্ধিমান্ দুই প্রকার, মেধাবী এবং সূক্ষ্মবুদ্ধি॥ ৩৯॥

তন্মধ্যে মেধাবী যথা॥

শ্রীকৃষ্ণ অবন্তিপুরবাসি সান্দীপনি গুরুর গৃহে গমনপূর্ব্বক জগতীতলে সমুদায় বিদ্যার্থিগণকে আচার দেখাইবার জন্য গুরুর নিকট হইতে একবার মাত্র উপদিষ্ট হইয়াই নিখিল বিদ্যাকে হৃদয়মন্দিরে ধারণ করিয়া আশ্চর্য্য প্রদর্শন করাইতে লাগিলেন॥ ৪০॥

সূক্ষ্মধীর্যথা ॥

যদুভিরয়মবধ্যো ম্লেচ্ছরাজস্তদেনং
তরলতমসি তস্মিন্ বিদ্রবন্নেব নেষ্যে।
সুখময়নিজনিদ্রাভঞ্জনধ্বংসিদৃষ্টি-
র্ধ্রমুচি মুচুকুন্দঃ কন্দরে যত্র শেতে ॥

প্রতিভান্বিতঃ ॥ ১৩ ॥

সদ্যো নবনবোল্লেখিজ্ঞানঃ স্যাৎ প্রতিভান্বিতঃ।

যথা পদ্যাবল্যাং ॥

কথম্ভূতে তরলং ভাস্বরং বস্ত্বন্তরাচ্ছাদকপ্রকাশং তমো যত্র তাদৃশে। মৎ-

---

সূক্ষ্মধীর্যথা ॥

ম্লেচ্ছরাজকে মথুরাপুরী অবরোধ করিতে দেখিয়া শ্রীকৃষ্ণ মনোমধ্যে বিবেচনা করিলেন, এত যদুগণের অবধ্য, কোন উপায়দ্বারা ইহাকে বিনাশ করা উচিত, মুচুকুন্দ যে অন্ধকার পর্ব্বতকন্দরে নিদ্রিত আছেন, ইহাকে তথায় লইয়া গিয়া ইহার দ্বারা তাঁহার নিদ্রা ভঙ্গ করি, তাহা হইলে ঐ মুচুকুন্দের দৃষ্টিমাত্রেই এ যবন ভস্মীভূত হইবে, অতএব পলায়নপূর্ব্বক তথায় লইয়া যাই ॥

প্রতিভান্বিত ॥ ১৩ ॥

সদ্যই নব নব উল্লেখকারিজ্ঞানশালিকে প্রতিভান্বিত কহে অর্থাৎ কোন প্রস্তাব উপস্থিত হইলে তৎক্ষণাৎ তাহাতে নূতন নূতন উত্তর প্রদান করার নাম প্রতিভা ॥

যথা পদ্যাবলীতে ॥

বাসঃ সম্প্রতি কেশব ক ভবতো মুগ্ধেক্ষণে নন্বিদং
বাসং ব্রূহি শঠ প্রকামসুভগে ত্বদ্‌গাত্রসংসর্গতঃ।
যামিন্যামুষিতঃ ক ধূর্ত্ত বিতনুর্মুষ্ণাতি কিং যামিনী-

প্রবেশমাত্রেণ চঞ্চলীভূততমসীতি বার্থঃ। তরলশ্চঞ্চলে খড়্গে হারমধ্যমণাবপি ভাস্বরে ইতি বিশ্বঃ। ঝরমুচীতি নিদ্রাসৌখ্যসামগ্রীণামুপলক্ষণং। তাশ্চ তদীয়-যোগপ্রভাবাদ্যথাবসরমেব জায়ন্ত ইতি জ্ঞেয়ং কিন্তু ণ নেত্রস্য সূক্ষ্মদর্শিত্ববদ্বুদ্ধে-রপি সূক্ষ্মবিচারিত্বং জ্ঞাপিতং তেন চ সহ মান্যাপরামৃশ্যো বস্তুনি প্রবেশিবুদ্ধিত্বং সূক্ষ্মধীত্বমুদাহৃতং ॥ ৪১ ॥

এক দিবস প্রাতঃকালে শ্রীকৃষ্ণ শ্রীরাধার নিকট আগমন করিলে শ্রীরাধা জিজ্ঞাসা করিলেন হে কেশব! সম্প্রতি তোমার বাস (বস্ত্র) কোথায়, এই প্রশ্নে শ্রীকৃষ্ণ বাসশব্দের বস্ত্রার্থ পরিত্যাগ করিয়া বসতি সম্ভাবনায় উত্তর করিলেন, হে মুগ্ধে! তোমার ঈক্ষণে অর্থাৎ ত্বদীয় নেত্রে আমার বাস, পুনরায় শ্রীরাধা কহিলেন, হে শঠ! আমি তোমার বসতির কথা জিজ্ঞাসা করি নাই, তোমার বাস অর্থাৎ বস্ত্র কোথায়? তাহাতেও শ্রীকৃষ্ণ বাস শব্দের গন্ধার্থ উল্লেখ করিয়া কহিলেন হে সুভগে! তোমার গাত্র সংসর্গ নিমিত্ত এই বাস (গন্ধ) হইয়াছে, পুনশ্চ শ্রীরাধা জিজ্ঞাসা করিলেন, হে ধূর্ত্ত! কোথায় "যামিন্যামুষিতঃ" অর্থাৎ যামিনী যাপন করিলা শ্রীকৃষ্ণ "যামিন্যা, মুষিত" এই দুই পদ ভিন্ন করিয়া উত্তর করিলেন, প্রিয়ে! তনুহীন যামিনী কি কখন হরণ করিতে পারে, এই রূপ ছলপূর্ব্বক গোপবধূকে পরিহাসকারী শ্রীকৃষ্ণ চিরকাল

ত্যেবং গোপবধূং ছলৈঃ পরিহসন্ কৃষ্ণশ্চিরং পাতু বঃ ॥

বিদগ্ধঃ ॥ ১৪ ॥

কলাবিলাসদিগ্ধাত্মা বিদগ্ধ ইতি কীর্ত্ত্যতে ॥

যথা ॥

গীতং গুম্ফতি তাণ্ডবং ঘটয়তি ব্রূতে প্রহেলীক্রমং
বেণুং বাদয়তে স্রজং বিরচয়ত্যালেখ্যমভ্যস্যতি।
নির্ম্মাতি স্বয়মিন্দ্রজালপটলীং দ্যূতে জয়ত্যুন্মনান্।
পশ্যোদ্দামকলাবিলাসবসতিশ্চিত্রং হরিঃ ক্রীড়তি ॥

চতুরঃ ॥ ১৫ ॥

চতুরো যুগপদ্ভূরিসমাধানকৃদুচ্যতে ॥ ৪১ ॥

যথা ॥

তোমাদিগকে রক্ষা করুন ॥

বিদগ্ধ ॥ ১৪ ॥

শিল্প বিলাসাদিতে যুক্তচিত্ত ব্যক্তির নাম বিদগ্ধ।

যথা ॥

সখি! সন্দর্শন কর, শ্রীকৃষ্ণ, গীতনির্ম্মাণ তাণ্ডব- (নৃত্য)- রচনা, প্রহেলীকথন, বেণুবাদন, মালাগ্রন্থন, চিত্র কর্ম্ম অভ্যাস স্বয়ং ইন্দ্রজাল সকল নির্ম্মাণ এবং উন্মত্ত ব্যক্তিদিগকে দ্যূতে পরাজয় করত অতিশয় শিল্পকলার বসতিস্থল হইয়া আশ্চর্য্য রূপে ক্রীড়া করিতেছেন ॥

অথ চতুর ॥ ১৫ ॥

এক কালে অনেক কার্য্যের সমাধান কারিকে চতুর কহে ॥

যথা ॥

পারাবতীবিরচনেন গবাং কলাপং
গোপাঙ্গনাগণমপাঙ্গতরঙ্গিতেন।
মিত্রাণি চিত্রতরসঙ্গরবিক্রমেণ
ধিম্বন্নরিষ্টভয়দেন হরির্বিরেজে॥

দক্ষঃ॥ ১৬॥

দুষ্করে ক্ষিপ্রকারী যস্তং দক্ষং পরিচক্ষতে।

যথা শ্রীদশমে॥

যানি যোধৈঃ প্রযুক্তানি শস্ত্রাণি চ কুরূদ্বহ।
হরিস্তান্যচ্ছিনত্তীক্ষ্ণৈঃ শরৈরেকৈকশস্ত্রিভিঃ॥ ৪২॥

পারাবতী গোপগীতিঃ। অরিষ্টভয়দেনেতি সর্ব্বত্র যোজ্যং॥ ৪২॥

সখি! শ্রীকৃষ্ণের আশ্চর্য্য লীলা সন্দর্শন কর, গোপজাতীয় গীতিরচনাদ্বারা গাভীবৃন্দকে, অপাঙ্গভঙ্গীদ্বারা গোপাঙ্গনাগণকে এবং অরিষ্টভয়প্রদ বিচিত্র যুদ্ধ বিক্রমদ্বারা সখীগণকে এক কালীন সুখ প্রদান করত হরি অতিশয়রূপে বিরাজ করিতেছেন॥ ৪১॥

অথ দক্ষ॥ ১৬॥

যে ব্যক্তি দুঃসাধ্য কার্য্য শীঘ্র সম্পাদিত করিতে পারে তাহাকে দক্ষ বলে॥

যথা দশমে ৫৯ অধ্যায়ে ১৩ শ্লোকে॥

শুকদেব কহিলেন, হে কৌরব্য! যোদ্ধৃগণ যে সকল অস্ত্র শস্ত্র নিক্ষিপ্ত করিয়াছিল, শ্রীকৃষ্ণ তীক্ষ্ণশরদ্বারা এক এক করিয়া তৎসমুদায় ছেদন করিলেন॥ ৪২॥

যথা বা ॥

অঘহর কুরু যুগ্মীভূয় নৃত্যং ময়ৈব
ত্বমিতি নিখিলগোপীপ্রার্থনাপূর্ত্তিকামঃ ।
অতনুত গতিলীলালাঘবোর্ম্মিং তথাসৌ
দদৃশুরধিকমেতাস্তং যথা স্বস্বপার্শ্বে ॥

কৃতজ্ঞঃ ॥ ১৭ ॥

কৃতজ্ঞঃ স্যাদভিজ্ঞো যঃ কৃতসেবাদিকর্ম্মণাং ।

যথা মহাভারতে ॥

ঋণমেতং প্রবৃদ্ধং মে হৃদয়ান্নাপসর্পতি ।

অধিকমত্যর্থং নিঃসংশয়ং যথা স্যাত্তথা দদৃশুঃ ॥ ৪৩॥

হে অঘহর ! "আমার সহিত যুগল হইয়া নৃত্য কর" এই রূপে প্রত্যেক গোপী প্রার্থনা করিলে শ্রীকৃষ্ণ তাঁহাদের কামনাপূরণার্থ এমত গতি লীলার ক্ষিপ্রতা বিস্তার করিয়াছিলেন যে, তাহাতে ঐ সকল গোপী স্বস্বপার্শ্বেই শ্রীকৃষ্ণকে অবলোকন করিয়াছিলেন ॥

কৃতজ্ঞ ॥ ১৭ ॥

কৃত সেবাদি কর্ম্মসকলের অভিজ্ঞ অর্থাৎ এ ব্যক্তি আমার এই প্রকার সেবা করিয়াছে, ইহা যিনি জানেন তাঁহাকে কৃতজ্ঞ বলা যায় ॥

যথা মহাভারতে ॥

শ্রীকৃষ্ণ কহিলেন, আমি দূরবর্ত্তী থাকাতে দ্রৌপদী যে

যদ্গোবিন্দেতি চুক্রোশ কৃষ্ণা মাং দূরবাসিনং ॥ ৪৩ ॥

যথা বা ॥

অনুগতিমতিপূর্ব্বাং চিন্তয়ন্নৃক্ষমৌলে-
রকুরুত বহুমানং শৌরিরাদায় কন্যাং।
কথমপি কৃতমল্পং বিস্ময়ন্নেব সাধুঃ
কিমুত স খলু সাধুশ্রেণিচূড়াগ্ররত্নং ॥

সুদৃঢ়ব্রতঃ ॥ ১৮ ॥

প্রতিজ্ঞানিয়মৌ যস্য সত্যৌ স সুদৃঢ়ব্রতঃ ॥ ৪৪ ॥

অনুগতিমিত্যত্রাতিপূর্ব্বমিতি সাম্প্রতং মহাপরাধমপ্যচিন্তয়ন্নিতি ধ্বনার্থঃ ॥ ৪৪ ॥

হে "গোবিন্দ"! এই বলিয়া উচ্চস্বরে আমাকে আহ্বান করিয়াছিলেন, এই ঋণ আমার হৃদয়ে বৃদ্ধি পাইতেছে, কোন ক্রমে ক্ষীণ হইতেছে না ॥ ৪৩ ॥

যথা বা

শ্রীকৃষ্ণ জাম্ববানের অতি পূর্ব্বকালীন সেবা স্মরণ করিয়া তদীয় কন্যার পাণিগ্রহণপূর্ব্বক ঐ ঋক্ষরাজকে বহুবিধ সম্মান করিলেন, কারণ সাধুজনের অত্যল্প সেবা করিলে তাহা যখন তাঁহারা বিস্মৃত হয়েন না, তখন সাধুশ্রেণীর চূড়ারত্ন শ্রীকৃষ্ণ জাম্ববানের ঐ সেবা কি প্রকারে বিস্মৃত হইবেন ॥

সুদৃঢ় ব্রত ॥

প্রতিজ্ঞা ও নিয়ম এই দুইটী যাহার সত্য হয় তাহাকে সুদৃঢ় ব্রত কহে ॥ ৪৪ ॥

তত্র সত্যপ্রতিজ্ঞো যথা।

হরিবংশে ॥

ন দেবগন্ধর্ব্বগণা ন রাক্ষসা

নচাসুরা নৈবচ যক্ষপন্নগাঃ।

মম প্রতিজ্ঞামপহন্তুমুদ্যতা

মুনে সমর্থাঃ খলু সত্যমস্তু তে ॥ ৪৫ ॥

যথা বা ॥

সখেন্দ্রমাখণ্ডলপাণ্ডুপুত্রৌ

বিধায় কংসারিরপারিজাতৌ।

মুনে হে নারদ! সত্যং শপথতথ্যয়োরিত্যমরঃ ॥ ৪৫ ॥

ইন্দ্রপক্ষে অপারিজাতত্বং পারিজাতরাহিত্যং। পাণ্ডবপক্ষে অপগতশত্রুসমূহত্বং। সুখমিতি। অত্র। ত্রিষু দ্রব্যে পাপং পুণ্যং সুখাদি চেত্যমরকোষাৎ। সুখমহমস্বাপ্সমিত্যাদৌ ক্রিয়ায়াস্তদাধিকরণত্বাদ্ধর্ম্মিপরত্বেনাপি সুখশব্দস্য

তন্মধ্যে সত্যপ্রতিজ্ঞ যথা হরিবংশে ॥

পারিজাতহরণে শ্রীকৃষ্ণ নারদকে কহিলেন, হে দেবর্ষে! কি দেব, কি গন্ধর্ব্ব, কি নাগ, কি রাক্ষস, কি অসুর, কি যক্ষ, কি পন্নগ, ইহারা সকলেই আমার প্রতিজ্ঞা বিনষ্ট করিতে উদ্যত হইয়াছিল, কিন্তু কেহই সমর্থ হয় নাই, অতএব তোমার নিকট আমার এই প্রতিজ্ঞা সত্যই জানিবে ॥ ৪৫ ॥

যথা বা ॥

শ্রীকৃষ্ণ স্বীয়প্রতিজ্ঞা সফলার্থ ইন্দ্র ও অর্জ্জুন এই দুই জনকে অবলীলা ক্রমে অপারিজাত বিধান করিয়া অর্থাৎ

নিজপ্রতিজ্ঞাং সফলাং দধানঃ
সত্যাঞ্চ কৃষ্ণাঞ্চ সুখামকার্ষীৎ ॥ ৪৬ ॥

সত্যনিয়মো যথা ॥

গিরেরুদ্ধরণং কৃষ্ণ দুষ্করং কর্ম্ম কুর্ব্বতা।
মদ্ভক্তঃ স্যান্ন দুঃখীতি স্বব্রতং বিবৃতং ত্বয়া ॥ ৪৭ ॥

দেশকালসুপাত্রজ্ঞঃ ॥ ১৯ ॥

দেশকালসুপাত্রজ্ঞঃ তত্তদ্‌যোগ্যক্রিয়াকৃতী ॥ ৪৮ ॥

দৃষ্টত্বাৎ। তচ্চার্শাদিত্বান্মত্ববাৎ ॥ ৪৬ ॥

সত্যনিয়ম ইতি সর্ব্বদাতনত্বাৎ কাচিৎক্যাঃ প্রতিজ্ঞায়া ভিদাতেহসৌ। গিরেরুদ্ধরণমিতি মহেন্দ্রবাক্যং ॥ ৪৭ ॥

দেশকালসুপাত্রজ্ঞ ইতি দেশকালগ্রহণং পাত্রার্থমেব কৃতং। অতঃ পাত্রস্যৈবাত্র প্রাধান্যং বিবক্ষিতং। যতস্তাদৃশপাত্রাভাবে দেশকালয়োরপ্যকিঞ্চিৎকরত্বমভি-প্রেতং। অতঃ সুশব্দোহপ্যত্রৈব কৃতঃ। অতঃ সমুদায়স্যাপেক্ষিতত্বাদেক এব

ইন্দ্রকে পারিজাতশূন্য ও অর্জ্জুনকে অরিশূন্য করিয়া সত্যভামা ও দ্রৌপদীর সুখ বিস্তার করিয়াছিলেন ॥ ৪৬ ॥

সত্যনিয়ম যথা ॥ ১৯ ॥

দেবরাজ কহিলেন, হে কৃষ্ণ! "আমার ভক্ত কখনও দুঃখিত হয় না" এই যে তোমার নিজ ব্রত, তাহা গিরি-উদ্ধরণরূপ দুষ্কর কর্ম্ম সাধন করিয়া বিস্তার করিলে ॥ ৪৭ ॥

দেশকালসুপাত্রজ্ঞ ॥ ২০ ॥

যে ব্যক্তি দেশ কাল পাত্র বিবেচনা করিয়া কর্ম্ম করেন তাঁহাকে দেশকালসুপাত্রজ্ঞ বলা যায় ॥ ৪৮ ॥

যথা ॥

শরজ্জ্যোৎস্নাতুল্যঃ কথমপি পরো নাস্তি সময়-
স্ত্রিলোক্যামাক্রীড়ঃ ক্বচিদপি ন বৃন্দাবনসমঃ।
ন কাপ্যম্ভোজাক্ষী ব্রজযুবতিকল্পেতি বিমৃশ-
ন্মনো মে সোৎকণ্ঠং মুহুরজনি রাসোৎসবরসে ॥

শাস্ত্রচক্ষুঃ ॥ ২০ ॥

শাস্ত্রানুসারিকর্ম্মা যঃ শাস্ত্রচক্ষুঃ স কথ্যতে ॥ ৪৯ ॥

গুণ উদাহৃতঃ। অন্যত্র তু দেশজ্ঞত্বাদিকাঃ পৃথগ্ গুণা অপি ভবেয়ুরিতি বিবেচনীয়ং ॥ ৪৮ ॥

ব্রহ্মা কহিলেন, হে ভগবন্! প্রকৃতি, মহৎ, অহঙ্কার আকাশ, বায়ু, তেজঃ, জল এবং পৃথিবী এই সকলে পরি-বেষ্টিত যে অণ্ড ঘট তাহাতে আত্মপরিমাণে সপ্তবিতস্তিমাত্র পরিমিত আমার শরীর আমি কোথায়? আর তোমার মহি-মাই বা কোথায়? অতএব ব্রহ্মাণ্ডবিগ্রহ বলিয়া আমি আপনাকে ঈশ্বর বলিতে পারি না। ব্রহ্মাণ্ড আমার শরীর বটে, কিন্তু এতাদৃশ অসংখ্য ব্রহ্মাণ্ডরূপ পরমাণু সকলের

বাতাধ্বরোমবিবরস্যচ কে মহিত্বং ॥ ১০৪ ॥

যথা বা ॥

তত্ত্বৈর্ব্রহ্মাণ্ডগাঢ়ং সুরকুলভুবনৈশ্চাঙ্কিতং যোজনানাং
পঞ্চাশৎকোটীথর্বিক্ষিতিখচিতমিদং যচ্চ পাতালপূর্ণং।
তাদৃগ্‌ব্রহ্মাণ্ডলক্ষায়ুতপরিচয়ভাগেককক্ষং বিধাত্রা
দৃষ্টং যস্যাত্র বৃন্দাবনমপি ভবতঃ কঃ স্তুতৌ তস্য শক্তঃ ॥১০৫

অবতারাবলীবীজং ॥ ৫৮ ॥

চর্যাতু পরমাণুপক্ষে বহিরন্তর্গত্যা গতিরূপা। ব্রহ্মাণ্ডপক্ষে যথাকালমাবির্ভাবলয়রূপা। বাতাধ্বা গবাক্ষঃ। ভগবৎপক্ষে রোমবিবরঃ সূক্ষ্মতমৈকদেশঃ। যদুক্তং বিষ্ণুপুরাণে। যস্যাযুতাযুতাংশাংশে বিশ্বশক্তিরিয়ং স্থিতেতি ॥ ১০৪ ॥

তদেতদেব বৃন্দাবনে দৃষ্টান্তেন দর্শয়তি যথা বেতি ॥ ১০৫ ॥

পরিভ্রমণার্থ গবাক্ষবৎ তোমার অঙ্গের প্রত্যেক রোমবিবর, সুতরাং আমি অতিতুচ্ছ, আমাকে অনুকম্পা কর ॥ ১০৪ ॥

যথা বা ॥

হে কৃষ্ণ! যে একটী ব্রহ্মাণ্ড প্রকৃতি ও মহৎপ্রভৃতি তত্ত্বে সম্মিলিত, দেবনিকরের ভুবনসমূহে অঙ্কিত, পঞ্চাশৎ কোটি যোজন ক্ষিতিমণ্ডলে খচিত এবং যাহা পাতালদ্বারা পরিপূর্ণ, এমত অযুত লক্ষ ব্রহ্মাণ্ডের পরিচয় ভূমিস্বরূপ এক কক্ষরূপে বিধাতা যাঁহার বৃন্দাবন দর্শন করিয়াছেন, তাদৃশ আপনাকে স্তব করিতে কে সমর্থ হইবে? ॥ ১০৫ ॥

অবতারাবলীবীজ যথা ॥ ৫৮ ॥

অবতারাবলীবীজমবতারী নিগদ্যতে ॥ ১০৬ ॥

যথা গীতগোবিন্দে ॥

বেদানুদ্ধরতে জগন্তি বহতে ভূগোলমুদ্বিভ্রতে
দৈত্যং দারয়তে বলিং ছলয়তে ক্ষত্রক্ষয়ং কুর্ব্বতে।
পৌলস্ত্যং জয়তে হলং কলয়তে কারুণ্যমাতন্বতে

অবতারীতি ভূমার্থমত্বর্থীয়ঃ সর্ব্বেভ্যোঽবতারিভ্যঃ পূর্ণত্বাৎ। এতে চাংশকলাঃ পুংসঃ কৃষ্ণস্তু ভগবান্ স্বয়মিত্যুক্তেঃ ॥ ১০৬ ॥

তথ্যাতিসিদ্ধপ্রমাণস্য পরমশাস্ত্রস্য শ্রীভাগবতবাক্যস্য তস্যৈব মহতি

যাঁহা হইতে অবতারসমূহ প্রকাশ পায় তাঁহাকে অবতারাবলীবীজ বলা যায় ॥ ১০৬ ॥

যথা গীতগোবিন্দে ॥

যিনি মৎস্যরূপে বেদসকলকে উদ্ধার করিয়াছেন, কূর্ম্মরূপে পৃষ্ঠদেশে জগৎকে বহন করিয়াছেন, বরাহতনু পরিগ্রহ পূর্ব্বক দন্তে ধরাকে ধারণ করিয়াছেন, নৃসিংহ-মূর্ত্তিতে দৈত্যরাজ হিরণ্যকশিপুর বক্ষঃস্থল বিদীর্ণ করিয়াছেন, বামনমূর্ত্তিতে আবির্ভূত হইয়া বলিরাজকে ছলনা করিয়াছেন, পরশুরামরূপে ক্ষত্রিয়কুলকে নির্ম্মূল করিয়াছেন, রামরূপে অবতীর্ণ হইয়া রাক্ষসাধিপতি দশাননকে সংহার করিয়াছেন, বলরামরূপে হল (লাঙ্গলকে) গ্রহণ করিয়াছেন, বুদ্ধশরীরে পশুদিগের প্রতি করুণা বিস্তার করিয়াছেন, এবং যিনি কল্কিরূপে জন্ম পরিগ্রহ করিয়া ম্লেচ্ছসকলকে সংহার করিয়াছেন, সেই দশা-

ম্লেচ্ছান্মূর্চ্ছয়তে দশাকৃতিকৃতে কৃষ্ণায় তুভ্যং নমঃ ॥১০৭॥

হতারিগতিদায়কঃ ॥ ৫৯ ॥

মুক্তিদাতা হতারীণাং হতারিগতিদায়কঃ ॥

যথা ॥

পরাভবং ফেনিলবক্ত্রতাঞ্চ
বন্ধঞ্চ ভীতিঞ্চ মৃতিঞ্চ কৃত্বা।
পবর্গদাতাপি শিখণ্ডমৌলে
ত্বং শাত্রবাণামপবর্গদোঽসি ॥ ১০৮ ॥

লোকেঽপি দিগ্দর্শমস্তীত্যাহ তথা গীতগোবিন্দে ইতি ॥ ১০৭ ॥

মুক্তীত্যুপলক্ষণং পূতনাদিষু ভক্তিদাতৃত্বমপি জ্ঞেয়ং। তদেবমপ্যুক্তমমী কৃষ্ণে কিলাদ্ভুতা ইতি ॥ ১০৮ ॥

বতাররূপ প্রকটনকারী শ্রীকৃষ্ণ তোমাকে নমস্কার করি ॥১০৭

হতারিগতিদায়ক যথা ॥

যিনি শত্রুগণকে বিনষ্ট করিয়া মুক্তি প্রদান করেন তাঁহাকে হতারিগতিদায়ক বলে ॥

যথা ॥

হে শিখণ্ডমৌলে! তুমি শত্রুগণের প্রতি পরাভব, ফেনিল (ফেনাযুক্ত) বদন, বন্ধন, ভয় ও মৃত্যু বিধানপূর্ব্বক পবর্গ প্রদান করিলেও, অর্থাৎ পরাভবের প, ফেণিলবাক্ত্রের ফ, বন্ধনের ব, ভীতির ভ, এবং মৃতির ম, [এই পঞ্চ পবর্গ প্রদ হইলেও, তাহাদিগকে মুক্তি প্রদান করিয়াছ? ১০৮ ॥

চিত্রং মুরারে সুরবৈরিপক্ষস্ত্বয়া সমস্তাদনুবদ্ধযুদ্ধঃ।
অমিত্রবৃন্দান্যবিভেদ্য ভেদং মিত্রস্য কুর্ব্বন্নমৃতং প্রয়াতি॥১০৯

আত্মারামগণাকর্ষী॥

আত্মারামগণাকর্ষীত্যেতদ্ব্যক্তার্থমেবহি॥

যথা॥

পূর্ণং পরমহংসং মাং মাধবলীলামহৌষধির্ব্রাতা।

অমিত্রবৃন্দানাবিভিদ্য ইত্যেব পাঠঃ। পক্ষে মিত্রঃ সূর্য্যঃ॥ ১০৯॥

সারঙ্গশ্চাতকো ভক্তশ্চ সারং গায়তীত্যুক্ত্যা সারঙ্গাণাং পদাম্বুজমিত্যুক্তেঃ।
ভক্তপক্ষে সেতি পৃথক্ পদং। পক্ষান্তরে সারসং কমলং। তত্র চাতকী-

হে মুরারে! কি আশ্চর্য্যের বিষয়! দেব-বিপক্ষ অসুর-গণ সর্ব্বতোভাবে তোমার সহিত যুদ্ধে উদ্যুক্ত হইয়াও শত্রু-দিগকে ভেদ না করত মিত্রের ভেদপূর্ব্বক অর্থাৎ সূর্য্যমণ্ডল ভেদ করিয়া মোক্ষ লাভ করিয়াছে॥ ১০৯॥

অথ আত্মারামগণাকর্ষী॥ ৬০॥

আত্মারাম-গণাকর্ষির অর্থ স্পষ্টই বোধ হইতেছে, অর্থাৎ যিনি জ্ঞানিদিগকে আকর্ষণ করেন, তাঁহাকে আত্মারামগণা-কর্ষী বলা যায়॥

যথা॥

কি আশ্চর্য্যের বিষয়!, আমি পূর্ণ অর্থাৎ সর্ব্ব বিষয়ে আকাঙ্ক্ষাশূন্য এবং পরমহংস হইলেও, মাধবের লীলা-

কৃত্বা বত সারঙ্গং ব্যথিত কথং সারসে তৃষিতং ॥ ১১০

অথ অসাধারণচতুষ্কে লীলা যথা ॥ ৬১ ॥

বৃহদ্বামনে ॥

সন্তি যদ্যপি মে প্রাজ্যা লীলাস্তাস্তা মনোহরাঃ।
নহি জানে স্মৃতে রাসে মনেঃ মে কীদৃশং ভবেৎ ॥

যথা বা ॥

পরিস্ফুরতু সুন্দরং চরিতমত্র লক্ষ্মীপতে-
স্তথা ভুবননন্দিনস্তদবতারবৃন্দস্য চ।
হরেরপি চমৎকৃতিপ্রকরবর্দ্ধনঃ কিন্তু মে

করণং তত্রাপি কমলে তৃষিতীকরণমিতি শ্লেষেঽপি দ্বিগুণীভাবাশ্চর্য্যমিতং ॥ ১১০

সন্তীত্যুদাহরণদ্বয়ং পরমোৎকর্ষদর্শনার্থমেব লীলাবিশেষময়তয়া দর্শিতং তদীয়লীলাসামান্যমপি সর্ব্বোৎকৃষ্টতয়া শ্রীভাগবতাদৌ প্রসিদ্ধমিতি তত্তু ন দর্শিতং। তথাহি শ্রীপরীক্ষিদ্বাক্যং। যেন যেনাবতারেণেতি যচ্ছৃণতো-

রূপ মহোষধি আমাকর্ত্তৃক আঘ্রাত (আস্বাদনীয়) হইয়া আমাকে ভক্তরূপে নিধানকরত ভক্তিরসে তৃষিত করিল? ॥ ১১০

অথ অসাধারণ চারিটীর মধ্যে লীলা যথা ॥ ৬১ ॥

বৃহদ্বামনে ॥

ভগবান্ কহিলেন, যদিচ আমার সেই সেই মনোহরলীলা-সকল প্রচুররূপে রহিয়াছে, তথাপি রাসলীলা স্মরণ হইলে আমার মন যে কি প্রকার হয়, তাহা আমি বলিতে পারি না ॥

যথা বা ॥

লক্ষ্মীপতি নারায়ণের এবং জগদানন্দকারি তদীয় অবতার সকলের চরিত্রে সুন্দররূপে স্ফূর্ত্তি পাউক্, কিন্তু যাহা

বিভর্ত্তি হৃদি বিস্ময়ঃ কমপি রাসলীলারসঃ ॥ ১১ ॥

প্রেম্না প্রিয়াধিক্যং ॥ ৬২ ॥

যথা শ্রীদশমে ॥

অটতি যদ্ভবানহ্নি কাননং
ত্রুটি যুগায়তে ত্বামপশ্যতাং।
কুটিলকুন্তলং শ্রীমুখঞ্চ তে
জড় উদীক্ষতাং পক্ষ্মকৃদ্দৃশাং ॥ ১১২ ॥

হৈপেতাররতির্বিবৃদ্ধেত্যাদি চ। প্রাজ্যাঃ প্রচুরাঃ ॥ ১১১ ॥

অটতীত্যুদাহরণমুৎকণ্ঠাদ্বারা তদ্বোধকং অন্যত্রাশ্রবণাৎ। বিশেষোদাহরণানি চৈতানি জ্ঞেয়ানি অহো ভাগ্যমিত্যাদি নেমং বিরিঞ্চ ইত্যাদি ইত্থং সতাং ব্রহ্মসুখানুভূত্যা ইত্যাদি, নায়ং শ্রিয়োঽঙ্গ উ নিতান্তরতেঃ প্রসাদ ইত্যাদি চ ॥ ১১২ ॥

হরিরও আশ্চর্য্যরাশি বর্দ্ধনকারী সেই রাসলীলা রস আমার হৃদয়ে বিস্ময় ধারণ করিতেছে ॥ ১১১ ॥

প্রেমবশতঃ প্রিয়াধিক্য যথা ॥ ৬২ ॥

শ্রীদশমে ৩১ অধ্যায়ে ১৫ শ্লোকে ॥

হে প্রিয়! দিবসে যখন তুমি বৃন্দাবনে গমন কর, তখন তোমাকে না দেখাতে প্রাণিমাত্রের পক্ষে ক্ষণার্দ্ধকালও যুগবৎ অতিশয় দুর্যাপণীয় বোধ হয় এবং দিনান্তে তুমি প্রত্যাগত হইলে তোমার শোভন বদন অবলোকন করিয়া নিমেষমাত্র ব্যবধানও অসহ্য হওয়াতে সেই সকল প্রাণির নিকটে চক্ষুর পক্ষ্মকারী অর্থাৎ নেত্রবরক লোমনির্ম্মাণকর্ত্তা ব্রহ্মা জড় বলি গণ্য হয়েন ॥ ১১২ ॥

যথা বা ॥

ব্রহ্মরাত্রিততিরপ্যঘশত্রো
সা ক্ষণার্দ্ধবদগাত্তব সঙ্গে।
হা ক্ষণার্দ্ধমপি বল্লবিকানাং
ব্রহ্মরাত্রিততিবদ্বিরহেঽভূৎ ॥ ১১৩ ॥

বেণুমাধুর্য্যং ॥ ৬৩ ॥

যথা তত্রৈব ॥

সবনশস্তদুপধার্য্য সুরেশাঃ
শক্র- সর্ব্ব-পরমেষ্ঠি-পুরোগাঃ।

ব্রহ্মরাত্রীতি। কেষাঞ্চিদ্ ব্রহ্মরাত্র উপাবৃত্তে ইত্যস্য রাসান্তপদ্যস্য তথা ব্যাখ্যানাৎ। তথৈব চানুমতং শ্রীস্বামিচরণৈঃ। শশাঙ্কশ্চ সগণো বিস্মিতোঽভূদিত্যত্র কিন্তু তাস্তাঃ ক্ষপাঃ প্রেষ্ঠতমেনেত্যাদৌ শ্রীভগবদ্বাক্যং নির্ব্বিবাদমেব ॥ ১১৩ ॥

সবনশস্তদুপধার্য্যেত্যাদাস্তে নদ্যস্তদা তদুপধার্য্যেত্যাদীনি চ জ্ঞেয়ানি

যথা বা ॥

হে অঘনাশন! তোমার মিলনকালে বল্লবীগণের সম্বন্ধে ব্রহ্মরাত্রি সকলও ক্ষণার্দ্ধতুল্য গত হইয়াছিল, হায়! এক্ষণে তোমার বিরহে ঐ বল্লবীবৃন্দের ক্ষণার্দ্ধকালও ব্রহ্মরাত্রি সমূহের ন্যায় সুদীর্ঘ হইতেছে ॥ ১১৩ ॥

বেণুমাধুর্য্য ॥ ৬৩ ॥

শ্রীদশমে ৩৫ অধ্যায় ৮ শ্লোকে ॥

গোপীগণ কহিলেন, হে যশোদে! তোমার তনয় স্বর সকল যখন উন্নয়ন করেন, তখন ইন্দ্র, রুদ্রও ব্রহ্মপ্রভৃতি

কবয় আনতকন্ধরচিত্তাঃ
কশ্মলং যযুরনিশ্চিততত্ত্বাঃ ॥ ১১৪ ॥

যথা বা বিদগ্ধমাধবে ॥

রুন্ধন্নম্বুভৃতশ্চমৎকৃতিপরং কুর্ব্বন্ মুহুস্তুম্বুরুং
ধ্যানাদন্তরয়ন্ সনন্দনমুখান্ বিস্মেরয়ন্ বেধসং।
ঔৎসুক্যাবলিভির্ব্বলিং চটুলয়ন্ ভোগীন্দ্রমাঘূর্ণয়ন্
ভিন্দন্নণ্ডকটাহভিত্তিমভিতো বভ্রাম বংশীধ্বনিঃ ॥ ১১৫ ॥

তদ্বেণুগীতং সবনশঃ বারম্বারং কশ্মলং মোহং। অনিশ্চিততত্ত্বাঃ কিমিদমিতি নিশ্চেতুমশক্তাঃ ॥ ১১৪ ॥

রুন্ধন্নিত্যত্র ফলরূপপদত্বেনৈব সর্ব্বত্র প্রসরণমণ্ডকটাহভেদশ্চ জ্ঞেয়ঃ। তত্র তুম্বুরুচমৎকারাদিনা দর্শিতং। অলৌকিকস্বভাবত্বাৎ তচ্চোক্তং সবনশ ইত্যাদিনা। বিস্মেরয়ন্নিত্যত্র বিস্ময়য়ন্নিতি পাঠঃ শিষ্টঃ ॥ ১১৫ ॥

দেবেশ্বরগণ আপনারা সুপণ্ডিত হইয়াও মোহ প্রাপ্ত হয়েন। সে সময় গীতধ্বনি রাগে তাঁহাদের কন্ধর ও চিত্ত আনত হয়, হে সখি। ঐ সকল দেবতার মোহের কারণ এই, তাঁহারা সেই কল স্বরালাপের তত্ত্ব অর্থাৎ ভেদের নিশ্চয় করিতে পারেন নাই ॥ ১১৪ ॥

যথা বা বিদগ্ধমাধবে ॥

শ্রীকৃষ্ণের বংশীধ্বনি মেঘসকলকে রোধ, তুম্বুরুকে আশ্চর্য্যান্বিত, সনন্দনপ্রভৃতি যোগিগণকে ধ্যান হইতে বিচ্যুত, বিধাতাকে বিস্ময় প্রদান, উৎকণ্ঠার সহিত বলিকে চঞ্চল ও অনন্তদেবের শিরঃকম্প বিধানপূর্ব্বক ব্রহ্মাণ্ডকটাহের ভিত্তি ভেদ করিয়া সর্ব্বতোভাবে ভ্রমণ করিয়াছিল ॥ ১১৫ ॥

রূপমাধুর্য্যং ॥ ৬৪ ॥

যথা তৃতীয়ে ॥

যন্মর্ত্ত্যলীলৌপয়িকং স্বযোগ-
মায়াবলং দর্শয়তা গৃহীতং।
বিস্মাপনং স্বস্য চ সৌভগর্দ্ধেঃ
পরং পদং ভূষণভূষণাঙ্গং ॥

যদ্রূপমিতি. পূর্ব্বেণান্বয়ঃ। স্বযোগমায়া স্বরূপভূতা অচিন্ত্যশক্তিঃ তস্যা বলং দর্শয়তা এতাবদপাস্তীতি তৎ প্রকটয়তা গৃহীতং আকৃষ্টং জগত্যাং আনীতং প্রকটিতমিত্যর্থঃ। তদেবমেবম্ভূতং ভগবন্মর্ত্ত্যলীলৌপয়িকমিতি তত্তল্লীলায়া অপি মাহাত্ম্যং তথাবিধমেব দর্শিতং। মর্ত্ত্যেষু লীলা মর্ত্ত্যলীলা তস্যামৌপয়িকং তৎসদৃশলীলাযোগ্যদ্বিভুজাদিত্বাদতিমনোহরমিত্যর্থঃ। কিং বহুনা সর্ব্বকাল-দেশগত তত্তদ্রূপবেত্তুরপি স্বস্য চ বিস্মাপনং তাদৃগননুভবাৎ যতঃ সৌভগর্দ্ধেঃ পরং পদং পরমা প্রতিষ্ঠা। যৎ খলু ভূষণস্যাপি ভূষণমঙ্গং যত্র তাদৃশং ॥ ১১৬ ॥

রূপমাধুর্য্য যথা ॥ ৬৪ ॥

শ্রীমদ্ভাগবতে তৃতীয়স্কন্ধে দ্বিতিয় অধ্যায়ে ১২শ্লোকে ॥

উদ্ধব বিদুরকে কহিলেন, হে মহাশয়! সেই মূর্ত্তি অতি আশ্চর্য্য ছিল, ভগবান্ আপনার যোগমায়ার বল প্রদর্শন করিয়া তাহা গ্রহণ করিয়াছিলেন সেই মূর্ত্তি মর্ত্ত্যলীলার উপযুক্ত এবং সৌভাগ্য সম্পত্তির পরাকাষ্ঠা হওয়াতে তাঁহার আপনারও বিস্ময়জনক হইয়াছিল, অধিকন্তু সেই মূর্ত্তির অঙ্গসকল এরূপ শোভন ছিল যে, ভূষণ সকলকেও ভূষিত করিতে পারিত ॥

শ্রীদশমে ॥

কা স্ত্র্যঙ্গ তে কলপদামৃতবেণুগীত-
সম্মোহিতার্য্যচরিতান্ন চলেত্ত্রিলোক্যাং।
ত্রৈলোক্যসৌভগমিদঞ্চ নিরীক্ষ্য রূপং
যদ্গোদ্বিজ-দ্রুম-মৃগাঃ পুলকান্যবিভ্রন্ ॥ ১১৬ ॥

যথা বা ললিতমাধবে ॥

অপরিকলিতপূর্ব্বঃ কশ্চমৎকারকারী
স্ফুরতি মম গরীয়ানেষ মাধুর্য্যপূরঃ।

অপরিকলিতেতি। মণিভিত্তৌ স্বপ্রতিবিম্বলক্ষাতিশয়ং স্ববপুশ্চিত্রং দৃষ্ট

দশমস্কন্ধের ২৯ অধ্যায়ে। ৩৭ শ্লোকে ॥

হে অঙ্গ! কুলাঙ্গনাদিগের ঔপপত্যভাব নিন্দনীয় সত্য, কিন্তু আপনার কল অর্থাৎ অস্ফুট মধুর শব্দময় অমৃতায়মান যে বেণুগীত, তাহাতে সম্মোহিত হইলে ত্রিলোকীমধ্যে কোন্ অবলা নিজধর্ম্ম হইতে বিচলিত না হয়? তাহাতে মুগ্ধ হইয়া পুরুষেরাও স্বধর্ম্ম হইতে বিচলিত হইয়া পড়ে। অপর, আপনার ত্রৈলোক্য সৌভগ এই রূপ নয়নগোচর করিয়া কাহার বিস্ময় না হয়? যে হেতু গাভী, হরিণ, পক্ষী ও বৃক্ষসকলও পুলকে পূর্ণ হইল ॥ ১১৬ ॥

যথা বা ললিতমাধবে ॥

এক দিবস শ্রীকৃষ্ণ মণিভিত্তিতে স্বীয় মূর্ত্তিকে প্রতিবিম্বিত দর্শন করিয়া কহিলেন, আহা! আমার এ কি গরিষ্ঠ মাধুর্য্য প্রবাহ স্ফূর্ত্তি পাইতেছে, এ প্রকার আশ্চর্য্যকারী মাধুর্য্য পূর্ব্বে কখনও অবলোকন করি নাই কি আশ্চর্য্যের বিষয় এই

অয়মহমপি হন্ত প্রেক্ষ্য যং লুব্ধচেতাঃ
সরভসমুপভোক্তুং কাময়ে রাধিকেব ॥
সমস্তবিবিধাশ্চর্য্যকল্যাণগুণবারিধেঃ।
গুণনামিহ কৃষ্ণস্য দিঙ্ মাত্রমুপদর্শিতং ॥ ১১৭ ॥

তথাচ শ্রীদশমে ॥

গুণাত্মনস্তেঽপি গুণান্ বিমাতুং
হিতাবতীর্ণস্য ক ঈশিরেঽস্য।
কালেন যৈর্ব্বা বিমিতাঃ সুকল্পৈ-
র্ভূপাংশবঃ খে মিহিকা দ্যুভাসঃ।

শ্রীভগবন্মনোরথঃ প্রতিক্ষণং নবনবায়মানতন্মাধুর্য্যত্বাৎ ॥ ১১৭ ॥

গুণাত্মনঃ স্বভাবা যস্য প্রকটিতপ্রাকৃতাতীত স্বাভাবিকানন্তগুণস্য তবাস্তাং তত্তদ্গুণানাং সমস্তানাং তথা প্রত্যেকমবান্তরবৃত্তিকোটীনাং গণনবার্ত্তা অস্য জগতো হিতাবতীর্ণস্য জগদ্গতানন্তজীবহিতায় তত্তদ্গুণৈকদেশমপ্যবতীর্য্য

আমি যাহাকে অবলোকন করিয়া লুব্ধচিত্ত হওত শ্রীরাধার ন্যায় সহর্ষে উপভোগ করিতে অভিলাষ করিতেছি ॥

সমস্ত বিবিধাশ্চর্য্য কল্যাণরূপ গুণের সমুদ্র শ্রীকৃষ্ণের গুণ সকলের মধ্যে কিঞ্চিন্মাত্র প্রদর্শিত হইল ॥ ১১৭ ॥

যথা দশমে ১৪ অধ্যায়ে ৭ শ্লোকে ॥

ব্রহ্মা কহিলেন, হে দেব! তুমি এই বিশ্বের হিতার্থ গুণাবিস্কার করত অবতীর্ণ এবং গুণসকলের অধিষ্ঠাতা, তোমার গুণের বিশেষ বিবরণ দূরে থাকুক, "তাহা এই পরিমাণ" ইহা বলিয়াও গণনা করিতে কোন্ ব্যক্তি সমর্থ হইবে? ভগবন্! যে সকল নিপুণ ব্যক্তিকর্ত্তৃক বহুজন্ম ও বহুকালে ভূমির

নিত্যগুণো বনমালী, যদপি শিখামণিরশেষনেতৄণাং।
ভক্তাপেক্ষিকমস্য, ত্রিবিধত্বং লিখ্যতে তদপি ॥
হরিঃ পূর্ণতমঃ পূর্ণতরঃ পূর্ণ ইতি ত্রিধা।
শ্রেষ্ঠমধ্যাদিভিঃ শব্দৈর্নাট্যে যঃ পরিপঠ্যতে ॥ ১১৮ ॥
প্রকাশিতাখিলগুণঃ স্মৃতঃ পূর্ণতমো বুধৈঃ।
অসর্ব্বব্যঞ্জকঃ পূর্ণতরঃ পূর্ণোঽল্পদর্শকঃ ॥ ১১৯ ॥

প্রকটয়তস্তব যে তে গুণাংশাস্তত্র তত্র প্রকটিতাস্তানপি গণয়িতুং ক ঈশিরে ন কোঽপীত্যর্থঃ। তত্র সম্ভাবনানিরাসার্থমাহ যৈবেতি ॥ ১১৮ ॥

প্রকাশিতেতি। অত্রাখিলত্বমন্যাদ্বয়াপেক্ষয়া জ্ঞেয়ং। ভক্তভক্তানুরূপাধিকাধিকপ্রকাশাৎ। অসর্ব্বত্বং পূর্ব্বাপেক্ষয়া চাপলত্বঞ্চ স্বপূর্ব্বাপেক্ষয়া তথাপি পূর্ণতরত্বাদিকমন্যতরাপেক্ষয়া ॥ ১১৯ ॥

পরমাণু আকাশের হিমকণা এবং গগনস্থ নক্ষত্রাদির কিরণ পরমাণুরও গণনায় সমর্থ পরিগণিত হয়, তাহারাও তোমার গুণ গণনায় সমর্থ নহে ॥

অশেষ নায়কদিগের শিখামণি (শ্রেষ্ঠ) স্বরূপ বনমালী যদিচ নিত্যগুণশালী, তথাপি ইহাঁর ভক্তাপেক্ষিক তিন প্রকার গুণ লিখিতেছি ॥

নাট্য শাস্ত্রে শ্রেষ্ঠ মধ্যাদি ভেদে হরি পূর্ণতম, পূর্ণতর ও পূর্ণ বলিয়া সম্যক্‌রূপে কীর্ত্তিত হয়েন ॥ ১১৮ ॥

অখিলগুণ-প্রকাশক পূর্ণতম, তদপেক্ষা অল্পগুণ-প্রকাশক পূর্ণতর, তাহা অপেক্ষাও অল্পগুণ-প্রকাশক পুর্ণ, পণ্ডিত-গণ এই ত্রিবিধরূপে কীর্ত্তন করিয়াছেন ॥ ১১৯ ॥

কৃষ্ণস্য পূর্ণতমতা ব্যক্তাভূদ্গোকুলান্তরে।
পূর্ণতা পূর্ণতরতা দ্বারকামথুরাদিষু।
স পুনশ্চতুর্বিধঃ স্যাদ্ধীরোদাত্তশ্চ ধীরললিতশ্চ ॥
ধীরপ্রশান্তনামা তথৈব ধীরোদ্ধতঃ কথিতঃ।
বহুবিধগুণক্রিয়াণামাস্পদভূতস্য পদ্মনাভস্য।
তত্তল্লীলাভেদাদ্বিরুধ্যতে নহি চতুর্ব্বিধতা ॥
তত্র ধীরোদাত্তঃ ॥
গম্ভীরো বিনয়ী ক্ষন্তা করুণঃ সুদৃঢ়ব্রতঃ।

কৃষ্ণস্যেতি অত্র পূর্ণতমতা চৈশ্বর্য্যাপেক্ষয়া। তাবৎ সর্ব্বে বৎসপালাঃ পশ্যতো-ঽজস্য তৎক্ষণাৎ। যাদৃশাস্তু ঘনশ্যামাঃ পীতকৌশেয়বাসস ইত্যাদিষু সাপূর্ণ-তা। নন্দঃ কিমকরোদ্ব্রহ্মন শ্রেয় এবং মহোদয়মিত্যাদিষু। কৃপাগুণা চ। অহো বকী যং স্তনকালকূটমিত্যাদিষু দ্বারকামথুরাদিষু চ ন যথাসংখ্যতয়া

গোকুল মধ্যে শ্রীকৃষ্ণের পূর্ণতমতা, মথুরায় পূর্ণতরতা এবং দ্বারকায় পূর্ণতা ব্যক্ত হইয়াছে।

সেই শ্রীকৃষ্ণ পুনরায় চতুর্ব্বিধরূপে কথিত হয়েন। যথা- ধীরোদাত্ত, ধীরললিত, ধীরপ্রশান্ত এবং ধীরোদ্ধত ॥

যদি বল এক নায়কে চতুর্ব্বিধ গুণ কি রূপে প্রকাশ পাইতে পারে, তাহার উত্তর এই যে, ভগবান্ পদ্মনাভ বহু বিধ গুণ ও ক্রিয়ার আস্পদ স্বরূপ, সেই সেই লীলা ভেদে চতুর্ব্বিধতা বিরুদ্ধ হয় না অর্থাৎ লীলাবশতঃ সকলই সম্ভবে ॥

তন্মধ্যে ধীরোদাত্ত যথা ॥

যে ব্যক্তি গম্ভীর প্রকৃতি, বিনয়ান্বিত, ক্ষমাগুণশালী

অকত্থনো গূঢ়গর্ব্বো ধীরোদাত্তঃ সুসত্ত্বভৃৎ ॥ ১২০ ॥

যথা ॥

বীরম্মন্যমদপ্রহারি হসিতং ধৌরেয়মার্ত্তোদ্ধৃতৌ
নির্ব্যূঢ়ব্রতমুন্নতক্ষিতিধরোদ্ধারেণ ধীরাকৃতিং।
মষ্যুচ্চৈঃ কৃতকিল্বিষেঽপি মধুরং স্তুত্যা মুহুর্যন্ত্রিতং
প্রেক্ষ্য ত্বাং মম দুর্ব্বিতর্ক্যহৃদয়ং ধীর্গীশ্চ নস্পন্দতে ॥ ১২২

প্রয়োগঃ সমসংখ্যত্বেনাপ্রয়োগাৎ কিন্তু যথাসম্ভবতয়ৈব কুত্রচিৎ কস্যাপি বিশেষদর্শনাৎ ॥ ১২০ ॥

বীরমিতি। মহেন্দ্রবাক্যং তত্র বীরম্মনেতি গূঢ়গর্ব্বত্বং ধৌরেয়মিতি করুণত্বং নির্ব্যূঢ়েতি সুদৃঢ়ব্রতত্বং উন্নতেতি সুসত্ত্বভৃত্ত্বং। ময়ীতি ক্ষমত্বং স্তুত্যা ইতি বিনয়িত্বমকত্থনঞ্চ। দুর্ব্বিতর্ক্যহৃদয়মিতি গম্ভীরত্বং দর্শিতং। মম ধীরিত্যাদি-রন্বয়ঃ ॥ ১২১ ॥

করুণ, দৃঢ়ব্রত, আত্মশ্লাঘাশূন্য, গূঢ়গর্ব্ব, বীর এবং সুন্দর-দেহধারী তাহাকেই ধীরোদাত্ত কহাযায় ॥ ১২০ ॥

যথা ॥

যাঁহার হাস্য বীরাভিমানিদিগের গর্ব্বহরণ করে, যিনি আর্ত্তজনের উদ্ধার বিষয়ে ভারগ্রাহী, যিনি দৃঢ়প্রতিজ্ঞ, যিনি উন্নত ক্ষিতিধর (পর্ব্বত) উদ্ধরণ-বিষয়ে ধীরাকৃতি, আমি অতিশয় রূপে কৃতাপরাধ হইলেও যিনি মধুরাকৃতি, যিনি স্তবদ্বারা বশীভূত হইয়া থাকেন, তাদৃশ দুর্ব্বিতর্ক্য হৃদয় আপনাকে অবলোকন করিয়া আমার বুদ্ধি অথবা বাক্য কিছুই স্ফূর্ত্তি পাইতেছে না ॥ ১২১ ॥

গম্ভীরত্বাদিসামান্যগুণা যদিহ কীর্ত্তিতাঃ।
তদেতেষু তদাধিক্য-প্রতিপাদনহেতবে।
ইদং হি ধীরোদাত্তত্বং পূর্ব্বৈঃ প্রোক্তং রঘূদ্বহে।
তত্তদ্ভক্তানুসারেণ তথা কৃষ্ণে বিলোক্যতে ॥ ১২২ ॥
অথ ধীরললিতঃ ॥
বিদগ্ধো নবতারুণ্যঃ পরিহাসবিশারদঃ।
নিশ্চিন্তো ধীরললিতঃ স্যাৎ প্রায়ঃ প্রেয়সীবশঃ ॥ ১২৩ ॥

গম্ভীরত্বাদীতি। এতেষু ধীরোদাত্তাদিষু তেষাং গাম্ভীর্য্যাদীনামাধিক্য প্রতিপাদনহেতবে। তদন্যান্ সর্ব্বান্ গুণানুপমর্দ্য সমুদয়েনাবিভূতানাং তেষাং স্পষ্টত্বজ্ঞাপনার্থমিত্যর্থঃ ॥ ১২১ ॥

প্রেয়সীনাং প্রেমবিশেষযুক্তানাং তারতম্যেন বশীভূতঃ। যথোক্তং। যা মা ভজন্ দুর্জ্জরগেহশৃঙ্খলাঃ সংবৃশ্চ্য তদ্বঃ প্রতিযাতু সাধুনা। ইতি। অনয়ারাধিতো নূনমিত্যাদি চ ॥ ১২৩ ॥

এস্থলে গম্ভীরত্বাদি সামান্য গুণ সকল যাহা কীর্ত্তন করা হইয়াছে, তাহা ধীরোদাত্তাদি সকলে আধিক্য প্রতিপাদনের নিমিত্ত জানিতে হইবে ॥

পূর্ব্বতন পণ্ডিতগণ শ্রীরামচন্দ্রে ধীরোদাত্তত্ব গুণ কীর্ত্তন করিয়াছেন, তত্তৎ ভক্তানুসারে শ্রীকৃষ্ণেতে সেই সকল গুণ দেখিতে পাওয়া যায় ॥ ১২২ ॥

অথ ধীরললিত ॥

যে ব্যক্তির রসিকতা, নবযৌবন, পরিহাসপটুতা ও নিশ্চিন্ততা প্রভৃতি গুণ সকল বিদ্যমান, তাহাকে ধীরললিত বলিয়া নির্দ্দেশ কারাযায় এবং তিনি প্রায় প্রেয়সীর বশীভূত

যথা ॥

বাচা সূচিতশর্ব্বরীরতিকলাপ্রাগল্‌ভ্যয়া রাধিকাং
ব্রীড়াকুঞ্চিতলোচনাং বিরচয়ন্নগ্রে সখীনামসৌ।
তদ্বক্ষোরুহচিত্রকেলিমকরীপাণ্ডিত্যপারং গতঃ
কৈশোরং সফলীকরোতি কলয়ন্ কুঞ্জে বিহারং হরিঃ ॥
গোবিন্দে প্রকটং ধীরললিতত্বং প্রদৃশ্যতে।
উদাহরন্তি নাট্যজ্ঞাঃ প্রায়োঽত্র মকরধ্বজং ॥ ১২৪ ॥

বাচেতি। যজ্ঞপত্নীসদৃশীঃ প্রতি তত্তল্লীলান্তরঙ্গদূত্যা বাক্যং ॥ ১২৪ ॥

হইয়া থাকেন ॥ ১২৩ ॥

যথা ॥

যজ্ঞপত্নী সদৃশীর প্রতি তত্তল্লীলার অন্তরঙ্গ দূতী কহিলেন অহে সখীবৃন্দ। এক দিবস কুঞ্জমধ্যে শ্রীরাধা সহচরীমণ্ডলে পরিবেষ্টিত হইয়া রহিয়াছেন, এমত সময়ে শ্রীকৃষ্ণ ঐ সভায় আসিয়া উপস্থিত হইলেন, পরে উপবেশন পূর্ব্বক সখীগণের অগ্রে প্রাগল্‌ভ্য বচন দ্বারা রজনীবিলাস বৃত্তান্ত কীর্ত্তন করিতে লাগিলে, শ্রীরাধা লজ্জায় কুঞ্চিতলোচনা হইলেন ইত্যবসরে শ্রীকৃষ্ণ তদীয় পয়োধর যুগলে বিচিত্র তিলক রচনার পাণ্ডিত্য প্রদর্শন করত কুঞ্জমধ্যে কৈশোর বিহার সফল করিয়াছিলেন ॥

শ্রীকৃষ্ণে প্রকট রূপেই ধীরললিতত্ব দেখাযায়, কিন্তু নাট্যশাস্ত্রজ্ঞেরা ধীরললিতত্ব বিষয়ে প্রায় কন্দর্পকেই উদাহরণ করিয়া থাকেন ॥ ১২৪ ॥

অথ ধীরশান্তঃ ॥

শমপ্রকৃতিকঃ ক্লেশসহনশ্চ বিবেচকঃ।

বিনয়াদিগুণোপেতো ধীরশান্ত উদীর্য্যতে ॥

যথা ॥

বিনয়মধুরমূর্ত্তির্মন্থরস্নিগ্ধতারো

বচনপটিমভঙ্গীসূচিতাশেষনীতিঃ।

অভিদধদিহ ধর্ম্মং ধর্ম্মপুত্রোপকণ্ঠে

বিনয়মধুরমূর্ত্তিরিত্যত্র বিনয়েন তৎক্লেশসহনত্বমপি লক্ষ্যতে। যথোক্তং-স্তত্রৈব তথা তদ্ব্যবহারঃ। সারথ্যপারিষদসেবনসখ্যদৌত্য-বীরাসনানুগমনস্তবন-প্রণামং। স্নিগ্ধেষু পাণ্ডুষু জগৎপ্রণতিঞ্চ বিষ্ণোর্ভক্তিং করোতি নৃপতিশ্চরণারং

অথ ধীরশান্তঃ ॥

যে ব্যক্তি শান্তপ্রকৃতি, ক্লেশসহিষ্ণু, বিবেচক ও বিনয়াদিগুণযুক্ত পণ্ডিতগণ তাহাকেই ধীরশান্ত বলিয়া কীর্ত্তন করেন ॥

যথা ॥

ধর্ম্মনন্দন যুধিষ্টিরের নিকট ধর্ম্মকীর্ত্তনকারি কংসবৈরি শ্রীকৃষ্ণকে সন্দর্শন করিয়া বোধ হইল তিনি যেন সাক্ষাৎ দ্বিজপতির ন্যায় প্রকাশ পাইতেছেন, আশ্চর্য্যের কথা কি বলিব, বিনয় বশতঃ তদীয় মূর্ত্তি অতিশয় মধুর, চক্ষুর্দ্বয়ের তারা মন্থর অথচ স্নিগ্ধ এবং বাক্ পটুতা ভঙ্গিদ্বারা অশেষ নীতি সকল সূচিত হইতেছিল ॥

পণ্ডিতগণ যুধিষ্ঠির প্রভৃতিকেও ধীরশান্ত বলিয়া কীর্ত্তন

দ্বিজপতিরিব সাক্ষাৎ প্রেক্ষ্যতে কংসবৈরী ॥
যুধিষ্ঠিরাদিকো ধীরৈ র্ধীরশান্তঃ প্রকীর্ত্তিতঃ ॥
অথ ধীরোদ্ধতঃ ॥
মাৎসর্য্যবানহঙ্কারী মায়াবী রোষণশ্চলঃ ।
বিকত্থনশ্চ বিদ্বদ্ভির্ধীরোদ্ধত উদাহৃতঃ ॥ ১২৫ ॥
যথা ॥
আঃ পাপিন্ জবনেন্দ্র দর্দ্দুর পুন র্ব্যাঘুট্য সদ্যস্ত্বয়া
বাসঃ কুত্রচিদন্ধকূপকুহরক্রোড়েঽদ্য নির্ম্মীয়তাং ।

বিদ্যে ইতি। অত্র শৃণ্বিতি পূর্ব্বেণান্বয়ঃ। বীরাসনং খড়্গহস্ততয়া স্থিতস্য রাত্রৌ জাগরণং। নৃপতিঃ পরীক্ষিৎ। উদাহরণে ধর্ম্মপুত্রোপকণ্ঠ ইত্যেব পাঠঃ ॥ ১২৫ ॥

আঃ পাপিন্নিতি পত্রিকেয়ং ব্যাঘুট্য বিনিবৃত্য। হেলেত্যাদিনাত্র মায়া-

করিয়াছেন ॥

অথ ধীরোদ্ধত ॥

যে ব্যক্তি মাৎসর্য্যযুক্ত অহঙ্কারী, ক্রোধপরবশ, চঞ্চল এবং আত্মশ্লাঘী পণ্ডিতগণ তাহাকে ধীরোদ্ধত বলিয়া উদাহরণ করেন ॥ ১২৫ ॥

যথা ॥

শ্রীকৃষ্ণ কালজবনকে পত্র লিখিতেছেন, অরে পাপরূপি জবনেন্দ্র ভেক! এখনি নিবৃত্ত হইয়া কোন অন্ধকূপের গর্ত্ত মধ্যে বাসস্থান নির্ম্মাণ কর, এখানে কৃষ্ণনামক কৃষ্ণভুজগ স্বরূপ আমি তোকে গ্রহণ করিবার নিমিত্ত জাগরূক রহি-

হেলোত্তানিতদৃষ্টিমাত্রভসিতব্রহ্মাণ্ডভাণ্ডঃ পুরো
জাগর্ম্মি ত্বদুপগ্রহায় ভুজগঃ কৃষ্ণোঽত্র কৃষ্ণাভিধঃ॥
ধীরোদ্ধতস্তু বিদ্বদ্ভির্ভীমসেনাদিরুচ্যতে॥ ১২৬॥
মাৎসর্য্যাদ্যাঃ প্রতীয়ন্তে দোষত্বেন যদপ্যমী।
লীলাবিশেষশালিত্বান্নির্দোষেঽত্র গুণাঃ স্মৃতাঃ॥
যথাবা॥
অম্ভোভারভর প্রণম্রজলদভ্রান্তিং বিতন্বন্নসৌ

বিত্বক্তাতং বস্তুতস্তু তথাত্বাভাবাৎ॥ ১২৬॥

লীলা বিশযোঽত্র ভক্তরক্ষণায় দুষ্টদমনরূপঃ তৎশালিত্বাত্তদুপযোগিত্বা-দিত্যর্থঃ। আঃ পাপিন্নিত্যত্র ভক্তিরসত্বাব্যক্তিসাশঙ্ক্যোদাহরণান্তরং মাৎসর্য্যা-ভাসময়তদ্রসত্বেন দর্শয়তি যথা বেতি। অম্ভোভারভরপ্রণম্রইত্যেব পাঠঃ। পাঠান্তরে শত্রুত্বেন সহ তৎপুরুষেঽপি স্যাৎ। আড়ম্বরঃ সমারম্ভে গজগর্জিত-

---

য়াছি, আমার পরাক্রম জানিস্ না, আমি অবহেলা পূর্ব্বক ঊর্দ্ধদিকে দৃষ্টি নিক্ষেপ করিলেই ব্রহ্মাণ্ড ভস্ম হইয়া যায়॥

পণ্ডিতগণ ভীমসেন প্রভৃতিকে ধীরোদ্ধত বলিয়া কীর্ত্তন করিয়াছেন॥ ১২৬॥

যদিচ মাৎসর্য্য প্রভৃতি রোষত্ব রূপে প্রতীয়মান হয় তথাচ লীলাবিশেষ শালিত্ব প্রযুক্ত এই নির্দ্দোষ পাত্রে গুণ-রূপে পরিণত হয়॥

যথাবা॥

অরে শ্রীদাম কুরঙ্গ! (হরিণ) আমি জলদরাশির ভার-বাহি নম্রীভূত জলদপুঞ্জের ভ্রান্তি বিস্তার করিতে করিতে

ঘোরাড়ম্বরডম্বরস্ফুবিকটামুৎক্ষিপ্য হস্তার্গলাং।
দুর্ব্বারঃ পরবারণঃ স্বয়মহং লব্ধোঽস্মি কৃষ্ণঃ পুরো
রে শ্রীদাম কুরঙ্গশৃঙ্গরভুবো ভঙ্গং ত্বমঙ্গীকুরু॥ ১২৭॥
মিথো বিরোধিনোঽপ্যত্র কেচিন্নিগদিতা গুণাঃ।
হরৌ নিরঙ্কুশৈশ্বর্য্যাৎ কোঽপি ন স্যাদসম্ভবঃ॥
তথা চ কৌর্ম্মে
অস্থূলশ্চানণুশ্চৈব স্থূলোঽণুশ্চৈব সর্ব্বতঃ।
অবর্ণঃ সর্ব্বতঃ প্রোক্তঃ শ্যামো রক্তান্তলোচনঃ।

দুর্গারোরিতি বিশ্বঃ। ততশ্চ ঘোরো ভয়ানক আড়ম্বরস্য ডম্বরস্তাটোপো যস্য সঃ॥ ১২৭॥
পুনর্ম্মাৎসর্য্যাস্যা ইত্যাদিকং স্থাপয়ন্ গুণবৈচিত্রীং দর্শয়তি মিথ ইতি।

হস্তার্গল (শুণ্ড) উত্তোলন পূর্ব্বক গভীর গর্জনকারি কৃষ্ণ-নামক দুর্নিবার মহামত্তগজ স্বয়ং আসিয়া উপস্থিত হইলাম, অতএব তুই রঙ্গভূমি হইতে ভঙ্গ (পরাজয়) অঙ্গীকার কর॥ ১২৭॥

এস্থলে যে সকল গুণ উক্ত হইল, তাহারা পরস্পর বিরুদ্ধ হইলেও নিরঙ্কুশ ঐশ্বর্য্য প্রযুক্ত হরিতে কোনই অসম্ভব নহে, সকলই সম্ভব হইতে পারে॥

যথা কূর্ম্মপুরাণে॥

ভগবান্ হরি স্থূলও নহেন, সূক্ষ্মও নহেন তিনি সর্ব্বথা অগুণ অথচ শ্যামবর্ণ ও রক্তান্তলোচন, ঐশ্বর্য্য যোগ হেতু বিরুদ্ধার্থকেও গ্রহণ করেন।

ঐশ্বর্য্যযোগাদ্ভগবান্ বিরুদ্ধার্থোঽভিধীয়তে ॥
তথাপি দোষাঃ পরমে নৈবাহার্য্যাঃ কথঞ্চন।
গুণা বিরুদ্ধা অপ্যেতে সমাহার্য্যাঃ সমন্ততঃ ॥ ১২৮ ॥

মহাবারাহে ॥

সর্ব্বে নিত্যাঃ শাশ্বতাশ্চ দেহাস্তস্য পরাত্মনঃ।
হানোপাদানরহিতা নৈব প্রকৃতিজাঃ কচিৎ।
পরমানন্দসন্দোহা জ্ঞানমাত্রাশ্চ সর্ব্বতঃ।
সর্ব্বে সর্ব্বগুণৈঃ পূর্ণাঃ সর্ব্বদোষবিবর্জ্জিতাঃ ॥

বৈষ্ণবতন্ত্রে ॥

অষ্টাদশমহাদোষৈ রহিতা ভগবত্তনুঃ।

নিরঙ্কুশৈশ্বর্য্যাৎ সর্ব্ববশীকারিত্বাৎ সর্ব্বাশ্রয়ত্বাদিত্যর্থঃ ॥ ১২৮ ॥
শাশ্বতা জগতি পুনঃ পুনরাবির্ভাবিনঃ। সর্ব্বগুণৈরিত্যত্র স্বস্বাপেক্ষিতৈ-

---

যদিচ গুণসকল পরস্পরবিরুদ্ধ তথাপি পরমপুরুষ হরিতে দোষ উদাহরণ করিতে নাই, সকলের সমাধান করিয়া উদাহরণ করা কর্ত্তব্য ॥ ১২৮ ॥

মহাবরাহপুরাণে ॥

ভগবান্ পরমাত্মার যে সমস্ত দেহ তৎসমুদায় নিত্য ও শাশ্বত অর্থাৎ পুনঃ পুনঃ আবির্ভাব বিশিষ্ট, সে সকলের সর্ব্বতোভাবে পরমানন্দস্বরূপ ও জ্ঞানময়, সকলগুণে পরিপূর্ণ ও সর্ব্ব-দোষে বর্জ্জিত ॥

যথা বৈষ্ণবতন্ত্রে ॥

ভগবদ্বিগ্রহ অষ্টাদশ মহাদোষে বিবর্জ্জিত এবং তাহা

সর্ব্বৈশ্বর্য্যময়ী সত্যবিজ্ঞানানন্দরূপিণী ॥ ১২৯ ॥

অষ্টাদশ মহাদোষা যথা ॥

বিষ্ণুজামলে ॥

মোহস্তন্দ্রা ভ্রমো রুক্ষরসতা কাম উল্বণঃ।

ন্বিতি জ্ঞেয়ঃ। এতে চাংশকলাঃ পুংস ইত্যুক্তেঃ ॥ ১২৯ ॥

মোহস্তন্দ্রেতি। ভক্তপ্রেমসম্বন্ধেন ত্বেতে চ গুণত্বায় কল্প্যন্তে। যথা। ততো বৎসানদৃষ্ট্বৈত্য পুলিনেঽপি চ বৎসপানিত্যাদৌ মোহঃ। কচিৎস্তে পল্লবতল্পেষু নিযুদ্ধশ্রমকর্ষিতঃ। বৃক্ষমূলাশ্রয়ঃ শেতে গোপোৎসঙ্গোপবর্হণ ইত্যাদৌ তন্দ্রা খেদশ্রমাঃ। তাবঙ্ঘ্রিযুগ্মমনুকৃষ্য ইত্যারভ্য অনুস্মৃত্য লোকং মুগ্ধপ্রভীত-বদুপেয়তুরস্তি মাত্রোরিত্যাদৌ ভ্রমঃ রুক্ষরসতা নাম প্রেমসম্বন্ধং বিনা রাগঃ। সতু নাস্ত্যেব। উল্বণো দুঃখদঃ কামো লৌকিকঃ। তস্য প্রেমরূপত্বাভাবাৎ সচ নাস্ত্যেব। লোলতা চাঞ্চল্যং। সাচ গুণো যথা। বৎসান্মুঞ্চন্ কচিদসময়ে ইত্যাদৌ। মদোঽপি যথা। মদবিঘূর্ণিতলোচন ঈষদিত্যাদৌ। তথা মাৎসর্য্যং। লোকেশমানিনাং মৌঢ্যাদ্ধরিষ্যে শ্রীমদং তম ইত্যাদৌ। হিংসা তু স্ফুটৈব বহুত্র। অসত্যং। নাহং ভক্ষিতবানম্ব ইত্যাদৌ। জরাসন্ধচ্ছলনাদৌ চ ক্রোধোঽপি তত্র তত্র প্রসিদ্ধ এব। আকাঙ্ক্ষা। তাং গুন্যকাম আসাদ্য ইত্যাদৌ আশঙ্কা

সর্ব্বৈশ্বর্য্যময় ও সত্য জ্ঞান আনন্দস্বরূপ ॥ ১২৯ ॥

অষ্টাদশ মহাদোষ যথা ॥

বিষ্ণুজামলে ॥

মোহ, তন্দ্রা (খেদবিষয়ক শ্রম) ভ্রম, রুক্ষরস, উল্বণ-কাম অর্থাৎ দুঃখপ্রদ লৌকিক কাম, লোলতা (চাঞ্চল্য) মদ, মাৎসর্য্য, হিংসা, খেদ, পরিশ্রম, অসত্য, ক্রোধ,

লোলতা মদমাৎসর্য্যে হিংসা খেদপরিশ্রমৌ।
অসত্যং ক্রোধ আকাঙ্ক্ষা অশঙ্কা বিশ্ববিভ্রমঃ।
বিষমত্বং পরাপেক্ষা দোষা অষ্টাদশোদিতাঃ ইতি॥ ১৩০॥
ইত্থং সর্ব্বাবতারেভ্যস্ততোঽপ্যত্রাবতারিণঃ।
ব্রজেন্দ্রনন্দনে সুষ্ঠু মাধুর্য্যভর ঈরিতঃ॥ ১৩১॥
তথাচ ব্রহ্মসংহিতায়ামাদিপুরুষরহস্যে॥

কাপ্যদৃষ্টাবিপিন ইত্যাদৌ। বিশ্ববিভ্রমোজগদাবেশঃ। সচ ব্রহ্মাদিভক্তসম্বন্ধেন জগৎপালনেচ্ছাময়ঃ। বৈষম্যং সমোঽহং সর্ব্বভূতেষু ন মে দ্বেষ্যোঽস্তি ন প্রিয়ঃ। যে ভজন্তি তু মাং ভক্ত্যা ময়ি তে তেষু চাপ্যহমিত্যাদৌ। পরাপেক্ষা চ। অহং ভক্তপরাধীন ইত্যাদাবিতি। তস্মাৎ ক্ব শোকমোহৌ স্নেহো বা ভয়ম্বা যেঽজ্ঞ-সম্ভবাস্তত্র অজ্ঞসম্ভবা যে ত এব ন সন্তি নতু বিজ্ঞসম্ভবাঃ তেঽপীতি মতং। বিজ্ঞসম্ভবত্বস্তু তেষাং শ্রীশুকদেবাদিষু তৎস্মারিতানস্তদ্ধতাখিলেন্দ্রিয় ইত্যাদ্যুক্তেঃ ভগবৎপ্রেমমোহাদৌ দৃষ্ট ইতি ১৩০॥

পূর্ব্বোক্তপূর্ণতমত্বং বাঙ্ময়মুপসংহরতি ইত্থমিতি পূর্ব্বোক্তপ্রকারেণেত্যর্থঃ। ততস্তস্মাৎপ্রসিদ্ধাদবতারিণো নানাবতারকর্ত্তুর্মহাবিষ্ণোতোঽপি। অত্র সুষ্ঠুতি মাধুর্য্যস্য প্রাচুর্য্যাদেবোক্তিরৈশ্বর্য্যমপি জ্ঞেয়মিত্যর্থঃ॥ ১৩১॥

আকাঙ্ক্ষা বিশ্ববিভ্রম অর্থাৎ ব্রহ্মাদি ভক্তসম্বন্ধবশতঃ জগৎ-পালনেচ্ছাময়, বৈষম্য ও পরাপেক্ষা অর্থাৎ পরের অপেক্ষা করা, এই অষ্টাদশ দোষ কথিত হইল॥ ১৩০॥

এইরূপ সমুদায় অবতার হইতে শ্রেষ্ঠ সর্ব্বাবতারকারি মহাবিষ্ণু অপেক্ষা ব্রজেন্দ্রনন্দনে সুন্দরমাধুর্য্যরাশি বর্ণিত হইল, ইহাতে ঐশ্বর্য্যও জানিতে হইবে॥ ॥ ১৩১॥

যথা ব্রহ্মসংহিতায় আদিপুরুষরহস্যে॥

যস্যৈকনিশ্বসিতকালমথাবলম্ব্য
জীবন্তি লোমবিলজা জগদণ্ডনাথাঃ।
বিষ্ণুর্মহান্ স ইহ যস্য কলাবিশেষো
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি ॥ ১৩২ ॥
অথাষ্টাবনুকীর্ত্ত্যন্তে সদ্গুণত্বেন বিশ্রুতাঃ।
মঙ্গলালংক্রিয়া রূপাঃ সত্ত্বভেদাস্তু পৌরুষাঃ।
শোভা বিলাসো মাধুর্য্যং মাঙ্গল্যং স্থৈর্য্যতেজসী।

তদেবাহ তথাচেতি। যস্যৈকনিশ্বসিতকালমিত্যত্র চ গোবিন্দশব্দেন চ তত্র শ্রীব্রজেন্দ্রনন্দন এবোচ্যতে। স্মরভীরপি পালয়ন্তমিত্যাদিনা বেণুং কণন্তমিত্যাদিনা চ বর্ণর্ন্নং তস্যৈব বর্ণনাৎ ততস্তন্মহামাধুর্য্যমপি সূচিতং। ন চায়ং শ্রীনন্দনন্দনাদন্য এব মন্তব্যঃ। গৌতমীয়ে দশার্ণাষ্টাদশার্ণয়োর্ব্যাখ্যায়ামনেকজন্মসিদ্ধানাং গোপীনাং পতিরেব বা।নন্দনন্দন ইত্যুক্তস্ত্রৈলোক্যানন্দবর্দ্ধন ইতি বহুধপার্থেঅপ্যস্যৈবার্থস্য পর্য্যবসায়িত্বাৎ। সকললোকমঙ্গলো নন্দগোপতনয়ো দেবতা ইতি শ্রুত্যাদিস্মরণাচ্চ ॥ ১৩২ ॥

সত্ত্বভেদাঃ অন্তঃকরণবৃত্তিবিশেষাঃ। মঙ্গলেতি। মঙ্গলেস্বরূপশোভাভূতা

যাঁহার এক নিশ্বসিত কাল অবলম্বন করিয়া জগদণ্ডনাথ সকল জীবিত থাকেন, সেই মহাবিষ্ণুও যাঁহার কলাবিশেষ, এমত গোবিন্দ আদিপুরুষকে ভজনা করি ॥ ১৩২ ॥

অনন্তর যাহা সদ্গুণত্ব রূপে বিশ্রুত এবং মঙ্গলের অলঙ্কার স্বরূপ পুরুষ সম্বন্ধীয় সত্ত্বভেদ কীর্ত্তন করিতেছি। যথা। শোভা, বিলাস, মাধুর্য্য, মাঙ্গল্য, স্থৈর্য্য, তেজঃ, ললিত ও

ললিতৌদার্য্যমিত্যেতে সত্ত্বভেদাস্তু পৌরুষাঃ ॥ ১৩৩ ॥

তত্র শোভা ॥

নীচে দয়াঽধিকে স্পর্দ্ধা শৌর্য্যোৎসাহৌ চ দক্ষতা।
সত্যঞ্চ ব্যক্তিমায়াতি যত্র শোভেতি তাং বিদুঃ ॥ ১৩৪ ॥

যথা ॥

স্বর্গধ্বংসং বিধিৎসুর্ব্রজভুবি কদনং সুষ্ঠু বীক্ষ্যাতিবৃষ্ট্যা।
নীচানালোচ্য পশ্চান্নমুচিরিপুমুখানূঢ়কারুণ্যবীচিঃ।
অপ্রেক্ষ্য স্বেন তুল্যং কমপি নিজরুষামত্র পর্য্যাপ্তিপাত্রং

ইত্যর্থঃ ॥ ১৩৩ ॥

তত্রাধিক ইত্যধিকম্মনা ইত্যর্থঃ। যত্র মঙ্গলালংক্রিয়ায়াং ॥ ১৩৪ ॥

তথাপি দুর্জ্জনমুখামেকং মারয়িষ্যত্যাশঙ্কাহ অপ্রেক্ষ্যেতি ॥ ১৩৫ ॥

ঔদার্য্য এই সকল পুরুষসম্বন্ধীয় সত্ত্বভেদ ॥ ১৩৩ ॥

তন্মধ্যে শোভা যথা ॥

যে স্থানে নীচে দয়া, অধিকে স্পর্দ্ধা, শৌর্য্য, উৎসাহ দক্ষতা এবং সত্য প্রকাশ পায় তাহাকে শোভা বলে ॥ ১৩৪ ॥

যথা ॥

ইন্দ্রকর্ত্তৃক অতিবৃষ্টি দ্বারা ব্রজভূমির পীড়ন সুন্দররূপে অবলোকন করিয়া শ্রীকৃষ্ণের ইচ্ছা হইল স্বর্গ বিনষ্ট করিয়া ফেলি, কিন্তু পশ্চাৎ নমুচিশত্রু ইন্দ্র প্রভৃতিকে নীচ বিবেচনা করিয়া কারুণ্যতরঙ্গে পরিপূর্ণ হইলেন, কারণ স্বীয় ক্রোধের পর্য্যাপ্তিপাত্র আত্মতুল্য কাহাকেও দেখিতে না পাইয়া সত্য-প্রতিজ্ঞ হরি বন্ধুগণকে আনন্দ প্রদান করত মহাদ্রি গোবর্দ্ধন

বন্ধুনানন্দয়িষ্যন্ন্ দহরত হরিঃ সত্যসন্ধো মহাদ্রিং ॥ ১৩৫ ॥

অথ বিলাসঃ ॥

বৃষভস্যেব গম্ভীরা গতি র্ধীরঞ্চ বীক্ষণং।

সস্মিতঞ্চ বচো যত্র স বিলাস ইতীর্য্যতে ॥ ১৩৬ ॥

যথা ॥

মল্লশ্রেণ্যা'মবিনয়বতীং মন্থরাং ন্যস্য দৃষ্টিং

ব্যাধুন্বানো দ্বিপ ইব ভুবং বিক্রমাড়ম্বরেণ।

বাগারম্ভে স্মিতপরিমলৈঃ ক্ষালয়ন্মঞ্চকক্ষাং

তুঙ্গে রঙ্গস্থলপরিসরে সারসাক্ষঃ ससার ॥

মাধুর্য্যং ॥

বৃষভস্যেতি গতৌ বীক্ষণে চ যোজ্যং ॥ ১৩৬ ॥

যতো মন্থরা নম্রতা ধৈর্য্যগ্রাদিশূন্যা তত এবাবিনয়বতীতি। দ্বিপ ইবে-

---

উত্তোলন করিলেন ॥ ১৩৫ ॥

অথ বিলাস ॥

যে স্থলে বৃষভের ন্যায় গম্ভীর গতি, স্থির নিরীক্ষণ ও সহাস্য বাক্য, তাহাকে বিলাস বলা যায় ॥ ১৩৬ ॥

যথা ॥

পদ্মনেত্র শ্রীকৃষ্ণ মল্লশ্রেণিতে বিনয়শূন্য স্থিরদৃষ্টি নিক্ষেপ পূর্ব্বক বিক্রম ঘটাদ্বারা হস্তির ন্যায় ভূকম্প বিধান করতঃ বাক্যারম্ভে হাস্য পরিমলদ্বারা মঞ্চপৃষ্ঠ ক্ষালন করিয়া অত্যুচ্চ রঙ্গস্থল পরিসরে গমন করিলেন ॥

অথ মাধুর্য্য ॥

তন্মাধুর্য্যং ভবেদ্যত্র চেষ্টাদেঃ স্পৃহণীয়তা ॥ ১৩৭ ॥

যথা ॥

বরামধ্যাসীনস্তটভুবমবষ্টম্ভরুচিভিঃ
কদম্বৈঃ প্রালম্বং প্রবলিতবিলম্বং বিরচয়ন্ ।
প্রপন্নায়ামগ্রে মিহিরদুহিতুস্তীর্থপদবীং
কুরঙ্গীনেত্রায়াং মধুরিপুরপাঙ্গং বিকিরতি ॥

মাঙ্গল্যং ॥

মাঙ্গল্যং জগতামেব বিশ্বাসাস্পদতা মতা ॥ ১৩৮ ॥

অত্র বৃষ ইবেতি পাঠান্তরং ॥ ১৩৭ ॥

অবষ্টম্ভঃ স্বুবর্ণং । প্রালম্বং ঋজুলম্বিমালাং প্রবলিতো বিলম্বো যত্র তদ্যথা স্যাত্তথাজেনৈব তত্র স্থিতিঃ স্যাদিত্যভিপ্রায়াদিতি ভাবঃ । পাঠান্তরন্তু নাত্যুপযুক্তং ॥ ১৩৮ ॥

যে স্থলে চেষ্টাদির স্পৃহণীয়তা হয়, তাহাকে মাধুর্য্য বলে ॥ ১৩৭ ॥

যথা ।

এক দিবস শ্রীকৃষ্ণ শ্রীরাধার দর্শন প্রত্যাশায় যমুনার প্রশস্ত কূলে উপবেশন পূর্ব্বক বিলম্ব যাহাতে হয় এমত ভাবে স্বর্ণবর্ণ কদম্বকুসুম দ্বারা ঋজুলম্বি-মাল্য রচনা করিতেছিলেন, ইতোমধ্যে কুরুঙ্গীনেত্রা শ্রীরাধা সূর্য্যপুত্রীর তীর্থ পদবীতে আসিয়া উপস্থিত হইলে, মুররিপু তাঁহার প্রতি অপাঙ্গ নিক্ষেপ করিলেন ॥

অথ মাঙ্গল্য ॥

যে ব্যক্তি জগতের বিশ্বাসস্থল তাঁহাকে মঙ্গল্য বলে ॥ ১৩৮ ॥

যথা ॥

অন্যায্যং ন হরাবিতি ব্যপগতদ্বারার্গলা দানবা
রক্ষী কৃষ্ণ ইতি প্রমত্তমনসস্তং ক্রীড়াসু রক্তাঃ সুরাঃ।
সাক্ষী বেত্তি স ভক্তিমিত্যবনতব্রাত্যাশ্চ চিন্তোজ্‌ঝিতাঃ
কে বিশ্বম্ভর ন ত্বদঙ্ঘ্রিযুগলে বিস্রম্ভিতাং ভেজিরে ॥

স্থৈর্য্যং ॥

ব্যবসায়াদচলনং স্থৈর্য্যং বিঘ্নাকুলাদপি।

কৃষ্ণ ইত্যত্র সোঽয়মিতি বা পাঠঃ। প্রমত্তমনবহিতং যথা স্যাত্তথা। রক্ষা ইতি প্রমাদরূপকর্ত্তৃধর্ম্মঃ। ক্রিয়ায়ামারোপ্যতে। ক্রিয়াকর্ত্রোরাসক্ত্যাতিশয্যা-বোধনায়। ভক্তির্যথা কথঞ্চিদাশ্রয়মাত্রং সাক্ষী বেত্তি যযাপ্যসাবগতিকাদমিত্যা-শ্রিতাঃ বর্জ্জিতা ইতি বা তৃতীয়শ্চরণঃ ॥ ১৩৯ ॥

যথা।

হরিতে কোন অন্যায় নাই এই বিবেচনায় দানবগণ দ্বারের অর্গল মোচন করিয়াছে, অর্থাৎ দ্বারোদ্ঘাটনপূর্ব্বক অবস্থিতি করিতেছে, কৃষ্ণ রক্ষাকর্ত্তা এই জ্ঞানে দেববৃন্দ প্রমত্ত ভাবে ক্রীড়াতৎপর হইয়াছেন, তিনি সাক্ষী স্বরূপ, ভক্তিমাত্র গ্রহণ করেন, এই বলিয়া ব্রাত্য অর্থাৎ দশসংস্কার হীন পুরুষগণ চিন্তা হইতে পরিত্যক্ত হইয়াছে, অতএব হে বিশ্বম্ভর! তোমার চরণযুগলে কে না বিশ্বাস প্রাপ্ত হইয়াছে ॥

স্থৈর্য্য।

কার্য্য বিঘ্নাকুল হইলেও তাহা হইতে যে বিচলিত না হওয়া তাহার নাম স্থৈর্য্য ॥

যথা ॥

প্রতিকূলেঽপি সশূলে, শিবে শিবায়াং নিরংশুকায়াঞ্চ ॥
ব্যলূনাদেব মুকুন্দো বিন্ধ্যাবলিনন্দনস্য ভুজান্ ॥

তেজঃ ॥

সর্ব্বচিত্তাবগাহিত্বং তেজঃ সদ্ভিরুদীর্য্যতে ॥

যথা শ্রীদশমে ॥

মল্লানামশনির্নৃণাং নরবরঃ স্ত্রীণাং স্মরো মূর্ত্তিমান্
গোপানাং স্বজনোঽসতাং ক্ষিতিভুজাং শাস্তা স্বপিত্রোঃ শিশুঃ।

শূলহস্ত শিব এবং বিবসনা শিবা প্রতিকূল ভাব অবলম্বন করিলেও শ্রীকৃষ্ণ বিন্ধ্যাবলিনন্দন বাণাসুরের ভুজসকল ছেদন করিয়া দিলেন ॥

তেজঃ ॥

সমুদায় লোকের চিত্তভাব পরিজ্ঞানকে পণ্ডিতেরা তেজঃ কহিয়া থাকেন ॥

যথা দশমে ৪৩ অধ্যায়ে, ১৪ শ্লোকে ॥

হে রাজন্! যে ভগবান্ মল্লদিগের অশনি, মানবদিগের নরবর, যুবতীদিগের মূর্ত্তিমান্ মদন, গোপদিগের স্বজন, অসৎ নরপতিদিগের শাসন কর্ত্তা, নিজ পিতা মাতার নিকট শিশু, ভোজপতি কংসের সাক্ষাৎ মৃত্যু, অবিদ্বজ্জনের পক্ষে জড় স্বরূপ, যোগিদিগের পরমতত্ত্ব, এবং বৃষ্ণিদিগের পরমদেবতা বলিয়া বিখ্যাত, তিনি অগ্রজসহিত রঙ্গমধ্যে সমাগত হইয়া

মৃত্যুর্ভোজপতের্বিরাড়বিদুষাং তত্ত্বং পরং যোগিনাং
বৃষ্ণীনাং পরদেবতেতি বিদিতো রঙ্গং গতঃ সাগ্রজঃ ॥

যথা ॥

তেজো বুধৈরবজ্ঞাদেরসহিষ্ণুত্বমুচ্যতে ॥ ১৩৯ ॥

যথা ॥

আক্রুষ্টে প্রকটং দিদণ্ডয়িষুণা চণ্ডেন রঙ্গস্থলে
নন্দে চানকদুন্দুভে চ পুরতঃ কংসেন বিশ্বদ্রুহা।
দৃষ্টিং তত্র সুরারিমৃত্যুকুলটাসম্পর্কদূতীং ক্ষিপন্

তত্র কংসে সুরারীণাং যা মৃত্যুরূপা কুলটা তস্যাঃ সম্পর্কায় দূতীরূপাং দৃষ্টিং

বিবিধ ভাবে প্রকাশমান হইলেন। অর্থাৎ ভগবান্ শৃঙ্গারাদি সর্ব্বরসকদম্ব মূর্ত্তি, পরন্তু রঙ্গমধ্যস্থ হইয়া পৃথক্ পৃথক্ ভাবে ভিন্ন ভিন্ন ব্যক্তির নিকট ভিন্নভিন্ন রূপে প্রকাশ পাইতে লাগিলেন, সকলের নিকট এক ভাবে প্রকাশিত হইলেন না॥

অথবা ॥

অবজ্ঞাদির অসহিষ্ণুতাকে পণ্ডিতগণ তেজ বলিয়া থাকেন ॥ ১ ১৩৯ ॥

যথা ॥

রঙ্গস্থলে দর্শক লোকসকল কহিল বিশ্বদ্রোহি প্রচণ্ড কংস সম্মুখে দণ্ড দিবার অভিপ্রায়ে নন্দ এবং বসুদেবের প্রতি আক্রোশ অর্থাৎ অরে কে আছিস্ দুর্ম্মতি নন্দকে বন্ধন কর, অসত্তম বসুদেবকে এখনি বধ করিয়া ফেল, এইবাক্য বলিতে থাকিলে, শ্রীকৃষ্ণ কংসের প্রতি দৈত্যগণের মৃত্যু-

মঞ্চস্যোপরি সঙ্কুর্দ্দিষুরসৌ পশ্যাচ্যুতঃ প্রাঞ্চতি ॥

ললিতং ॥

শৃঙ্গারপ্রচুরা চেষ্টা যত্র তং ললিতং বিদুঃ ॥

যথা ॥

বিধত্তে রাধায়াঃ কুচমুকুলয়োঃ কেলিমকরীং
করেণাব্যগ্রাত্মা সরভসমসব্যেন রসিকঃ।
অরিষ্টে সাটোপং কটু রুবতি সব্যেন বিহস-
ন্নুদঞ্চদ্রোমাঞ্চং রচয়তি চ কৃষ্ণঃ পরিকরং ॥

ক্ষিপন্ প্রেরয়ন্নিত্যনুসারেণৈব পাঠস্তেষামভীষ্টঃ। দানব বর্য্যাদিশব্দাস্তু কংসস্য

স্বরূপ কুলটা স্ত্রী সম্পকীয়া দূতীরূপা দৃষ্টি নিক্ষেপপূর্ব্বক মঞ্চের উপরে কূর্দ্দন (লম্ফ) দিবার অভিপ্রায়ে গমন করিতেছেন, দর্শন কর ॥

ললিত ॥

যে স্থলে প্রচুর রূপে শৃঙ্গারের চেষ্টা প্রকাশ পায় তাহাকে ললিত বলিয়া জানিবে ॥

যথা ॥

রসিকরাজ শ্রীকৃষ্ণ স্থিরচিত্তে কৌতুকের সহিত দক্ষিণ হস্তদ্বারা শ্রীরাধার কুচমুকুলে তিলকরচনা করিতেন, দর্পের সহিত অরিষ্টাসুর কটু শব্দ করিতে থাকিলে সরোমাঞ্চ কলেবরে হাঁসিতে হাঁসিতে বাম হস্তদ্বারা কটিবন্ধন করিতে লাগিলেন ॥

ঔদার্য্য ॥

আত্মাদ্যর্পণকারিত্বমৌদার্য্যমিতি কীর্ত্যতে ॥

যথা ॥

বদান্যঃ কো ভবেদত্র বদান্যঃ পুরুষোত্তমাৎ ॥
অকিঞ্চনায় যেনাত্মা নির্গুণায়াপি দীয়তে ॥ ১৪০ ॥

সামান্যা নায়কগুণাঃ স্থিরত্বাদ্যা যদপ্যমী।
তথাপি পূর্ব্বতঃ কিঞ্চিদ্বিশেষাৎ পুনরীরিতাঃ

অথাস্য সহায়াঃ ॥

অস্য গর্গাদয়ো ধর্ম্মে যুযুধানাদয়ো যুধি।

মাপকর্ষব্যঞ্জকাঃ ॥ ১৪০ ॥

পূর্ব্বত আফলোদয়কৃৎ স্থির ইত্যাদিতঃ কিঞ্চিদ্বিশেষাৎ পরস্পরপৌর-

---

আত্মসমর্পণকারিত্বকে ঔদার্য্য বলিয়া কীর্ত্তন করা যায় ॥

যথা ॥

বল দেখি, পুরুষোত্তম হইতে অন্য কোন্ ব্যক্তি বদান্য হইবে, যিনি অকিঞ্চন নির্গুণ ব্যক্তিকেও আত্মসমর্পণ করিয়া থাকেন ॥ ১৪০ ॥

যদিচ স্থিরতাপ্রভৃতি সমান্য নায়কগুণ সকল বর্ণিত হইল, তথাপি পূর্ব্ব হইতে কিঞ্চিৎ বিশেষপ্রযুক্ত পুনর্ব্বার নায়কের অন্য গুণ সকল কীর্ত্তন করিতেছি ॥

অথ শ্রীকৃষ্ণের সহায় ॥

শ্রীকৃষ্ণের ধর্ম্মাদি বিষয়ে গর্গাদি ঋষিগণ সহায়, যুদ্ধ-বিষয়ে যুযুধান (সাত্যকি) প্রভৃতি এবং মন্ত্রণাবিষয়ে উদ্ধবাদি

উদ্ধবাদ্যাস্তথা মন্ত্রে সহায়াঃ পরিকীর্ত্তিতাঃ ॥ ১৪১ ॥

অথ কৃষ্ণভক্তাঃ ॥

তদ্ভাবভাবিতস্বান্তাঃ কৃষ্ণভক্তা ইতীরিতাঃ ॥ ১৪২ ॥

যে সত্যবাক্য ইত্যাদ্যা হ্রীমানিত্যন্তিমা গুণাঃ ।
প্রোক্তাঃ কৃষ্ণেঽস্য ভক্তেষু তে বিজ্ঞেয়া মনীষিভিঃ ॥ ১৪৩

তে সাধকাশ্চ সিদ্ধাশ্চ দ্বিবিধাঃ পরিকীর্ত্তিতাঃ ॥

তত্র সাধকাঃ ॥

ণাৎ । কুত্রাপি স্বতন্ত্রপোষণাচ্চ পুনঃ সত্বভেদেনেরিতাঃ ॥ ১৪১ ॥

তদ্ভাবেতি । তেন সর্ব্বোৎকৃষ্টেন নিজাভীষ্টেন ভাবেন রত্যাদিবিশেষেণ ভাবিতং বাসিতং স্বান্তং যেষাং তে তথা সজাতীয়তদীয়মহাভক্তবিশেষা আলম্বনা ইত্যর্থঃ । অন্যত্তূদ্দীপনা ইতি ভাবঃ তথৈবোদ্দীপনেষপি ভক্তা গণয়িষ্যন্তে : ১৪২ ॥

বিজ্ঞেয়া বিশেষেণ জ্ঞেয়া ইত্যনোঽপি যথাসম্ভবং জ্ঞেয়া ইত্যর্থঃ ॥ ১৪৩ ॥

সহায়রূপে পরিকীর্ত্তিত ॥ ১৪১ ॥

অথ কৃষ্ণভক্ত ॥

কৃষ্ণভাবে ভাবিতান্তঃকরণকে কৃষ্ণভক্ত বলা যায় ॥ ১৪২ ॥

শ্রীকৃষ্ণবিষয়ে সত্যবাক্য আদি করিয়া হ্রীমান্ পর্য্যন্ত যে সকল গুণ উল্লিখিত হইয়াছে, পণ্ডিতগণ কৃষ্ণভক্তেতেও সেই সকল গুণ কীর্ত্তন করিয়াছেন ॥ ১৪৩ ॥

কৃষ্ণভক্ত দুই প্রকারে পরিকীর্ত্তিত হয়েন সাধক এবং সিদ্ধ

তন্মধ্যে সাধক যথা ॥

উৎপন্নরতয়ঃ সম্যক্ নৈর্বিঘ্ন্যমনুপাগতাঃ।
কৃষ্ণসাক্ষাৎকৃতৌ যোগ্যাঃ সাধকাঃ পরিকীর্ত্তিতাঃ॥
যথৈকাদশে॥
ঈশ্বরে তদধীনেষু বালিশেষু দ্বিষৎসু চ।
প্রেমমৈত্রীকৃপোপেক্ষা যঃ করোতি স মধ্যমঃ॥ ১৪৪॥
যথা বা॥
সিক্তাপ্যশ্রুজলোৎকরেণ ভগবদ্বার্ত্তানদীজন্মনা
তিষ্ঠত্যেব ভবাগ্নিহেতিরিতি তে ধীমন্নলং চিন্তয়া।
হৃদ্ব্যোমন্যমৃতস্পৃহা হরকৃপাবৃষ্টেঃ স্ফুটং লক্ষ্যতে

তদ্বৈশিষ্ট্যং জ্ঞাপনার্থং ভক্তভেদান্দর্শয়তি তে সাধকা ইতি॥ ১৪৪॥
পূর্ব্বস্য বিঘ্নকারণাভাবমাশঙ্ক্যানাহুদাহরণমাহ যথাবেতি। হেতি জ্বালা পক্ষে

যাহাদের কৃষ্ণবিষয়ে রতি উৎপন্ন হইয়াছে কিন্তু সম্যক্ রূপে বিঘ্ন নিবৃত্তি পাই নাই এবং কৃষ্ণসাক্ষাৎকার বিষয়ে যোগ্য, তাহারাই সাধক বলিয়া পরিকীর্ত্তিত হয়॥

যথা একাদশে ২ অধ্যায়ে ৪৫ শ্লোকে।

যিনি ঈশ্বরে প্রেম, তদধীন ব্যক্তিতে মিত্রতা, অজ্ঞানের প্রতি কৃপা এবং বিদ্বেষির প্রতি উপেক্ষা করেন, এইরূপ ভেদ দর্শন জন্য তিনি মধ্যম॥ ১৪৪॥

যথাবা।

হে ধীমন্! ভগবানের বার্ত্তানদীজনিত অশ্রুজলে সিক্ত হইয়া ভবাগ্নি শিখা যে থাকিবেক এমত চিন্তায় কোন ফল নাই, গাত্রে যখন লোমসকলের নৃত্য দেখিতেছি, তখন

নেদিষ্ঠঃ পৃথুরোম তাণ্ডবভরাৎ কৃষ্ণাম্বুদস্তোকামং॥
বিল্বমঙ্গলতুল্যা যে সাধকাস্তে প্রকীর্ত্তিতাঃ॥ ১৪৫॥

অথ সিদ্ধাঃ॥

অবিজ্ঞাতাখিলক্লেশাঃ সদা কৃষ্ণাশ্রিতক্রিয়াঃ।
সিদ্ধাঃ স্যুঃ সন্ততপ্রেমসৌখ্যাস্বাদপরায়ণাঃ॥
সংপ্রাপ্তসিদ্ধয়ঃ সিদ্ধা নিত্যসিদ্ধাশ্চ তে দ্বিধা॥

তত্র সংপ্রাপ্তসিদ্ধয়ঃ॥

সাধনৈঃ কৃপয়া চাস্য দ্বিধা সংপ্রাপ্তসিদ্ধয়ঃ।

তত্র সাধনসিদ্ধাঃ॥

পৃথুরোমাণো মৎস্যাঃ॥॥ ১৪৫॥

অথ মহাভক্তান্ দর্শয়তি অথ সিদ্ধা ইতি॥ ১৪৬॥

অমৃত স্পৃহাহারী কৃপাবৃষ্টিশীল কৃষ্ণাম্বুদ তোমার হৃদয়াকাশের নিকটবর্ত্তি হইয়াছে, বিল্বমঙ্গলতুল্য সকলই সাধক বলিয়া কীর্ত্তিত হয়॥ ১৪৫॥

অথ সিদ্ধ॥

যাহাদের কিছুমাত্র ক্লেশ অনুভব হয় না, সর্ব্বদা কৃষ্ণসম্বন্ধীয় কর্ম্ম করে এবং যাহারা সর্ব্বতোভাবে প্রেম সৌখ্যাদির আস্বাদবিষয়ে পরায়ণ, তাহারাই সিদ্ধ॥

সিদ্ধ দুই প্রকার সংপ্রাপ্তসিদ্ধিরূপ সিদ্ধ এবং নিত্যসিদ্ধ॥

তন্মধ্যে সংপ্রাপ্তসিদ্ধিরূপ সিদ্ধ যথা॥

সাধনদ্বয়া এবং ভগবৎকৃপা বশতঃ সংপ্রাপ্তসিদ্ধিরূপ সিদ্ধ দুই প্রকার॥

যথা তৃতীয়ে ॥

যচ্চ ব্রজন্ত্যনিমিষামৃষভানুবৃত্ত্যা
দূরে যমা হ্যুপরি নঃ স্পৃহণীয়শীলাঃ।
ভর্ত্তুর্ম্মিথঃ সুযশসঃ কথনানুরাগ-
বৈক্লব্যবাষ্পকলয়া পুলকীকৃতাঙ্গাঃ ॥ ১৪৬ ॥

যে ভক্তিপ্রভবিষ্ণুতাকবলিতক্লেশোর্ম্ময়ঃ কুর্ব্বতে
দৃক্পাতেঽপি ঘৃণাং কৃতপ্রণতিষু প্রায়েণ মোক্ষাদিষু।

প্রায়েণেতি কথঞ্চিদস্যাদি বাঞ্ছতীতিবৎ ॥ ১৪৭ ॥

তন্মধ্যে সাধনসিদ্ধ যথা।

তৃতীয়ে ১৫ অধ্যায়ে ২৫ শ্লোকে ॥

হে অমরবৃন্দ! যে সকল ব্যক্তি নিরহঙ্কারত্বহেতু আমাদের অপেক্ষাও অধিক যোগী তাঁহারাই সেই বৈকুণ্ঠে গমন করিতে পারেন। তাঁহারা দেবশ্রেষ্ঠ হরির নিরন্তর অনুবৃত্তি ক্রিয়াতে এবম্বিধ প্রভাবশালী যে, যমও তাঁহাদিগের নিকট যাইতে অসমর্থ, তাঁহাদের ভক্তির কথা কি বলিব পরস্পর বসিয়া পরস্পর যশঃ কথনে এমত অনুরাগ প্রকাশ করেন যে, তজ্জন্য অবশতা ও বাষ্পোদ্গম হওয়াতে অঙ্গ পুলকে পরিপূর্ণ হয়। এই নিমিত্ত তাঁহাদের করুণাদিশীল সকলেরই স্পৃহণীয় ॥ ১৪৬ ॥

যথাবা ॥

যাঁহাদের ভক্তিপ্রভাবদ্বারা ক্লেশপরম্পরা কবলিত (গ্রস্ত) হইয়াছে, যাঁহারা ধর্ম্মার্থ কাম মোক্ষ রূপ পুরুষার্থ

তান্ প্রেমপ্রসরোৎসবস্ত্ত ... স্বান্তান্ প্রমোদাশ্রুভি-
র্নির্ধৌতাস্য তটাম্মুহুঃ পুল ... । ধন্যান্নমস্কুর্মহে ॥
মার্কণ্ডেয়াদয়ঃ প্রোক্তাঃ স ... প্রাপ্তসিদ্ধয়ঃ ॥
অথ কৃপাসিদ্ধাঃ ॥
যথা শ্রীদশমে ॥
নাসাং দ্বিজাতিসংস্কারো ন নিবাসো গুরাবপি।
ন তপো নাত্মমীমাংসা ন শৌচং ন ক্রিয়াঃ শুভাঃ।
তথাপি হ্যুত্তমঃশ্লোকে কৃষ্ণে যোগেশ্বরেশ্বরে।

চতুষ্টয় চরণে প্রণত হইলেও তাহাদের প্রতি দৃষ্টিপাত করিতে ঘৃণা বোধ করেন, যাঁহাদের উত্তরোত্তর বৃদ্ধিশীল প্রেমোৎসবে অন্তঃকরণ প্রফুল্লিত হইতেছে, যাঁহাদের আনন্দাশ্রুদ্বারা বদনপ্রান্ত ধৌত এবং অঙ্গ পুলকিত হইতেছে সেই ধন্য সিদ্ধগণকে নমস্কার করি ॥

পণ্ডিতগণ মার্কণ্ডেয়াদি ঋষিগণকে সাধনদ্বারা সিদ্ধিপ্রাপ্ত বলিয়া নির্দ্দেশ করিয়াছেন ॥

অথ কৃপাসিদ্ধ ॥

যথা শ্রীদশমে ২৩ অধ্যায়ে ৩৪ শ্লোকে ॥

যাজ্ঞিক ব্রাহ্মণেরা কহিলেন কি আশ্চর্য্য! এই অবলাদিগের উপনয়নাদি সংস্কার হয় নাই, ইহারা ব্রহ্মচর্য্যার্থ গুরুকুলে বাসও করে নাই, ইহাদের তপস্যা অথবা আত্মবিচার কিম্বা শৌচাচার অথবা সন্ধ্যোপাসনাদি শুভ ক্রিয়াও কিছুই নাই, তথাপি যোগেশ্বরদিগের ঈশ্বর যে ভগবান্

ভক্তির্দৃঢ়া নচাস্মাকং সংস্কারাদিমতামপি ॥ ১৪৭ ॥

যথা বা ॥

ন কাচিদভবদ্গুরোর্ভজনযন্ত্রণেঽভিজ্ঞতা

ন সাধনবিধৌ চ তে শ্রমলবস্য গন্ধোঽপ্যভূৎ।

গতোঽসি চরিতার্থতাং পরমহংসমৃগ্যশ্রিয়া

মুকুন্দপদপদ্ময়োঃ প্রণয়সীধুনো ধারয়া ॥ ১৪৮ ॥

কৃপাসিদ্ধা যজ্ঞপত্নী-বৈরোচনি-শুকাদয়ঃ ॥ ১৪৯ ॥

তাসু ভগবদ্গুণকথক-সংসঙ্গকারণমনুস্মৃত্য সংস্কারাদীনাং প্রেমসানধত্বঞ্চ সন্দিহ্যাহ যথাবেতি। ন কাচিদিতি শ্রীশুকদেবমুদ্দিশ্য শ্রীনারদবাক্যং ॥ ১৪৮ ॥

কৃপাসিদ্ধা যজ্ঞপত্নীতি। যদুক্তং। তত্ত্বাপাততঃ প্রতীত্যপেক্ষয়েতি জ্ঞেয়ং ॥ ১৪৯ ॥

উত্তমঃশ্লোক শ্রীকৃষ্ণ, তাঁহার প্রতি ইহাদের দৃঢ়া ভক্তি হইয়াছে, আমরা সংস্কারাদি যুক্ত হইয়াও লাভ করিতে পারিলাম না ১৪৭ ॥

যথাবা ॥

শুকদেবকে উদ্দেশ করিয়া নারদ কহিলেন হে মুনে! তুমি গুরুকুলে বাসপূর্ব্বক গুরুসেবার্থ যন্ত্রণা ভোগ না করিয়াই অভিজ্ঞতা লাভ করিয়াছ, সাধনবিধিতে তোমার শ্রমলবের গন্ধমাত্রও দেখিতেছি না, কি আশ্চর্য্য। যাহার শোভা পরমহংসগণেরও প্রার্থনীয় সেই মুকুন্দচরণপদ্মের প্রেমসুধার প্রবাহদ্বারাই কেবল চরিতার্থতা প্রাপ্ত হইয়াছ ॥ ১৪৮ ॥

যজ্ঞপত্নী, বিরোচননন্দন বলি এবং শুকদেব প্রভৃতি কৃপাসিদ্ধ ॥ ১৪৯ ॥

অথ নিত্যসিদ্ধাঃ ॥

আত্মকোটিগুণং কৃষ্ণে প্রেমাণং পরমং গতাঃ।
নিত্যানন্দগুণাঃ সর্ব্বে নিত্যসিদ্ধা মুকুন্দবৎ ॥ ১৫০ ॥

যথা পাদ্মে শ্রীভগবৎসত্যভামাদেবীসম্বাদে ॥

অথ ব্রহ্মাদিদেবানাং তথা প্রার্থনয়া ভুবঃ।
আগতোঽহং গণাঃ সর্ব্বে জাতাস্তেঽপি ময়া সহ।
এতে হি যাদবাঃ সর্ব্বে মদ্গণা এব ভামিনি।

মুকুন্দবদেব নিত্যানন্দগুণাস্তে নিত্যসিদ্ধা ইত্যন্বয়ঃ। নিত্যাশ্চ আনন্দস্বরূপাশ্চ গুণাস্তদুপলক্ষিতদেহাশ্চ যেষাং তে ইতি। তেষাং মুখ্যলক্ষণমাহ আত্মেতি। আত্মপ্রেমতোঽপি কোটিগুণমিত্যর্থঃ। মধ্যপদলোপাৎ ॥ ১৫০ ॥

মৎপ্রিয়া ইতি অহমেব প্রিয়ো যেষাং ন তথাত্মাদয় ইত্যর্থঃ। অহো ভাগ্যমহোভাগ্যমিতি বিস্ময়াধিক্যে বীপ্সা। তেন দ্বয়োরেব পদয়োর্ন পৌনরুক্ত্যং। অথবা নন্দগোপব্রজৌকসাং ভাগ্যং ভাগ্যমহঃ প্রকাশকং যাবদ্ভাগ্যদ্যোতকং-

---

অথ নিত্যসিদ্ধ ॥

যাঁহাদের গুণ মুকুন্দের ন্যায় নিত্য ও আনন্দস্বরূপ এবং যাঁহারা আপনা অপেক্ষা শ্রীকৃষ্ণে কোটিগুণ প্রেমবিধান করেন, তাঁহারা নিত্যসিদ্ধ ॥ ১৫০ ॥

পদ্মপুরাণে ভগবান্ ও সত্যভামাদেবীর সম্বাদে যথা ॥

ভগবান্ কহিলেন হে দেবি! ব্রহ্মাদি দেববৃন্দ এবং পৃথিবী ইহাঁদের প্রার্থনায় আমি আগমন করিয়াছি আমার গণ সকলও আমার সহিত জন্ম গ্রহণ করিয়াছে, হে ভামিনি! এই যে সকল যাদব দেখিতেছ ইহারা আমারই গণ, অতএব

সর্ব্বদা মৎপ্রিয়া দেবি মত্তুল্যগুণশালিনঃ ॥

শ্রীদশমে ॥

অহো ভাগ্যমহো ভাগ্যং নন্দগোপব্রজৌকসাং।
যন্মিত্রং পরমানন্দং পূর্ণং ব্রহ্ম সনাতনং ॥

তত্রৈব ॥

তুল্যজশ্চানুরাগোহস্মিন্ সর্ব্বেষাং নো ব্রজৌকসাং।

মিত্যর্থঃ। অহো ইতি বিস্ময়ে যদ্যস্মাদেষাং বা ব্রহ্ম। ত্বং মিত্রং।কীদৃশং। ব্রহ্ম পূর্ণং মূর্ত্তপূর্ণানন্দত্বাৎ। অমূর্ত্তানন্দস্ত তথা পূর্ণো ভবতি তদপেক্ষয়া শ্রীবিগ্রহ-স্যৈব প্রচুরানন্দত্বাৎ। তথাচ। সংক্ষোভমক্ষরজুষামপি চিত্ততন্বোরিতি ব্রহ্মজ্ঞান-নিপুণানামপি চিত্ততনুসংক্ষোভসূচনাৎ। পুনঃ কীদৃশস্তং। ব্রহ্ম পরমানন্দং পরম আনন্দো যস্মাৎ। অমূর্ত্তানন্দাৎ মূর্ত্তানন্দস্য পরমত্বং শ্রেষ্ঠত্বং উক্তপ্রকার-সনকাদ্যুক্তেঃ। অতোহত্র পূর্ণত্বং পরমানন্দত্বঞ্চ দ্বয়মেব মূর্ত্তানন্দবোধকং। অন্যথা ব্রহ্মোক্তানেনৈব তদুভয়মুপলভ্যেত কিমপরং তয়োর্নির্দ্দেশেনৈব ব্রহ্মণো বিশেষণদ্বয়মুক্ত্বা মিত্রবিশেষণমাহ সনাতনমিতি কীদৃশং মিত্রং সনাতনং নিত্যং

ইহাদের পরাক্রম সামান্য নহে, ইহারা সর্ব্বদা আমার প্রিয় ও আমার তুল্য গুণশালী ॥

শ্রীদশমে ১৪ অধ্যায়ে ৩০ শ্লোকে ॥

অহো নন্দগোপ এবং ব্রজবাসিদিগের কি আশ্চর্য্য ভাগ্য পরমানন্দরূপী সনাতন পূর্ণব্রহ্ম তাঁহাদের মিত্র হইয়াছেন ॥

দশমে ২৬ অধ্যায়ে ১০ শ্লোকে ॥

শ্রীকৃষ্ণ গোবর্দ্ধনপর্ব্বত ধারণ করিলে গোপগণ বিস্ময়া-

নন্দ তে তনয়েঽস্মাসু তস্যাপ্যৌৎপত্তিকঃ কথং ॥ ১৫১ ॥
সনাতনং মিত্রমিতি তস্যাপ্যৌৎপত্তিকঃ কথং।
স্নেহোঽস্মাস্বিতি চৈতেষাং নিত্যপ্রেষ্ঠত্বমাগতং।
ইত্যতঃ কথিতা নিত্যপ্রিয়া যাদববল্লভাঃ।

ত্রৈকালিকমিতি যাবৎ যথা ত্বং ত্রিকালসিদ্ধস্তথা ব্রজলোকোঽপীতি ভাবঃ। যেন হি তেষাং সনাতনং মিত্রং ত্বমসি অত এষাং ভাগ্যং কিং বক্তব্যমিতি ভাবঃ ॥ ১৫১ ॥

সনাতনং মিত্রমিতীত্যেতাদৃশযোজনয়েত্যর্থঃ। অন্যথা সনাতনপদবৈয়র্থ্যং স্যাৎ। পূর্ণত্বেনৈব তৎসিদ্ধেঃ। যদিচ ব্রহ্মণো বিশেষণং তৎ স্যাত্তথাপি মিত্রতা বৈশিষ্ট্যার্থমেব তদ্বিশিষ্যতে ইতি সমানমেব। মনোরমং সুবর্ণমিদং কুণ্ডলং জাতমিত্যত্র যথা কুণ্ডলস্যৈব মনোরমত্বং সাধ্যং তদ্বত্তস্যাপীতি স্বভাবসম্বন্ধসূচনামিত্যাত্মমাক্ষিপ্যতে। তদেবমত্র তস্মান্মচ্ছরণং গোষ্ঠমিত্যাদাবপি

পন্ন হইয়া নন্দের নিটক আগমন করত জিজ্ঞাসা করিলেন, হে নন্দ! তোমার এই তনয়ের প্রতি আমাদের সকল ব্রজবাসির দুস্ত্যজ অনুরাগ এবং ইহাঁরও আমাদের প্রতি স্বাভাবিক স্নেহ কেন হইয়াছে, ইনি ত সকলের আত্মা নহেন? ॥ ১৫১ ॥

সনাতন মিত্র ও অস্মৎকুলে জন্ম এবং অস্মদাদি সকলে স্নেহ ইত্যাদি বিশেষণ দ্বারা যাদব ও ব্রজবাসিগণের নিত্য প্রেষ্ঠতার উপলব্ধি হইতেছে, এজন্য যাদব ও গোপসকল নিত্যসিদ্ধ বলিয়া কথিত হইয়াছেন, যেমন লীলাবশতঃ মুরারি জন্মাদি গ্রহণ করিয়া থাকেন, তদ্রূপ যাদব ও গোপ-

এষাং লৌকিকবচ্চেষ্টা লীলামুররিপোরিব ॥ ১৫২ ॥

তথাহি পাদ্মোত্তরখণ্ডে ॥

যথা সৌমিত্রিভরতৌ যথা সঙ্কর্ষণাদয়ঃ।

তথা তেনৈব জায়ন্তে নিজলোকাদযদৃচ্ছয়া।

পুনস্তেনৈব গচ্ছন্তি তৎপদং শাশ্বতং পরং।

ন কর্ম্মবন্ধনং জন্ম বৈষ্ণবানাঞ্চ বিদ্যতে ॥ ইতি ॥

যে প্রোক্তাঃ পঞ্চপঞ্চাশৎ ক্রমাৎ কংসহরেগুণাঃ।

তে চান্যে চাপি সিদ্ধেষু সিদ্ধিদত্বাদয়ো মতাঃ ॥ ১৫৩ ॥

জেষাং। অত্র বিশেষজিজ্ঞাসা চেৎ কৃষ্ণসন্দর্ভো দৃশ্যঃ ১৫২ ॥

তেনৈব ভগবতা সহ জায়ন্তে যাদবাস্ত ইতি শেষঃ। যদৃচ্ছয়া স্বৈরিতেত্যা-মরঃ ॥ ১৫৩ ॥

দিগেরও লৌকি চেষ্টা জানিতে হইবে ॥ ১৫২ ॥

যথা পদ্মপুরাণে উত্তরখণ্ডে ॥

যেমন লক্ষ্মণ, ভরত, ও সঙ্কর্ষণ প্রভৃতি ভগবানের সহিত জন্ম গ্রহণ করেন, তদ্রূপ যাদব ও গোপগণ লীলা বশতঃ ভগবানের সহিত জন্ম গ্রহণ করেন এবং পুনর্ব্বার ভগবানের সহিত নিত্যধামে গমন করিয়া থকেন, অতএব বৈষ্ণবদিগের জন্ম ও কর্ম্মবন্ধন নাই ॥

কংসরিপুর যে পঞ্চপঞ্চাশৎ গুণ ক্রমান্বয়ে কথিত হইয়াছে সেই সকল গুণ ও অন্যান্য সিদ্ধিপ্রদত্বাদি গুণ সকলও সিদ্ধগণে বিদ্যমান আছে ॥ ১৫৩ ॥

ভক্তাস্তু কীর্ত্তিতাঃ শান্তাস্তথা দাসসুতাদয়ঃ।
সখায়ো গুরুবর্গাশ্চ প্রেয়স্যশ্চেতি পঞ্চধা॥
অথোদ্দীপনাঃ॥
উদ্দীপনাস্তু তে প্রোক্তা ভাবমুদ্দীপয়ন্তি যে।
তেতু শ্রীকৃষ্ণচন্দ্রস্য গুণাশ্চেষ্টা প্রসাধনং॥
স্মিতাঙ্গসৌরভে বংশ-শৃঙ্গ-নূপুর-কম্ববঃ॥
পদাঙ্ক-ক্ষেত্র-তুলসী-ভক্ত-তদ্বাসরাদয়ঃ॥
তত্র গুণাঃ॥
গুণাস্তু ত্রিবিধাঃ প্রোক্তাঃ কায় বাঙ্মানসাশ্রয়াঃ॥ ১৫৪॥

অথ ভাবভেদেন তেষামেব ভেদান্তরাণ্যাহ ভক্তাস্থিতি। অত্র দাসাদয়ো দ্বিধা ভাবময়াঃ সাক্ষাৎ প্রাপ্তদাস্যাদয়শ্চ। তত্রোত্তরেষামেব সম্যগালম্বনত্বমভি-প্রেতং॥ ১৫৪॥

শান্ত, দাসসুতাদি, সখা, গুরুবর্গ ও প্রেয়সীগণ এই পাঁচ প্রকার কৃষ্ণভক্ত বলিয়া কীর্ত্তিত হইয়াছেন॥

অথ উদ্দীপন॥

যাহারা ভাব প্রকাশ করে তাহাদিগকে উদ্দীপন কহে, তৎ সমুদায় যথা—শ্রীকৃষ্ণের গুণ, চেষ্টা ও প্রসাধন অর্থাৎ কঙ্কতিকা প্রভৃতি, তথা হাস্য, অঙ্গগন্ধ, বংশী, শৃঙ্গ, নূপুর, শঙ্খ, পদচিহ্ন, ক্ষেত্র, তুলসী, ভক্ত, তদ্বাসর অর্থাৎ একাদশী প্রভৃতি, উদ্দীপন বলিয়া কথিত হইয়াছে॥

তন্মধ্যে গুণ যথা॥

কায়িক, বাচিক ও মানসিক ভেদে গুণ তিন প্রকার হয়॥ ১৫৪॥

তত্র কায়িকাঃ ॥

বয়ঃসৌন্দর্য্যরূপাণি কায়িকা মৃদুতাদয়ঃ ॥ ১৫৫ ॥

গুণাঃ স্বরূপমেবাস্য কায়িকাদ্যা যদপ্যমী।

ভেদং স্বীকৃত্য বর্ণ্যন্তে তথাপ্যুদ্দীপনা ইতি ॥

অতস্তস্য স্বরূপস্য স্যাদালম্বনতৈব হি।

উদ্দীপনত্বমেব স্যাদ্ভূষণাদেস্তু কেবলং ॥ ১৫৬ ॥

এষামালম্বনত্বঞ্চ তথোদ্দীপনতাপি চ ॥

বয়ঃসৌন্দর্য্যরূপাণি কায়িকা গুণা মৃদুতাদয়শ্চ কায়িকা গুণা ইত্যর্থঃ ॥১৫৫॥ গুণাঃ স্বরূপমেবেতি স্বরূপধর্ম্মত্বাৎ স্বরূপান্তঃ প্রবিষ্টা ইত্যর্থঃ। ভেদং স্বরূপাত্তস্য পৃথক্ত্বং স্বীকৃত্যোপচর্য্যেত্যর্থঃ। যদ্বা। শ্রীকৃষ্ণঃ সুরম্যাঙ্গ ইতি বাক্যে তদালম্বনকোটৌ প্রবেশঃ যদাতু কৃষ্ণস্য সুরম্যাঙ্গত্বমিতি বাক্যে তদোদ্দীপনকোটৌ প্রবেশ ইতি ভাবঃ। অত ইতি স্বরূপস্য শ্রীবিগ্রহ-রূপস্যেত্যর্থঃ ॥ ১৫৬ ॥

এষাং গুণানাং বিশিষ্টস্যালম্বনত্বাদ্বিশেষণ রূপেষু গুণেষ্বপ্যংশেনালম্বনত্বং

তন্মধ্যে কায়িক যথা ॥

বয়স্, সৌন্দর্য্য, রূপ এবং মৃদুতা প্রভৃতিকে কায়িক বলে ॥ ১৫৫ ॥

যদিচ শ্রীকৃষ্ণের কায়িক গুণ সকল স্বরূপই বটে, তথাপি ভেদ স্বীকার করিয়া উদ্দীপন রূপে কথিত হইয়াছে। অত-এব তদীয় স্বরূপের আলম্বনতাই সিদ্ধ হয়, কিন্তু ভূষণাদির কেবল উদ্দীপনত্ব রূপেই ব্যবহৃত হয় ॥ ১৫৬ ॥

পূর্ব্বোক্ত গুণসকল আলম্বন ও উদ্দীপনরূপে কথিত হয় ॥

তত্রৈব বয়ঃ ॥

বয়ঃ কৌমারপৌগণ্ডং কৈশোরমিতি তত্রিধা ॥ ১৫৭ ॥
কৌমারং পঞ্চমাব্দান্তং পৌগণ্ডং দশমাবধি।
আ ষোড়শাচ্চ কৈশোরং যৌবনং স্যাত্ততঃ পরং ॥ ১৫৮ ॥
ঔচিত্যাত্তত্র কৌমারং বক্তব্যং বৎসলে রসে।
পৌগণ্ডং প্রেয়সি তথা তত্তৎখেলাদিযোগতঃ ॥
শ্রৈষ্ঠমুজ্জ্বল এবাস্য কৈশোরস্য তথাপ্যদঃ।
প্রায়ঃ সর্ব্বরসৌচিত্যাদত্রোদাহ্রিয়তে ক্রমাৎ ॥ ১৫৯ ॥

প্রবর্ত্ততে ইতি ভাবঃ ॥ ১৫৭ ॥

কৌমারমিত্যাদিকং দৃষ্টান্তমাত্রং শ্রীকৃষ্ণেতু বিশেষো জ্ঞেয়ঃ। যথা কালেনাল্পেন রাজর্ষে রামঃ কৃষ্ণশ্চ গোকুলে। অঘৃষ্টজানুভিঃ পদ্ভির্বিচক্রমতুরোজসেত্যাদিকং ॥ ১৫৮ ॥

তত্র তত্তৎখেলাদিযোগতো যদৌচিত্যং যোগ্যতাতিশয়স্তস্মাদিতি ত্রিষপি যোজনীয়ং। প্রায়ো বাহুল্যেন ॥ ১৫৯ ॥

তন্মধ্যে বয়স্ যথা ॥

বয়স্ তিনপ্রকার কৌমার, পৌগণ্ড ও কৈশোর ॥ ১৫৭ ॥ পাঁচ বৎসর পর্য্যন্ত বয়সের নাম কৌমার, দশ বৎসর পর্য্যন্ত পৌগণ্ড, পঞ্চদশ বৎসর পর্য্যন্ত কৈশোর, তৎপরে ষোড়শ বৎসর হইতে যৌবন ॥ ১৫৮ ॥

ক্রীড়াভেদে বৎসলরসে কৌমারবয়স্ ও সখ্যরসে পৌগণ্ড বয়স্ উচিত হয়, কিন্তু মধুররসে কৈশোর বয়সই শ্রেষ্ঠ। শ্রীকৃষ্ণ প্রায় সর্ব্বরসাশ্রয় বলিয়া ক্রমশঃ ঐ সকলের উদাহরণ করিতেছি ॥ ১৫৯ ॥

আদ্যং মধ্যং তথা শেষং কৈশোরং ত্রিবিধং ভবেৎ ॥

তত্রাদ্যং কৈশোরং ॥

বর্ণস্যোজ্জ্বলতা কাপি নেত্রান্তে চারুণচ্ছবিঃ।

রোমাবলিপ্রকটতা কৈশোরে প্রথমে সতি ॥ ১৬০ ॥

যথা ॥

হরতি শিতিমা কোঽপ্যঙ্গানাং মহেন্দ্রমণিশ্রিয়ং

প্রবিশতি দৃশোরন্তে কান্তির্মনাগিব লোহিনী।

সখি তনুরুহাং রাজিঃ সূক্ষ্মা দরাস্য বিরোতে

শিষ্যতে নিত্যমেকরূপতয়া তিষ্ঠতীতি শেষং পরমপূর্ণাবস্থমিত্যর্থঃ। তদেবং নিরুক্তিবলাদ্বক্ষ্যমাণেন চরমশব্দেনাপি তাদৃগবস্থং বাচনীয়ং। চরতি স্বাবির্ভাবোত্তরং সর্ব্বকালং সঞ্চরতি নতু কৌমারাদিবদ্ব্যভিচরতি যা লক্ষ্মীর্যস্মিন্নিতি ॥ ১৬০ ॥

কৈশোর তিন প্রকার, আদি, মধ্য ও শেষ ॥

তন্মধ্যে আদিকৈশোর যথা ॥

প্রথম কৈশোরে বর্ণের অনির্ব্বচনীয় উজ্জ্বলতা, নেত্রান্তে অরুণবর্ণ কান্তি ও লোমাবলীর প্রকাশ ॥ ১৬০ ॥

যথা ॥

কুন্দলতা স্বীয় সখীকে কহিলেন হে সখি! সম্প্রতি বনমালির তনুতে আশ্চর্য্য শোভা স্ফূর্ত্তি পাইতেছে অবলোকন কর, আহা! তদীয় অঙ্গসকলের শ্যামলতা ইন্দ্রনীলমণির শোভা হরণ করিতেছে, নয়নদ্বয়ের অন্তে ঈষৎ লোহিতবর্ণ কান্তি প্রবেশ করিয়াছে এবং অল্প অল্প সূক্ষ্ম লোমরাজি

স্ফুরতি সুষমা নব্যেদানীং তনৌ বনমালিনঃ ॥
বৈজয়ন্তী শিখণ্ডাদি-নটপ্রবরবেশতা।
বংশীমধুরিমা বস্ত্রশোভা চাত্র পরিচ্ছদঃ ॥
যথা শ্রীদশমে ॥
বর্হাপীড়ং নটবরবপুঃ কর্ণয়োঃ কর্ণিকারং
বিভ্রদ্বাসঃ কনককপিশং বৈজয়ন্তীঞ্চ মালাং।
রন্ধ্রান্ বেণোরধরসুধয়া পূরয়ন্ গোপবৃন্দৈ-
র্বৃন্দারণ্যং স্বপদরমণং প্রাবিশদ্গীতকীর্ত্তিঃ ॥ ১৬১ ॥

শিতিমা শ্যামতাতিশয়ঃ। তালব্যাদিরয়ং। শিতী ধবলমেচকাবিত্যমরঃ। লোহিনী রক্তবর্ণা তদিদংতস্যাগ্রজভ্রাতৃজায়ায়া বচনং॥ ১৬১ ॥

উদ্গত হওয়াতে অপূর্ব্ব সৌন্দর্য্য প্রকাশ পাইতেছে ॥

বৈজয়ন্তী, ময়ূরপুচ্ছাদি, নটবরবেশ, বংশীমাধুর্য্য, বস্ত্র-শোভা এবং পরিচ্ছদসকলও উদ্দীপনরূপে কথিত হয় ॥ ১৬১ ॥

যথা শ্রীদশমে ২১ অ, ৫ শ্লোকে।

শুকদেব কহিলেন হে রাজন্! কি প্রকারে শ্রীকৃষ্ণের স্মরণে ব্রজাঙ্গনাদিগের মনঃ রুদ্ধ হইল বলি শ্রবণ কর। গোপীগণ মনে করিলেন শ্রীকৃষ্ণ নটবর শরীর ধারণ করিয়া স্বীয় পদে অঙ্কিত রমণীয় বৃন্দারণ্যে প্রবেশ করিলেন। তাঁহার মস্তকে ময়ূরপুচ্ছময় মুকুট, কর্ণদ্বয়ে কর্ণিকার, পরিধানে কনকবৎ কপিশবর্ণ বসন, গলদেশে বৈজয়ন্তী মালা। তিনি স্বয়ং অধরসুধা দিয়া বেণুরন্ধ্র পূরণ করিতেছেন, আর গোপগণ চারিদিকে তদীয় কীর্ত্তি গান করিতেছে ॥ ১৬১ ॥

খরতাত্র নখাগ্রাণাং ধনুরান্দোলিতা ভ্রুবোঃ।
রদানাং রঞ্জনং রাগচূর্ণৈরিত্যাদি চেষ্টিতং ॥
যথা ॥
নবং ধনুরিবাতনের্নাটদঘদ্বিষো ভ্রূযুগং
শমালিরিব শাণিতা নখররাজিরগ্রে খরা।
বিরাজতি শরীরিণী রুচিরদন্তলেখারুণা
ন কা সখি সমীক্ষণাবদ্যুতিরস্য বিত্রস্যতি ॥ ১৬২ ॥
অস্য মোহনতা যথা ॥

নাখাগ্রাণাং খরতা রদানাং রঞ্জনমিতি তচ্ছোভাবিশেষজ্ঞাপনায় লোকরীতি-কথনমাত্রং। তত্র তু স্বভাবত এব তাদৃশনখসৌষ্ঠবং শিখরমণিলাবণ্য-তিরস্কারিদন্তলাবণ্যং চাবির্ভবতীতি জ্ঞেয়ং। অতএবৈতে পরিচ্ছদমধ্যে ন পঠিতে ধনুষী ইব আন্দোলিন্যৌ তয়োর্ভাবঃ ধনুরান্দোলিতা ॥ ১৬২ ॥

তীক্ষ্ণ নখাগ্র, চঞ্চল ভ্রূধনু ও চূর্ণ খদিরদ্বারা দন্ত রঞ্জিত। ইত্যাদি চেষ্টা সকলকেও উদ্দীপন বলে ॥

যথা ॥

হে সখি! অঘরিপুর আশ্চর্য্য মূর্ত্তি দর্শন কর, ইহাঁর ভ্রূযুগল তনুহীন কন্দর্পের নব ধনুর ন্যায় নৃত্য করিতেছে, নখশ্রেণীর অগ্রভাগ এরূপ খরতর যে, শাণিত শরসমূহের ন্যায় বোধ হইতেছে, দন্তসকল এরূপ অরুণবর্ণ দেখাইতেছে যে, ক্রোধই যেন শরীর ধারণ করিয়া বিরাজ করিতেছে, অতএব ইহাঁকে দেখিয়া কোন্ যুবতি না ত্রাসযুক্ত হয় ॥১৬২॥

শ্রীকৃষ্ণের মোহনতা যথা ॥

কর্ত্তুং মুগ্ধাঃ স্বয়মচটুলা ন ক্ষমন্তেঽভিযোগং
ন ব্যাদাতুং ক্বচিদপি জনে বক্ত্রমপ্যুৎসহন্তে।
দৃষ্ট্বা তাস্তে নবমধুরিমস্মেরতাং মাধবার্ত্তাঃ
স্বপ্রাণেভ্যস্ত্রয়মুদসৃজন্নদ্য তোয়াঞ্জলীনাং ॥

অথ মধ্যং ॥

ঊরুদ্বয়স্য বাহ্বোশ্চ কাপি শ্রীরুরসস্তথা।
মূর্ত্তের্মধুরিমাদ্যঞ্চ কৈশোরে সতি মধ্যমে ॥

কর্ত্তুমিতি বৃন্দায়া বচনং। তত্র প্রথমং তস্যা সন্দেহং বিরচয্যোৎকণ্ঠাং বদ্ধয়ন্ত-কারণং বনৈ কার্য্যমাহ পূর্ব্বার্দ্ধেন। ততশ্চ কুত ইতি তৎপ্রশ্নানন্তরং তমেব কারণত্বে বিন্যস্য সম্যগার্দ্রয়ন্ত্যাহ তৃতীয়েন চরণেন। পুনশ্চ তর্হি কিং কুর্ব্বন্তীতি সগদ্গদং তৎপ্রশ্নানন্তরং তমতিব্যাকুলয়ন্ত্যাহ চতুর্থেনেতি। যোজনীয়ং অভি-যোগং ভাবাভিব্যক্তিং ॥ ১৬৩ ॥

বৃন্দা শ্রীকৃষ্ণকে কহিলেন হে মাধব! তোমার নব মাধুর্য্য-শালি হাস্য সন্দর্শন করিয়া মুগ্ধা গেপীগণ আপন মনোগত ভাব প্রকাশ করিতে স্বয়ং অক্ষম হইতেছেন, কোন ব্যক্তির সহিত আলাপ করিতেও সক্ষম হইতেছেন না। অধিক কি বলিব এরূপ পীড়িতা হইয়াছেন যে, স্বীয় প্রাণের প্রতি তিন অঞ্জলি জল প্রদান করিয়াছেন অর্থাৎ জীবিতাশা একে-বারেই বিসর্জন দিয়াছেন ॥

অথ মধ্যকৈশোর ॥

নাসাগ্র নয়নত্ব যথা ॥

এই অগ্রবর্ত্তি মুনি নাসাগ্রে দৃষ্টি নিক্ষেপ করিয়া স্পন্দনদ্বারা উন্নতাবনত মস্তকে বিরাজিত হইতেছেন, অতএব বোধ হয় ইহাঁর অনাকুল চিত্তকন্দরতটে হরি বিরাজ করিতেছেন ॥

জৃম্ভাঙ্গমোটনং ভক্তেরুপদেশো হরের্নতিঃ।

স্তবাদয়শ্চ দাসাদ্যৈঃ শীতাঃ সাধারণাঃ ক্রিয়াঃ ॥

তত্র জৃম্ভা যথা ॥

হৃদয়াম্বরে ধ্রুবং তে ভাবাম্বরমণিরুদেতি যোগীন্দ্র।

যদিদং বদনাম্ভোজং জৃম্ভামবলম্বতে ভবতঃ ॥ ১০ ॥

অথ সাত্ত্বিকাঃ ॥

রোমাঞ্চস্বেদকম্পাদ্যাঃ সাত্ত্বিকাঃ প্রলয়ং বিনা ॥ ১১ ॥

বন্ধুরশিরা ইতি বিশেষানুভবঃ। সচ শ্রীহরিগুণাত্মক এব সম্ভবতি আত্মারামাশ্চ মুনয় ইত্যাদেরিতি ভাবঃ ॥ ১০ ॥

এষাং শ্রীভগবৎসমাধৌ চেষ্টায়া জ্ঞানান্তরসাচ নিরাকৃতৌ প্রলয়লক্ষণত্বে প্রাপ্তেঽপি ভূনিপতনাদ্যভাবাৎ প্রলয়ং বিনেত্যুক্তং ॥ ১১ ॥

জৃম্ভা অর্থাৎ হাঁই তোলা, অঙ্গমোটন ভক্তির উপদেশ, হরির প্রতি নতি এবং হরির স্তবাদি, দাসপ্রভৃতির এই সকল শীত ভাবরূপ সাধারণ ক্রিয়া ॥

তন্মধ্যে জৃম্ভা যথা ॥

হে যোগীন্দ্র! নিশ্চয় তোমার হৃদয়াকাশে ভাবসূর্য্য উদিত হইয়াছেন, যেহেতু তোমার বদনপদ্ম ক্রমশঃ জৃম্ভা অবলম্বন করিতেছে ॥ ১০ ॥

অথ সাত্ত্বিক ॥

শান্তরসে প্রলয় অর্থাৎ ভূপতনাপি ব্যতিরেকে রোমাঞ্চ, স্বেদ (ঘর্ম্ম) এবং কম্পপ্রভৃতি সাত্ত্বিক ভাবসকল প্রকাশ হইয়া থাকে ॥ ১১ ॥

তত্র রোমাঞ্চো যথা ॥

পাঞ্চজন্যজনিতো ধ্বনিরন্তঃ
ক্ষোভয়ন্ সপদি বিদ্ধসমাধিঃ।
যোগিনাং গিরিগুহা-নিলয়ানাং
পুদ্গলে পুলকপালিমনৈষীৎ ॥ ১২ ॥

এষাং নিরভিমানানাং শরীরাদিষু যোগিনাং।
সাত্ত্বিকাস্তু জ্বলন্ত্যেব নতু দীপ্তা ভবন্ত্যমী ॥

অথ সঞ্চারিণঃ ॥

সঞ্চারিণোঽত্র নির্বেদো ধৃতিহর্ষৌ মতিঃ স্মৃতিঃ।
বিষাদোৎসুকতাবেগবিতর্কাদ্যাঃ প্রকীর্ত্তিতাঃ ॥

পুদ্গলে দেহে। কায়ো দেহঃ স্ত্রিয়াং মূর্ত্তিঃ পুদ্গলশ্চ পুমাংস্তনুরিত্যমরদত্তঃ ॥১২॥
এষামিতি তাবদপি শ্রীভগবৎসম্বন্ধপ্রভাবাদেব ভবতীতি ভাবঃ ॥ ১৩ ॥

তন্মধ্যে রোমাঞ্চ যথা ॥

পাঞ্চজন্য-শঙ্খজনিত ধ্বনি গিরিগুহাবাসি যোগিদের অন্তঃকরণে ক্ষোভ প্রদান করত তৎক্ষণাৎ তাঁহাদের সমাধিভঙ্গ করিল, সুতরাং তখন তাঁহারা স্বীয় দেহে পুলকাবলী ধারণ করিয়াছিলেন ॥ ১২ ॥

এই সকল নিরভিমান যোগিদিগের শরীরে উক্ত ভাবসকল জ্বলিত হয়, কিন্তু দীপ্ত হয় না ॥

শান্তরসে সঞ্চারী যথা ॥

নির্ব্বেদ, ধৈর্য্য, হর্ষ, মতি, স্মৃতি, ঔৎসুক, আবেগ ও বিতর্ক প্রভৃতি শান্তরসে সঞ্চারি বলিয়া কীর্ত্তিত হয় ॥

তত্র নির্ব্বেদো যথা ॥

অস্মিন্ সুখঘনমূর্ত্তৌ পরমাত্মনি বৃষ্ণিপত্তনে স্ফুরতি।

আত্মারামতয়া মে বৃথা গতো বত চিরং কালঃ ॥

অথ স্থায়ী ॥

অত্র শান্তিরতিঃ স্থায়ী সমা সান্দ্রাচ সা দ্বিধা ॥ ১৩ ॥

তত্রাদ্যা ॥

সমাধৌ যোগিনস্তস্মিন্নসম্প্রজ্ঞাতনামনি।

লীলয়া ময়ি লব্ধেঽস্য বভূবোৎকম্পিনী তনুঃ ॥ ১৪ ॥

সমাধাবিতি শ্রীভগবদ্বচনং। মনসো বৃত্তিশূন্যস্য ব্রহ্মাকারতয়া স্থিতিঃ। যা সম্প্রজ্ঞাতনামাসৌ সমাধিরভিধীয়তে ॥ ১৪ ॥

তন্মধ্যে নির্ব্বেদ যথা ॥

এই দ্বারকানগরীতে যখন সুখঘনমূর্ত্তি পরমাত্মা শ্রীকৃষ্ণ বিরাজ করিতেছেন, তখন হায়! আত্মারামত্ব প্রযুক্ত আমার চিরকাল বৃথা গত হইল ॥

অথ শান্তরসে স্থায়ী ভাব ॥

শান্তরসে শান্তিরতি স্থায়ী ভাব। এই শান্তিরতি সমা ও সান্দ্রা ভেদে দুই প্রকার হয় ॥ ১৩ ॥

তন্মধ্যে সমা যথা ॥

ভগবান্ কহিলেন এই যোগিব্যক্তির অসংপ্রজ্ঞাত নাম সমাধিতে আমি লীলাবশতঃ উপস্থিত হইলে ইহাঁর তনু কম্পে পরিপূর্ণ হইয়াছিল ॥ ১৫ ॥

সান্দ্রা যথা ॥

সর্ব্বাবিদ্যাধ্বংসতো যঃ সমন্তা-
দাবির্ভূতো নির্ব্বিকল্পে সমাধৌ।
জাতে সাক্ষাদ্যাদবেন্দ্রে স বিন্দন্
ময্যানন্দঃ সান্দ্রতাং কোটিধাসীৎ।
শান্তো দ্বিধৈষ পারোক্ষ্য-সাক্ষাৎকারবিভেদতঃ ॥
তত্র পারোক্ষ্যং যথা ॥
প্রযাস্যতি মহত্তপঃ সফলতাং কিমষ্টাঙ্গিকা
মুনীশ্বর পুরাতনী পরমযোগচর্য্যাপ্যসৌ।

সর্ব্বেতি জ্ঞানিত্বাৎ পরমগম্ভীরস্যাপ্যস্য কণ্ঠোক্তীকৃতনিজানন্দতয়া চাপলাভিব্যক্তেঃ পূর্ব্বস্মাদাধিক্যমেব ব্যক্তং। জাত ইতি স এবানন্দঃ সাক্ষাজ্জাতে যাদবেন্দ্রেঽধিকরণে তদীয়রূপগুণলীলানুভবান্ময়ি কোটিধা সান্দ্রতাং বিস্তারসান্দ্রতয়া প্রকাশ্যমান আসীদিত্যর্থঃ ॥ ১৫ ॥

সান্দ্রা যথা ॥

সর্ব্বপ্রকার অবিদ্যাধ্বংস হেতু নির্বিকল্প সমাধিতে যাদবেন্দ্র সাক্ষাৎকার হইলে সর্ব্বতোভাবে আমাতে যে আনন্দ আবির্ভূত হয়, তাহা কোটিসান্দ্রতা লাভ করত প্রকাশমান হইয়াছিল ॥

পারোক্ষ্য এবং সাক্ষাৎকার ভেদে শান্ত দুই প্রকার হয় ॥

তন্মধ্যে পারোক্ষ্য শান্ত যথা ॥

হে মুনীশ্বর! আপনি বলুন দেখি আমার মহৎ তপস্যা এবং পুরাতনী অষ্টাঙ্গ পরমযোগচর্য্যা সফলতা প্রাপ্ত হইলে

নরাকৃতি-নবাম্বুদদ্যুতিধরং পরং ব্রহ্ম মে
বিলোচনচমৎকৃতিং কথয় কিন্নু নির্ম্মাস্যতি ॥ ১৫ ॥

যথাবা ॥

ক্ষেত্রে কুরোঃ কিমপি চণ্ডকরোপরাগে,
সান্দ্রং মহঃ পথি বিলোচনয়োর্যদাসীৎ।
তন্নীরদদ্যুতিজয়ি স্মরমুৎসুকং মে
ন প্রত্যগাত্মনি মনো রমতে পুরেব ॥ ১৬ ॥

সাক্ষাৎকারো যথা ॥

পরমাত্মতয়াতি মেদুরাৎ

সান্দ্রং মহঃ পথীতি যদাসীদিতি দ্যুতিজয়ীত্যেতএব পাঠাস্থিষ্টাঃ ॥ ১৬ ॥

হে ভগবন্ সর্ব্বাতীতানন্তগুণসম্পন্ন তব সাক্ষাৎকরণানন্দাদধিকং

নরাকৃতি নবজলধর দ্যুতিধারী পরমব্রহ্ম কি আমার লোচনের চমৎকৃতি বিধান করিবেন অর্থাৎ তাঁহার কি আমি দর্শন পাইব ॥ ১৫ ॥

যথাবা ॥

সূর্য্যগ্রহণ উপলক্ষে কুরুক্ষেত্রের পথে নীরদদ্যুতিজয়ী যে, নিবিড় তেজ লোচনদ্বয়ের প্রত্যক্ষ হইয়াছিল, তাহা স্মরণ করিয়া আমার মন উৎসুকান্বিত হইয়া আর পূর্ব্বের ন্যায় ব্রহ্মসুখে রমণ করিতেছে না ॥ ১৬ ॥

সাক্ষাৎকার যথা ॥

হে ভগবন্! আপনি সর্ব্বাতীত আনন্দগুণসম্পন্ন, দুর

তব সাক্ষাৎকরণপ্রমোদতঃ।
ভগবন্নধিকং প্রয়োজনং
কতরদ্ব্রহ্মবিদোঽপি বিদ্যতে॥ ১৭॥
যথাবা॥
হৃষ্টঃ কম্বুপতিস্বনৈর্ভুবি লুঠচ্চীরাঞ্চলঃ সঞ্চলন্-
মূর্দ্ধা রুদ্ধদৃগশ্রুভিঃ পুলকিতো দ্রাগেষ লীনব্রতঃ।
অক্ষোরঙ্গণমঞ্জনত্বিষি পরব্রহ্মণ্যবাপ্তে মুদা

প্রয়োজনং ব্রহ্মণঃ পরমবৃহন্নির্ব্বিশেষানন্দস্বরূপস্য যোঽনুভবী তস্যাপি কতরদ্বিদ্যতে। নমু, ব্রহ্ম তাবৎ সর্ব্বেষাং স্বরূপং, স্বরূপস্যৈব সর্ব্বতঃ শ্রেষ্ঠত্বেন তৎসাক্ষাৎকারস্যৈব সর্ব্বতঃ প্রীত্যাস্পদত্বাৎ ব্যর্থং কুতঃ গুণময়সাক্ষাৎকরণেন তত্রাহ। পরেতি আত্মা সর্ব্বেষাং স্বরূপং যদ্ব্রহ্ম ততোঽপি তব পরমত্বস্যাভিমেতত্বাৎ, ব্রহ্মণোঽপি প্রতিষ্ঠাহমিতি শ্রীভগবদ্গীতোপনিষদ্ভ্যঃ কৃষ্ণমেনমবৈহিত্বমাত্মানমখিলাত্মনামিতি শ্রীশুকবাক্যাচ্চ॥ ১৭॥

অশ্রুভিঃ রুদ্ধদৃগিতি যোজ্যং। লীনং নষ্টং ব্রতং তত্তন্নিয়মো যস্য॥ ১৮॥

হইতে আপনার যে সাক্ষাৎকার লাভ করিয়াছি তজ্জনিত আনন্দ হইতে আমি যে ব্রহ্মজ্ঞ আমার অন্য প্রয়োজন কি আছে?॥ ১৭॥

যথাবা॥

কম্বুপতি পাঞ্চজন্যের ধ্বনিশ্রবণদ্বারা কোন যোগী চীরবস্ত্রের অঞ্চল সঞ্চালনপূর্ব্বক ভূমিতে মস্তক লুণ্ঠিত করত অশ্রুপূরিতলোচনে পুলকাকুল হইয়া আপনার নিয়ম বিনষ্ট করিয়াছিলেন এবং চক্ষুর অঙ্গণে অঞ্জনকান্তি পরব্রহ্ম সাক্ষাৎ-

মুদ্রাভিঃ প্রকটীকরোত্যবমতিং যোগীশ্বরূপস্থিতো ॥১৮॥

ভবেৎ কদাচিৎ কুত্রাপি নন্দসূনোঃ কৃপাভরঃ।

প্রথমং জ্ঞাননিষ্ঠোঽপি সোঽত্রৈব রতিমুদ্বহেৎ ॥ ১৯ ॥

যথা বিল্বমঙ্গলস্তবে ॥

অদ্বৈতবীথীপথিকৈরুপাস্যাঃ

স্বানন্দসিংহাসনলব্ধদীক্ষাঃ।

শঠেন কেনাপি বয়ং হঠেন

দাসীকৃতা গোপবধূবিটেন ॥ ২০ ॥

তত্র শ্রীমন্নন্দনন্দনস্বরূপস্য তস্য কৃপাতিশয়েতু পরমোৎকর্ষমাহ ভবেদিতি। অত্র শ্রীনন্দসূনাবেব রতিমুচ্চৈর্বহেত তদযোগ্যাং শান্তিমতিক্রম্য রতিবিশেষং বহতীত্যর্থঃ ॥ ১৯ ॥

অদ্বৈতেতি শাব্দং জ্ঞানমুক্তং। স্বানন্দেতি অনুভবপর্য্যন্তঃ। স্বানন্দ এব সিংহাসনং তত্র লব্ধা দীক্ষা পূজা যৈরিত্যর্থঃ। দীক্ষ মৌণ্ড্যেজ্যাদিধাতুগণাৎ। ব্যাজস্তুতিরিয়ং ॥ ২০ ॥

কার হওয়ায় যে আনন্দপরিপাটী উপস্থিত হইয়াছিল তদ্দ্বারা তিনি নির্বিশেষ ব্রহ্মে অবজ্ঞা করিয়াছিলেন ॥ ১৮ ॥

কখনও যদি কাহারও প্রতি নন্দনন্দের কৃপাতিশয় হয়, তাহা হইলে সে যদি প্রথমে জ্ঞাননিষ্ঠ থাকে তবে পরে তাহার রতি লাভ হয় ॥ ১৯ ॥

যথা বিল্বমঙ্গলস্তবে ॥

যাঁহারা অদ্বৈতমার্গের পথিক হইয়াছেন তাঁহারাই নির্ব্বিশেষ ব্রহ্মানুভবিদিগকে উপাসনা করুন, কিন্তু কোন গোপবধূলম্পট শঠ হঠপূর্ব্বক আমাদিগকে দাস করিয়াছেন ॥ ২০ ॥

তৎকারুণ্যশ্লথীভূতজ্ঞানসংস্কারসন্ততিঃ।
এষ ভক্তিরসানন্দনিপুণঃ স্যাদ্যথা শুকঃ ॥ ২১ ॥
শমস্য নির্ব্বিকারত্বান্নাট্যজ্ঞৈর্নৈষ মন্যতে।
শান্ত্যাখ্যায়া রতেরত্র স্বীকারান্ন বিরুধ্যতে।
শমো মন্নিষ্ঠতা বুদ্ধেরিতি শ্রীভগবদ্বচঃ।
তন্নিষ্ঠা দুর্ঘটা বুদ্ধেরেতাং শান্তিরতিং বিনা ॥ ২২ ॥

অত্রার্ষমপি প্রমাণমাহ তদিতি। শুকেন হি সর্ব্বোত্তমপ্রেমতয়া ব্রজবাসিমাত্রং নিরূপ্য তত্রাপি কুত্রচিৎ পরমোৎকর্ষো দর্শিতঃ ॥ ২১ ॥

অত্রেতি কেবলঃ শান্তরসস্তৈর্বিরুধ্যতাং নাম অত্রাস্মন্মতেতু শান্তরসে তৈর্বিরোদ্ধুং ন শক্যত ইত্যর্থঃ। তত্র হেতুমাহ শান্ত্যেতি শ্রীভগবদ্রতিমাত্রস্য রসত্বং পূর্ব্বমেবেতি স্থাপিতমিতি ভাবঃ। তত্র হি কার্য্যদ্বারা রতিরূপং কারণং লক্ষ্যত ইত্যাহ তন্নিষ্ঠেতি। তথাপি সামান্যায়ামেব রতৌ লব্ধায়াং বিশেষেঽত্র প্রবৃত্তিঃ প্রসিদ্ধা শমপ্রাচুর্য্যাৎ পর্য্যবসীয়তে ॥ ২২ ॥

যেমন শুকদেব ভগবৎকরুণায় জ্ঞানসংস্কার সমূহকে শ্লথ করিয়া ভক্তিরসানন্দে নিপুণ হইয়াছিলেন, তাহার ন্যায় এই বিল্বমঙ্গল ভগবৎকরুণায় ভক্তিরসানন্দে প্রবীণ হইয়াছিলেন ॥ ২১ ॥

শমভাবের নির্ব্বিকারত্ব প্রযুক্ত নাট্যজ্ঞেরা ইহাকে রস বলিয়া স্বীকার করেন না, কিন্তু এ স্থলে শান্তিরতির স্বীকার করিলে কিছুই বিরুদ্ধ হয় না ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ একাদশস্কন্ধে উদ্ধবকে বলিয়াছেন আমাতে নিষ্ঠাপ্রাপ্তবুদ্ধির নাম শম, অতএব এই শান্তিরতি ব্যতিরেকে ভগবানে বুদ্ধির নিষ্ঠা দুর্ঘট ॥ ২২ ॥

কেবলশান্তোঽপি শ্রীবিষ্ণুধর্ম্মোত্তরে যথা ॥

নাস্তি যত্র সুখং দুঃখং ন দ্বেষো নচ মৎসরঃ।
সমঃ সর্ব্বেষু ভূতেষু স শান্তঃ প্রথিতো রসঃ ॥ ২৩ ॥
সর্ব্বথৈবমহঙ্কাররহিতত্বং ব্রজন্তি চেৎ।
তত্রান্তর্ভাবমর্হন্তি ধর্ম্মবীরাদয়স্তদা।
ধৃতিস্থায়িনমেকেতু নির্ব্বেদস্থায়িনং পরে।
শান্তমেব রসং পূর্ব্বে প্রাহুরেকমনেকধা।
নির্ব্বেদো বিষয়ে স্থায়ী তত্ত্বজ্ঞানোদ্ভবঃ স চেৎ।

অথ কেবলশান্তাখ্যে রসে বিবদমানানাং মতনিরাসেন কৈমুত্যাদাত্মমতং স্থাপয়তি কেবলশান্তোঽপি শ্রীবিষ্ণুধর্ম্মোত্তরে যথেতি ॥ ২৩ ॥

ধর্ম্মবীরাদয়ো ধর্ম্মদয়াদানবীরাঃ ॥ ২৪ ॥

কেবল শান্তরস বিষ্ণুধর্ম্মোত্তরে যথা ॥

যাহাতে সুখ নাই, দুঃখ নাই, দ্বেষ নাই, মাৎসর্য্য নাই এবং সকলভূতে সমভাব তাহাকেই শান্তরস বলিয়া উল্লেখ করা যায় ॥ ২৩ ॥

যদি সর্ব্বপ্রকারে অহঙ্কার রাহিত্য হয়, তবেই ধর্ম্মবীর, দানবীর ও দয়াবীর শান্তরসে অন্তর্ভাব লাভ করিতে যোগ্য হইতে পারে ॥

কেহ ধৃতিকে স্থায়ি বলেন ও কেহ নির্ব্বেদকে স্থায়ি বলেন, কিন্তু পূর্ব্বপূর্ব্ব পণ্ডিতগণ একমাত্র শান্তরসকে অনেক প্রকারে বর্ণন করিয়াছেন ॥

নির্ব্বেদ যদি তত্ত্বজ্ঞান হইতে উৎপন্ন হয়, তাহা হইলে

ইষ্টানিষ্টবিয়োগাপ্তিকৃতস্তু ব্যভিচার্য্যসৌ ॥ ২৪ ॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ পশ্চিমবিভাগে মুখ্য-ভক্তিরসপঞ্চকনিরূপণে শান্তভক্তিরসলহরী প্রথমা ॥*॥ ১ ॥

॥ * ॥ ইতি পঞ্চলহর্য্যাত্মকে পশ্চিমবিভাগে শান্তভক্তিরসলহরী প্রথমা ॥ * ॥

তাহাকে বিস্ময়ের মধ্যে স্থায়ী বলাযায়। আরযদি এই নির্ব্বেদ ইষ্টবিয়োগ ও অনিষ্টপ্রাপ্তির নিমিত্ত হয় তাতা হইলে ইহাকে ব্যভিচারী বলে ॥ ২৪ ॥

॥ * ॥ ইতি শ্রীরামনারায়ণবিদ্যারত্নকৃত ব্যাখ্যায় ভক্তি-রসামৃতসিন্ধুর পশ্চিমবিভাগে শান্তভক্তিরস প্রথম লহরী সমাপ্তা ॥ * ॥ ১ ॥ * ॥

অথ প্রীতভক্তিরসঃ ॥

শ্রীধরস্বামিভিঃ স্পষ্টময়মেব রসোত্তমঃ।
রঙ্গপ্রসঙ্গে সপ্রেমভক্তিকাখ্যঃ প্রকীর্ত্তিতঃ।
রতিস্থায়িতয়া নামকৌমুদীকৃদ্ভিরপ্যসৌ।
শান্তত্বেনায়মেবাদ্ধা সুদেবাদ্যৈশ্চ বর্ণিতঃ।
আত্মোচিতৈর্বিভাবাদ্যৈঃ প্রীতিরাস্বাদনীয়তাং।
নীতা চেতসি ভক্তানাং প্রীতভক্তিরসো মতঃ।
অনুগ্রাহ্যস্য দাসত্বাল্লাল্যত্বাদপ্যয়ং দ্বিধা।
ভিদ্যতে সম্ভ্রমপ্রীতো গৌরবপ্রীত ইত্যপি ॥
তত্র সম্ভ্রম প্রীতঃ ॥

অথপ্রীতভক্তিরস ॥

শ্রীধরস্বামিপ্রভৃতি এই প্রীত রসকে স্পষ্ট রূপে উত্তম বলিয়া কীর্ত্তন করিয়াছেন এবং রঙ্গপ্রসঙ্গে অর্থাৎ নাট্যাদিতে এই প্রীতরস প্রেমভক্তিনামে উল্লিখিত হইয়াছে। নামকৌমুদীকার ইহাকে স্থায়িরতি বলিয়া বর্ণন করিয়াছেন এবং সুদেবাদি কর্ত্তৃক এই প্রীতরস সাক্ষাৎ শান্ত নামে কথিত হইয়াছে। আত্মোচিত বিভাবদ্বারা ভক্তগণের চিত্তে প্রীতি আস্বাদনীয়ত্ব প্রাপ্ত হয়, এ কারণ ইহা প্রীত ভক্তিরস বলিয়া সম্মত ॥

অনুগ্রহপাত্রের সম্বন্ধে দাসত্ব এবং লালনীয়ত্ব প্রযুক্ত এই প্রীতরস দুই প্রকারে ভিন্ন হয়, যথা—সম্ভ্রমপ্রীত ও গৌরবপ্রীত ॥

তন্মধ্যে সম্ভ্রম প্রীত যথা ॥

দাসাভিমানিনাং কৃষ্ণে স্যাৎ প্রীতিঃ সম্ভ্রমোত্তরা।
পূর্ব্ববৎ পুষ্যমাণেয়ং সম্ভ্রমপ্রীত উচ্যতে॥
তত্রালম্বনাঃ॥
হরিশ্চ তস্য দাসাশ্চ জ্ঞেয়া আলম্বনা ইহ॥
তত্র হরিঃ॥
আলম্বনোঽস্মিন্ দ্বিভুজঃ কৃষ্ণো গোকুলবাসিষু।
অন্যত্র দ্বিভুজঃ ক্বাপি কুত্রাপ্যেষ চতুর্ভুজঃ॥
তত্র ব্রজে যথা॥
নবাম্বুধরবন্ধুরঃ করযুগেন বক্ত্রাম্বুজে
নিধায় মুরলীং স্ফুরৎপুরটনিন্দিপট্টাম্বরঃ।

দাসাভিমানি ব্যক্তিদিগের শ্রীকৃষ্ণে সম্ভ্রমবিশিষ্টা প্রীতি উৎপন্ন হয়। এই সম্ভ্রমোত্তরা প্রীতি পূর্ব্ববৎ পুষ্ট হইলে ইহাকে সম্ভ্রমপ্রীত বলা যায়॥

উক্ত প্রীতরসে আলম্বন যথা॥

এই প্রীতরসে হরি এবং হরিদাস সকল আলম্বন হইয়া থাকেন॥

তন্মধ্যে আলম্বন রূপ হরি যথা॥

এই সম্ভ্রমপ্রীত রসে গোকুলবাসি সকলে শ্রীকৃষ্ণ দ্বিভুজ রূপে আলম্বন, অন্যত্র কোথাও দ্বিভুজ এবং কোথাও বা চতুর্ভুজ রূপে আলম্বন হয়েন॥

তন্মধ্যে ব্রজে আলম্বনরূপী হরি॥

নবজলধরকান্তি রূপে স্ফূর্ত্তিশীল প্রভু শ্রীকৃষ্ণ করযুগল-দ্বারা বদনপদ্মে মুরলী ধারণপূর্ব্বক স্বর্ণনিন্দি পীতবসন

শিখণ্ডকৃতশেখরঃ শিখরিণস্তটে পর্য্যটন্
প্রভুর্দ্দিবি দিবৌকসো ভুবি ধিনোতি নঃ কিঙ্করান্॥

অন্যত্র দ্বিভুজো যথা॥

প্রভুরয়মনিশং পিশঙ্গবাসাঃ
করযুগভাগরিকম্বুরম্বুদাভঃ।
নবঘন ইব চঞ্চলা পিনদ্ধো
রবিশশিমণ্ডলমণ্ডিতশ্চকাস্তি॥ ১॥

তত্র চতুর্ভুজো যথা ললিতমাধবে॥

চঞ্চৎকৌস্তুভকৌমুদীসমুদয়ঃ কৌমোদকীচক্রয়োঃ

চঞ্চদিতি শ্রীদারুকবাক্যং। এষ ইতি বৈকুণ্ঠনাথাদপি চমৎকারকরত্বেন মযান্তু

পরিধান এবং মস্তকে ময়ূরপুচ্ছের চূড়া ধারণ করত গিরিতটে পর্য্যটন করিতে করিতে স্বর্গে দেবগণ এবং পৃথিবীতে আমরা যে কিঙ্কর আমাদিগকে আনন্দ প্রদান করিতেছেন॥

অন্যত্র দ্বিভুজ যথা॥

এই মেঘকান্তি প্রভু নিরন্তর পীতবসন পরিধান এবং করযুগে শঙ্খ চক্র ধারণপূর্ব্বক নবজলধরে বিদ্যুৎ নিবদ্ধ হইলে যে রূপ শোভা দেখায় তাহার ন্যায় চন্দ্রকান্ত ও সূর্য্যকান্তময় মণিভূষণ সকলে বিভূষিত হইয়া শোভা বিস্তার করিতেছেন॥ ১॥

তন্মধ্যে চতুর্ভুজ যথা॥

ললিতমাধবে॥

দারুক কহিলেন যাঁহার কণ্ঠে কৌস্তুভমণি শুভ্র তেজ

সখ্যেনোজ্জ্বলিতৈস্তথা জলজয়োরাচাশ্চতুর্ভির্ভুজৈঃ।
দিব্যালঙ্করণেন সঙ্কটতনুঃ সঙ্গী বিহঙ্গেশিতু-
র্মাং ব্যস্মারয়দেষ কংসবিজয়ী বৈকুণ্ঠগোষ্ঠীশ্রিয়ং॥ ২॥
ব্রহ্মাণ্ডকোটিধামৈকরোমকূপঃ কৃপাম্বুধিঃ।
অবিচিন্ত্যমহাশক্তিঃ সর্ব্বসিদ্ধিনিষেবিতঃ।
অবতারাবলীবীজং সদাত্মারামহৃদ্‌গুণঃ।
ঈশ্বরঃ পরমারাধ্যঃ সর্ব্বজ্ঞঃ সুদৃঢ়ব্রতঃ।
সমৃদ্ধিমান্ ক্ষমাশীলঃ শরণাগতপালকঃ।

ভূষমান ইত্যর্থঃ। ব্যস্মারয়দিত্যনেনচ প্রস্তুতানাং সামগ্রীণাং বৈকুণ্ঠসামগ্রীভ্যো বিলক্ষণত্বং ধ্বনিতং॥ ১॥ ২॥

ব্রহ্মাণ্ডকোটিধামৈকরোমকূপ ইতি। নচাস্য নির্বহি যশোদোত্যাদিপ্রমাণেন মধ্যমপরিমাণত্বেঽপি অচিন্ত্যশক্ত্যা পরমবিভুবিগ্রহ ইত্যর্থঃ। তৎসম্বন্ধস্তু তত্র নাস্তীতি স্বয়মেব গীতং। ময়া ততমিদং সর্ব্বং জগদব্যক্ত মূর্ত্তিনা। ইত্যাদিনা ব্যঞ্জিতমেব। সচ পুরুষেণৈব তৎসম্বন্ধাত্তাসো নতু স্বয়ং ভগবতেতি। যথোক্তং

প্রকাশ করিতেছে, যিনি শঙ্খচক্র গদাপদ্মশালি ভুজচতুষ্টয়ে যুক্ত হইয়াছেন, যাঁহার অঙ্গে দিব্য দিব্য অলঙ্কার সকল সঙ্কুল হইয়া রহিয়াছে এবং যিনি খগেশ্বর গরুড়ের উপরি বিরাজ করিতেছেন, সেই কংসারি আজ আমাকে বৈকুণ্ঠের ঐশ্বর্য্য বিস্মরণ করাইয়া দিলেন॥ ২॥

যাঁহার এক রোমকূপে কোটি কোটি ব্রহ্মাণ্ড অবস্থিতি করিতেছে, যিনি কৃপাসমুদ্র, অবিচিন্ত্যমহাশক্তি, সর্ব্বসিদ্ধি-নিষেবিত অবতারাবলীবীজ, আত্মারামগণাকর্ষী, ঈশ্বর, পরমা-রাধ্য, সর্ব্বজ্ঞ, সুদৃঢ়ব্রত, সমৃদ্ধিমান্, ক্ষমাশীল, শরণাগতপালক,

দক্ষিণঃ সত্যবচনো দক্ষঃ সর্ব্বশুভঙ্করঃ।
প্রতাপী ধার্ম্মিকঃ শাস্ত্রচক্ষুর্ভক্তসুহৃত্তমঃ।
বদান্যস্তেজসাযুক্তঃ কৃতজ্ঞঃ কীর্ত্তিসংশ্রয়ঃ।
বরীয়ান্ বলবান্ প্রেমবশ্য ইত্যাদিভির্গুণৈঃ।
যুতশ্চতুর্ব্বিধেষ্বেষ দাসেষ্বালম্বনো হরিঃ ॥ ৩ ॥
অথ দাসাঃ ॥
দাসাস্তু প্রশ্রিতাস্তস্য নিদেশবশবর্ত্তিনঃ।
বিশ্বস্তাঃ প্রভুতাজ্ঞানবিনম্রিতধিয়শ্চ তে ॥

শ্রীদশমে। যস্যাংশাংশাংশভাগেন বিশ্বস্থিত্যপ্যয়োদয়া ইতি। টীকাচ। যস্যাংশঃ পুরুষস্তস্যাংশো মায়েত্যাদিকা। তদেব মায়িকগুণবত্তা তস্য ন সর্ব্বত্র স্ফুরতি কিন্তু যথাবিভাগমেব। যথা প্রথমোঽয়ং গুণঃ অধিকারিবিশেষাশ্রিতত্বাপসেব্যেবেতি ॥ ৩ ॥

প্রশ্রিতা নতদৃষ্ট্যাদিনা স্থিতাঃ। নিদেশঃ স্বস্বযোগ্যকর্ম্মণি বা শ্রীকৃষ্ণস্যাজ্ঞা তত্র যো বশ ইচ্ছা স্বত এব রুচিস্তত্র বর্ত্তিতুং শীলং যেষাং তে তথা। বশঃ কান্তাবিত্যমরঃ। তদেতল্লক্ষণানুসারাৎ রুচিবৃত্ত্যা দাসত্বেনাশঙ্ক্যমানা শ্রীকৃষ্ণ-

গতপালক, দক্ষিণ, সত্যবচন, দক্ষ, সর্ব্বশুভঙ্কর, প্রতাপী, ধার্ম্মিক, শাস্ত্রচক্ষু, ভক্তসুহৃৎ, বদান্য, তেজীয়ান্, কৃতজ্ঞ, কীর্ত্তিমান্ বরীয়ান্ বলবান্ এবং প্রেমবশ্য, ইত্যাদি গুণযুক্ত হরি চতুর্ব্বিধ দাসভক্তে আলম্বন স্বরূপ ॥ ৩ ॥

অথ দাস ॥

প্রশ্রিত অর্থাৎ সর্ব্বদা নতদৃষ্টিতে অবস্থিত আজ্ঞাবর্ত্তী, বিশ্বস্ত এবং প্রভুজ্ঞানে নম্রবুদ্ধি ইত্যাদিভেদে দাস চারি প্রকার হয় ॥

যথা ॥

প্রভুরয়মখিলৈগু´ণৈর্গরীয়া-
নিহ তুলনামপরঃ প্রয়াতি নাস্য।
ইতি পরিগতনির্ণয়েন নম্রান্
হিতচরিতান্ হরিসেবকান্ ভজধ্বং ॥

চতুর্দ্ধামী অধিকৃতাশ্রিতপারিষদানুগাঃ ॥

তত্রাধিকৃতাঃ ॥

ব্রহ্মশঙ্করশক্রাদ্যাঃ প্রোক্তা অধিকৃতা বুধৈঃ।
রূপং প্রসিদ্ধমেবৈষাং তেন ভক্তিরুদীর্য্যতে ॥ ৪ ॥

গৌরববিষয়া বিপ্রাদয়োঽপি যোগবৃত্ত্যা গণয়িষ্যন্তে দাসাতে দীয়ন্তে কৃপয়া তত্ত্বদ্বাঞ্ছিতং সম্পদাতে যেভ্য ইতি নিরুক্তেঃ। দাস্থ দানে। যথা চাত্র প্রমাণীকৃতং ভাষাবৃত্তৌ। গুণিনাং ব্রাহ্মণো দাস ইতি। কিন্ত্বেতে নিত্যসিদ্ধাঃ সাধনসিদ্ধাশ্চেতুভয়ে লীলাপরিকরা স্তাদৃশতা ভাববাঞ্ছকাশ্চতি ভেদেন তত্র তত্র জ্ঞেয়াঃ ॥ ৪ ॥

যথা ॥

এই প্রভু নিখিল গুণদ্বারা সকলের গুরু, এ জগতে ইহাঁর সহিত কে তুল্যত্ব লাভ করিতে পারে, এইরূপ নিশ্চয় জ্ঞানে নত ও সর্ব্ব হিতকারি হরিদাস সকলকে ভজনা কর ॥

উক্ত চারি প্রকার দাসের নাম অধিকৃত, আশ্রিত, পারিষদ্ ও অনুগ ॥

তন্মধ্যে অধিকৃত দাসযথা ॥

ব্রহ্মা, শিব এবং ইন্দ্র ইত্যাদিকে পণ্ডিতগণ অধিকৃত দাস বলিয়া কীর্ত্তন করেন, ইহাঁদের রূপ প্রসিদ্ধই, আছে, একারণ এই সকলের ভক্তি বলিতেছি ॥ ৪ ॥

যথা।

কা পর্য্যেত্যম্বিকেয়ং হরিমবকলয়ন্ কম্পতে কঃ শিবোঽসৌ
তং কঃ স্তৌত্যেষ ধাতা প্রণমতি বিলুঠন্ কঃ ক্ষিতৌ বাসবোঽয়ং।
কঃ স্তব্ধো হস্যতেঽদ্ধা দনুজভিদনুজৈঃ পূর্ব্বজোঽয়ং মমেত্থং
কালিন্দী জাম্ববত্যাং ত্রিদশপরিচয়ং জালরন্ধ্রাদ্ব্যতানীৎ ॥

অথাশ্রিতাঃ ॥

অধিকৃতা ইতি শ্রীকৃষ্ণেনাধিকৃতা স্থাপিতা ইত্যর্থঃ। উদাহরণেতু কা পর্য্যেতি প্রদক্ষিণীকরোতি। স্তব্ধঃ স্তম্ভাখ্যসাত্ত্বিকেন যুক্ত ইত্যর্থঃ। পূর্ব্বজ ইতি তদানীং মন্বন্তরস্থায়িযমশরীরপ্রবিষ্টস্যার্য্যম্নোঽপি তদ্রূপত্বেনৈব ব্যবহারাৎ ॥ ৫ ॥

যথা।

জাম্ববতী কালিন্দীকে জিজ্ঞাসা করিলেন হরিকে প্রদক্ষিণ করিতেছেন ইনি কে? কালিন্দী কহিলেন ইনি অম্বিকা, জাম্ববতী, হরিদর্শন করিয়া কাঁপিতেছেন ইনি কে? কালিন্দী, ইনি শিব, জাম্ববতী, স্তব করিতেছেন ইনি কে? কালিন্দী ইনি বিধাতা, জাম্ববতী, ক্ষিতিতলে লুণ্ঠিত হইয়া প্রণাম, করিতেছেন ইনি কে?। কালিন্দী, ইনি ইন্দ্র। জাম্ববতী, দেবগণের সহিত স্তব্ধ হইয়া হাস্য করিতেছেন ইনি কে? কালিন্দী, ইনি আমার জ্যেষ্ঠ ভ্রাতা যম, এইরূপে গবাক্ষ দিয়া কালিন্দী জাম্ববতীকে দেবগণের পরিচয় প্রদান করিতে লাগিলেন ॥

অথ আশ্রিত ॥

তে শরণ্যা জ্ঞানিচরাঃ সেবানিষ্ঠাস্ত্রিধাশ্রিতাঃ ॥ ৫ ॥

যথা ॥

কেচিদ্ভীতাঃ শরণমভিতঃ সংশ্রয়ন্তে ভবন্তং
বিজ্ঞাতার্থাস্তদনুভবতঃ প্রাস্য কেচিন্মুমুক্ষাং।
শ্রাবং শ্রাবং নবনবনবাং মাধুরীং সাধুবৃন্দা-
দ্বৃন্দারণ্যোৎসব কিল বয়ং দেব সেবেমহি ত্বাং।

কেচিদ্ভীতা ইত্যাদৌ ভূতএব নিষ্ঠা নতু বর্ত্তমানে। সম্প্রতি শ্রেয়সান্তিলাষিতাশূন্যত্বমেব বক্তব্যং শুদ্ধভক্তেষু গণনাৎ। মুমুক্ষামিত্যুপলক্ষণত্বেন শান্তিরতিহেতুজ্ঞানত্যাগোঽপি লভ্যতে অতএব জ্ঞানিচরা ইতি ভূতপূর্ব্বত্বং জ্ঞানস্যাপি দর্শিতং। অত্রচ মধ্যমাস্তিমাধিকারিণামনন্যভেদ ঐশ্বর্য্যমাধুর্য্যানুভবাভ্যাং জ্ঞেয়ঃ। ভীতা ইতি ত্বদ্ভক্তিব্যতিরিক্তাৎ সর্ব্বস্মাদপি ভয়যুক্তা ইত্যর্থঃ। তদনুভবতো বিজ্ঞাতার্থা ইতি ব্রহ্মানুভব ত্বদনুভবয়োস্তারতম্যা ইত্যর্থঃ। তদিদং সহস্রভক্তাস্যারতেঃ সাধকভক্তস্য বচনমাত্মনঃ সার্ব্বদিকানন্যগতিত্ব-নিবেদনায় ॥ ৬ ॥

শরণাগত, জ্ঞানী ও সেবানিষ্ঠ এই তিনকে আশ্রিত বলে ॥ ৫ ॥

যথা ॥

হে বৃন্দাবনানন্দ! হে দেব! কোন কোন ব্যক্তি ভীত হইয়া সর্ব্বতোভাবে রক্ষকজ্ঞানে তোমাকে আশ্রয় করিয়াছেন, কোন কোন ব্যক্তি তোমার প্রভাব অবগত হইয়া মুক্তি-বিষয়ক ইচ্ছা পরিত্যাগপূর্ব্বক তোমাকে আশ্রয় করিয়াছেন এবং আমরা সাধুমুখে তোমার নবনব মাধুরী বারবার শ্রবণ করিয়া ত্বদীয় সেবাকার্য্যে নিযুক্ত হইয়াছি ॥

তত্র শরণ্যাঃ ॥

শরণ্যাঃ কালিয়জরাসন্ধবন্ধনৃপাদয়ঃ ॥

যথা ॥

অপি গহনাগসি নাগে, প্রভুবর ময্যদ্ভুতাদ্য তে করুণা।

ভক্তৈরপি সুদুর্ল্লভয়া, যদহং পদমুদ্রয়োজ্জ্বলিতঃ ॥

যথাপরাধভঞ্জনে ॥

কামাদীনাং কতি ন কতিধা পালিতা দুর্ন্নিদেশা

জাতা তেষাং ময়ি ন করুণা ন ত্রপা নোপশান্তিঃ।

উৎসৃজ্যৈতানথ যদুপতে সাম্প্রতং লব্ধবুদ্ধি-

তন্মধ্যে শরণ্য যথা ॥

কালিয়নাগ এবং জরাসন্ধের কারাগারে আবদ্ধ নৃপতিগণকে শরণাগত বলা যায় ॥

যথা ॥

হে প্রভুশ্রেষ্ঠ! আমি কালিয়নাগ, অতিশয় অপরাধ করিলেও আমার প্রতি আপনার অদ্ভুত করুণা, যে হেতু ভক্তগণেরও সুদুর্ল্লভ পদচিহ্নদ্বারা আজ আমি উজ্জ্বলিত হইলাম ॥

যথা বা অপরাধভঞ্জনে ॥

প্রভো! আমি কামক্রোধাদি রিপুবর্গের কত কত না দুষ্ট আদেশসকল প্রতিপালন করিয়াছি, তথাপি তাহারা আমার প্রতি দয়া করিল না, না তাহাদের লজ্জা বা উপশমই হইল। অতএব হে যদুপতে! সম্প্রতি আমি জ্ঞানপ্রাপ্ত হইয়া অভয়স্বরূপ আপনার শরণাগত হইলাম, আপনি আমাকে

স্বামায়াতঃ শরণমভয়ং মাং নিযুঙ্ক্ষ্বাত্মদাস্যে ॥

অথ জ্ঞানিচরাঃ ॥

যে মুমুক্ষাং পরিত্যজ্য হরিমেব সমাশ্রিতাঃ।
শৌনকপ্রমুখাস্তেতু প্রোক্তা জ্ঞানিচরা বুধৈঃ ॥

যথা হরিভক্তিসুধোদয়ে ॥

অহো মহাত্মন্ বহুদোষদুষ্টো-
হপ্যেকেন ভাত্যেষ ভবো গুণেন
সৎসঙ্গমাখ্যেন সুখাবহেন
কৃতাদ্য নো যেন কৃশা মুমুক্ষা ॥ ৬ ॥

যথা বা পদ্যাবল্যাং ॥

স্বীয় দাস্যে নিযুক্ত করুন ॥

অথ জ্ঞাননিষ্ঠ ॥

যাঁহারা মুক্তি-ইচ্ছা পরিত্যাগপূর্ব্বক কেবল হরিকেই আশ্রয় করিয়াছেন, তাঁহারাই শৌনকাদি ঋষি, পণ্ডিতগণ তাঁহাদিগকেই জ্ঞাননিষ্ঠ বলিয়া কীর্ত্তন করিয়াছেন ॥

যথা হরিভক্তিসুধোদয়ে ॥

শৌনকাদি ঋষিগণ সূতকে কহিলেন, হে মহাত্মন্! কি আশ্চর্য্য! এই মনুষ্যজন্ম বহুদোষে দুষ্ট হইলেও এক সুখ-জনক সৎসঙ্গরূপ গুণদ্বারা শোভা পাইতেছে, দেখ তদ্দারা আমাদের মুক্তির ইচ্ছাও ক্ষীণ হইয়া গেল ॥ ৬ ॥

যথাবা পদ্যাবলীতে ॥

ধ্যানাতীতং কিমপি পরমং যেতু জানন্তি তত্ত্বং
তেষামাস্তাং হৃদয়কুহরে শুদ্ধচিন্মাত্র আত্মা।
অস্মাকন্তু প্রকৃতিমধুরঃ স্মেরবক্ত্রারবিন্দো
মেঘশ্যামঃ কনকপরিধিঃ পঙ্কজাক্ষোঽয়মাত্মা॥
অথ সেবানিষ্ঠাঃ॥
মূলতো ভজনাসক্তাঃ সেবানিষ্ঠা ইতীরিতাঃ।
চন্দ্রধ্বজো হরিহয়ো বহুলাশ্বস্তথা নৃপঃ॥
যথা।
ইক্ষ্বাকুঃ শ্রুতদেবশ্চ পুণ্ডরীকাদয়শ্চ তে॥ ৭॥
আত্মারামানপি গময়তি ত্বদগুণো গানগোষ্ঠীং

ধ্যানাতীতমিতি। পূর্ব্বার্দ্ধে হেয়ত্ববিবক্ষয়া জ্ঞাতস্যাপ্যজ্ঞাতবন্নির্দ্দেশাৎ। পঙ্কজাক্ষোঽয়মাত্মেতি পরমেশিতৃত্বাৎ পরমপ্রিয়ত্বাচ্চ॥ ৭॥

শূন্যে নির্জনে উদ্যানে বর্ত্তমানান্ বিহগসদৃশাংস্তপস্বিনোঽপি ভিক্ষুচর্য্যাং

যাঁহারা ধ্যানাতীত কোন এক পরমতত্ত্ব বলিয়া নিশ্চয় করিয়াছেন, তাঁহাদের হৃদয়ে শুদ্ধসত্ত্ব জ্ঞানময় আত্মা অবস্থিতি করুন, কিন্তু আমাদের হৃদয়ে স্বভাবসিদ্ধ মাধুর্য্যময়, হাস্যবদন, মেঘকান্তি, পীতবসন ও পদ্মনেত্র এই আত্মা বিরাজ করুন॥

অথ সেবানিষ্ঠ॥

যাঁহারা প্রথমাবধিই ভজনবিষয়ে আসক্ত, তাঁহাদিগকেই সেবানিষ্ঠ বলা যায়। শিব, ইন্দ্র, বহুলাশ্ব রাজা, ঈক্ষাকু, শ্রুতদেব ও পুণ্ডরীক, ইহাঁরা সকল সেবানিষ্ঠ॥ ৭॥

যথা॥

কৃষ্ণ! তোমার গুণ আত্মারামগণকেও আকর্ষণ করিয়া

শূন্যোদ্যানে নয়তি বিহগানপ্যলং ভিক্ষুচর্য্যাং।
ইত্থ্যুৎকর্ষং কমপি সচমৎকারমাকর্ণ্য চিত্রং
সেবায়াতেং স্ফুটমঘহর শ্রদ্ধয়া গর্দ্ধিতোঽস্মি ॥ ৮ ॥

অথ পারিষদাঃ ॥

উদ্ধবো দারুকো জৈত্রঃ শ্রুতদেবশ্চ শত্রুজিৎ।
নন্দোপনন্দভদ্রাদ্যাঃ পার্ষদা যদুপত্তনে।
নিযুক্তাঃ সন্ত্যমী মন্ত্রসারথ্যাদিষু কর্ম্মসু।
তথাপি ক্কাপ্যবসরে পরিচর্য্যাঞ্চ কুর্ব্বতে।

ত্বদ্‌গুণগানশ্রবণেচ্ছয়া তদ্গানসভায়াং ভিক্ষোরিব চর্য্যাং নয়তি। যথা। শূন্যোদ্যানে ইত্যাবেশাৎ প্রৌঢ়িবচনং। (ক) জনস্থানে শূন্যে করুণকরুণৈর্যার্য্যচরিতৈরপি গ্রাবা রোদিত্যপি দলতি বজ্রস্য হৃদয়ংতিবৎ ॥৮॥

শ্রুতদেবশত্রুজিতাবপি প্রথমস্কন্ধে প্রোক্তাবত্র জ্ঞেয়ৌ। পরিচর্য্যাত্র যথা-

ত্বদীয় গানসভায় লইয়া যায় এবং নির্জনবাসি তপস্বিদিগকেও তোমার গুণগান শ্রবণেচ্ছায় ত্বদীয় গানসভায় ভিক্ষুচর্য্যা প্রাপ্ত করায়, হে অঘনাশন! এই রূপে তোমার কোন অনির্ব্বচনীয় আশ্চর্য্য উৎকর্ষ দর্শন করিয়া আমি স্পষ্টরূপে ত্বদীয় সেবায় শ্রদ্ধান্বিত হইয়াছি ॥ ৮ ॥

অথ পারিষদ ॥

দ্বারকানগরীতে উদ্ধব, দারুক, সাত্যকি, শ্রুতদেব, শত্রুজিৎ, নন্দ, উপনন্দ ও ভদ্র প্রভৃতি পার্ষদ, ইহাঁরা মন্ত্রণা ও সারথ্যাদি কার্য্যে নিযুক্ত থাকিলেও কোন কোন সময়ে পরিচর্য্যাদি কার্য্যে প্রবৃত্ত হয়েন। কুরুবংশের মধ্যে

(ক) করুণকরুণৈরিত্যত্র বিকলকরুণৈরিত্যপি পাঠঃ। শ্লোকোঽয়ং ভবভূতেরুত্তরচরিতস্য।

কৌরবেষু তথা ভীষ্মপরীক্ষিদ্বিদুরাদয়ঃ ॥

তেষাং রূপং যথা ॥

সরসাঃ সরসীরুহাক্ষবেশা

স্ত্রিদিবেশাবলিজৈত্রকান্তিলেশাঃ।

যদুবীরসভাসদঃ সদামী

প্রচুরালঙ্করণোজ্জ্বলা জয়ন্তি ॥ ৯ ॥

ভক্তির্যথা ॥

শংসন্ ধূর্জটিনির্জয়াদিবিরুদং বাষ্পাবরুদ্ধাক্ষরং

শঙ্কাপঙ্কলবং মদাদগণয়ন্ কালাগ্নিরুদ্রাদপি।

যোগানুগতিঃ ॥ ৯ ॥

শংসন্নিতি ইন্দ্রপ্রস্থগতং শ্রীকৃষ্ণং প্রতি কস্যচিদ্বচনং। শংসন্ প্রশংসন্। শঙ্কৈব পঙ্ক উদ্বেগদায়িত্বাত্তস্য লবমপ্যগণয়ন্ সোঽপি নাস্তীতি নিশ্চিন্বন্নিত্যর্থঃ। যদ্বা শঙ্কৈব পঙ্কলবো যস্মিন্ স শঙ্কাপঙ্কলবঃ ঈষচ্ছঙ্কমান ইত্যর্থঃ। ততশ্চ। সমস্তস্যাসমস্তেন নিত্যাপেক্ষেণ সঙ্গতিরিতি ন্যায়েন কালাগ্নি-

ভীষ্ম, পরীক্ষিৎ ও বিদুর প্রভৃতিকে পার্ষদ বলে ॥

ঐ সকল পার্ষদের রূপ যথা ॥

যদুবীরের সভাসদ সকল রসময় মূর্ত্তি, পদ্মনেত্র, দেবপরাজয়কারি কান্তিশালী এবং সর্ব্বদা প্রচুর অলঙ্কারে উজ্জ্বল হইয়া বিরাজ করিতেছেন ॥ ৬ ॥

ভক্তি যথা ॥

ইন্দ্রপ্রস্থগত শ্রীকৃষ্ণকে কোন ব্যক্তি কহিল, প্রভো! উদ্ধবাদি ত্বদীয় পার্ষদগণ গলদশ্রু গদ্গদ বাক্যে তোমার রুদ্র-

ত্বয্যেবার্পিতবুদ্ধিরুদ্ধবমুখস্ত্বৎপার্ষদানাং গণো
দ্বারি দ্বারবতীপুরস্য পুরতঃ সেবোৎসুকস্তিষ্ঠতি ॥১০ ॥

এতেষাং প্রবরঃ শ্রীমানুদ্ধবঃ প্রেমবিক্লবঃ ॥

তস্য রূপং যথা ॥

কালিন্দীমধুরত্বিষং মধুপতের্মাল্যেন নির্ম্মাল্যতাং
লদ্ধেনাঙ্কিতমম্বরেণ চ লসদ্গোরোচনারোচিষা।

রুদ্রাদপি শঙ্কাপঙ্কলবো যো ভগবদ্ভক্তজনস্তমপি মদাদ্ভগবদাশ্রয়মাহাত্ম্যগর্ব্বা-দগণয়ন্ ভগবদাশ্রয়ে সতি তদাভাসোঽপি নোচিত ইত্যতো ন বহু মন্বান ইত্যর্থঃ। তদেবমেব পূর্ব্বেভ্যো জগত্যাধিকৃতেভ্য এষাং বিশেষো দর্শিতঃ। পুরতঃ দ্বারবতীপুরস্য পুরতো দ্বারে সর্ব্বাগ্রিমদ্বারে ॥ ১০ ॥

প্রেমবিক্লবঃ প্রেমপরবশঃ। ক্লব ভয় ইতি ঘটাদ্যাত্মনেপদিষ্বেন বোপদেবঃ পঠতি। বিক্লবো বিহ্বল ইতি বিশেষ্যনিঘ্নবর্গঃ। তত্র বিক্লবতে কাতরো ভবতীতি ক্ষীরস্বামী। ভয়াদ্যাভিভূতে দ্বয়মিতি টীকান্তরাণি। ততশ্চ ভয়েনাত্র

জয়াদি কার্য্য কীর্ত্তন করিতে করিতে মত্ততাবশতঃ প্রলয়কর্ত্তা কালাগ্নি রুদ্র হইতে শঙ্কারূপ পঙ্কলেশকেও গণ্য করেন না, কেবল তোমাতে চিত্ত সমর্পণপূর্ব্বক সেবাবিষয়ে উৎসুক হইয়া দ্বারাবতীপুরীর অগ্রে দণ্ডায়মান হইয়া রহিয়াছেন ॥১০॥

এই সকল পার্ষদগণের মধ্যে প্রেমবিহ্বল শ্রীমান্ উদ্ধবই সর্ব্বশ্রেষ্ঠ ॥

উদ্ধবের রূপ যথা ॥

যাঁহার শরীর কালিন্দীতুল্য স্নিগ্ধ শ্যামবর্ণ, যিনি কৃষ্ণ নির্ম্মাল্য মাল্য ও পীতবসনে বিভূষিত, যিনি অর্গল সদৃশ

স্বচ্ছন্দেনার্গলসুন্দরেণ ভুজযোর্ভ্রাজিষ্ণুমব্জেক্ষণং
মুখ্যং পারিষদেষু ভক্তিলহরীরুদ্ধং ভজাম্যুদ্ধবং ॥ ১১ ॥
ভক্তির্যথা ॥
মূর্দ্ধন্যাহুকশাসনং প্রণয়তে ব্রহ্মেশয়োঃ শাসিতা
সিন্ধুং প্রার্থয়তে ভুবং তনুতরাং ব্রহ্মাণ্ডকোটীশ্বরঃ।
মন্ত্রং পৃচ্ছতি মামপেশলধিয়ং বিজ্ঞানবারাংনিধি-
র্বিক্রীড়ত্যসকৃদ্বিচিত্রচরিতঃ সোঽয়ং প্রভুর্মাদৃশাং ॥
অথানুগাঃ ॥

পারবশ্যং লক্ষ্যতে ইতি। এবমেব। ইতি বিক্লবিতং তাসামিত্যত্র স্বামিভিঃ পারবশ্যপ্রলপিতমিতি ব্যাখ্যাতং (ভা। ১০। ২৯।৩৯) ॥ ১১ ॥
বিক্রীড়তীতি ব্যাজেন তস্য বিনয়মেব ব্যনক্তি স্ম ॥ ১২ ॥

সুন্দর ভুজযুগে বিরাজমান এবং পদ্মনেত্র তথা পারিষদগণের মধ্যে মুখ্য ও ভক্তিশালি, সেই উদ্ধবকে ভজনা করি ॥ ১১ ॥

উদ্ধবের ভক্তি যথা ॥

যিনি শিব ও ব্রহ্মার শাসন কর্ত্তা হইয়াও মস্তকে উগ্রসেনের শাসন বহন করেন, যিনি কোটি ব্রহ্মাণ্ডের অধীশ্বর হইয়াও সমুদ্রের নিকট যৎকিঞ্চিৎ ভুমি প্রার্থনা করিয়াছেন এবং যিনি বিজ্ঞানসমুদ্র হইয়াও অল্পবুদ্ধি আমি যে উদ্ধব আমাকে মন্ত্রনা জিজ্ঞাসা করেন, সেই এই প্রভু শ্রীকৃষ্ণ আমাদের মত নানাকার্য্য করিয়া নিরন্তর ক্রীড়া করিতেছেন ॥

অথ অনুগ ॥

সর্ব্বদা পরিচর্য্যাসু প্রভোরাসক্তচেতসঃ।
পুরস্থাশ্চ ব্রজস্থাশ্চেত্যুচ্যতে অনুগা দ্বিধা ॥
তত্র পুরস্থাঃ ॥
সুচন্দ্রো মণ্ডনঃ স্তম্ভঃ সুতম্ভাদ্যাঃ পুরানুগাঃ।
এষাং পার্ষদবৎ প্রায়ো রূপালঙ্করণাদয়ঃ ॥
সেবা যথা ॥
উপরি কনকদণ্ডং মণ্ডনো বিস্তৃণীতে।
ধুবতি কিল সুচন্দ্রশ্চামরং চন্দ্রচারু।
উপহরতি সুতম্ভঃ সুষ্ঠু তাম্বূলবীটিং
বিদধতি পরিচর্য্যাং সাধবো মাধবস্য ॥

যাহারা সর্ব্বদা প্রভুর সেবাকার্য্যে আসক্তচিত্ত, তাহাদিগকে অনুগ বলে, এই অনুগ পুরস্থ ও ব্রজস্থ ভেদে দুই প্রকার হয় ॥

তন্মধ্যে পুরস্থ অর্থাৎ দ্বারকাস্থ অনুগ যথা ॥

সুচন্দ্র, মণ্ডন, স্তম্ভ ও সুতম্ভ প্রভৃতিকে দ্বারকাস্থ অনুগ বলে, ইহাঁদের পার্ষদতুল্য রূপ ও অলঙ্কারাদি ধারণ ॥

অনুগদিগের সেবা যথা ॥

মণ্ডন শ্রীকৃষ্ণের মস্তকোপরি কনকদণ্ড ছত্র ধারণ করেন, সুচন্দ্র শ্বেতচামর ব্যজন করেন এবং সুতম্ভ তাম্বূলবীটিকা সমর্পণ করেন, এইরূপে সাধুগণ মাধবের পরিচর্য্যা সকল বিধান করিয়া থাকেন ॥

অথ ব্রজস্থাঃ॥

রক্তকঃ পত্রকঃ পত্রী মধুকণ্ঠো মধুব্রতঃ।
রসালঃ সুবিলাসশ্চ প্রেমকন্দো মরন্দকঃ।
আনন্দশ্চন্দ্রহাসশ্চ পয়োদো বকুলস্তথা।
রসদঃ শারদাদ্যাশ্চ ব্রজস্থা অনুগা মতাঃ॥

এষাং রূপং যথা॥

মণিময়বরমণ্ডনোজ্জ্বলাঙ্গান্
পুরটজবামধুলিট্পটীরভাসঃ।
নিজবপুরনুরূপদিব্যবস্ত্রান্
ব্রজপতিনন্দনকিঙ্করান্নমামি॥

সেবা যথা॥

ব্রজস্থ অনুগ যথা॥

রক্তক, পত্রক, পত্রী, মধুকণ্ঠ, মধুব্রত, রসাল, সুবিলাস, প্রেমকন্দ, মরন্দক, আনন্দ, চন্দ্রহাস, পয়োদ, বকুল, রসদ, এবং শারদ প্রভৃতি। এই সকল ব্রজস্থ অনুগ বলিয়া পরিগণিত॥

ব্রজস্থ অনুগদিগের রূপ যথা॥

যে সকল ব্রজস্থ অনুগ উৎকৃষ্ট মণিময় ভূষণে উজ্জ্বলাঙ্গ, স্বর্ণ, জবা, ভ্রমর ও চন্দ্র তুল্য বর্ণশালী ও যাঁহাদের নিজ নিজ দেহানুরূপ বসন পরিধান সেই ব্রজপতিনন্দনের কিঙ্করগণকে প্রণাম করি॥

ব্রজস্থ অনুগের সেবা যথা॥

দ্রুতং কুরু পরিষ্কৃতং বকুল পীতপট্টাংশুকং
বরৈরগুরুভির্জ্জলং রচয় বাসিতং বারিদ।
রসাল পরিকল্পয়োরগলতাদলৈর্বীটিকাঃ
পরাগপটলী গবাং দিশমরুদ্ধ পৌরন্দরীং॥
ব্রজানুগেষু সর্ব্বেষু বরীয়ান্ রক্তকো মতঃ॥ ১২॥
অস্য রূপং যথা॥
রম্যপিঙ্গপট্টমঙ্গ রোচিষা
খর্ব্বিতোরুশতপর্ব্বিকারুচং।
সুষ্ঠু গোষ্ঠযুবরাজসেবিনং
রক্তকণ্ঠমনুযামি রক্তকং॥ ১৩॥

শতপর্ব্বিকা দূর্ব্বা। রক্তঃ রাগবিদ্যানিপুণঃ কণ্ঠো যস্য তং অনুযামি অনুগতো ভবামি॥ ১৩॥

যশোদা কহিলেন, বকুল! শীঘ্র পীতবর্ণ পট্টবস্ত্র পরিষ্কার কর, বারিদ! তুমি ভাল ভাল অগুরুদ্বারা জল সুবাসিত কর, রসাল! তুমি পর্ণদ্বারা বীটিকা প্রস্তুত কর, ঐ দেখ পূর্ব্বদিক্ গোধূলিতে আচ্ছন্ন হইয়া আসিতেছে॥ (উরগলতা নাগবল্লী-পান)

বৃন্দাবনে যে সমস্ত অনুগ আছেন তাঁহাদের মধ্যে রক্তক সর্ব্বাপেক্ষা প্রধান॥ ১২॥

রক্তকের রূপ যথা॥

যাঁহার পীতাম্বর পরিধান, যিনি অঙ্গকান্তিদ্বারা উৎকৃষ্ট দূর্ব্বাকে পরাজয় করিয়াছেন, যাঁহার নন্দনন্দনের সেবাতেই অনুরাগ ও সঙ্গীতে কণ্ঠ সুরঞ্জিত, সেই রক্তক অনুগের অনুগামী হই॥ ১৩॥

ভক্তির্যথা ॥

গিরিবর ভৃতিভর্ত্তৃদারকেঽস্মিন্
ব্রজযুবরাজতয়া গতে প্রসিদ্ধিং।
শৃণু রসদ সদা পদাভিসেবা
পটিমরতা রতিরুত্তমা মমাস্তু ॥ ১৪ ॥

ধূর্য্যো ধীরশ্চ বীরশ্চ ত্রিধা পারিষদাদিকঃ ॥

তত্র ধূর্য্যঃ ॥

কৃষ্ণেঽস্য প্রেয়সীবর্গে দাসাদৌচ যথাযথং।
যঃ প্রীতিং তনুতে ভক্তঃ স ধূর্য্য ইহ কীর্ত্ত্যতে ॥

নিজেশিত্রা কদাপি সখীবদ্ব্যবহ্রিয়মাণং স্বং সঙ্কুচদ্ভাবং বীক্ষ্য বিজনে পৃচ্ছন্তং রসদং প্রতি স্বয়মেবাহ গিরীতি। রতা আবিষ্টা ॥ ১৪ ॥

পারিষদাদিক ইতি পারিষদা অনুগাশ্চেতুাভয়োর্গণঃ ॥ ১৫ ॥

রক্তকের ভক্তি যথা ॥

রক্তক কহিলেন অহে রসদ! শ্রবণ কর, এই গিরিধারি ব্রজরাজনন্দন যিনি ব্রজযুবরাজ বলিয়া প্রসিদ্ধ খ্যাতি লাভ করিয়াছেন তাঁহার পাদপদ্ম সেবা বিষয়ে আমার পটীয়সী উত্তমা রতি সর্ব্বদা হউক ॥ ১৪ ॥

ধূর্য্য, ধীর ও বীর ভেদে পারিষদ তিন প্রকার ॥

তন্মধ্যে ধূর্য্য পারিষদ যথা ॥

যে ভক্ত কৃষ্ণে, কৃষ্ণপ্রেয়সীবর্গে ও দাসাদিতে যথাযোগ্য প্রীতি বিস্তার করেন। তাঁহাকে ধূর্য্য পারিষদ বলিয়া কীর্ত্তন করা যায় ॥

যথা ॥

দেবঃ সেব্যতয়া যথা স্ফুরতি মে দেব্যস্তথাস্য প্রিয়াঃ
সর্ব্বঃ প্রাণসমানতাং প্রচিনুতে তদ্ভক্তিভাজাং গণঃ।
স্মৃত্বা সাহসিকং বিভেমি তমহং ভক্তাভিমানোন্নতং
প্রীতিং তৎ প্রণতে খরেঽপ্যবিদধদ্ যঃ স্বাস্থ্যমালম্বতে ॥

অথ ধীরঃ ॥

আশ্রিত্য প্রেয়সীমস্য নাতিসেবাপরোঽপি যঃ।
তস্য প্রসাদপাত্রং স্যান্মুখ্যং ধীরঃ স উচ্যতে ॥ ১৫ ॥

যথা ॥

শ্রীকৃষ্ণ যেমন আমার সম্বন্ধে সেব্যত্ব রূপে স্ফূর্ত্তি পাইতেছেন, তদ্রূপ তদীয় প্রেয়সীবর্গ দেবীগণও আমার সম্বন্ধে স্ফূর্ত্তি প্রাপ্ত হইতেছেন, তথা সমুদায় কৃষ্ণভক্তিভাজি ভক্তগণও আমার প্রাণসদৃশরূপে পরিগণিত হইয়াছেন, কিন্তু আমি ভক্ত এইরূপ অভিমানে উচ্চ সাহসিক ব্যক্তিকে স্মরণ করিয়া আমি ভীত হইতেছি, যেহেতু কৃষ্ণভক্ত গর্দ্দভের যে ব্যক্তি প্রীতি বিধান করেন তিনিও পরমসুখে কালযাপন করিতে পারেন ॥

অথ ধীর পারিষদ ॥

যিনি শ্রীকৃষ্ণের প্রেয়সীকে আশ্রয় করিয়া থাকেন, সেবাবিষয়ে অতিশয় পরায়ণ হয়েন না, তিনিও শ্রীকৃষ্ণের মুখ্য অনুগ্রহপাত্র এবং তাঁহাকেই ধীর বলাযায় ॥ ১৫ ॥

যথা॥

কমপি পৃথগনুচ্চৈর্নাচরামি প্রযত্নং
যদুকুল-কমলার্ক ত্বংপ্রসাদশ্রিয়েঽপি।
সমজনি ননু দেব্যাঃ পারিজাতার্চ্চিতায়াঃ
পরিজননিখিলান্তঃপাতিনী মে যদাখ্যা॥

কমপীতি সত্যভামায়াঃ পিত্রা তদনুগততয়া দত্তস্য তদ্ধাত্রীপুত্রস্য অতএব শ্রীকৃষ্ণমনু স্নিগ্ধশ্যালায়মানস্য নর্ম্মপ্রায়য়া সেবয়া তং সুখয়তঃ কস্যচিদ্বচনং। অতএব রসাবহমিদং স্যাৎ। কমপি কঞ্চিদপি অনুচ্চৈরল্পমপি॥ ১৬॥

যথা॥

যৎকালে শ্রীকৃষ্ণের সহিত সত্যভামার পাণিগ্রহণ হয়, সেই সময় সত্যভামার ধাত্রীপুত্র যিনি সত্যভামার অতিশয় প্রীতিপাত্র ছিলেন, সত্যভামার পিতা ঐ ধাত্রীপুত্রকে সত্য-ভামার সহিত দ্বারকানগরীতে প্রেরণ করেন, এই নিমিত্ত ঐ ধাত্রীপুত্র শ্রীকৃষ্ণের শ্যালক তুল্য হইয়া সর্ব্বদা পরিহাস সেবা দ্বারা শ্রীকৃষ্ণকে সুখী করিতেন, সেই ব্যক্তি কহিলেন, হে যদুকুলকমলপ্রভাকর! তোমার অনুগ্রহলক্ষ্মী লাভনিমিত্ত আমি পৃথক্‌রূপে কিঞ্চিন্মাত্রও যত্ন করি নাই, তথাপি পারি-জাতপূজিতা দেবী সত্যভামার পরিজনবর্গের মধ্যে প্রধান বলিয়া আমার আখ্যা হইয়াছে॥

অথ বীরপারিষদ॥

কৃপাং তস্য সমাশ্রিত্য প্রৌঢ়াং নান্যমপেক্ষতে।
অতুলাং যো বহন্ কৃষ্ণে প্রীতিং বীরঃ স উচ্যতে ॥ ১৬ ॥
যথা ॥
প্রলম্বরিপুরীশ্বরো ভবতু কা কৃতিস্তেন মে
কুমারমকরধ্বজাদপি ন কিঞ্চিদাস্তে ফলং ॥
কিমন্যদহমুদ্ধতঃ প্রভুকৃপাকটাক্ষশ্রিয়া
প্রিয়াপরিষদগ্রিমাং ন গণয়ামি ভামামপি ॥
চতুর্থে চ ॥

প্রলম্ব ইতি অস্য তত্র তত্রান্তঃসরসত্বেঽপি প্রণয়কৌতুকবিশেষেণৈব বহির্ব্বৈরস্য ব্যঞ্জনা জ্ঞেয়া। সর্ব্বথা তদ্ভাবত্বেনৈ বৈরস্যাপত্তেঃ। এবমুত্তরত্র জগজ্জনন্যামিত্যাদাবপি জ্ঞেয়ং। বক্ষ্যতে চ। ঈর্ষালবেনেত্যাদি। তদেতচ্চ সত্যভামায়াঃ কঞ্চিদন্তরঙ্গং প্রতি রহসি বীরভক্তস্য বচনং। স্পষ্টবচনত্বে প্রলম্বরিপুমতিক্রম্য সত্যভামাধিকাব্যঞ্জনায়াং শ্রীকৃষ্ণস্য লজ্জা স্যাদিতি ॥ ১৭ ॥

যিনি শ্রীকৃষ্ণের কৃপাতিশয় আশ্রয় করিয়া অন্যকে অপেক্ষা করেন না, কিন্তু শ্রীকৃষ্ণের অতুল প্রীতি বিধান করেন তাঁহাকেই বীরপার্ষদ বলা যায় ॥ ১৬ ॥

যথা ॥

প্রলম্বশত্রু বলদেব ঈশ্বর হউন, তাঁহাতে আমার কোন প্রয়োজন নাই, প্রদ্যুম্ন বালক, তাঁহা হইতেও আমার কোন ফল নাই, অতএব অন্য আর কি বলিব, শ্রীকৃষ্ণের কৃপা-কটাক্ষপাতে আমি উদ্ধত হইয়া প্রিয়াগ্রগণ্যা সত্যভামাকেও গণনা করি না ॥

চতুর্থস্কন্ধে ২০ অধ্যায়ে ২৫ শ্লোকে ॥

জগজ্জনন্যাং জগদীশ বৈশসং
স্যাদেব যৎ কর্ম্মণি নঃ সমীহিতং।
করোষি ফল্গ্বপ্যুরু দীনবৎসলঃ
স এব ধিষ্ণ্যোঽভিরতস্য কিং তয়া॥ ১৭॥
এতেষু তস্য দাসেষু ত্রিবিধেষ্বাশ্রিতাদিষু।
নিত্যসিদ্ধাশ্চ সিদ্ধাশ্চ সাধকাঃ পরিকীর্ত্তিতাঃ॥ ১৮॥
অথোদ্দীপনাঃ॥
অনুগ্রহস্য সংপ্রাপ্তিস্তস্যাঙ্ঘ্রিরজসাং তথা।

এতেষ্বিতি তদ্বদধিকৃতেষ্বপি ভেদা ইমে জ্ঞেয়াঃ। তথা শান্তাদিষ্বপি॥ ১৮॥
অনুগ্রহসংপ্রাপ্ত্যাদীনামুদ্দীপনত্বং বৎসলেষু ন সম্ভবত্যেব সময়ভেদেন

পৃথুরাজ কহিলেন, হে জগদীশ! লক্ষ্মীর কর্ম্মনিমিত্ত আমার যত্ন হইতেছে, ইহাতে তাঁহার সহিত যদি আমার বিবাদ হয় হউক, তাহাতে ক্ষতি নাই, আপনি দীনবৎসল, দীনের প্রতি দয়া করিয়া তুচ্ছ কার্য্যও বহু করিয়া থাকেন, আমার কার্য্য অবশ্য গণ্য করিবেন। প্রভো! আপনি স্বরূপেই সদা অবস্থিত আছেন, লক্ষ্মীতে আপনার প্রয়োজনই বা কি॥ ১৭॥

শ্রীকৃষ্ণের পূর্ব্বোক্ত শরণ্য, জ্ঞানিচর ও সেবানিষ্ঠ এই তিন আশ্রিত দাসসকলে নিত্যসিদ্ধ, সিদ্ধ এবং সাধক এই তিন প্রকার ভেদ কীর্ত্তিত হয়॥ ১৮॥

অথ উদ্দীপন॥

শ্রীকৃষ্ণের অনুগ্রহ, শ্রীকৃষ্ণের চরণধূলি, শ্রীকৃষ্ণের ভুক্তাব

ভুক্তাবশিষ্টভক্তাদেরপি তদ্ভক্তসঙ্গতিঃ।
ইত্যাদয়ো বিভাবাঃ স্যুরেষ্বসাধারণা মতাঃ॥ ১৯॥
তত্রানুগ্রহসংপ্রাপ্তির্যথা॥
কৃষ্ণস্যেত কৃপাং কৃপাদ্যাঃ কৃপণে ময়ি।
ধ্যেয়োঽসৌ নিধনে হন্ত দৃশোরধ্বানমভ্যগাৎ॥ ২০॥
মুরলীশৃঙ্গয়োঃ স্বানঃ স্মিতপূর্ব্বাবলোকনং।
গুণোৎকর্ষশ্রুতিঃ পদ্ম পদাঙ্ক নবনীরদাঃ।
তদঙ্গসৌরভাদ্যাস্তু সর্ব্বৈঃ সাধারণা মতাঃ॥ ২১॥

কুত্রচিদন্যত্রাপীত্যসাধরাণত্বং জ্ঞেয়ং। তদ্ভক্তসঙ্গতিস্তু বিশেষবিবক্ষয়ৈব গণিতা॥ ১৯॥

কৃষ্ণস্যেতি ভীষ্মবচনং॥ ২০॥

স্মিতেত্যত্র গুণেত্যত্র পদাঙ্কেত্যত্র চ স্বদীয়ত্বং গম্যং॥ ২১॥

শিষ্ট অন্নাদির প্রাপ্তি এবং শ্রীকৃষ্ণের ভক্তসঙ্গ, দাসপ্রভৃতি এই সকল অসাধারণ বিভাব হয়॥ ১৯॥

তন্মধ্যে অনুগ্রহ সংপ্রাপ্তি যথা॥

ভীষ্ম মহাশয় কহিলেন, অহে কৃপাচার্য্য প্রভৃতি দ্বিজগণ! শ্রীকৃষ্ণের আশ্চর্য্য কৃপা সন্দর্শন করুন, আমি অতি দীন-ব্যক্তি হইলেও এই ধ্যেয় পদার্থ অন্তকালে আমার লোচনের পথে সমাগত হইলেন॥ ২০॥

উক্ত প্রীতরসে শ্রীকৃষ্ণের মুরলীর শব্দ, শৃঙ্গধ্বনি, সহাস্যাবলোকন গুণোৎকর্ষ শ্রবণ, পদ্ম, পদচিহ্ন নূতন মেঘ এবং অঙ্গসৌরভ, ইত্যাদি সকল সাধারণ উদ্দীপন॥ ২১॥

তত্র মুরলীস্বনো যথা বিদগ্ধমাধবে ॥

সোৎকণ্ঠং মুরলীকলা পরিমলানাকর্ণ্য ঘূর্ণত্তনো-
রেতস্যাক্ষি সহস্রতঃ সুরপতে রশ্রূণি সস্রুর্ভুবি।
চিত্রং বারিধরান্ বিনাপি তরসা যৈরদ্য ধারাময়ৈ-
র্দূরাৎ পশ্যত দেবমাতৃকমভূদ্বৃন্দাটবীমণ্ডলং ॥ ২২ ॥

অথানুভবাঃ ॥

সর্ব্বতঃ স্বনিয়োগানামাধিক্যেন পরিগ্রহঃ।
ঈর্ষালবেন চাস্পৃষ্টা মৈত্রী তৎ প্রণতে জনে।

দেবমাতৃকং বৃষ্ট্যম্বুপালিতং ॥ ২২ ॥
তন্নিষ্ঠতা প্রীতিমাত্রনিষ্ঠতা ॥ ২৩ ॥

তন্মধ্যে মুরলীশব্দো যথা ॥

বিদগ্ধমাধবে ॥

বলদেব উৎকণ্ঠান্বিত হইয়া কহিলেন, দূর হইতে আশ্চর্য্য দেখ, মুরলীর অমৃতময় ধ্বনিসমূহ শ্রবণ করিয়া ঘূর্ণিত তনু ইন্দ্রের সহস্র নেত্র হইতে অশ্রু নিসৃত হইয়া ভূতলে পতিত হইতে লাগিল এবং মেঘ ব্যতিরেকেও ঐ ধারাময় অশ্রুসমূহ দ্বারা বৃন্দাবনমণ্ডল বৃষ্টিপালিত হইয়া সদ্যঃ দেবমাতৃক-ভূমি তুল্য হইল ॥ ২২ ॥

অথ অনুভাব ॥

সর্ব্বতোভাবে স্বনিয়োগ অর্থাৎ ভগবৎ আজ্ঞার প্রতিপালন, ভগবৎ পরিচর্য্যায় ঈর্ষাশূন্যতা, কৃষ্ণদাসের সহিত মিত্রতা এবং প্রীতিমাত্র নিষ্ঠতা শীতরতি, এই সকল অসাধারণ

তন্নিষ্ঠতাদ্যাঃ শীতাঃ স্যুরেষ্বসাধারণাঃ ক্রিয়াঃ ॥ ২৩ ॥

অত্র স্বনিয়োগস্য সর্ব্বত আধিক্যং যথা ॥

অঙ্গস্তম্ভারম্ভমুত্তুঙ্গয়ন্তং
প্রেমানন্দং দারুকো নাভ্যনন্দৎ।
কংসারাতের্বীজনে যেন সাক্ষা
দক্ষোদীয়ানন্তরায়ো ব্যধায়ি ॥

উদ্ভাস্বরাঃ পুরোক্তা যে তথাস্য সুহৃদাদয়ঃ।

অঙ্গস্তম্ভেতি প্রেমানন্দং স্তম্ভারম্ভমুত্তুঙ্গয়ন্তং সন্তং নাভ্যনন্দদিত্যন্বয়ঃ। অয়-মর্থঃ। প্রেমা তাবদ্দ্বিধা বিশেষণ ভাক্ স্তম্ভাদিনা আনুকূল্যোচ্ছ্রয়াচ। তত্র দাসা-দীনামানুকূল্যোচ্ছ্রয়ৈবাতিহৃদ্যা। সেবারূপাস্বপুরুষার্থসম্পাদকত্বাৎ স্তম্ভাদিকং স্বহৃদ্যমেব তদ্বিঘাতকত্বাৎ। তস্মাৎ স্তম্ভকরত্বাংশেনৈব তং নাভ্যনন্দৎ। কিম্বা-নুকূল্যকরত্বেনৈবাভ্যনন্দদিতি সবিশেষণ বিধিনিষেধৌ বিশেষণমুপসংক্রামতঃ সতি বিশেষ্যে বাধে ইতি ন্যায়েন আরম্ভ আটোপঃ অঙ্গ স্তম্ভাসঙ্গমিতি বা

কার্য্যকে অনুভাব বলে ॥ ২৩ ॥

অস্মধ্যে স্বনিয়োগকার্য্যের সর্ব্বতোভাবে আধিক্য যথা ॥

দারুক শ্রীকৃষ্ণের চামর বীজন কার্য্যে নিযুক্ত ছিলেন এমত সময়ে প্রেমানন্দ উপস্থিত হইয়া তদীয় অঙ্গ সকলে স্তম্ভাতিশয় বিস্তার করিতেছিল, কিন্তু দারুক ঐ প্রেমানন্দকে সাক্ষাৎ কৃষ্ণসেবার অন্তরায় (বিঘ্ন) বলিয়া অবধারণ করত তাহার প্রতি আর আদর প্রকাশ করেন নাই ॥

পূর্ব্বোক্ত যে সকল উদ্ভাস্বর তথা শ্রীকৃষ্ণের সুহৃদ্বর্গের প্রতি আদর এবং বিরাগ প্রভৃতি যে সকল শীতভাব তৎসমু-

বিরাগাদ্যাশ্চ যে শীতাঃ প্রোক্তাঃ সাধারণস্তু তে ॥
তত্র নৃত্যং যথা শ্রীদশমে ॥
শ্রুতদেবোঽচ্যুতং প্রাপ্তং স্বগৃহান্ জনকো যথা।
নত্বা মুনীংশ্চ সংহৃষ্টো ধুন্বন্ বাসো ননর্ত্ত হ ॥ ২৪ ॥
যথাবা ॥
ত্বং কলাসু বিমুখোঽপি নর্ত্তনং
প্রেমনাট্য গুরুণাসি পাঠিতঃ।
যদ্বিচিত্র গতিচর্য্যয়াঞ্চিত-

পাঠঃ ॥ ২৪ ॥

ত্বং কলাসু বিমুখোঽপি যদ্বিচিত্রগতিচর্য্যয়াঞ্চিতঃ সন্নহহ চারণামপি চিত্র-য়সি তৎ প্রেমনাট্যগুরুণৈব নর্ত্তনং পাঠিত ইত্যর্থঃ। চারণাশ্চ নর্ত্তক সদৃশা ইতি তদভেদেনোক্তিঃ ॥ ২৫ ॥

দায়কে সাধারণ বলিয়া কীর্ত্তন করা যায় ॥

তন্মধ্যে নৃত্য যথা ॥

শ্রীদশমে ৮৬ অধ্যায়ে ২৭ শ্লোকে ॥

মিথিলাবাসী শ্রুতদেব ব্রাহ্মণ স্বীয় গৃহে মুনিগণ সহ শ্রী-কৃষ্ণকে সমাগত দেখিয়া হৃষ্টচিত্তে তাঁহাদিগকে প্রণামপূর্ব্বক হস্ত উত্তোলন করিয়া নৃত্য করিতে লাগিলেন ॥ ২৪ ॥

যথাবা ॥

অহো! তুমি নৃত্যকলায় বিমুখ হইয়াও যখন আশ্চর্য্যগতি দ্বারা শোভিত হইয়া আমরা যে নর্ত্তক আমাদিগকে চমৎকৃত করিলা তখন নিশ্চয় বোধ হইল, তুমি নাট্যগুরু, প্রেমের

শ্চিত্রাগ্যসাহহ চারণানপি ॥

অথ সাত্ত্বিকাঃ ॥

স্তম্ভাদ্যাঃ সাত্ত্বিকাঃ সর্ব্বে প্রীতাদিত্রিতয়ে মতাঃ।

যথা ॥

গোকুলেন্দ্রগুণগানরসেন

স্তম্ভমদ্ভুতমসৌ ভজমানঃ।

পশ্য ভক্তিরসমণ্ডপমূল

স্তম্ভতাং বহতি বৈষ্ণববর্য্যঃ ॥ ২৫ ॥

শ্রীদশমে ॥

স ইন্দ্রসেনো ভগবৎপদাম্বুজং

বিভ্রন্মুহুঃ প্রেমবিভিন্নয়া ধিয়া।

ইন্দ্রসেনো বলিঃ ॥ ২৬ ॥

নিকট এই নৃত্যবিদ্যা পাঠ করিয়াছ ॥

অথ সাত্ত্বিক ॥

প্রীতাদি রসত্রয়ে স্তম্ভপ্রভৃতি সমুদায় সাত্ত্বিকভাব প্রকাশ পায় ॥

যথা ॥

দেখ এই বৈষ্ণবশ্রেষ্ঠ শ্রীকৃষ্ণের গুণগান রসে অপূর্ব্ব স্তম্ভ ভজন করত ভক্তিরসমণ্ডপের মূলে স্তম্ভতা বহন করিতেছেন ॥ ২৫ ॥

শ্রীদশমে ৮৫ অধ্যায় ৩০ শ্লোকে ॥

শুকদেব কহিলেন মহারাজ! পরে অসুররাজ বলি ভগ-

উবাচ হানন্দজলাকুলেক্ষণঃ
প্রহৃষ্টরোমা নৃপ গদ্গদাক্ষরং ॥
অথ ব্যভিচারিণঃ ॥
হর্ষোগর্ব্বো ধৃতিশ্চাত্র নির্ব্বেদোঽথ বিষণ্ণতা।
দৈন্যং চিন্তা স্মৃতিঃ শঙ্কা মতিরৌৎসুক্যচাপলে।
বিতর্কাবেগ হ্রী জাড্য মোহোন্মাদাবহিত্থকাঃ।
বোধঃ স্বপ্নঃ ক্লমো ব্যাধির্মৃতিশ্চ ব্যভিচারিণঃ ॥ ২৬ ॥
ইতরেষাং মদাদীনাং নাতিপোষকতা ভবেৎ ॥
যোগে ত্রয়ঃ স্যুর্ধৃত্যন্তা অযোগেতু ক্লমাদয়ঃ।

মদাদীনাং মদ শ্রম ত্রাসাপস্মারালস্যৌগ্র্যামর্ষাসূয়া নিদ্রাণাং। তত্র মদস্য পোষকতা নাস্ত্যেব মধুপানানঙ্গ বিকারজতয়া দ্বিবিধত্বেনাপ্যযোগ্যত্বাৎ। শ্রমস্যতু কথঞ্চিজ্জাতস্য সেবোৎকণ্ঠাপোষকত্বাং কদাচিদ্ভবতাপি ন পুনরালস্য

বৎপদাম্বুজ হৃদয়ে ধারণপূর্ব্বক প্রেমে বিহ্বল চিত্ত হইয়া রোমাঞ্চিত-কলেবরে ও আনন্দ-জলাকুল-নয়নে গদ্গদ-স্বরে কহিতে লাগিলেন ॥

প্রীতরসে ব্যভিচারি ভাব যথা ॥

হর্ষ, গর্ব্ব, ধৃতি, নির্ব্বেদ, বিষণ্ণতা, দৈন্য, চিন্তা, স্মৃতি, শঙ্কা, মতি, ঔৎসুক্য, চপলতা, বিতর্ক, আবেগ, লজ্জা, জড়তা, মোহ, উন্মাদ, অবহিত্থা, বোধ, স্বপ্ন, ব্যাধি এবং মৃতি এই চব্বিশটী প্রীতরসে ব্যভিচারি ভাব ॥ ২৬ ॥

ইহা ভিন্ন মদ, শ্রম, ত্রাস, অপস্মার, আলস্য, উগ্রতা, ক্রোধ, অসূয়া ও নিদ্রা এই নয়টীর অতিশয় পোষকতা নাই, মিলনে হর্ষ, গর্ব্ব ও ধৈর্য্য এই তিন, অমিলনে গ্লানি, ব্যাধি ও

উভয়ত্র পরে শেষা নির্ব্বেদাদ্যাঃ সতাং মতাঃ ॥

তত্র হর্ষো যথা প্রথমে ॥

প্রীত্যুৎফুল্লমুখাঃ প্রোচুর্হর্ষ গদ্গদয়া গিরা।

পিতরং সর্ব্বসুহৃদমবিতারমিবার্ভকাঃ ॥

যথাবা ॥

হরিমবলোক্য পুরো ভুবি

পতিতো দণ্ডপ্রণামশতকামঃ।

জন্মাপি সাং। অত্র ত্রাসাদয়স্তৈর্দ্বি যোগাজ্জাতাশ্চেত্তর্হি পোষকাশ্চ ভবন্তীতি মনসি কৃত্বাহ নাতীতি এবং প্রিয়তাদিষ্বপি বিবেচনীয়ং ॥ ২৭ ॥

স্মৃতি এই তিন ব্যভিচারি ভাব হয়। তৎপরে নির্ব্বেদপ্রভৃতি অষ্টাদশ ব্যভিচারি ভাব মিলন ও অমিলনে সকল কালেই হইয়া থাকে, পণ্ডিতগণ এইরূপ নিশ্চয় করিয়াছেন ॥

তন্মধ্যে হর্ষ যথা ॥

প্রথমস্কন্ধে ১১ অধ্যায়ে ৪ শ্লোকে ॥

শ্রীকৃষ্ণ হস্তিনাপুর হইতে দ্বারকায় আগমন করিলে দ্বারবাসি প্রজাসকল বালকেরা যেমন পিতার সহিত কথা কহে তদ্বৎ উৎফুল্ল বদন হইয়া হর্ষগদ্গদ বচনে সর্ব্বলোকের সুহৃৎ এবং রক্ষক সেই ভগবানকে কহিতে লাগিল ॥

যথা বা ॥

মিথিলাধিপতি রাজা বহুলাশ্ব শ্রীকৃষ্ণকে অবলোকন করিয়া শতবার দণ্ডবৎ প্রণাম করিব, এই মানসে ভূমিতে পতিত হইয়াছিলেন, কিন্তু আনন্দে অতিশয় বিহ্বলতা প্রযুক্ত পুনরু-

প্রমদবিমুগ্ধো নৃপতিঃ
পুনরুত্থানং বিসস্মার ॥
ক্লমো যথা স্কান্দে ॥
অশোষয়ন্মনস্তস্য ম্লাপয়ন্মুখপঙ্কজং।
আধিস্তদ্বিরহে দেব গ্রীষ্মে সর ইবাংশুমান্ ॥ ২৭ ॥
নির্ব্বেদো যথা ॥
ধন্যাঃ স্ফুরন্তি তব সূর্য্যকরাঃ সহস্রং
যে সর্ব্বদা যদুপতেঃ পদয়োঃ পতন্তি।
বন্ধ্যা দৃশাঃ দশশতী ম্রিয়তে মমাসৌ

ম্রিয়তে অবতিষ্ঠতে দূরেঽপি মুহূর্ত্তমপি ইত্যভয়ত্রান্বয়ঃ ॥ ২৮ ॥

খান করিতে আর তাঁহার স্মরণ ছিল না ॥

ক্লম অর্থাৎ গ্লানি যথা ॥

স্কন্দপুরাণে ॥

হে দেব! যদ্রূপ সূর্য্য গ্রীষ্মকালে সরোবর শুষ্ক করিয়া থাকেন, তাহার ন্যায় তোমার বিরহে আধি অর্থাৎ মনঃপীড়া তাঁহার মন মুখপদ্ম ম্লান করিয়াছিল ॥ ২৭ ॥

নির্ব্বেদ যথা ॥

ইন্দ্র কহিলেন, হে সূর্য্য! আপনার যে সহস্র কিরণ স্ফূর্ত্তি পাইতেছে, ইহাদিগকে ধন্য বলিতে হয়, যেহেতু ইহারা গিয়া যদুপতির চরণারবিন্দে পতিত হইতেছে, কিন্তু দুঃখের বিষয় এই যে, আমি দশশত লোচন ধারণ করিয়াছি, এ সকলই বন্ধ্যা হইল, কারণ ক্ষণকালের নিমিত্ত দূর হইতে ঐ

দূরে মুহূর্ত্তমপি যা ন বিলোকতে তং ॥ ২৮ ॥
অথ স্থায়ী ॥
সংভ্রমঃ প্রভুতা জ্ঞানাৎ কম্পশ্চেতসি সাদরঃ।
অনেনৈক্যং গতা প্রীতিঃ সংভ্রমপ্রীতিরুচ্যতে।
এষা রসেঽত্র কথিতা স্থায়িভাবতয়া বুধৈঃ ॥ ২৯ ॥
আশ্রিতাদেঃ পুর্ব্বোক্তঃ প্রকারো রতিজন্মনি।
তত্র পারিষদাদেস্তু হেতুঃ সংস্কার এব হি।
সংস্কারোদ্বোধকাস্তস্য দর্শনশ্রবণাদয়ঃ।
এষাতু সংভ্রমপ্রীতিঃ প্রাপ্নুবত্যুত্তরোত্তরাং।
বৃদ্ধিং প্রেমা ততঃ স্নেহস্ততো রাগ ইতি ত্রিধা ॥

কম্পোঽত্র কেন কথং কুর্য্যামিত্যাশৈর্থ্যং ॥ ২৯ ॥
পুর্ব্বেতি ভাবসামান্যপ্রকরণে সাধনাভিনিবেশেনেত্যাদিনা ॥

যদুপতিকে দর্শন করিল না ॥ ২৮ ॥

অথ প্রীতরসে স্থায়ী ভাব ॥

প্রভুতা-জ্ঞান-নিমিত্ত সম্ভ্রম, কম্প ও চিত্তমধ্যে আদর এই সকলের সহিত ঐক্যগত প্রীতিকে সম্ভ্রমপ্রীতি কহে, পণ্ডিত-গণ প্রীতরসে এই সম্ভ্রমপ্রীতিকে স্থায়ী ভাব বলেন ॥ ২৯ ॥

আশ্রিতাদির রতি উৎপন্ন হইবার প্রকার পুর্ব্বে ভাব সামান্য প্রকরণে উক্ত হইয়াছে, তন্মধ্যে পারিষদাদির রতি উৎপন্ন বিষয়ে সংস্কার কারণ। সংস্কারের উদ্বোধক (প্রকা-শক) শ্রীকৃষ্ণের দর্শন ও শ্রবণাদি ॥

এই সম্ভ্রমপ্রীতি উত্তরোত্তর বৃদ্ধি প্রাপ্ত হইয়া প্রথমে প্রেম, তৎপরে স্নেহ ও তাহার পর রাগ এই তিন প্রকার হয় ॥

তত্র সংভ্রমপ্রীতির্যথা শ্রীদশমে ॥

মমাদ্যামঙ্গলং নষ্টং ফলবাংশ্চৈব মে ভবঃ।

যন্নমস্যে ভগবতো যোগিধ্যেয়াঙ্ঘ্রিপঙ্কজং ॥

যথাবা ॥

কলিন্দনন্দিনীকূল-কদম্ববনবল্লভং।

কদা নমস্করিষ্যামি গোপরূপং তমীশ্বরং ॥ ৩০ ॥

অথ প্রেমা ॥

হ্রাসশঙ্কাচ্যুতা বদ্ধমূলা প্রেমেয়মুচ্যতে।

হ্রাসেতি ইয়ং সংভ্রমপ্রীতিঃ বদ্ধমূলা অতএব হ্রাসশঙ্কাচ্যুতা ॥ ৩১ ॥

তন্মধ্যে সম্ভ্রমপ্রীতি যথা ॥

শ্রীদশমে ৩৮ অধ্যায়ে ৫ শ্লোকে ॥

অক্রূর মহাশয় কহিলেন, আমি যখন ভগবদ্দর্শনে গমন করিতেছি, তখন আজ আমার অমঙ্গল সকল বিনষ্ট হইয়াছে এবং এ জন্মও সফল হইল, যেহেতু যোগিধ্যেয় ভগবচ্চরণারবিন্দে আমি প্রণাম করিব ॥

যথাবা ॥

আমার ভাগ্যে এমন দিন কবে হইবে যে, সেই কালিন্দী-কূলবর্ত্তি কদম্ববনস্বামী গোপরূপি ঈশ্বর শ্রীকৃষ্ণকে নমস্কার করিব ॥ ৩০ ॥

অথ প্রেম ॥

এই সম্ভ্রমপ্রীতি হ্রাস শঙ্কা শূন্য হইয়া বদ্ধমূল হইলে ইহাকে প্রেম বলা যায়। ইহাতে যে সকল দুঃখাদি প্রকাশ

অস্যানুভাবাঃ কথিতাস্তত্র ব্যসনিতাদয়ঃ ॥ ৩১ ॥

যথা ॥

অণিমাদিসৌখ্যবীচীমবীচিদুঃখপ্রবাহংবা।

নয় মাং বিকৃতির্নহি মে, ত্বৎপদকলাবলম্বস্য ॥ ৩২ ॥

যথাবা ॥

রুষা জ্বলিতবুদ্ধিনা ভগুসুতেন শপ্তোঽপ্যলং

ময়া কৃতজগত্ত্রয়োঽপ্যতনু কৈতবং তন্বতা।

অণিমাদিতি দণ্ডপ্রসাদয়োরনন্তরং শ্রীবলিবচনং অবীচির্নরকবিশেষঃ ॥ ৩২॥

রুষেতি। বলিসদনাগমনানন্তমুদ্ধবং প্রতি শ্রীকৃষ্ণবচনং ॥ ৩৩ ॥

হয়, তাহাকেই অনুভাব বলে ॥ ৩১ ॥

যথা ॥

দণ্ড এবং অনুগ্রহের পর বলিরাজ ভগবান্‌কে কহিলেন, প্রভো! আমি যখন আপনার চরণকমল অবলম্বন করিয়াছি, তখন আপনি আমাকে হয় অণিমাদি সুখসমূহের তরঙ্গে নিক্ষেপ করুন, না হয় অবীচিনামক নরকবিশেষেই ফেলাইয়া দিউন, তাহাতে আমার কোন বিকার হইবে না ॥ ৩২ ॥

যথাবা ॥

শ্রীকৃষ্ণ বলিরাজের গৃহ হইতে দ্বারকায় আগমন করিয়া উদ্ধবকে কহিলেন, সখে! বিরোচননন্দন বলির আশ্চর্য্য গুণ কি বর্ণন করিব, ঐ অসুররাজ ক্রোধজ্বলিতবুদ্ধি ভৃগুনন্দনকর্ত্তৃক অভিশপ্ত হইয়াও এবং আমি বামনাবতারে প্রবল ছল বিস্তারপূর্ব্বক ত্রিজগৎ হরণ ও প্রতিশ্রুত প্রদান করিতে

বিনিন্দ্য কৃতবন্ধনোঽপ্যুরগরাজপাশৈর্বলা-
দরজ্যত স ময্যহো দ্বিগুণমেব বৈরোচনিঃ ॥

অথ স্নেহঃ ॥

সান্দ্রশ্চিত্তদ্রবং কুর্ব্বন্ প্রেমা স্নেহ ইতীর্য্যতে।
ক্ষণিকস্যাপি নেহ স্যাদ্বিশ্লেষস্য সহিষ্ণুতা ॥

যথা ॥

দৃষ্টেন বাষ্পাম্বুঝরস্য কেশবং
বীক্ষ্য দ্রবচ্চিত্তমসুস্রুবত্তব।
ইত্যুচ্চকৈর্ধারয়তো বিচিত্ততাং
চিত্রা ন তে দারুক দারুকল্পতা ॥ ৩৩ ॥

পারিল না বলিয়া নিন্দা করত বল প্রকাশ করিয়া নাগপাশে বন্ধন করিলেও তিনি আমার প্রতি দ্বিগুণতর অনুরাগ প্রকাশ করিয়াছিলেন ॥

অথ প্রীতরসে স্নেহ ॥

প্রেম গাঢ় হইয়া চিত্তকে দ্রবীভূত করিলে তাহাকে স্নেহ বলে। এই স্নেহে ক্ষণকাল বিচ্ছেদও সহ্য হয় না ॥

যথা ॥

হে দারুক! কোন ছলে শ্রীকৃষ্ণকে দর্শন করিয়া নয়ন জলে পরিপূর্ণ তোমার মন দ্রবীভূত হইয়া যায়, এরূপ কৃষ্ণে সমর্পিতচিত্ত তোমার তদ্বিরহে কাষ্ঠপুত্তলিকাতুল্য হওয়া বিচিত্র নহে ॥ ৩৩ ॥

যথা বা ॥

পত্নীং রত্ননিধেঃ পরামুপহরন্ পূরেণ বাষ্পাম্ভসাং
রজ্যন্মঞ্জুলকণ্ঠগর্ভলুঠিতস্তোত্রাক্ষরোপক্রমঃ।
চুম্বন্ ফুল্লকদম্বডম্বরতুলামঙ্গৈঃ সমীক্ষ্যাচ্যুতং
স্তব্ধোঽপ্যভ্যধিকাং শ্রিয়ং প্রণমতাং বৃন্দাদ্দধারোদ্ধবঃ ॥৩৪

অথ রাগঃ ॥

স্নেহঃ স রাগো যেন স্যাৎ সুখং দুঃখমপি স্ফুটং।

রজ্যন্ স্নেহজনিতস্বরবিশেষমাধুর্য্যং বিভ্রৎ তথা স্বভাবত এব মঞ্জুলস্বরশালী-মাধুরী মনোহরস্তাদৃশো যঃ কণ্ঠঃ তস্য যো গর্ভো মধ্যভাগস্তত্রৈব লুঠিত ইতস্ততঃ স্খলন্নেব ভ্রমন্ স্তোত্রাক্ষরাণামুপক্রমো যত্র সঃ ॥ ৩৪ ॥

স্নেহএব রাগঃ স্যাৎ কীদৃশঃ সন্। তস্য শ্রীকৃষ্ণস্য সাক্ষাৎকারেণ বা তত্তুল্য স্ফুরণেন বা কৃপালাভেন বা যঃ সম্বন্ধবিশেষস্তদস্তরঙ্গভালাভস্তস্য লেশেঽপি জাতে যেন স্নেহেন দুঃখমপি সুখং স্ফুটং স্যাৎ সুখতয়া প্রতিভাতীত্যর্থঃ।

যথা বা ॥

উদ্ধব শ্রীকৃষ্ণকে সন্দর্শন করিয়া অশ্রুজলে নদী নির্ম্মাণ-পূর্ব্বক রত্নাকরকে পত্নীরূপে উপহার প্রদান, রাগযুক্ত মনোহর কণ্ঠমধ্যে গদ্গদ স্বরে স্তব করিতে আরম্ভ এবং সর্ব্বাঙ্গ দ্বারা কদম্বকুসুমসমূহে সাদৃশ্যবিধান করত স্তব্ধ হইয়াও ভক্তবৃন্দ হইতে অধিক শোভা ধারণ করিয়াছিলেন ॥ ৩৪ ॥

অথ প্রীতভক্তিতে রাগ ॥

যে স্নেহে স্পষ্টরূপে দুঃখও সুখ বলিয়া প্রতীত হয়, তাহাকে রাগ বলে, ইহাতে শ্রীকৃষ্ণের সম্বন্ধলেশমাত্রে প্রাণ

তৎসম্বন্ধলবেঽপ্যত্র প্রীতিঃ প্রাণব্যয়ৈরপি॥ ৩৫॥

যথা॥

গুরুরপি ভুজগাদ্ভীস্তক্ষকাৎ প্রাজ্যরাজ্য-
চ্যুতিরতিশয়িনীচ প্রায়চর্য্যাচ গুর্ব্বী।
অতনুত মুদমুচ্চৈঃ কৃষ্ণলীলাসুধান্ত-
র্বিহরণসচিবত্বাদৌত্তরেয়স্য রাজ্ঞঃ॥ ৩৬॥

যথা বা॥

কেশবস্য করুণালবোঽপি চে-

তত্রচ সতি। যেন প্রাণব্যয়ৈঃ নাশপর্য্যন্তৈরপি প্রাণস্য ক্ষয়ৈঃ প্রীতিস্তদানু-কূল্যং ক্রিয়ত ইত্যর্থঃ। তৎসম্বন্ধাভাবেতু সুখমপি দুঃখং স্যাদিতি বিশেষঃ তদেবং তাদৃশঃ সন্ ইত্যর্থঃ॥ ৩৫॥

অত্র তাদৃশস্ফুরণেনোদাহরন্ সাক্ষাৎকারেণ কৈমুত্যং ব্যঞ্জয়তি গুরুরিতি। প্রাজ্যং প্রচুরং। প্রায়চর্য্যা প্রাণান্তমনশনব্রতং ঔত্তরেয়স্য শ্রীপরীক্ষিতঃ॥৩৬॥

অত্র তৎসম্বন্ধাভাবেতুদাহরণং জ্ঞেয়ং। অথ কৃপালাভালাভাভ্যামুদাহরতি

নাশপর্য্যন্তও প্রীতি প্রদান করে অর্থাৎ প্রাণনাশ করিয়াও শ্রীকৃষ্ণের প্রীতি সাধনে প্রবৃত্ত হয়॥ ৩৫॥

যথা॥

তক্ষক নাগ হইতে গুরুতর ভয়, সসাগরা ধরার সর্ব্বতো-ভাবে রাজ্যচ্যুতি এবং মরণপর্য্যন্ত অনশন ব্রত, ইহারা সকল কৃষ্ণলীলামৃত শ্রবণের সাহায্য বশতঃ রাজা পরীক্ষিতের দুঃখ-প্রদ না হইয়া অতিশয়রূপে আনন্দ বিস্তার করিয়াছিল॥ ৩৬॥

যথা বা॥

আমার প্রতি যদি কেশবের করুণালেশও হয়, তাহা

দ্বাড়বোঽপি কিল ষাড়বো মম।
অস্য যদ্যদয়তা কুশস্থলী
পূর্ণসিদ্ধিরপি মে কুশস্থলী ॥ ৩৭ ॥
প্রায় আদ্যদ্বয়ে প্রেমা স্নেহঃ পারিষদেষ্বসৌ।
পরীক্ষিতি ভবেদ্রাগো দারুকেচ তথোদ্ধবে।
ব্রজানুগেষ্বনেকেষু রক্তকপ্রমুখেষুচ ॥ ৩৮ ॥
অস্মিন্নভ্যুদিতে ভাবঃ প্রায়ঃ স্যাৎ সখ্যলেশভাক্ ॥ ৩৯ ॥

কেশবস্যেতি। ষাড়বঃ পানকবিশেষঃ। কুশস্থলী দ্বারকা ॥ ৩৭ ॥

তত্রাধিকৃতাশ্রিতপার্ষদানুগেষু ব্যবস্থামাহ প্রায় আদ্যদ্বয় ইতি, প্রায়োগ্রহণং যর্হ্যম্বুজাক্ষাপসসার ভো ভবানিত্যাদিদ্বারকাবাসিবচনে রাগস্যাপি স্পর্শদর্শনাৎ। পরীক্ষিতীতি, নৈষাতি দুঃসহা ক্ষুন্মামিত্যাদি তদ্বাক্যাৎ। দারুকেচ যথা অপশ্যতস্তে চরণাম্বুজং প্রভো দৃষ্টিঃ প্রণষ্টেত্যাদি তদ্বাক্যাৎ। উদ্ধবেচ যথা, সুহৃত্তাজস্নেহবিয়োগকাতর ইত্যাদেঃ সাধারণেষ্বপ্যনুগেষু প্রায় ঈদৃশ এবেত্যভিপ্রেত্য তদ্বিশেষেষু বিশেষমাহ ব্রজানুগেষ্বিতি ॥ ৩৮ ॥

অস্মিন্নভ্যুদিতে ভাবঃ। প্রীত্যাখ্যোঽপি প্রায়ঃ স্যাদিতি প্রণয়াংশময়ত্বে

হইলে আমার সম্বন্ধে বাড়বাগ্নিও পানকদ্রব্য বিশেষ হইবে, আর যদি তাঁহার অকরুণত্ব প্রকাশ পায় তবে আমার সম্বন্ধে ঐশ্বর্য্যপূর্ণ কুশস্থলী অর্থাৎ দ্বারকাও কুশভূমি সদৃশী হইয়া উঠিবে ॥ ৩৭ ॥

প্রায় অধিকৃত এবং আশ্রিত দাসে প্রেম, পারিষদসকলে স্নেহ, তথা পরীক্ষিৎ, দারুক, উদ্ধব এবং বহু বহু ব্রজানুগ রক্তক প্রভৃতিতে রাগ উৎপন্ন হইয়া থাকে ॥

এই রাগ উদিত হইলে প্রায় ইহাতে সখ্যাংশ মিশ্রিত

যথা ॥

শুদ্ধান্তাদ্মিলিতং বাষ্পারুদ্ধবাগুদ্ধবো হরিং।

কিঞ্চিৎ কুঞ্চিতনেত্রান্তঃ স্বান্তেন পরিষস্বজে ॥ ৪০ ॥

অযোগযোগাবেতস্য প্রভেদৌ কথিতাবুভৌ ॥

তত্রাযোগঃ ॥

সঙ্গাভাবো হরের্ধীরৈরযোগ ইতি কথ্যতে।

অযোগে তন্মনস্কত্বং তদ্‌গুণাদ্যনুসন্ধয়ঃ।

সতীত্যর্থঃ ॥ ৩৯ ॥

অত্র কেষুচিদ্ব্রজানুগেষু সম্ভবতাপি প্রণয়াংশে ত্বং মে ভৃত্যঃ সুহৃৎ সখেতি প্রসিদ্ধিমুপলক্ষ্য শ্রীমদুদ্ধবমুদাহরতি শুদ্ধান্তাদিতি। শুদ্ধান্তাদন্তঃপুরাৎ ॥ ৪০ ॥

এতস্য প্রীতিভক্তিরস্য ॥ ৪১ ॥

ভাব প্রকাশ পায় ॥ ৩৯ ॥

যথা ॥

উদ্ধব শুদ্ধান্তঃকরণপ্রযুক্ত সমাগত হরিকে অবলোকন করিয়া বাষ্পবারিতে কণ্ঠ অবরুদ্ধ হওয়ায় আর কথা কহিতে পারিলেন না, কিন্তু কিঞ্চিৎ নয়নাঞ্চল কুঞ্চিত করিয়া অন্তঃকরণ দ্বারা ঐ হরিকে আলিঙ্গন করিলেন ॥ ৪০ ॥

পণ্ডিতগণ এই প্রীত ভক্তিরসে অযোগ ও যোগ এই দুই প্রকার প্রভেদ করিয়াছেন ॥

তন্মধ্যে অযোগ যথা ॥

পণ্ডিতেরা হরির সহিত সঙ্গাভাবকে অযোগ কহেন, এই অযোগে হরির প্রতি মন সমর্পণ এবং তদ্‌গুণাদির অনুসন্ধান

তৎপ্রাপ্ত্যুপায়চিন্তাদ্যাঃ সর্ব্বেষাং কথিতাঃ ক্রিয়াঃ।
উৎকণ্ঠিত্বং বিয়োগশ্চেত্যযোগোঽপি দ্বিধোচ্যতে॥

তত্রোৎকণ্ঠিতং॥

অদৃষ্টপূর্ব্বস্য হরের্দিদৃক্ষোৎকণ্ঠিতং মতং॥ ৪১॥

যথা নারসিংহপুরাণে॥

চকার মেঘে তদ্বর্ণে বহুমানরতিং নৃপঃ।
পক্ষপাতেন তন্নাম্নি মৃগে পদ্মে চ তদ্দৃশি॥ ৪২॥

যথা বা শ্রীদশমে॥

অপ্যদ্য বিষ্ণোর্ম্মনুজত্বমীয়ুষো

নৃপ ইক্ষ্বাকুঃ। পক্ষপাতেনাত্যাসক্ত্যা তন্নাম্নি তস্য নাম যত্র তাদৃশে কৃষ্ণসারাখ্যে। তদ্দৃশি তস্য দৃক্ তুল্যা ইত্যর্থঃ॥ ৪২॥

মনুজত্বং মনুজজাতিত্বমীয়ুষঃ প্রাপ্তবতস্তত্র প্রকাশমানস্যেত্যর্থঃ॥ ৪৩॥

করা হয়। সকল দাসভক্তের ভগবৎপ্রাপ্তি বিষয়ক চিন্তাদি ক্রিয়া কথিত হইয়াছে॥

উৎকণ্ঠিত ও বিয়োগ ভেদে অযোগ দুই প্রকার হয়॥

তন্মধ্যে উৎকণ্ঠিত যথা॥

অদৃষ্টপূর্ব্ব হরির দর্শনেচ্ছাকেই উৎকণ্ঠিত বলে॥ ৪১॥

যথা নারসিংহপুরাণে॥

ইক্ষ্বাকু রাজা অতিশয় আসক্তি বশতঃ কৃষ্ণবর্ণ মেঘে, কৃষ্ণনামশালি কৃষ্ণসারমৃগে ও কৃষ্ণনয়নতুল্য পদ্মে বহুমান পুরঃসর রতি বিধান করিয়াছিলেন॥ ৪২॥

যথা বা শ্রীদশমে ৩৮ অধ্যায়ে ৯ শ্লোকে॥

অক্রূর মহাশয় পুনরায় অন্যবিধ চিন্তা করত কহিতে

ভারাবতারায় ভুবো নিজেচ্ছয়া।
লাবণ্যধাম্নো ভবিতোপলম্ভনং
মহ্যং ন ন স্যাৎ ফলমঞ্জসা দৃশঃ॥ ৪৩॥
অত্রাযোগপ্রসক্তানাং সর্ব্বেষামপি সম্ভবে।
ঔৎসুক্য-দৈন্য-নির্ব্বেদ-চিন্তানাং চাপলস্যচ।
জড়তোন্মাদমোহানামপি স্যাদতিরিক্ততা॥ ৪৪॥
তত্রৌৎসুক্যং যথা কর্ণামৃতে॥
অমূন্যধন্যানি দিনান্তরাণি
হরে ত্বদালোকনমন্তরেণ।
অনাথবন্ধো করুণৈকসিন্ধো

সর্ব্বেষাং ব্যভিচারিণাং সম্ভবে সত্যপি অতিরিক্ততা উদ্রেকঃ॥ ৪৪॥
ন বিদ্যতে নাথো নাথান্তরং যস্য তস্য বন্ধো প্রতিপালক॥ ৪৫॥

লাগিলেন, পৃথিবীর ভারাবতরণ নিমিত্ত আপন ইচ্ছায় মনুষ্য-মধ্যে প্রকাশমান ভগবান্ হরির লাবণ্যযুক্ত কলেবর দর্শন হইতে পারে, যদি সাক্ষাৎ লাভ হয় তাহা হইলে কি যথার্থতঃ আমার লোচনের ফল হইবে না? অবশ্যই হইবে॥ ৪৩॥

এই প্রীত ভক্তিরসে অযোগ সম্বন্ধীয় সমুদায় ব্যভিচারির সম্ভব হইলে ঔৎসুক্য, দৈন্য, নির্ব্বেদ, চিন্তা, চপলতা, জড়তা, উন্মাদ ও মোহ এই সকলের আধিক্য হয়॥ ৪৪॥

তন্মধ্যে ঔৎসুক্য যথা কর্ণামৃতে॥

হা কষ্ট হা কষ্ট! হে হরে! হে অনাথবন্ধো! হে করুণা-সিন্ধো! আপনার দর্শন ব্যতিরেকে এই অধন্য দিন সকল

হা হন্ত হা হন্ত কথং নয়ামি ॥ ৪৫ ॥

যথাবা ॥

বিলোচনসুধাম্বুধিস্তব পদারবিন্দদ্বয়ী

বিলোচনরসচ্ছটামনুপলভ্য বিক্ষুভ্যতঃ।

মনো মম মনাগপি ক্বচিদনাপ্নুবন্নির্বৃতিং

ক্ষণার্দ্ধমপি মন্যতে ব্রজমহেন্দ্রবর্ষব্রজং ॥

দৈন্যং যথা তত্রৈব ॥

নিবদ্ধমূর্দ্ধাঞ্জলিরেষ যাচে

নীরন্ধ্রদৈন্যোন্নতিমুক্তকণ্ঠং।

দয়াম্বুধে দেব ভবৎকটাক্ষ-

বিলোচনেতি মথুরাতঃ শ্রীমদুদ্ধবস্য সংগুপ্তপত্রিকা। বিক্ষুভ্যত ইত্যত্র বিক্ষোভভৃদিতি পাঠান্তরং ॥ ৪৬ ॥

কিরূপে যাপন করিব ॥ ৪৫ ॥

যথাবা ॥

মথুরানগরী হইতে উদ্ধব পত্র লিখিলেন, হে ব্রজমহেন্দ্র! আপনি লোচনের অমৃতসমুদ্র, আপনার চরণারবিন্দদ্বয়ের দর্শনচ্ছটা প্রাপ্ত না হইয়া, ক্ষোভযুক্ত আমার মন কোনস্থানে কিঞ্চিৎ সুখ প্রাপ্ত হইতেছে না, অধিকন্তু ক্ষণার্দ্ধকালকেও বহু বহু বৎসর করিয়া মানিতেছে ॥

দৈন্য যথা কর্ণামৃতে ॥

হে দেব! আপনি কৃপাসাগর, আমি মস্তকে অঞ্জলি-বন্ধনপূর্ব্বক অতিশয় দৈন্যসহকারে মুক্তকণ্ঠে প্রার্থনা করি-

দাক্ষিণ্যলেশেন সকৃন্নিষিঞ্চ ॥ ৪৬ ॥

যথাবা ॥

অসি শশিমুকুটাদ্যৈরপ্যলভ্যেক্ষণস্ত্বং
লঘুরঘহর কীটাদপ্যহং কূটকর্ম্মা।
ইতি বিসদৃশতাপি প্রার্থনে প্রার্থয়ামি
স্নপয় কৃপণবন্ধো মামপাঙ্গচ্ছটাভিঃ ॥ ৪৭ ॥

নির্ব্বেদো যথা ॥

স্ফুটং শ্রিতবতোরপি শ্রুতিনিষেবয়া শ্লাঘ্যতাং

কূটকর্ম্মাহং কীটাদপি লঘুরিতি প্রার্থনে বিসদৃশতাপি প্রার্থয়ামীত্যন্বয়ঃ। প্রার্থয়েহপীতি বা পাঠঃ। যদ্যপ্যযোগ্যস্তথাপি প্রার্থয় ইত্যর্থঃ ॥ ৪৭ ॥

স্ফুটমিতিচ পূর্ব্ববদেবোদ্ধবস্য সন্দেশঃ। পদাম্বুজস্য নখরূপঃ অঙ্কুরোঽগ্র-

---

তেছি আপনি স্বীয় অনুগ্রহসূচক কটাক্ষলেশদ্বারা এক বার আমাকে সেচন করুন ॥ ৪৬ ॥

যথাবা ॥

হে অঘনাশন! শশিশেখর শঙ্করপ্রভৃতিও আপনার দর্শন প্রাপ্ত হইতে পারেন না, আমি কীট অপেক্ষাও মন্দকর্ম্মা, সুতরাং প্রার্থনা বিষয়ে অযোগ্য হইলেও প্রার্থনা করিতেছি, হে দীনবন্ধো! আপনি স্বীয় নেত্রকোণের ছটাদ্বারা আমাকে স্নান করান্ অর্থাৎ আমার প্রতি ঈষৎ করুণাদৃষ্টি নিক্ষেপ করুন ॥

নির্ব্বেদ যথা ॥

উদ্ধব শ্রীকৃষ্ণকে বলিয়া পাঠাইলেন, কৃষ্ণ! বহুতর শ্রুতি

মমাভবনিরেতয়োর্ভবতু নেত্রয়োর্মন্দয়োঃ।
ভবেন্নহি যয়োঃ পদং মধুরিমশ্রিয়ামাস্পদং
পদাম্বুজনখাঙ্কুরাদপি বিসারি রোচিস্তব ॥ ৪৮ ॥

চিন্তা যথা ॥

হরিপদকমলাবলোকতৃষ্ণা
তরলমতেরপি যোগ্যতামবীক্ষ্য।
অবনতবদনস্য চিন্তয়া মে

ভাগঃ। শ্রুতিনিষেবয়েতি দীর্ঘয়োরপীত্যর্থঃ। বহুতরশ্রোতগ্রন্থদর্শিনোরিতি বা। অভবনিঃ নাশঃ ॥ ৪৮ ॥

হরিপদেতি কস্যাচিদ্ভক্তস্য নির্জনবিলাপঃ। হরি হরি খেদে। মে মম যোগ্যতামবীক্ষ্য সোঽয়মযোগ্যো দুঃখিতো ভবতু নামেতীব বিভাব্য নিশাঃ প্রযান্তীত্যর্থঃ। কীদৃশস্যাপি মম হরিপদেত্যাদিলক্ষণস্য। অতএব চিন্তয়াবনতবদন-

গ্রন্থ দর্শন করিয়া আমার নয়নদ্বয় অতিশয় প্রতিষ্ঠা লাভ করিলেও ইহাদিগকে মন্দ বলিতে হয়, যেহেতু ইহারা তোমার পাদপদ্মের নখাঙ্কুর হইতে প্রসরণ শীল মাধুর্য্য সম্পদের আস্পদস্বরূপ কান্তি সন্দর্শন করিতে পারিল না অতএব ইহাদের বিনাশ হওয়াই ভাল ॥ ৪৮ ॥

চিন্তা যথা ॥

কোন ভক্ত নির্জনে বিলাপ করিতে করিতে কহিলেন, হরি হরি! চঞ্চলমতি আমার হরিপদকমল অবলোকন অযোগ্যতা দেখিয়া অবনতবদন যে আমি আমার সম্বন্ধে দীর্ঘনিশ্বাস পরিত্যাগ করিতে করিতে এই সকল নিশা অতি-

হরি হরি নিশ্বসতো নিশাঃ প্রয়ান্তি ॥ ৪৯ ॥

চাপলং যথা কর্ণামৃতে ॥

ত্বচ্ছৈশবং ত্রিভুবনাদ্ভুতমিত্যবেহি

মচ্চাপলঞ্চ তব বা মম বাধিগম্যং।

তৎ কিং করোমি বিরলং মুরলীবিলাসি

মুগ্ধং মুখাম্বুজমুদীক্ষিতুমীক্ষণাভ্যাং ॥ ৫০ ॥

যথাবা ॥

হ্রিয়মঘহর মুক্ত্বা দৃক্‌পতঙ্গী মমাসৌ

ভয়মপি দময়িত্বা ভক্তবৃন্দাত্তৃষার্ত্তা।

সোঽতি ষষ্ঠী চেয়মনাদরে ॥ ৪৯ ॥

বিরলং কচিৎ ভাগ্যবস্তিরেব উপলভ্যং ॥ ৫০ ॥

দৃক্‌পতঙ্গীতি লুপ্তোপমা কর্ত্তৃর্থকিবন্তাৎ পুনঃ কর্ত্তরি ক্তবিহিতঃ কিবিত্যা-

---

বাহিত হইতেছে ॥ ৪৯ ॥

চাপল যথা ॥

কর্ণামৃতে ॥

হে কৃষ্ণ! তোমার শৈশবচাপল্য ত্রিভুবনমধ্যে অতি-শয় অদ্ভুত, তাহা তুমিই অবগত আছ এবং আমার চপলতা আমি জানি এবং তুমিও জান, নির্জনে লোচনদ্বয় দ্বারা ত্বদীয় মুখপদ্ম দর্শন করিবার নিমিত্ত কি করিব ॥ ৫০ ॥

যথাবা ॥

হে অঘহর! হে ঈশ! আমার নয়নভ্রমরী লজ্জা বিসর্জন-পূর্ব্বক ভক্তবৃন্দের অভয়দানে ভয়কে দমন এবং নিরন্তর

নিরবধিমবিচার্য্য স্বস্যচ ক্ষোদিমানং
তব চরণসরোজং লেঢ়ুমন্বিচ্ছতীশ ॥ ৫১ ॥
জড়তা যথা সপ্তমস্কন্ধে ॥
ন্যস্তক্রীড়নকো বালো জড়বত্তন্মনস্তয়া।

পমাবাচকস্য পূর্ব্বস্য ক্বিপো লোপাৎ। রূপকন্তু নাশ্রেয়্যতে তৎপুরুষস্যোত্তরপদ-প্রধানত্বাৎ প্রধানভূতায়া পতঙ্গ্যা হ্রীর্ন সম্ভবতি গুণীভূতায়াং দৃশি যোজয়িতুং ন শক্যত ইত্যভবন্মতযোগাথ্যদোষঃ স্যাৎ। ততশ্চ দৃক্ কর্ত্রী হ্রিয়ং মুক্ত্বা ভয়-মপি দময়িত্বা স্বস্যচ ক্ষোদিমানমবিচার্য্য পতঙ্গীবাচরন্তী সতী তব চরণসরোজং লেঢ়ুমন্বিচ্ছতীতি যোগাৎ। দৃক্ তপস্বিনাসৌ মে ইতি বা পাঠঃ। অন্বিচ্ছতীতি ইষু গমি যমাং ছ ইতি বিধানাৎ ॥ ৫১ ॥

ন্যস্তেতি। তন্মনস্তয়া কৃষ্ণমনস্তয়া ন্যস্তক্রীড়নকঃ তদনন্তরং তস্যৈবজড়বৎ-তত্তুল্যঃ তৎপশ্চাৎ কৃষ্ণগ্রহগৃহীতাত্মা গ্রহেণৈব কৃষ্ণেনাবিষ্টঃ সন্ জগদীদৃশং ন বেদ ন দদর্শ যথা লোকাঃ পশ্যন্তি তথা ন কিন্তু তৎস্ফূর্ত্তিকরত্বেনৈব দদর্শ

আপনার লঘুতা বিচার না করিয়া অতিশয় তৃষ্ণাকুল চিত্তে তোমার চরণকমল আস্বাদন করিতে ইচ্ছা করিতেছে ॥ ৫১ ॥

জড়তা যথা ॥

সপ্তমস্কন্ধে ৪ অধ্যায়ে ২৭ শ্লোকে ॥

নারদ কহিলেন, হে যুধিষ্ঠির! প্রহ্লাদের ভগবদ্বিষয়া রতি স্বাভাবিকী ছিল, তাহার নিদর্শন এই যে, তিনি বালককালেই ক্রীড়া পরিত্যাগ পূর্ব্বক ভগবানের প্রতি একচিত্ত হইয়া জড় হইয়াছিলেন, আর ভগবান্ শ্রীকৃষ্ণের অনুধ্যানেই তাঁহার আত্মা আগ্রহান্বিত ছিল, অতএব জগৎ কীদৃশ, তিনি তাহা

কৃষ্ণগ্রহগৃহীতাত্মা ন বেদ জগদীদৃশং ॥ ৫২ ॥

যথাবা ॥

নিমেষোন্মুক্তাক্ষঃ কথমিহ পরিস্পন্দবিধুরাং
তনুং বিভ্রস্তব্ধঃ প্রতিকৃতিরিবাস্তে দ্বিজপতিঃ।
অয়ে জ্ঞাতং বংশীরসিক নবরাগব্যসনিনা
পুরঃ শ্যামাম্ভোদে বত বিনিহিতা দৃষ্টিরমুনা ॥

উন্মাদো যথা তত্রৈব ॥

নদতি ক্বচিদুৎকণ্ঠো বিলজ্জো নৃত্যতি ক্বচিৎ।

ইত্যর্থঃ ॥ ৫২ ॥

ভবাঃ সর্ব্বত্র যোগাঃ ভব্যং সত্যে শুভে চাথ ভেদাবদেবাগাভাবিনোরিতি বিশ্বপ্রকাশাৎ ॥ ৫৩ ॥

কিছুই জানিতেন না ॥ ৫২ ॥

যথাবা ॥

সর্ব্বকার্য্যনিপুণ এই ব্রাহ্মণ কেন আজ অনিমিষলোচনে স্পন্দনরহিত কলেবর ধারণ করত প্রতিমার ন্যায় স্তব্ধভাবে অবস্থিত আছেন, তবে বোধ হয় ইনি বংশীরসিকের নবানুরাগে বিপদান্বিত হইয়া অগ্রবর্ত্তি শ্যামমেঘে দৃষ্টিনিক্ষেপ করিয়া রহিয়াছেন ॥

উন্মাদ যথা ॥

সপ্তমস্কন্ধে ৪ অধ্যায়ে ৩০ শ্লোকে ॥

ঐ প্রহ্লাদ কথন উর্দ্ধকণ্ঠ হইয়া শব্দ করিতেন, কথন নির্ল্লজ্জ হইয়া নৃত্য করিতেন, কথন বা ভগবদ্ভাবনায় অভিনি-

কচিত্তদ্ভাবনাযুক্তস্তন্ময়োঽনুচকার হ॥ ৫৩॥

যথাবা॥

কচিন্নটতি নিষ্পটং কচিদসম্ভবং স্তম্ভতে

কচিদ্বিহসতি স্ফুটং কচিদমন্দমাক্রন্দতি।

লসত্যনলসং কচিৎ কচিদপার্থমার্ত্তায়তে

হরেরভিনবোদ্ধুরপ্রণয়সীধুমত্তো মুনিঃ॥ ৫৪॥

মোহো যথা হরিভক্তিসুধোদয়ে॥

অযোগ্যমাত্মানমিতীশদর্শনে

স মন্যমানস্তদনাপ্তিকাতরঃ।

লসতি ক্রীড়তি। অপার্থং দৃষ্টার্ত্তিসামগ্রীং বিনেত্যর্থঃ। মুনির্নারদঃ॥ ৫৪॥

স শ্রীপ্রহ্লাদঃ॥ ৫৫॥

বিষ্ট হওয়াতে তন্ময় হইয়া তদীয় চেষ্টা অর্থাৎ ভগবল্লীলার অনুকরণ করিতেন॥ ৫৩॥

যথাবা॥

দেবর্ষি নারদ ভগবান্ হরির অতিশয় প্রণয়সুধায় মত্ত হইয়া কখন বিবসনে নৃত্য, কখন অসম্ভব স্তম্ভ অবলম্বন, কখন স্পষ্টরূপে উচ্চ হাস্য, কখন ক্রন্দন, কখন অনলস ভাব প্রকাশ এবং কখন বা পীড়া অভাবেও পীড়িতের আচরণ করিতেছেন॥ ৫৪॥

মোহ যথা॥

হরিভক্তিসুধোদয়ে॥

হে দ্বিজ! প্রহ্লাদ ভগবৎ সন্দর্শনে আপনাকে অযোগ্য বিবেচনা করিয়া তাঁহার অপ্রাপ্তি নিমিত্ত কাতর ও বিপুল

উদ্বেলদুঃখার্ণবমগ্নমানসঃ
স্রুতাশ্রুধারো দ্বিজ মূর্চ্ছিতোঽপতৎ ॥ ৫৫ ॥
যথাবা ॥
হরিচরণবিলোকালক্কিতাপাবলীভি-
র্বত বিধুতচিদম্ভস্যত্র নস্তীর্থবর্য্যে।
শ্রুতিপুটপরিবাহেনেশনামামৃতানি
ক্ষিপত নমু সতীর্থাশ্চেষ্টতাং প্রাণহংসঃ ॥
অথ বিয়োগঃ ॥
বিয়োগো লব্ধসঙ্গেন বিচ্ছেদো দনুজদ্বিষা ॥ ৫৬ ॥

চিৎ চৈতন্যং। তীর্থমত্র গুরুঃ। পক্ষে ঋষিজুষ্টজলং ॥ ৫৬ ॥

দুঃখসাগরে চিত্ত নিমগ্ন করত অশ্রুধারা বিসর্জন করিতে করিতে ভূমিতলে মূর্চ্ছিত হইয়া পতিত হইতেন ॥ ৫৫ ॥

যথাবা ॥

অহে সতীর্থ্যগণ! অর্থাৎ আমরা সকলে এক গুরুর শিষ্য, আমাদের গুরুদেব হরিচরণারবিন্দ সন্দর্শন করিয়া তাপরাশিতে পতিত হইয়াছেন, এ কারণ ইহাঁর চৈতন্যজল শুষ্ক হইয়া গিয়াছে, অতএব এক্ষণে কর্ণবিবরদ্বারা হরিনামামৃত নিক্ষেপ কর, তাহা হইলে ইহাঁর প্রাণহংস চেষ্টান্বিত হইবে ॥

অথ বিয়োগ ॥

হরির সহিত সঙ্গলাভ করিয়া পুনরায় তাঁহার বিচ্ছেদ ঘটিলে তাহাকে বিয়োগ বলে ॥ ৫৬ ॥

যথা ॥

বলিসুত-ভুজষণ্ড-খণ্ডনায়
ক্ষতজপুরং পুরুষোত্তমে প্রযাতে।
বিধুতবিধুরবুদ্ধিরুদ্ধবোঽয়ং
বিরহনিরুদ্ধমনা নিরুদ্ধবোঽভূৎ ॥
অঙ্গেষু তাপকৃশতা জাগর্য্যালম্বশূন্যতা।
অধৃতির্জড়তা ব্যাধিরুন্মাদো মূর্চ্ছিতং মৃতিঃ।
বিয়োগে সংভ্রমপ্রীতের্দশাবস্থাঃ প্রকীর্ত্তিতাঃ।
অনবস্থিতিরাখ্যাতা চিত্তস্যালম্বশূন্যতা।
অরাগিতাতু সর্ব্বস্মিন্নধৃতিঃ কথিতা বুধৈঃ।

ক্ষতজপুরং শোণিতপুরং বিধুতা কম্পিতা যতো বিধুরা দুঃখিতাচ বা তাদৃশী বুদ্ধির্যস্য স বিধুরঃ। বিধুতেতি বা পাঠঃ। বিধুরং তু প্রবিশ্লেষ ইত্যমরঃ ॥ ৫৭ ॥

শ্রীকৃষ্ণ বলিনন্দন বাণের বাহুসকল ছেদন করিবার নিমিত্ত শোণিতপুরে গমন করিলে, বিরহকাতর উদ্ধব হতবুদ্ধি ও নিরানন্দ হইয়াছিলেন ॥

বিয়োগ অবস্থায় সম্ভ্রম প্রীতির দশটী অবস্থা হয়। যথা—

অঙ্গসকলে তাপ, কৃশতা, জাগরণ, আলম্বশূন্যতা, অধৃতি, জড়তা, ব্যাধি, উন্মাদ, মূর্চ্ছা ও মৃতি ॥

চিত্তের অনবস্থিতির নাম আলম্বশূন্যতা এবং সকল বিষয়ে অনুরাগশূন্যের নাম অধৃতি, পণ্ডিতগণ এইরূপ উল্লেখ করিয়াছেন, অন্য আটটীর অর্থ স্পষ্ট বলিয়া পৃথক্ রূপে লক্ষণ

অন্যেঽষ্টৌ প্রকটার্থত্বাত্তাপাদ্যা নহি লক্ষিতাঃ ॥ ৫৭ ॥

তত্র তাপো যথা ॥

অস্মান্ দুনোতু কমলং তপনস্য মিত্রং
রত্নাকরশ্চ বড়বানলগূঢ়মূর্ত্তিঃ।
ইন্দীবরং বিধুসুহৃৎ কথমীশ্বরং বা
তং স্মারয়ন্মুনিপতে দহতীহ সভ্যান্ ॥ ৫৮ ॥

কৃশতা যথা ॥

অস্মানিত্যাদিকং নারদং প্রত্যুদ্ধববাক্যং। বাড়বানলেন গূঢ়াচ্ছাদিতা মূর্ত্তি স্তন্মধ্যভাগো যস্য সঃ। অত্র তাপার্থং তপনমিত্রত্বাদিদ্বয়স্য হেতোরাভাসত্বং ব্যঞ্জ্য বিধুসুহৃত্ত্বস্য তু বিরুদ্ধত্বং ব্যঞ্জ্য বিয়োগস্যৈব দুরন্তত্বেয়ং যৎকমলাদিকমপি তাপকত্বেন সম্পাদয়তীতি ব্যঞ্জিতং। তং স্মারয়ন্দহতি পারিষদান্মুনীন্দ্রেতি বা পাঠে স্মারয়দিত্যত্র লিঙ্গবিপরিণামঃ কর্ত্তব্যঃ। তং স্মারয়ন্মুনিপতে দহতীহ সভ্যানিতি পাঠেতু সন্ধিবিশ্লেষাৎ সর্ব্বত্রাপ্যন্বয়ঃ ॥ ৫৮ ॥

করেন নাই ॥ ৫৭ ॥

তন্মধ্যে তাপ যথা ॥

নারদের প্রতি উদ্ধব কহিলেন, হে মুনিবর! সূর্য্যবন্ধু পদ্ম, আমরা যে সভ্যগণ, আমাদিগকে দুঃখ প্রদান করে করুক, বাড়বানলে আচ্ছাদিতমূর্ত্তি জলনিধি আমাদিগকে দগ্ধ করেন করুন এবং চন্দ্রসুহৃদ্ ইন্দীবর আমাদিগকে সন্তপ্ত করে করুক, কিন্তু কি জন্য ইহারা সেই ঈশ্বর শ্রীকৃষ্ণকে স্মরণ করাইয়া আমাদিগকে ক্লিষ্ট করিতেছে ॥ ৫৮ ॥

কৃশতা যথা ॥

দধতি তব তথাদ্য সেবকানাং
ভুজপরিঘাঃ কৃশতাঞ্চ পাণ্ডুতাঞ্চ।
পততি বত যথা মৃণালবুদ্ধ্যা
স্ফুটমিহ পাণ্ডবমিত্র পাণ্ডুপক্ষঃ ॥ ৫৯ ॥
জাগর্য্যা যথা ॥
বিরহাম্বুরবিদ্বিষশ্চিরং, বিধুরাঙ্গে পরিখিন্নচেতসি।
ক্ষণদাঃ ক্ষণদায়িতোজ্ঝিতা, বহুলাশ্বে বহুলাস্তদাভবন্ ॥৬০
আলম্বশূন্যতা যথা ॥

সেবকানাং কেষাঞ্চিদাবশ্যককার্য্যার্থং দ্বারকাস্থিতানামিত্যর্থঃ। স্ফুটমিত্যুৎপ্রেক্ষায়াং। সা চাত্রোদাত্তনামালঙ্কারং ব্যঞ্জয়তীতি বিরহাতিশয়ং বঞ্জয়তি। পাণ্ডুপক্ষো হংসঃ ॥ ৫৯ ॥

ক্ষণদা রাত্র্যস্তদুপলক্ষণত্বাদ্দিনান্যপি। যদ্বা, ক্ষণদায়িতৃপদার্থাঃ। উৎসবদাত্র্যোঽপীতি তু শ্লেষঃ ক্ষণদায়িতয়া উৎসবদায়িত্বেনোজ্ঝিতা বভূবুঃ ॥ ৬০ ॥

হে পাণ্ডবমিত্র কৃষ্ণ! ইহ লোকে যেমন মৃণালবুদ্ধিতে হংস পতিত হয়, তাহার ন্যায় আজ আমরা যে তোমার সেবক আমাদের ভুজলগুড় সকল কৃশতা এবং পাণ্ডুতা ধারণ করিল ॥ ৫৯ ॥

জাগর্য্যা যথা ॥

শ্রীকৃষ্ণের চিরবিরহে অবসন্ন দেহ, ক্ষীণচিত্ত, রাজা বহুলাশ্বের সুখপ্রদা যামিনী সকল দুঃখপ্রদা হইয়া বহুতরা হইয়াছিল ॥ ৬০ ॥

অথ আলম্বশূন্যতা ॥

বিজয়রথ কুটুম্বিনা বিনান্য-
ন্ন কিল কুটুম্বমিহাস্তি নস্ত্রিলোক্যাং।
ভ্রমদিদমনবেক্ষ্য যৎপদাব্জং
ক্বচিদপি ন ব্যবতিষ্ঠতেঽদ্য চেতঃ॥ ৬১॥

অথাধৃতির্যথা॥

প্রেক্ষ্য পিঞ্ছকুলমক্ষি পিধত্তে
নৈচিকীনিচয়মুজ্ঝতি দূরে।
বষ্টি যষ্টিমপি নাদ্য মুরারে

বিজয়রথেতি সময়বিশেষে শ্রীযুধিষ্ঠিরবাক্যং। বিজয়োঽর্জ্জুনঃ রথকুটম্বী সারথিঃ॥ ৬১॥

প্রেক্ষেত্যনুসারেণ পূর্ব্বমরাগিতেতি লক্ষণেন নঞ্ বিরোধ এব জ্ঞেয়ঃ।

যুধিষ্ঠির কহিলেন, অর্জ্জুনসারথি শ্রীকৃষ্ণ ব্যতিরেকে এই ত্রিভুবনে আমার অন্য কোন কুটুম্ব নাই, যেহেতু আজ তদীয় চরণারবিন্দ অবলোকন করিতে না পাইয়া আমার মন ভ্রান্ত হইয়াছে, কোনস্থানে স্থিরভাবে অবস্থিতি করিতে পারিতেছি না॥ ৬১॥

অথ অধৃতি যথা॥

হে মুরারে! তোমার বিরহে ত্বদীয় চরণানুরক্ত রক্তক-নামা ভৃত্য, ময়ূরপুচ্ছ অবলোকন করিয়া চক্ষু মুদ্রিত করিতে-ছেন, উত্তম গো-সকলের প্রতি আর দৃষ্টি নাই, তাহাদিগকে দূরে পরিত্যাগ করিতেছেন, অধিক কি বলিব যষ্টি পর্য্যন্তও

রক্তক স্তব পদাম্বুজরক্তঃ ॥ ৬২ ॥

জড়তা যথা ॥

যৌধিষ্ঠিরং পুরমুপেয়ুষি পদ্মনাভে
খেদানলব্যতিকরৈরতিবিক্লবস্য।
স্বেদাশ্রুভির্নহি পরং জলতামবাপু-
রঙ্গানি নিষ্ক্রিয়তয়াচ কিলোদ্ধবস্য ॥ ৬৩ ॥

ব্যাধির্যথা ॥

চিরয়ন্তি মণিমন্বেষ্টুং চলিতে
মুরভিদি কুশস্থলীপুরতঃ।

রাগপ্রাতিকূল্যমিত্যর্থঃ ॥ ৬২ ॥
জলতাং দ্রবত্বং। পক্ষে জাড্যং ॥ ৬৩ ॥
পবনব্যাধিরুদ্ধবঃ। বাল্যাদেব ভগবৎপ্রেমোন্মত্তত্বেন তস্য তথা লোকতানা-

---

গ্রহণ করিতে ইচ্ছা করিতেছেন না ॥ ৬২ ॥

জড়তা যথা ॥

পদ্মনাভ শ্রীকৃষ্ণ যুধিষ্ঠিরের রাজধানীতে গমন করিলে খেদাগ্নিদ্বারা অতিশয় কাতর উদ্ধবের ঘর্ম্মবারি ও অশ্রুধারা দ্বারা অঙ্গসকল দ্রবীভূত ও নিষ্ক্রিয় হইয়াছিল ॥ ৬৩ ॥

ব্যাধি যথা ॥

দ্বারকানগরী হইতে শ্রীকৃষ্ণ স্যমন্তকমণি অন্বেষণ করিতে গমন করিয়াছিলেন, তাহাতে তাঁহার অধিক কাল বিলম্ব হওয়ায় উদ্ধব কৃষ্ণবিরহে নূতন আর একটী ব্যাধিগ্রস্ত হইলেন, তিনি যে বাল্যাবধি কৃষ্ণপ্রেমোন্মত্ত থাকায় লোকসমাজে

সমজনি ধৃতনবব্যাধিঃ
পবনব্যাধির্যথার্থাখ্যঃ ॥
উন্মাদো যথা ॥
প্রোষিতে বত নিজাধিদৈবতে
রৈবতে নবমবেক্ষ্য নীরদং।

পশ্য নৌতি রমতে নমস্যতি ॥ ৬৪ ॥
মূর্চ্ছিতং যথা ॥
সমজনি দশা বিশ্লেষাত্তে পদাম্বুজসেবিনাং
ব্রজভুবি তথা নাসীন্নিদ্রালবোঽপি যথা পুরা।

তথা খ্যাতেঃ ॥ ৬৩ ॥

তথা দশা সমজনি যথা পুরা প্রথমং নিদ্রালবোঽপি নাসীৎ। অধুনাতু

বায়ুরোগগ্রস্ত বলিয়া বিখ্যাত ছিলেন কিন্তু সেই দিন ঐ নামটী সার্থক হইয়াছিল ॥

উন্মাদ যথা ॥

স্বীয় অধিদেব শ্রীকৃষ্ণ বিদেশ গমন করিলে ভ্রান্ত বুদ্ধি উদ্ধব রৈবতক পর্ব্বতে নবমেঘ নিরীক্ষণ করিয়া চঞ্চলচিত্তে স্তব, আনন্দ প্রকাশ এবং নমস্কার করিতে লাগিলেন ॥ ৬৪ ॥

মূর্চ্ছিত যথা ॥

হে যদুবর! বৃন্দাবন ভূমিতে তোমার পাদপদ্মসেবি দাসগণের যেমন পূর্ব্বে নিদ্রালেশ উপস্থিত হয় নাই, তদ্রূপ এখন ঈষৎ নিশ্বাসদ্বারা জীবন আছে কি না এইরূপে বিত-

যদুবর দরশ্বাসেনামী বিতর্কিতজীবিতাঃ
সততমধুনা নিশ্চেষ্টাঙ্গাস্তটান্যধিশেরতে ॥ ৬৫ ॥
মৃতির্যথা ॥
দনুজদমন যাতে জীবনে ত্বয্যকস্মাৎ
প্রচুরবিরহতাপৈর্ধ্বস্তহৃৎপঙ্কজায়াং ।
ব্রজমভিপরিতস্তে দাসকাসারপঙ্‌ক্তৌ
ন কিল বসতিমার্ত্তাঃ কর্ত্তুমিচ্ছন্তি হংসাঃ ॥ ৬৬ ॥
অশিবত্বান্ন ঘটতে ভক্তে কুত্রাপ্যসৌ মৃতিঃ ।

সততং নিশ্চেষ্টাঙ্গাঃ সন্তস্তটান্যধিশেরত ইতি যোজ্যং ॥ ৬৫ ॥

কাসারঃ সরঃ । পঙ্‌ক্তৌ । হংসাঃ প্রাণাঃ ॥ ৬৬ ॥

ন কুত্রাপীতি কুত্রচিদেব ভক্তে সিদ্ধলক্ষণ এবেত্যর্থঃ । তত্র মৃতির্ন ঘটত ইত্যত্র হেতুঃ অশিবত্বাদিতি তত্রামঙ্গলমাত্রং হি ন সম্ভবতীত্যর্থঃ । সাধকভক্তে মৃতিরপি বর্ণিতা । প্রাণান্ জহতি মথুরায়াং সুকৃতিন ;ইতি ততশ্চ সিদ্ধভক্তে

র্কিত হইয়া যমুনাতীরে নিশ্চেষ্টাঙ্গে পতিত হইয়া রহিয়াছে ॥ ৬৫ ॥

মৃতি যথা ॥

হে অসুরনাশন কৃষ্ণ ! জীবনস্বরূপ তুমি গমন করায় ব্রজভূমির চতুর্দ্দিকস্থ তোমার দাসরূপ-সরোবর-শ্রেণীর অকস্মাৎ প্রবল-বিরহানলদ্বারা হৃৎপদ্ম শুষ্ক হইয়া গিয়াছে, প্রাণহংসসকল আর্ত্ত হইয়া আর তাহাতে বাস করিতে ইচ্ছা করিতেছে না ॥ ৬৬ ॥

অমঙ্গলপ্রযুক্ত কখনও ভক্তজনে মৃত্যু সম্ভব হয় না, বিয়ো-

ক্ষোভকত্বাদ্বিয়োগস্য জাতপ্রায়েতি কথ্যতে ॥

অথ যোগঃ ॥

কৃষ্ণেন সঙ্গমো যস্তু স যোগ ইতি কীর্ত্ত্যতে।

যোগোঽপি কথিতঃ সিদ্ধিস্তুষ্টিঃ স্থিতিরিতি ত্রিধা ॥

তত্র সিদ্ধিঃ ॥

উৎকণ্ঠিতে হরেঃ প্রাপ্তিঃ সিদ্ধিরিত্যভিধীয়তে ॥ ৬৭ ॥

যথা কর্ণামৃতে ॥

মৌলিশ্চন্দ্রকভূষণো মরকতস্তম্ভাভিরামং বপু-

বিয়োগস্য ক্ষোভকত্বং ক্ষোভকত্বমুদ্দিশ্যৈব জাতপ্রায়া মৃতিরিতি কথ্যত ইত্যর্থঃ ॥ ৬৭ ॥

যস্য মৌল্যাদয় ঈদৃশাঃ স এব ইত্যধ্যাহারেণান্বয়ঃ। বালে কোমলে। শৈশ-

---

বিয়োগের ক্ষোভকারিত্ব হেতু ঐ মৃত্যু জাতপ্রায় বলিয়া কথিত হয় ॥

অথ যোগ ॥

শ্রীকৃষ্ণের সহিত মিলনকে যোগ বলা যায়। ঐ যোগ, সিদ্ধি, তুষ্টি ও স্থিতি ভেদে তিন প্রকার হয় ॥

তন্মধ্যে সিদ্ধি যথা ॥

উৎকণ্ঠিত অবস্থায় হরির যে প্রাপ্তি তাহাকে সিদ্ধি বলা যায় ॥ ৬৭ ॥

যথা কর্ণামৃতে ॥

কি আশ্চর্য্য মস্তকে ময়ূরপুচ্ছের চূড়া, মরকত স্তম্ভ বিনিন্দি বপুঃ, আশ্চর্য্য মনোহর হাস্যে মুখকমল সুন্দর, নয়নদ্বয়

বক্ত্রং চিত্রবিমুগ্ধহাসমধুরং বালে বিলোলে দৃশৌ।
বাচঃ শৈশবশীতলা মদগজশ্লাঘ্যা বিলাসস্থিতি-
র্মন্দং মন্দময়ে ক এষ মথুরাবীথীং মিথো গাহতে ॥
যথা বা শ্রীদশমে ॥
রথাত্তূর্ণমবপ্লুত্য সোঽক্রূরঃ প্রেমবিহ্বলঃ।
পপাত চরণোপান্তে দণ্ডবদ্রামকৃষ্ণয়োঃ ॥
তুষ্টিঃ ॥
জাতে বিয়োগে কংসারেঃ সংপ্রাপ্তিস্তুষ্টিরুচ্যতে ॥ ৬৮ ॥
যথা প্রথমস্কন্ধে ॥

বেন তদংশেন শীতলাস্তাপহরেত্যর্থঃ। মথুরায়া বীথীং নিকটভূমিং বৃন্দাবনমিতি যাবৎ। মিথোঽন্যোন্যং রহস্যপীত্যমরঃ ॥ ৬৮ ॥

চঞ্চল ও সুকোমল, শৈশবপ্রযুক্ত বাক্য অতি মধুর এবং মত্ত গজেন্দ্র হইতেও শ্লাঘ্য ক্রীড়াশালী হইয়া ধীরে ধীরে রহস্য করিতে করিতে বৃন্দাবনের পথে গমন করিতেছেন ইনি কে ॥

যথা বা শ্রীদশমে ৩৮ অধ্যায়ে ৩১ শ্লোকে ॥

হে মহারাজ! রামকৃষ্ণকে দেখিবামাত্র অক্রূর সত্বর রথ হইতে অবতীর্ণ হইয়া স্নেহবিহ্বলচিত্তে তাঁহাদের চরণোপান্তে দণ্ডবৎ পতিত হইলেন ॥

তুষ্টি যথা ॥

বিচ্ছেদের পর শ্রীকৃষ্ণের প্রাপ্তির নাম তুষ্টি ॥ ৬৮ ॥

যথা প্রথমস্কন্ধে ১১ অধ্যায়ে ৯ শ্লোকে ॥

কথং বয়ং নাথ চিরোষিতে ত্বয়ি
প্রসন্নদৃষ্ট্যাখিলতাপশোষণং।
জীবাম তে সুন্দরহাসশোভিত-
মপশ্যমানা বদনং মনোহরং ॥ ৬৯ ॥

যথা বা ॥

সমক্ষমক্ষমঃ প্রেক্ষ্য হরিমঞ্জলিবন্ধনে।

কথং বয়মিতি প্রথমস্য যদ্যপি সুজাক্ষেত্যানন্তরং পদ্যং ক্বাচিৎকমেব ॥ ৬৯ ॥

তত্রোপলক্ষণত্বেন কাঞ্চিৎ স্থিতিমাহ পুরস্তাদিতি। গুরোর্বৃহস্পতেঃ শিষ্যঃ শ্রীমদুদ্ধবঃ। অত্র শ্রীমদ্ব্রজসেবকানামপি তন্মহাবিরহানন্তরং নিত্যা স্থিতির্বক্ষ্যমাণস্য প্রেয়সো বৎসলস্য চাস্মিন্মটীকানুসারেণ জ্ঞেয়া। তেষাং দিগ্‌দর্শনন্তু গণোদ্দেশদীপিকাদৃষ্ট্যা ক্রিয়তে। অঙ্গাভাঙ্গকরঃ সুবন্ধমুপরি স্নানপ্রদং বারিদং বস্ত্রপ্রাপণশর্ম্মধামবকুলং গন্ধার্পণং পুষ্পকং। মিষ্টদ্রব্যসমর্পকং মধুকরং তাম্বূ-

দ্বারকাবাসী প্রজাগণ কহিলেন, হে নাথ! তুমি যদি চিরকাল প্রবাসে থাক, তাহা হইলে তোমার এই মনোহর বদন যাহাকে প্রসন্ন দর্শন করিলে সমস্ত সন্তাপ নিবারিত হয় এবং যাহা সুন্দরহাস্য দ্বারা সর্ব্বদাই শোভা পায়, আমরা ইহা দেখিতে পাইব না। ইহা না দেখিলে কি আমাদের জীবন ধারণ হইতে পারে? ॥ ৬৯ ॥

যথা বা ॥

দারুক শ্রীকৃষ্ণকে দর্শন করিয়া সাক্ষাতে অঞ্জলিবন্ধন করিতে অক্ষম হওত দ্বারকার দ্বারে অবস্থিতিপূর্ব্বক বিচিত্র

দারুকো দ্বারকাদ্বারি তত্র চিত্রদশাং যযৌ ॥

স্থিতিঃ ॥

সহবাসো মুকুন্দেন স্থিতির্নিগদিতা বুধৈঃ ॥

যথা হংসদূতে ॥

পুরস্তাদাভীরীগণভয়দনামা স কঠিনো

মণিস্তম্ভালম্বী কুরু কুলকথাং সংকথয়িতা।

স জানুভ্যামষ্টাপদভুবমবষ্টভ্য ভবিতা

গুরোঃ শিষ্যো নূনং পদকমলসম্বাহনরতঃ ॥

নিজাবসরশুশ্রূষাবিধানে সাবধানতা।

পুরস্তস্যা নিবেশাদ্যা যোগেঽমীষাং ক্রিয়া মতাঃ

লদং জম্বূলং, নিত্যং গোষ্ঠসুধাংশু কান্তিসুধয়া পুষ্টং দিদৃক্ষামহে ॥ ১০ ॥

দশা প্রাপ্ত হইয়াছিলেন ॥

স্থিতি ॥

শ্রীকৃষ্ণের সহিত একত্র বাস করাকে পণ্ডিতগণ স্থিতি করিয়া থাকেন ॥

যথা হংসদূতে ॥

গোপীগণের ভয়দনামা কঠিন অক্রূর শ্রীকৃষ্ণের সম্মুখে মণিস্তম্ভ অবলম্বন করিয়া কুরুকুলের কথা কহিতেছেন এবং বৃহস্পতির শিষ্য উদ্ধব জানুদ্বয় দ্বারা স্বর্ণভূমি আক্রমণপূর্ব্বক শ্রীকৃষ্ণের পাদপদ্ম সম্বাহন করিতেছেন ॥

যোগ অর্থাৎ শ্রীকৃষ্ণের সহিত মিলনকালীন দাসভক্ত-গণের আপন আপন অবসরে সেবাকার্য্যে সাবধানতা এবং

কেচিদস্যা রতেঃ কৃষ্ণভক্ত্যাস্বাদবহির্মুখাঃ।
ভাবত্বমেব নিশ্চিত্য ন রসাবস্থতাং জগুঃ॥ ৭০॥
ইতি তাবদসাধীয়ো যৎ পুরাণেষু কেষুচিৎ।
শ্রীমদ্ভাগবতে চৈষ প্রকটো দৃশ্যতে রসঃ॥ ৭১॥
তথাহি॥
ক্বচিদ্রুদন্ত্যচ্যুতচিন্তয়া ক্বচি-

নন্থ, ভবন্তু তে তদ্বহির্মুখাঃ। তেষাং পূর্ব্বনির্দ্দিষ্টং তন্মতন্তু দৃঢ়মেব রস-শাস্ত্রকৃন্মুনিসম্মতত্বাৎ। তত্রাহ ইতীতি। তাবৎ পদং বাক্যোপন্যাসেঽব্যয়ং। ইতি। এতন্মতমসাধীয়ঃ। শ্রীভাগবতং রসং ব্যাপ্তুমসমর্থত্বান্নাতিদৃঢ়মিত্যর্থঃ। কুতস্তত্রাহ যদিতি। মতেঽপীতি শব্দ ইতি ক্ষীরস্বামী। তত্র যদ্দর্শিতমিত্যাপি-শলিরিতি তত্রাপি আপিশলি রিদং মতং স্বীকৃতবানিত্যর্থঃ॥ ৭১॥
ক্বচিদ্রুদন্তীত্যাদিকং সামান্য ভক্তিরসপরমপি বিশেষে পর্য্যবস্যেদিতি ভাবঃ

শ্রীকৃষ্ণের অগ্রে উপবেশনাদি হইয়া থাকে। কৃষ্ণভক্তির আস্বাদবহির্ম্মুখ কোন কোন জন এই দাস্যরতির ভাবত্ব নিশ্চয় করিয়া রসাবস্থা উল্লেখ করেন নাই॥ ৭০॥

যদিচ অন্যান্য পুরাণে উক্তপ্রকার মত দেখা যায়, কিন্তু তাহা প্রশস্ত নহে, যেহেতু শ্রীমদ্ভাগবতে এই দাস্যভক্তিরস স্পষ্টই দৃষ্ট হইতেছে॥ ৭১॥

যথা একাদশস্কন্ধে ৩ অধ্যায়ে ৩২ শ্লোকে॥

ভক্তগণ ভক্তিযোগ সাধন করিতে করিতে কখন কৃষ্ণ চিন্তায় রোদন, কখন হাস্য কখন, আহ্লাদ, কখন অলৌকিক

ক্বসন্তি নন্দন্তি বদন্ত্যলৌকিকাঃ।
নৃত্যন্তি গায়ন্ত্যনুশীলয়ন্ত্যজং
ভবন্তি তূষ্ণীং পরমেত্য নির্বৃতাঃ।
নিশম্য কর্ম্মাণি গুণানতুল্যান্
বীর্য্যাণি লীলাতনুভিঃ কৃতানি।
যদাতিহর্ষোৎপুলকাশ্রুগদ্গদঃ
প্রোৎকণ্ঠ উদ্গায়তি রৌতি নৃত্যতি॥ ইতি॥
এষাত্র ভক্তভাবানাং প্রায়িকী প্রক্রিয়োদিতা।
কিন্তু কালাদিবৈশিষ্ট্যাৎ ক্বচিৎ স্যাৎ সীমলঙ্ঘনং॥৭২॥

তত্র ক্বচিদ্রুদন্তীত্যাদিকমেকাদশস্কন্ধস্থং পদ্যং, নিশম্যেতিতু সপ্তমস্কন্ধস্থং জ্ঞেয়ং॥ ৭২॥

বাক্য কথন, কথন নৃত্য, কথন গীত, কথন কৃষ্ণানুশীলন এবং কথন বা নির্বৃত হইয়া তূষ্ণীম্ভাব অবলম্বন করেন॥

সপ্তমস্কন্ধে ৭ অধ্যায়ে ২৮ শ্লোকে যথা—

প্রহ্লাদ কহিলেন, অহে বয়স্যগণ! শ্রীকৃষ্ণের লীলামূর্ত্তি দ্বারা যে সকল লোকাতীত কর্ম্ম, গুণ ও বীর্য্য প্রকাশ করিয়াছেন ভক্তব্যক্তি তাহা যখন শ্রবণ করেন, তৎকালে তাঁহার অতিশয় হর্ষোদয় হওয়াতে পুলকোদ্গম, অশ্রুপাত ও গদ্গদ বাক্য সহকারে উর্দ্ধকণ্ঠে গান, উচ্চশব্দ এবং নৃত্য করিতে থাকেন॥

এস্থলে এই ভক্তভাবের প্রক্রিয়া প্রায় স্বাভাবিকী, কিন্তু কালাদির বৈশিষ্ট্য হেতু কখন কখন সীমা উল্লঙ্ঘন করে॥৭২॥

অথ গৌরবপ্রীতিঃ ॥

লাল্যাভিমানিনাং কৃষ্ণে স্যাৎ প্রীতির্গৌরবোত্তরা।

সা বিভাবাদিভিঃ পুষ্টা গৌরবপ্রীতিরুচ্যতে ॥

তত্রালম্বনাঃ ॥

হরিশ্চ তস্য লাল্যাশ্চ ভবন্ত্যালম্বনা ইহ ॥ ৭৩ ॥

তত্র হরির্যথা ॥

অয়মুপহিতকর্ণঃ প্রস্তুতে বৃষ্ণিবৃদ্ধৈ-

র্যদুপতিরিতি হাসে মন্দহাসোজ্জ্বলাস্যঃ।

গৌরবং শ্রীকৃষ্ণরূপগুরুনিষ্ঠত্বং গুরুত্বমেবোত্তরং প্রৌঢ়ত্বে পর্য্যবসিতং। যস্যাং ॥ ৭৩ ॥

অয়মিতি। চেষ্টয়া উপহিতকর্ণ ইত্যাদিলক্ষণয়া হিতং এবমেব পূর্ব্বেষাং

অথ গৌরবপ্রীতি ॥

আমি শ্রীকৃষ্ণের লালনীয় এইরূপ অভিমানি ব্যক্তিদিগের শ্রীকৃষ্ণবিষয়ে গৌরবোত্তরা অর্থাৎ উত্তরোত্তর গুরুত্ব জ্ঞানময় প্রীতি হয়, এই প্রীতি বিভাবাদিদ্বারা পুষ্ট হইলে ইহাকে গৌরবপ্রীতি বলা যায় ॥

গৌরবপ্রীতিতে আলম্বন যথা ॥

হরি এবং হরির লালনীয় ব্যক্তিগণ এই গৌরবপ্রীতিতে আলম্বনস্বরূপ ॥ ৭৩ ॥

তন্মধ্যে হরি যথা ॥

যদুবৃদ্ধগণ কোন প্রস্তাব উপস্থিত করিলে যদুপতি কৃষ্ণ ঊর্দ্ধকর্ণ হইয়া শ্রবণ করেন, কোন হাস্য কথা উপস্থিত

উপদিশতি সুধর্ম্মামধ্যমধ্যাস্য দীব্যন্
হিতমিহ নিজয়াগ্রে চেষ্টয়ৈবাত্মজানঃ ॥
মহাগুরুর্ম্মহাকীর্ত্তির্ম্মহাবুদ্ধির্ম্মহাবলঃ।
রক্ষী লালক ইত্যাদ্যৈর্গুণৈরালম্বনো হরিঃ ॥
অথ লাল্যাঃ ॥
লাল্যাঃ কিল কনিষ্ঠত্বপুত্রত্বাদ্যভিমানিনঃ।
কনিষ্ঠাঃ সারণ-গদ-সুভদ্র-প্রমুখাঃ স্মৃতাঃ।
প্রদ্যুম্নচারুদেষ্ণাদ্যাঃ সাম্বাদ্যাশ্চ কুমারকাঃ ॥
এষাং রূপং যথা ॥

সহতাং বৃত্তমনুসরণীয়মিত্যর্থঃ ॥ ৭৪ ॥

হইলে শ্রীকৃষ্ণ হাস্যবদন হয়েন এবং সুধর্ম্মা সভা মধ্যে উপবিষ্ট হইয়া ক্রীড়া করিতে করিতে স্বীয় উত্তম চেষ্টাদ্বারা আমরা যে আত্মজ আমাদিগকে হিত উপদেশ করেন ॥

এই গৌরবোত্তরা প্রীতিতে মহাগুরু, মহাকীর্ত্তি, মহাবুদ্ধি মহাবল, রক্ষক ও লালক ইত্যাদি গুণদ্বারা শ্রীকৃষ্ণ আলম্বন হয়েন ॥

অথ লাল্য ॥

কনিষ্ঠত্ব অভিমান এবং পুত্রত্ব অভিমান ভেদে লাল্য দুই প্রকার হয়। তন্মধ্যে সারণ, গদ ও সুভদ্রপ্রভৃতি কনিষ্ঠত্ব অভিমানী আর প্রদ্যুম্ন চারুদেষ্ণ ও সাম্বপ্রভৃতি যদুকুমারগণ পুত্রত্বাভিমানী ॥

যদুকুমারদিগের রূপ যথা ॥

অপি মুরান্তক পার্ষদমণ্ডলা-
দধিকমণ্ডনবেশগুণশ্রিয়ঃ।
অসিতপীতশিতদ্যুতিভির্যুতা
যদুকুমারগণাঃ পুরি রেমিরে ॥ ৭৪ ॥
ভক্তিঃ ॥
সগ্ধিং ভজন্তি হরিণা মুখমুন্নময্য
তাম্বূলচর্ব্বিতমদন্তি চ দীয়মানং।
ঘ্রাতাশ্চ মূর্দ্ধ্নি পরিরভ্য ভবন্ত্যদস্রাঃ
সাম্বাদয়ঃ কতি পুরা বিদধুস্তপাংসি।
রুক্মিণীনন্দনস্তেষু লাল্যেষু প্রবরো মতঃ ॥

সগ্ধিং সহভোজনং ॥ ৭৫ ॥

যদুকুমারগণ শ্রীকৃষ্ণের পার্ষদসকল হইতে অধিক বেশ, ভূষণ, গুণ ও শোভাশালী হইয়া কৃষ্ণ ও শুক্লবর্ণ মূর্ত্তিতে দ্বারকানগরে বিহার করিতেছেন ॥ ৭৪ ॥

যদুকুমারদিগের ভক্তি যথা। ॥

সাম্বাদি পুত্রগণ মুখ উত্তোলন করিয়া শ্রীকৃষ্ণের সহিত ভোজন, শ্রীকৃষ্ণকর্ত্তৃক প্রদত্ত উচ্ছিষ্ট তাম্বূলচর্ব্বণ এবং শ্রীকৃষ্ণ ক্রোড়ে লইয়া মস্তকের আঘ্রাণ লইলে চক্ষু দিয়া অশ্রুমোচন করিয়া থাকেন, অতএব ইহাঁরা সকল পূর্ব্বজন্মে কত কত না পুণ্য করিয়াছিলেন ॥

লাল্য সকলের মধ্যে রুক্মিনীনন্দন প্রদ্যুম্নই সর্ব্বপ্রধান ॥

তস্য রূপং ॥

স জয়তি শম্বরদমনঃ, সুকুমারো যদুকুমারকুলমৌলিঃ।
জনয়তি জনেষু জনক,-ভ্রান্তিং যঃ সুষ্ঠুরূপেণ ॥ ৭৫ ॥

ভক্তিঃ ॥

প্রভাবতি সমীক্ষ্যতাং দিবি কৃপাম্বুধির্ম্মাদৃশাং
স এষ পরমো গুরুর্গরুড়গো যদূনাং পতিঃ।
যতঃ কিমপি লালনং বয়মবাপ্য দর্পোদ্ধুরাঃ
পুরারিমপি সঙ্গরে গুরুরুষং তিরস্কুর্ম্মহে।

প্রভাবতীতি শ্রীহরিবংশোক্তপ্রভাবতীহরণে তৎসমীপস্থস্য শ্রীপ্রদ্যুম্নস্য বাক্যং ॥ ৭৬ ॥

প্রদ্যুম্নের রূপ যথা ॥

যিনি আপনার মাধুর্য্যময় রূপদ্বারা জনমাত্রেরই কৃষ্ণ বলিয়া ভ্রান্তি উৎপাদন করেন, সেই যদুকুমার চূড়ামণি সুকুমার শম্বরারি প্রদ্যুম্ন জয়যুক্ত হউন ॥ ৭৫ ॥

প্রদ্যুম্নের ভক্তি যথা ॥

হরিবংশোক্ত প্রভাবতীহরণে ॥

প্রদ্যুম্ন কহিলেন, অহে প্রভাবতি! স্বর্গে কৃপাসার গরুড়ারূঢ় যদুপতিকে সন্দর্শন কর, ইনি আমাদের পরম গুরু, ইহাঁর সমীপে আমরা কোন অনির্ব্বচনীয় লালন প্রাপ্ত হইয়া দর্পোদ্ধত হওত যুদ্ধক্ষেত্রে গুরুতর ক্রোধশালি ত্রিপুরারিকেও তিরস্কার করিয়াছি ॥

উভয়েষাং সদারাধ্য ধিয়ৈব ভজতামপি।
সেবকানামিহৈশ্বর্য্যজ্ঞানস্যৈব প্রধানতা।
লাল্যানাস্তু স্বসম্বন্ধস্ফূর্ত্তেরেব সমন্ততঃ॥ ৭৬॥
ব্রজস্থানাং পরৈশ্বর্য্যজ্ঞানশূন্যধিয়ামপি।
অস্ত্যেব বল্লবাধীশপুত্রত্বৈশ্বর্য্যবেদনং॥
অথোদ্দীপনাঃ॥
উদ্দীপনাস্তু বাৎসল্যস্মিতপ্রেক্ষাদয়ো হরেঃ॥
যথা॥

বল্লবাধীশপুত্রত্বেনৈব ষদৈশ্বর্যামিন্দ্রজয়াদিপ্রভাবস্তস্য বেদনমনুভবঃ॥ ৭৭॥

উভয় অর্থাৎ সম্ভ্রমপ্রীতি ও গৌরবপ্রীতিশালি ভক্তসকলের মধ্যে দ্বারকাস্থ সেবকগণ যাঁহারা নিরন্তর আরাধ্য বুদ্ধিতে শ্রীকৃষ্ণকে ভজন করিয়া থাকেন, তাঁহাদের ঐশ্বর্য্য জ্ঞানের প্রধানতা, আর যাঁহারা লাল্য তাঁহাদিগের সর্ব্বতোভাবে শ্রীকৃষ্ণের সহিত স্বীয় সম্বন্ধ স্ফূর্ত্তি পাইয়া থাকে॥ ৭৬॥

ব্রজস্থ সম্ভ্রমপ্রীতি ও গৌরবপ্রীতি নিষ্ঠ ভক্তগণের পরম ঐশ্বর্য্য জ্ঞান না থাকিলেও গোপরাজনন্দন বলিয়া ইন্দ্রজয়াদি ঐশ্বর্য্য জ্ঞান আছে॥

অথ উদ্দীপন সকল॥

শ্রীকৃষ্ণের বাৎসল্য ও ঈষৎ হাস্যাদি এই সকলকে উদ্দীপন বলে॥

যথা॥

অগ্রে সানুগ্রহং পশ্যন্নগ্রজং ব্যগ্রমানসঃ।
গদঃ পদারবিন্দেঽস্য বিদধে দণ্ডবন্নতিং।
অথানুভাবাঃ॥
অনুভাবাস্তু তস্যাগ্রে নীচাসননিবেশনং।
গুরোর্বর্ত্মানুসারিত্বং ধুরস্তস্য পরিগ্রহঃ।
স্বৈরাচারবিমোক্ষাদ্যাঃ শীতা লাল্যেষু কীর্ত্তিতাঃ॥ ৭৭॥
তত্র নীচাসননিবেশনং যথা॥
যদুসদসি সুরেন্দ্রৈর্দ্রাগুপব্রজ্যমানঃ
সুখদ-করক-বার্ভির্ব্রহ্মণাভ্যুক্ষিতাঙ্গঃ।

উপব্রজ্যমানঃ পুরো গত্বা সমানীয়মানঃ পাঠান্তরন্ত ত্যক্তং স্তন্তৃগ-বিশেষঃ॥ ৭৮॥

শ্রীকৃষ্ণ যখন অগ্রে অনুগ্রহ দৃষ্টি নিক্ষেপকারি অগ্রজ বলদেবকে অবলোকন করিয়া ব্যস্তচিত্ত হইয়াছেন, এমত সময়ে গদ তাঁহার চরণারবিন্দে পতিত হইয়া নতি বিধান করিতে লাগিলেন॥

অথ অনুভাব॥

লাল্য সকলে শ্রীকৃষ্ণাগ্রে নীচাসনে উপবেশন, গুরুপথের অনুগমন এবং স্বেচ্ছাচারের পরিত্যাগ এই সকল শীতভাব বলিয়া কীর্ত্তিত হয়॥ ৭৭॥

তন্মধ্যে নীচাসনে উপবেশন যথা॥

দেবেন্দ্রপ্রভৃতি অমরবৃন্দকর্ত্তৃক অনুব্রজ্যমান ও ব্রহ্মার কমণ্ডলু জলদ্বারা সর্ব্বাঙ্গ অভ্যুক্ষিত হইয়া প্রদ্যুম্ন যদুসভায়

মধুরিপুমভিবন্দ্য স্বর্ণপীঠানি মুঞ্চন্
ভুবমভিমকরাঙ্কো রাঙ্কবং স্বীচকার ॥ ৭৮ ॥
দাসৈঃ সাধারণাশ্চান্যে প্রোচ্যন্তেঽমীষু কেচন।
প্রণামো মৌনবাহুল্যং সঙ্কোচঃ প্রশ্রয়াঢ্যতা।
নিজপ্রাণব্যয়েনাপি তদাজ্ঞাপরিপালনং।
অধোবদনতা স্থৈর্য্যং কাসহাসাদিবর্জ্জনং।
তদীয়াতিরহঃকেলিবার্ত্তাদ্যুপরমাদয়ঃ ॥
অথ সাত্ত্বিকাঃ ॥
কন্দর্প বিন্দতি মুকুন্দপদারবিন্দ-

দাসৈরিত্যাদৌ তদীয়াতিরহঃকেলীতি যদ্যপি তেষত্যন্তাসম্ভবান্নিষেধোঽপি ন প্রসজ্যেত তথাপ্যাধুনিকতদ্ভাবানাং বোধনার্থমেব নিষিদ্ধমিতি জ্ঞেয়ং ॥ ৭৯ ॥

গমনপূর্ব্বক শ্রীকৃষ্ণকে প্রণাম করিয়া স্বর্ণ পীঠ পরিত্যাগ করত ভূমির উপরে মৃগরোমজ আসনে গিয়া উপবেশন করিলেন ॥ ৭৮ ॥

এই সকল পুত্রাদিতে দাসের সহিত কতক গুলি সাধারণ অনুভাব কীর্ত্তন করা হইয়াছে, যথা প্রণাম, অধিকতর মৌন, সঙ্কোচ, বিনয়শীলত্ব, স্বীয়প্রাণ পরিত্যাগপূর্ব্বক তদাজ্ঞা প্রতিপালন, অধোবদনতা, স্থৈর্য্য, কাস ও হাস্যাদি বর্জ্জন এবং তদীয় নির্জ্জন কেলিরহস্য বার্ত্তাদি হইতে উপরম ॥

অথ সাত্ত্বিক ॥

দ্বন্দ্বে দৃশোঃ পদমসৌ কিল নিষ্প্রকম্পা।
প্রালেয়বিন্দুনিচিতং ধৃতকণ্টকা তে
স্বিন্নাদ্য কণ্টকিফলং তনুরন্বকার্ষীৎ ॥

অথ ব্যভিচারিণঃ ॥

অনন্তরোক্তা সর্ব্বেঽত্র ভবন্তি ব্যভিচারিণঃ ॥

তত্র হর্ষো যথা ॥

দূরে দরেন্দ্রস্য নভস্যুদীর্ণে
ধ্বনৌ স্থিতানাং যদুরাজধান্যাং।
তনূরুহৈস্তত্র কুমারকাণাং
নটৈশ্চ হৃষ্যস্তিরকারি নৃত্যং ॥ ৭৯ ॥

নির্ব্বেদো যথা ॥

হে কন্দর্প! শ্রীকৃষ্ণপদারবিন্দদ্বন্দ্বে চক্ষুর্দ্বয়ের স্থান লাভ হওয়াতে তোমার এই তনু অদ্য ঘর্ম্মবিন্দুসমূহে কণ্টকাকুল হইয়া হিমবিন্দুসমূহে আকীর্ণ কণ্টকিফলের অনুকরণ করিতেছে ॥

অথ ব্যভিচারী ॥

এইস্থলে সম্ভ্রমপ্রীতোক্ত ব্যভিচারি সমুদায় হইয়া থাকে ॥

তন্মধ্যে হর্ষ যথা ॥

দূর হইতে পাঞ্চজন্য শঙ্খের ধ্বনি গগণমণ্ডলে উদগত হইলে যদুরাজধানীতে অবস্থিত কুমারগণের অঙ্গলোমসকল হৃষ্ট নটের সহিত নৃত্য করিতে আরম্ভ করে ॥ ৭৯ ॥

নির্ব্বেদ যথা ॥

ধন্য সাম্ব ভবান্ সরিঙ্গণময়ন্ পার্শ্বে রজঃ কুর্ব্বুরো
নস্তাতেন বিকৃষ্য বৎসলতয়া স্বোৎসঙ্গমারোপিতঃ।
ধিঙ্মাং দুর্ভগমত্র শম্বরময়ৈর্দুর্দ্দৈববিস্ফূর্জ্জিতৈঃ
প্রাপ্তা ন ক্ষণিকাপি লালনরতিঃ সা যেন বাল্যে পিতুঃ ॥৮০

অথ স্থায়ী ॥

দেহসম্বন্ধিতামানাদ্গুরুধীরত্র গৌরবং ॥

শম্বরময়ৈরিত্যবয়বার্থে ময়ট্ ॥ ৮০ ॥

দেহসম্বন্ধিতেতি অত্র গুরুধীরিতি গুরুরয়মিতি বুদ্ধিরিত্যর্থঃ। সা গৌরিয়মিতি সম্বন্ধিলক্ষণয়া গম্যঃ। অত্র নানাস্থানপতিতানাং সামান্যবিশেষপ্রীতিনিরূপিকাণাং কারিকাণাং সমন্বয়ঃ ক্রিয়তে। শম্ভাভবন্তি যে ন্যূনাস্তেঽনুগ্রাহ্যা হরের্মতাঃ। আরাধ্যত্বাত্মিকাস্তেষাং রতিঃ প্রীতিরিতীরিতা। যে ন্যূনা ন্যূনা বয়মিতি স্বাভিমানময়রতিমন্তস্তেঽনুগ্রাহ্যতয়া হরের্মতাঃ। তেষামারাধ্যোঽয়মিতি জ্ঞানাত্মিকা রতিঃ প্রীত্যভিধয়া প্রোক্তেত্যর্থঃ। অথ তস্যা রসভেদদ্বারা

প্রদ্যুম্ন কহিলেন, অহে সাম্ব! তোমাকে ধন্য বলিতে হয়, যেহেতু জানুদ্বয়দ্বারা ইতস্তত ভ্রমণ করিতে করিতে তোমার অঙ্গে যখন ধূলাসকল লিপ্ত হইয়া কর্ব্বুর বর্ণ হইত, তৎকালীন পিতা বাৎসল্যপ্রযুক্ত আকর্ষণপূর্ব্বক তোমাকে ক্রোড়ে করিতেন, অতএব আমি অতি দুর্ভগ, আমাকে ধিক্ শম্বরময় প্রবল দুর্দ্দৈবকর্তৃক আমি বিড়ম্বিত হইয়া বাল্যকালে পিতার নিকট কোন লালন রতি প্রাপ্ত হই নাই ॥ ৮০ ॥

অথ স্থায়ী ॥

দেহ সম্বন্ধাভিমানপ্রযুক্ত ইনি আমার গুরু এইরূপ যে

তন্ময়ী লালকে প্রীতির্গৌরবপ্রীতিরুচ্যতে ॥ ৮১ ॥
স্থায়ী ভাবোঽত্র সাচৈষামা মূলাৎ স্বয়মুচ্ছ্রিতা।
কিঞ্চিদ্বিশেষমাপন্না প্রেমেতি স্নেহ ইত্যপি।

ভেদদ্বয়মাহ। অনুগ্রাহ্যস্য দাসত্বাল্লাল্যত্বাদপ্যয়ং দ্বিধা। ভিদ্যতে সংভ্রমপ্রীতো গৌরবপ্রীত ইত্যপি। দাসত্বং স্বকর্তৃকতৎসেবায়ামিচ্ছুত্বং। তস্মাৎ সংভ্রমো ভবতি। সংভ্রমাত্মত্বাচ্চ সংভ্রমপ্রীত উচ্যতে। এবং লাল্যত্বং তৎকর্তৃকস্বলালনায়ামিচ্ছুত্বং। তস্মাদ্গৌরবং ভবতি। গৌরবাত্মত্বাচ্চ গৌরবপ্রীত উচ্যত ইতি। অথ সংভ্রমপ্রীতিং বদন্ সংভ্রমস্য লক্ষণমাহ। সংভ্রমঃ প্রভুতাজ্ঞানাৎ কম্পশ্চেতসি সাদরঃ। অনেনৈক্যং গতা প্রীতিঃ সম্ভ্রমপ্রীতিরুচ্যতে। কম্পোঽত্র ত্বরা সাচ সেবেচ্ছাময়ী জ্ঞেয়া লাল্যাভিমানিনাং কৃষ্ণে স্যাৎ প্রীতির্গৌরবোত্তরা। সা বিভাবাদিভিঃ পুষ্টা গৌরবপ্রীত উচ্যতে। ইত্যত্র লক্ষিতস্য গৌরবপ্রীতরসস্য। স্থায়িনং গৌরবপ্রীতিং বদন্ গৌরবস্য লক্ষণমাহ দেহসম্বন্ধিতেতি। দেহসম্বন্ধিতয়া স্বাভাবিক্যা যো মানঃ স্বভাবত এবাতিবাল্যেঽপি তদীয়তাভিমানং তস্মাদ্যা গুরুধীর্মমায়ং গুরুর্লালক ইতি বুদ্ধিঃ সা গৌরবমুচ্যতে। তন্ময়ী যা তস্মিন্ লালকে প্রীতিঃ সা গৌরবপ্রীতিরুচ্যতে ইতি। তত্র যদ্যপি লালকধীরতিবাল্য এব কেবলা গুরুধীমিশ্রা তু প্রৌঢ়দশায়াং দৃশ্যতে। তথাপি কারণকার্য্যাত্মাত্মকয়োস্তয়োরভেদ এবেষ্টঃ। এবমেব তত্র তত্র কচিদিত্যুক্তং। কিন্তু যথাযোগ্যং ভেদ এবাবগন্তব্য ইতি ॥ ৮১ ॥

বুদ্ধি এস্থলে তাহাকে গৌরব বলা যায়, লালকের প্রতি তন্ময়ী যে প্রীতি, তাহার নাম গৌরবপ্রীতি ॥ ৮১ ॥

এস্থলে এই গৌরবপ্রীতি স্থায়ী ভাব, উক্ত ভাবসকলের মূল হইতে স্বয়ং বৃদ্ধিশীল হইয়া কিঞ্চিৎ বিশেষ প্রাপ্ত হইলে

রাগ ইত্যুচ্যতে চাত্র গৌরবপ্রীতিরেব সা॥

তত্র গৌরবপ্রীতির্যথা॥

মুদ্রাং ভিনত্তি ন রদচ্ছদয়োরমন্দাং
বক্ত্রঞ্চ নোন্নময়তি স্রবদস্রকীর্ণং।
ধীরঃ পরং কিমপি সঙ্কুচতীং ঝষাঙ্কো
দৃষ্টিং ক্ষিপত্যঘভিদশ্চরণারবিন্দে॥

প্রেমা যথা॥

দ্বিষদ্ভিঃ ক্ষোদিষ্ঠৈর্জ্জগদবিহতেচ্ছস্য ভবতঃ
করাদাকৃষ্যেব প্রসভমভিমন্যাবপি হতে।

তদেব স্বাপরতি স্বায়ীতি॥ ৮২॥

ঐ গৌরবপ্রীতি প্রেম, স্নেহ ও রাগ এই তিন আখ্যা প্রাপ্ত হয়॥

তন্মধ্যে গৌরবপ্রীতি যথা॥

পরমধীর প্রদ্যুম্ন পিতার অগ্রে উচ্চস্বরে আলাপ করণ নিমিত্ত অধরোষ্ঠের মুদ্রা অতিশয়রূপে উন্মোচন করেন না, গলদশ্রুব্যাপ্ত মুখ উত্তোলন না করিয়া কেবল শ্রীকৃষ্ণের চরণারবিন্দের প্রতি কুঞ্চিত লোচনাঞ্চল নিক্ষেপ করিয়া থাকেন॥

প্রেম যথা॥

হে অসুরনাশন! কর্ণ জয়দ্রথপ্রভৃতি ক্ষুদ্র শত্রুগণ জগৎ-রক্ষক যে তুমি তোমার হস্ত হইতে বলপূর্ব্বকই যেন আকর্ষণ করিয়া অভিমন্যুকে বধ করিলে সুভদ্রার তোমার প্রতি

সুভদ্রায়াঃ প্রীতির্দনুজদমন ত্বদ্বিষয়িকা
প্রপেদে কল্যাণী নহি মলিনিমানং লবমপি ॥
স্নেহো যথা ॥
বিমুঞ্চ পৃথু বেপথুং বিসৃজ কণ্ঠকুণ্ঠায়িতং
বিমৃজ্য ময়ি নিক্ষিপ প্রসরদশ্রুধারে দৃশৌ।
করঞ্চ মকরধ্বজ প্রকটকণ্টকালঙ্কৃতং
নিধেহি সবিধে পিতুঃ কথয় বৎস কং সম্ভ্রমঃ ॥ ৮২ ॥
রাগো যথা ॥
বিষমপি সহসা সুধামিবায়ং
নিপিবতি চেৎ পিতুরিঙ্গিতং ঝষাঙ্কঃ।

বিষমপি সহসেত্যাদিকমেব পঠনীয়ং নতু বিষমপি মুদিত ইত্যাদিকং ॥৮৩

প্রীতি উজ্জ্বলই ছিল, কিঞ্চিন্মাত্র মলিন হয় নাই ॥

স্নেহ যথা ॥

শ্রীকৃষ্ণ কহিলেন, প্রদ্যুম্ন! বিপুল কম্প পরিত্যাগ কর, কণ্ঠ কুণ্ঠিত করিও না, স্পষ্টাক্ষরে বাক্যপ্রয়োগ কর, অশ্রুধারা মার্জন করিয়া আমার প্রতি লোচনদ্বয় নিক্ষেপ কর। এবং স্পষ্টরূপে পুলকান্বিত হস্তদ্বয় আমাতে সমর্পণ কর, বৎস! বল দেখি পিতার নিকট সম্ভ্রম কি? ॥ ৮২ ॥

রাগ যথা ॥

প্রদ্যুম্ন যদি পিতার ইঙ্গিত প্রাপ্ত হন্ তাহা হইলে বিষকে অমৃতের ন্যায় পান করেন, আর যদি তাঁহার অসম্মতি দেখেন

বিসৃজতি তদসংমতির্যদি স্যা-
দ্বিষমিব তাস্তু সুধাং সএব সদ্যঃ ॥ ৮৩ ॥
ত্রিষেবাযোগযোগাদ্যা ভেদাঃ পূর্ব্ববদীরিতাঃ ॥
তত্রোৎকণ্ঠিতং ॥
শম্বরঃ সুমুখি লব্ধ দুর্ব্বিপড্ডম্বরঃ সরিপুরম্বরায়িতঃ।
অম্বুরাজমহসং কদা গুরুং, কম্বুরাজকরমীক্ষিতাস্মহে ॥৮৪

ত্রিষেব প্রীতিপ্রেয়ো বৎসলেষেবাযোগযোগাদ্যা ভেদা মুখ্যাবান্তরভেদেন তত্তৎসংজ্ঞাঃ পূর্ব্ববদত্রৈব প্রীতসামান্যৈকদেশসংভ্রমপ্রীত ইবেরিতাঃ কথিতাঃ। ভেদা ইত্যত্র সংজ্ঞা ইত্যেব বা পাঠঃ। অন্যত্রতু শান্তস্য পারোক্ষ্যসাক্ষাৎকারাবিত্যেবসংজ্ঞে মধুরস্য সম্ভোগবিপ্রলম্ভাবিতি মুখ্যে সংজ্ঞে পূর্ব্বরাগাদ্যাশ্চ তদবান্তরসংজ্ঞা ঈরিতা ইত্যর্থঃ ॥ ৮৪ ॥

তাহা হইলে অমৃতকেও তৎক্ষণাৎ বিষের ন্যায় পরিত্যাগ করিয়া থাকেন ॥ ৮৩ ॥

প্রীতি, প্রেয় ও বৎসল এই তিন রসে অযোগপ্রভৃতি ভেদ পূর্ব্বের ন্যায় কথিত হয় ॥

তন্মধ্যে উৎকণ্ঠিত যথা ॥

রতির প্রতি প্রদ্যুম্ন কহিলেন, হে সুমুখি! ঘোর বিপৎরাশিস্বরূপ পরমশত্রু শম্বর বিনষ্ট হইয়াছে, তবে কবে আমরা ইন্দীবরকান্তি, পাঞ্চজন্য কর, গুরু শ্রীকৃষ্ণকে দর্শন করিব? ॥ ৮৪ ॥

অথ বিয়োগঃ ॥
মনো মমেষ্টামপি গেণ্ডুলীলাং
ন বষ্টি যোগ্যাঞ্চ তথাস্ত্রযোগ্যাং ॥
গুরৌ পুরং কৌরবমভ্যুপেতে
কারামিব দ্বারবতীমবৈতি ॥
অথ বিয়োগে সিদ্ধিঃ ॥
মিলিতঃ শম্বরপুরতো
মদনঃ পুরতো বিলোকয়ন্ পিতরং।
কোঽহমিতি স্বং প্রমদা-
ন্নধীরধীরপ্যসৌ বেদ ॥

অস্ত্রযোগ্যামস্ত্রাভ্যাসং। অভ্যাসঃ খুরলীযোগ্যেতি ত্রিকাণ্ডশেষঃ ॥ ৮৫ ॥

অথ বিয়োগ ॥

গুরু শ্রীকৃষ্ণ ইন্দ্রপ্রস্থে গমন করাতে আমার মন আর মনোরম কন্দুকলীলা ও অস্ত্রাভ্যাস করিতে ইচ্ছা করিতেছে না, অধিক কি বলিব দ্বারাবতীকেও কারাগৃহ বলিয়া বোধ হইতেছে ॥

অথ বিয়োগে সিদ্ধি ॥

প্রদ্যুম্ন শম্বরাসুরের পুর হইতে দ্বারকাপুরে আগমন করিয়া সম্মুখে পিতাকে দেখিতে পাইলেন, তাহাতে তাঁহার এরূপ আনন্দ উৎপন্ন হইয়াছিল যে, আমি অধীর বুদ্ধি ঐ মদন যে কে? তাহা কিছুই জানিতে পারেন নাই ॥

তুষ্টিঃ ॥

মিলিতমধিষ্ঠিত গরুড়ং

প্রেক্ষ্য যুধিষ্ঠিরপুরান্মুরারাতিং।

অজনি মুদা যদুনগরে

সংভ্রমভূমা কুমারাণাং ॥

স্থিতিঃ ॥

কৃষ্ণয়ন্নক্ষিণী কিঞ্চিদ্বাষ্পনিষ্পন্দিপক্ষ্মণী ॥

বন্দতে পাদয়োর্দ্বন্দ্বং পিতুঃ প্রতিদিনং স্মরঃ ॥

উৎকণ্ঠিতবিয়োগাদ্যে যদযদ্বিস্তারিতং নহি।

সংভ্রমপ্রীতবজ্জ্ঞেয়ং তত্তদেবাখিলং বুধৈঃ ॥ ৮৫ ॥

তুষ্টি ॥

যুধিষ্ঠিরের পুর হইতে গরুড়ারূঢ় মধুরিপু আসিয়া মিলিত হইলে তদবলোকনে যদুনগরে কুমারসকলের আনন্দনিবন্ধন ভূরি ভূরি সংভ্রম উপস্থিত হইয়াছিল ॥

অথ স্থিতি ॥

প্রদ্যুম্ন প্রতিদিন সজল-পক্ষ্মশালি লোচনযুগল কিঞ্চিৎ সঙ্কুচিত করিয়া পিতার চরণদ্বয় বন্দনা করিয়া থাকেন ॥

উৎকণ্ঠিত ও বিয়োগাদিতে যাহা যাহা বিস্তার করা হয় নাই, পণ্ডিতগণ সংভ্রমপ্রীতির ন্যায় তৎসমুদায় অবগত হইবেন ॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ পশ্চিমবিভাগে মুখ্য-ভক্তিরসপঞ্চকনিরূপণে প্রীতভক্তিরসলহরী ॥ * ॥ ২ ॥ * ॥

॥ * ॥ ইতি পঞ্চলহর্য্যাত্মকে পশ্চিমবিভাগে প্রীতভক্তিরসলহরী দ্বিতীয়া ॥ * ॥

॥*॥ ইতি শ্রীরামনারায়ণবিদ্যারত্নকৃত ব্যাখ্যায় হরিভক্তিরসা-মৃতসিন্ধুর পশ্চিমবিভাগে প্রীতভক্তিরস দ্বিতীয়লহরী ॥*॥২॥*॥

অথ প্রেয়োভক্তিরসঃ ॥

স্থায়ী ভাবো বিভাবাদ্যৈঃ সখ্যমাত্মোচিতৈরিহ।
নীতশ্চিত্তে সতাং পুষ্টিং রস প্রেয়ানুদীর্য্যতে ॥

তত্রালম্বনাঃ ॥

হরিশ্চ তদ্বয়স্যাশ্চ তস্মিন্নালম্বনা মতাঃ।

তত্র হরিঃ ॥

দ্বিভুজত্বাদিভাগত্র প্রাগ্বদালম্বনো হরিঃ ॥

তত্র ব্রজে যথা ॥

মহেন্দ্রমণিমঞ্জুলদ্যুতিরমন্দকুন্দস্মিতঃ
স্ফুরৎপুরটকেতকীকুসুমরম্যপট্টাম্বরঃ।

অথ প্রেয়ভক্তিরস ॥

স্থায়ী ভাব আত্মোচিত বিভাবাদিদ্বারা সৎসকলের চিত্তে সখ্যরসকে পুষ্টি প্রাপ্ত করাইলে, ঐ সখ্য প্রেয়রস বলিয়া কীর্ত্তিত হয় ॥

প্রেয়রসে আলম্বন যথা ॥

হরি এবং হরির সখাগণ ইহাঁরাই প্রেয়রসে আলম্বন-স্বরূপ ॥

তন্মধ্যে হরি যথা ॥

পূর্ব্বের ন্যায় দ্বিভুজাদিরূপধারী হরি এই প্রেয়রসে আলম্বন হয়েন ॥

তন্মধ্যে ব্রজে আলম্বনরূপী হরি যথা ॥

যাঁহার ইন্দ্রনীলমণি অপেক্ষাও সুন্দর কান্তি, কুন্দপুষ্পের ন্যায় মনোহর হাস্য, প্রফুল্ল স্বর্ণকেতকীর ন্যায় পীতবর্ণ পট্ট-

প্রফুল্লসদুরঃস্থলঃ ক্বণিতবেণুরত্রাব্রজন্
ব্রজাদঘহরো হরত্যহহ নঃ সখীনাং মনঃ ॥ ১ ॥

অন্যত্র যথা ॥

চঞ্চৎকৌস্তুভকৌমুদীসমুদয়ং কৌমোদকীচক্রয়োঃ
সখ্যেনোজ্জ্বলিতৈস্তথা জলজয়োরাঢ্যং চতুর্ভির্ভুজৈঃ।
দৃষ্ট্বা হারি হরিণ্মণিদ্যুতিহরং শৌরিং হিরণ্যাম্বরং

চঞ্চন্ ইতস্ততঃ প্রসরন্ কৌস্তুভকৌমুদীসমুদয়ো যস্য তং। আত্মসম্ভাবনা অয়মহমস্মীতি জ্ঞানং। শিরসি নৃপতির্দ্রাগত্রাসীদঘারিমিতি বক্ষ্যমাণাদ্যুধিষ্ঠি রা দীনাং বাৎসল্যাদিবলিতত্বেঽপ্যত্র পাণ্ডুসুতসামান্যোক্তিঃ সৌহৃদ্যরূপে সখ্যে তত্তদংশস্য সম্ভবাৎ। বক্ষ্যতে হি। বাৎসল্যগন্ধি সখ্যাস্তু কিঞ্চিত্তে বয়সাধিকাঃ। কনিষ্ঠকল্পাঃ সখ্যেন সংবদ্ধাঃ প্রীতিগন্ধিনেতি। এষাং চতুর্ভুজত্বাবির্ভাবেঽপি সখ্যং। মুহুস্তদনুভবেন নাতি বৈলক্ষণ্যমননাৎ। যথোক্তং শ্রীমদর্জ্জুনেন তেনৈব রূপেণ চতুর্ভুজেনেতি সদাতু তত্রাপি শ্রীমন্নরাকারতয়ৈব স্থিতিঃ। যেষাং গৃহা-নাবসতীতি সাক্ষাদ্গূঢ়ং পরং ব্রহ্ম মনুষ্যলিঙ্গমিত্যাদেঃ। অতস্তদ্বয়স্যা রূপ-

বসন, বনমালায় বক্ষঃস্থল উজ্জ্বল এবং যিনি বেণুরবকারী সেই অঘনাশন হরি ব্রজমধ্যে বিচরণ করিতে করিতে আমরা যে সখা আমাদিগের মন হরণ করিতেছেন ॥ ১ ॥

অন্যত্র অর্থাৎ ব্রজভিন্ন আলম্বনরূপী হরি যথা ॥

যাঁহার কণ্ঠদেশে কৌস্তুভমণি ইতস্ততঃ বিচালিত হইয়া চতুর্দ্দিকে কিরণমালা বিস্তার করিতেছে এবং যাঁহার ভুজচতু-ষ্টয়ে শঙ্খ, চক্র, গদা ও পদ্ম ধারণ, সেই ইন্দ্রনীলমণিকান্তি-শালী পীতাম্বর বসুদেবনন্দন কৃষ্ণকে অবলোকন করিয়া পাণ্ডু-

জগ্মুঃ পাণ্ডুসুতাঃ প্রমোদসুধয়া নৈবাত্মসম্ভাবনাং ॥
সুবেশঃ সর্ব্বসল্লক্ষ্মলক্ষিতো বলিনাং বরঃ।
বিবিধাদ্ভুতভাষাবিদ্বাবদূকঃ সুপণ্ডিতঃ।
বিপুলপ্রতিভো দক্ষঃ করুণো বীরশেখরঃ।
বিদগ্ধো বুদ্ধিমান্ ক্ষন্তা রক্তলোকঃ সমৃদ্ধিমান্।
সুখী বরীয়ানিত্যাদ্যা গুণাস্তস্যেহ কীর্ত্তিতাঃ ॥ ২ ॥
অথ তদ্বয়স্যাঃ ॥
রূপবেশগুণাদ্যৈস্তু সমাঃ সম্যগযন্ত্রিতাঃ।

বেশগুণাদ্যৈঃ সমা ইতি বক্ষ্যমাণেন তেষাং ন চতুর্ভুজত্বমাপদ্যতে ॥ ১ ॥ ২ ॥
সম্যগ্যন্ত্রিতা দাসবদ্যন্ত্রণাশূন্যাঃ। যতো বিশ্রম্ভেতি। বিশ্রম্ভস্তু বক্ষ্যতে।
বিশ্রম্ভো গাঢ়বিশ্বাসবিশেষো যন্ত্রণোজ্ঝিত ইতি ॥ ৩ ॥

তনয় যুধিষ্ঠিরাদি আনন্দ সুধায় নিমগ্ন হইয়া আত্মবিস্মৃত হইয়াছিলেন ॥

প্রেয়রসে আলম্বনরূপী হরির গুণ যথা ॥

সুবেশ, সমুদায় সল্লক্ষণাক্রান্ত, বলিষ্ঠ, বিবিধপ্রকার অদ্ভুত ভাষাবেত্তা, বাবদূক, সুপণ্ডিত, অতিশয় প্রতিভাশালী দক্ষ, করুণাবিশিষ্ট, বীরশ্রেষ্ঠ, বিদগ্ধ, বুদ্ধিমান্, ক্ষমাশালী, রক্তলোক অর্থাৎ লোকসকলের অনুরাগভাজন, সমৃদ্ধিমান্, এবং সুখী, আলম্বনরূপী হরির এই সকল গুণ ॥ ২ ॥

অথ শ্রীকৃষ্ণের বয়স্যগণ ॥

যাঁহারা রূপ, গুণ ও বেশদ্বারা সমান, দাসের ন্যায় যন্ত্রণা

বিশ্রম্ভসংভৃতাত্মানো বয়স্যাস্তস্য কীর্ত্তিতাঃ ॥

যথা ॥

সাম্যেন ভীতিবিধুরেণ বিধীয়মান-

ভক্তিপ্রপঞ্চমনুদঞ্চদনুগ্রহেণ।

বিশ্রম্ভসারনিকুরম্বকরম্বিতেন

বন্দেতরামঘহরস্য বয়স্যবৃন্দং ॥

তে পুরব্রজসম্বন্ধাদ্দ্বিবিধাঃ প্রায় ঈরিতাঃ।

তত্র পুরসম্বন্ধিনঃ ॥

অর্জ্জুনো ভীমসেনশ্চ দুহিতা দ্রুপদস্যচ।

শ্রীদামভূসুরাদ্যাশ্চ সখায়ঃ পুরসংশ্রয়াঃ ॥ ৩ ॥

এষাং সখ্যং যথা ॥

শূন্য এবং বিশ্বাসী তাহাদিগকেই বয়স্য অর্থাৎ সখা বলা যায় ॥

যথা ॥

যাহারা মহাবিশ্বাস সমূহযুক্ত, স্থিরানুগ্রহকর, ভয়শূন্য, সমতাদ্বারা ভক্তিসকল বিধান করেন, সেই সমুদায় শ্রীকৃষ্ণের সখাদিগকে প্রণাম করি ॥

ঐ সকল সখা ব্রজসম্বন্ধ ও পুরসম্বন্ধে দুই প্রকার ॥

তন্মধ্যে পুরসম্বন্ধি সখা যথা ॥

অর্জ্জুন, ভীমসেন, দ্রৌপদী ও শ্রীদাম ব্রাহ্মণ ইঁহারা সকল পুরসম্বন্ধীয় সখা ॥ ৩ ॥

ইঁহাদের সখ্য যথা ॥

শিরসি নৃপতির্জ্রাগত্রাসীদঘারিমধীরধী-
ভুর্জপরিঘয়োঃ শ্লিষ্টৌ ভীমার্জ্জুনৌ পুলকোজ্জ্বলৌ।
পদকমলয়োঃ সাস্রৌ দস্রাত্মজৌচ নিপেততু-
স্তমবশধিয়ঃ প্রৌঢ়ানন্দাদরুন্ধত পাণ্ডবাঃ ॥
শ্রেষ্ঠঃ পুরবয়স্যেষু ভগবান্ বানরধ্বজঃ ॥
অস্য রূপং যথা ॥
গাণ্ডীবপাণিঃ করিরাজশুণ্ডা-
রম্যোরুরিন্দীবরসুন্দরাভঃ।

শিরসীতাত্র ভীমার্জ্জুনাবেবোদাহরণে জ্ঞেয়ৌ। শ্রীদামদ্রোপদেীচ তাভ্যা-মুপলক্ষ্যৌ। ভুজপরিঘয়োঃ পদকমলয়োশ্চ বিষয়য়োঃ। প্রকরণাদঘারেরেবৈ-তানি জ্ঞেয়ানি। শ্লিষ্টৌ শ্লিষ্টবন্তৌ। গত্যর্থাকর্ম্মকশ্লিষেত্যাদিনা কর্ত্তরি ক্তঃ ॥৪॥

শ্রীকৃষ্ণ ইন্দ্রপ্রস্থে উপস্থিত হইলে রাজা যুধিষ্ঠির অস্থির বুদ্ধি হইয়া শ্রীকৃষ্ণের মস্তকে আঘ্রাণ করেন, ভীমার্জ্জুন পুল-কাকুল কলেবরে পরিঘসদৃশ বাহুদ্বয়দ্বারা আলিঙ্গন প্রদান করেন এবং নকুল সহদেব অশ্রুমোচন করিতে করিতে চরণ দ্বয়ে গিয়া পতিত হয়েন, এইরূপে পাণ্ডুনন্দনগণ আনন্দাতিশয় প্রযুক্ত বিহ্বলচিত্তে শ্রীকৃষ্ণের প্রতি অনুরাগ বিধান করিয়া থাকেন ॥

পুরবাসি সখা দিগের মধ্যে অর্জ্জুন শ্রেষ্ঠ ॥

অর্জ্জুনের রূপ যথা ॥

যাঁহার হস্তে গাণ্ডীব, যাঁহার ঊরু করিশুণ্ড অপেক্ষাও

রথাঙ্গিনা রত্নরথাধিরোহী
স রোহিতাক্ষঃ সুতরামরাজীৎ ॥
সখ্যং যথা ॥
পর্য্যঙ্কে মহতি মুরারিহস্তরঙ্কে
নিঃশঙ্কপ্রণয়-নিসৃষ্টপূর্ব্বকায়ঃ।
উন্মীলন্নবনবনর্ম্ম-কর্ম্মঠোঽয়ং
গাণ্ডীবী স্মিতবদনাম্বুজো ব্যরাজীৎ ॥ ৪ ॥
অথ ব্রজসম্বন্ধিনঃ ॥
ক্ষণাদর্শনতো দীনাঃ সদা সহবিহারিণঃ।

ক্ষণাদর্শনত ইতি। উচুশ্চ সুহৃদঃ কৃষ্ণমিতাত্র তদেকজীবিতা ইতি কৃষ্ণঃ। মহাবকগ্রস্তং দৃষ্ট্বা রামাদয়োঽর্ভকাঃ। বভূবুরিন্দ্রিয়াণীব বিনা প্রাণং বিচে-

---

সুন্দর, যাঁহার কান্তি ইন্দীবর হইতেও সুশ্রী এবং লোচনদ্বয় আরক্ত, সেই অর্জ্জুন শ্রীকৃষ্ণের সহিত একরথে আরোহণ করিয়া আশ্চর্য্য শোভায় সুশোভিত হইয়া রহিয়াছেন ॥

অর্জ্জুনের সখ্য যথা ॥

অর্জ্জুন উৎকৃষ্ট পর্য্যঙ্কে সমাসীন শ্রীকৃষ্ণের ক্রোড়ে প্রণয় বশতঃ নির্ভয়ে মস্তক সমর্পণ করত নব নব পরিহাস বাক্যদ্বারা হাস্য প্রফুল্ল মুখে বিরাজ করিতেছেন ॥ ৪ ॥

অথ ব্রজসম্বন্ধি বয়স্য ॥

যাঁহারা ক্ষণকাল শ্রীকৃষ্ণের দর্শন প্রাপ্ত না হইলে দুঃখিত হয়েন, যাঁহারা শ্রীকৃষ্ণের সহিত সর্ব্বদা বিহার করিয়া থাকেন এবং যাঁহাদের শ্রীকৃষ্ণগতই জীবন সেই সকল ব্রজবাসিরাই

তদেকজীবিতা প্রোক্তা বয়স্যা ব্রজবাসিনঃ।
অতঃ সর্ব্ববয়স্যেষু প্রধানত্বং ভজন্ত্যমী ॥ ৫ ॥
এষাং রূপং যথা ॥
বলানুজসদৃক্ বয়ো গুণবিলাসবেষশ্রিয়ঃ
প্রিয়ঙ্করণসল্লকীদলবিষাণবেণ্বঙ্কিতাঃ।
মহেন্দ্রমণিহাটকস্ফটিকপদ্মরাগত্বিষঃ
সদা প্রণয়শালিনঃ সহচরা হরেঃ পান্তু বঃ ॥ ৬ ॥
সখ্যং যথা ॥
উন্নিদ্রস্য যযুস্তবাত্র বিরতিং সপ্ত ক্ষপাস্তিষ্ঠতো

তস ইত্যত্র জ্ঞেয়ং ॥ ৫ ॥
প্রিয়ঙ্করণতেতি অপ্রিয়ং প্রিয়ং ক্রিয়তে যৈস্তৈঃ সর্ব্বশুভঙ্করৈর্ব্বল্লকীদল-বিষাণবেণুভিরঙ্কিতা লক্ষিতাঃ। পাঠান্তরস্ত ত্যক্তং ॥ ৬ ॥
উন্নিদ্রস্যেতি সখীনাং বচনং। তদানীং শ্রীহরৌ শক্রেরাবির্ভাবদর্শনেন

শ্রীকৃষ্ণের বয়স্য বলিয়া কথিত হয়েন, এ জন্য ইহারা সকল বয়স্য হইতে প্রধান ॥ ৫ ॥

ব্রজবয়স্যগণের রূপ যথা ॥

যাঁহাদের শ্রীকৃষ্ণের তুল্য বয়স, গুণ, বিলাস, বেশ ও শোভা, যাঁহারা সল্লক পত্রনির্ম্মিত শৃঙ্গ ও বেণুদ্বারা অঙ্কিত, তথা ইন্দ্রনীলমণি, স্বর্ণ, স্ফটিক ও পদ্মরাগ মণিকান্তি বিশিষ্ট এবং সর্ব্বদা প্রণয়শালী সেই কৃষ্ণসহচরগণ আমাদিগকে রক্ষা করুন ॥ ৬ ॥

ব্রজবয়স্যদিগের সখ্য যথা ॥

শ্রীকৃষ্ণ গোবর্দ্ধনপর্ব্বত ধারণ করায় বয়স্যগণ কহিলেন,

হন্ত শ্রান্ত ইবাসি নিক্ষিপ সখে শ্রীদামপাণৌ গিরিং।
আধির্বিধ্যতি নস্ত্বমর্পয় করে কিংবা ক্ষণং দক্ষিণে
দোষ্ণস্তে করবাম কামমধুনা সব্যস্য সম্বাহনং ॥ ৭ ॥
যথা বা শ্রীদশমে ॥
ইত্থং সতাং ব্রহ্মসুখানুভূত্যা
দাস্যং গতানাং পরদৈবতেন।

তদাবেশাৎ জ্ঞেয়ং। তদেতৎ পদ্যং সমস্তভাবনাময়স্নেহব্যঞ্জকং। উত্তরন্তু সহ বিহারময়ভাবব্যঞ্জকমিতি ভেদঃ ॥ ৭ ॥

সতাং পরমস্বরূপসত্তাবির্ভাববতাং। যদ্বা, ব্রহ্মপদসান্নিধ্যাৎ সদ্বিশেষাণাং। উভয়থা জ্ঞানিনামিতোবানুভূতিঃ জড়প্রতিযোগি স্বপ্রকাশবস্তু। সৈব সুখং আত্মত্বেন পর্য্যবসিততয়া নিরুপাধিপ্রেমাস্পদত্বাৎ সৈব বৃহত্তমপর্য্যায়ব্রহ্মাখ্যা। সর্ব্বেষাং পরমস্বরূপত্বাৎ। তেষাং কেবলতদ্রূপেণ স্ফুরতা। দাস্যং গতানাং দাস্যভক্তিগতাং ঐশ্বর্য্যাদিপূর্ণতয়া ততোঽপি পরেণ দৈবতেন সর্ব্বারাধ্যেন রূপেণ স্ফুরতা। মহিমদর্শনার্থং তৎস্ফূর্ত্তিবয়স্য বিরলতামাহ। মায়াধিকার

সখে! তুমি নিদ্রা পরিত্যাগপূর্ব্বক দণ্ডায়মান থাকিয়া সপ্ত-রাত্র অতিবাহিত করিলা, হা কষ্ট! তোমার অতিশয় পরি-শ্রম হইয়াছে, আর পর্ব্বতধারণের প্রয়োজন নাই, শ্রীদামের হস্তে পর্ব্বত সমর্পণ করে, অহে বয়স্য! তোমাকে এরূপ দেখিয়া আমাদের মর্ম্ম ভেদ হইতেছে, অথবা তুমি দক্ষিণ হস্তে ধারণ কর, তাহা হইলে আমরা ঐ বামহস্ত মর্দ্দন করিয়া দি ॥ ৭ ॥

যথা বা শ্রীদশমে ১২ অধ্যায়ে ১০ শ্লোকে ॥

শুকদেব কহিলেন, রাজন্! যে ভগবান্ হরি বিজ্ঞজনের

মায়াশ্রিতানাং নরদারকেণ।

সার্দ্ধং বিজহ্রুঃ কৃতপুণ্যপুঞ্জাঃ॥

এষু শ্রীকৃষ্ণস্য যথা॥

সহচর নিকুরম্বং ভ্রাতরার্য্য প্রবিষ্টং

দ্রুতমঘজঠরান্তঃ কোটরে প্রেক্ষ্যমাণঃ।

পতিতানাং তু মনুষ্যদৃষ্টীনাং তুচ্ছপ্রজ্ঞাঃ মর্ত্ত্যাদ্ধানো ন মেনির ইত্যাদিরীত্যা যৎ কিঞ্চিন্নরদারকরূপেণ ; জ্ঞানভক্ত্যোরভাবাত্ তু তত্তদ্রূপেণাপি। তেন সার্দ্ধং বিজহ্রুঃ সহার্পকৃতীরয়া স্বপ্রেম্না বশীকৃত্যাত্মসঙ্গিতামাপাদিতেন নরদারকত্বেঽপি তত্তৎসর্ব্বাধিকমিষ্ঠমধুরতয়া স্ফুরতা তেন বিহারমপি কৃতবন্ত ইত্যর্থঃ। অতস্তেভ্যঃ সর্ব্বেভ্যঃ কৃতপুণ্যপুঞ্জা ইতি লোকোক্তিঃ। বস্তুতস্তু কৃতানাং চরিতানাং ভগবতঃ পরমপ্রসাদহেতুত্বেন পুণ্যাশ্চারবঃ পুঞ্জা যেষাং ত ইত্যর্থঃ। পুণ্যস্তু চারুণীত্যমরঃ। বিশেষ জিজ্ঞাসা চেদ্বৈষ্ণবতোষণী দৃশ্যা॥ ৮॥

পক্ষে স্বপ্রকাশ, পরম সুখস্বরূপ, ভক্তজনের আত্মপ্রদ পরম-দেবতা এবং মায়াশ্রিত জনের পক্ষে নরবালকরূপে প্রতীয়মান হয়েন, তাঁহার সহিত গোপবালকগণ যখন ঐ প্রকারে বিহার করিতে লাগিলেন, তখন অবশ্যই বোধ হইবে, ঐ সকল বালকের পুঞ্জ পুঞ্জ পুণ্য ছিল, তাহাতেই তাঁহারা ভগবানের সহিত সখ্যভাবে বিহার করিতে পাইয়াছিলেন॥

ব্রজবালকের প্রতি শ্রীকৃষ্ণের সখ্য যথা॥

বলরামের প্রতি শ্রীকৃষ্ণ কহিলেন, হে ভ্রাতঃ! সহচর সকলকে শীঘ্র অঘাসুরের জঠরান্তঃকোটরে প্রবিষ্ট হইতে দেখিয়া আমার নয়নদ্বয় হইতে স্খলিত উষ্ণ অশ্রু, আমা

স্খলদশিশিরবাষ্পক্ষালিত ক্ষামগণ্ডঃ
ক্ষণমহমবসীদন্ শূন্যচিত্তস্তদাসং ॥
সুহৃদশ্চ সখায়শ্চ তথা প্রিয়সখাঃ পরে।
প্রিয়নর্ম্মবয়স্যাশ্চেত্যুক্তা গোষ্ঠে চতুর্ব্বিধাঃ ॥
তত্র সুহৃদঃ ॥
বাৎসল্যগন্ধিসখ্যাস্তু কিঞ্চিত্তে বয়সাধিকাঃ।
সায়ুধাস্তস্য দুষ্টেভ্যঃ সদা রক্ষাপরায়ণাঃ ॥
সুভদ্রমণ্ডলীভদ্র-ভদ্রবর্দ্ধনগোভটাঃ।
যক্ষেন্দ্রভট ভদ্রাঙ্গ বীরভদ্র মহাগুণাঃ।
বিজয়ো বলভদ্রাদ্যাঃ সুহৃদস্তস্য কীর্ত্তিতাঃ ॥ ৮ ॥

গণ্ডদেশকে ক্ষালন পূর্ব্বক ক্ষীণ করিয়াছিল, হে আর্য্য! তাহাতেই আমি ক্ষণকাল অবসন্ন হইয়া শূন্যচিত্ত হইয়াছিলাম ॥

গোকুলের মধ্যে শ্রীকৃষ্ণের চারি প্রকার বয়স্য হয়, যথা সুহৃৎ, সখা, প্রিয়সখা ও প্রিয়নর্ম্মসখা ॥

তন্মধ্যে সুহৃদ্ যথা ॥

যাঁহারা সুহৃৎ তাঁহাদের বাৎসল্য গন্ধ বিশিষ্ট সখ্য এবং তাঁহারা শ্রীকৃষ্ণ অপেক্ষা কিঞ্চিৎ বয়োধিক, অস্ত্রধারী ও সর্ব্বদা দুষ্টগণ হইতে শ্রীকৃষ্ণকে রক্ষা করেন ॥

সুহৃৎ সকলের নাম যথা ॥

সুভদ্র, মণ্ডলীভদ্র, ভদ্রবর্দ্ধন, গোভট, যক্ষ, ইন্দ্রভট, ভদ্রাঙ্গ, বীরভদ্র, মহাগুণ, বিজয় ও বলভদ্র প্রভৃতি, ইহারা সকলেই শ্রীকৃষ্ণের সুহৃদ্ বলিয়া কীর্ত্তিত হয়েন ॥ ৮ ॥

এষাং সখ্যং যথা ॥

ধুন্বন্ ধাবসি মণ্ডলাগ্রমমলং ত্বং মণ্ডলীভদ্র কিং
গুর্ব্বীং নার্য্যগদাং গৃহাণ বিজয় ক্ষোভং বৃথা মা কৃথাঃ।
শক্তিং ন ক্ষিপ ভদ্রবর্দ্ধন পুরো গোবর্দ্ধনং গাহতে
গর্জ্জন্নেষ ঘনো বলী নতু বলীবর্দ্দাকৃতির্দানবঃ।
সুহৃৎসু মণ্ডলীভদ্রবলভদ্রৌ কিলোত্তমৌ ॥ ৯ ॥

তত্র মণ্ডলীভদ্রস্য রূপং যথা ॥

পাটলপটলসদঙ্গো লকুটকরঃ শেখরী শিখণ্ডেন।
দ্যুতিমণ্ডলীমলিনিভাং ভাতি দধন্মণ্ডলীভদ্রঃ ॥

ধুন্বন্নিতি অরিষ্টবধাৎ পূর্ব্বং বৃত্তং ॥ ৯ ॥

উক্ত সুহৃদগণের সখ্য যথা ॥

অহে মণ্ডলীভদ্র! তুমি কেন চাক্‌চিক্যময় খড়্গ ঘূর্ণিত করিতে করিতে ধাবমান হইতেছ, হে বলদেব! আপনি গুরুতর গদা গ্রহণ করিবে না, বিজয়! তুমি আর বৃথা ক্ষুব্ধ হইও না, তথা হে ভদ্রবর্দ্ধন! তুমিও আর শক্তি নিক্ষেপ করিও না, ঐ দেখ অগ্রবর্ত্তী মেঘ গর্জ্জন করিয়া গোবর্দ্ধনে পতিত হইতেছে, ওটা বলবান্ বৃষাকৃতি অরিষ্টাসুর নহে ॥

সুহৃদগণের মধ্যে মণ্ডলীভদ্র ও বলভদ্র এই দুই জন সর্ব্ব প্রধান ॥ ৯ ॥

তন্মধ্যে মণ্ডলীভদ্রের রূপ যথা ॥

মণ্ডলীভদ্র অঙ্গে পাটল বর্ণ, মনোহর বসন, হস্তে নানা বর্ণে রঞ্জিত লগুড়, মস্তকে ময়ূরপুচ্ছ ও ভ্রমরের ন্যায় কান্তি-যুক্ত ধারণ করিয়া অতিশয় শোভা প্রকাশ করিতেছেন ॥

সখ্যং যথা ॥

বনভ্রমণকেলিভির্গুরুভিরহ্নি খিন্নীকৃতঃ
সুখং স্বপিতু নঃ সুহৃদ্ব্রজনিশান্তমধ্যে নিশি।
অহং শিরসি মর্দ্দনং মৃদু করোমি কর্ণে কথাং
ত্বমস্য বিস্রম্ভমলং সুবল সক্থিনী লালয় ॥ ১০ ॥

বলদেবস্য রূপং যথা ॥

গণ্ডান্তঃ স্ফুরদেককুণ্ডলমলিচ্ছন্নাবতংসোৎপলং
কস্তূরীকৃতচিত্রকং পৃথুহৃদি ভ্রাজিষ্ণু গুঞ্জাস্রজং।
তং বীরং শরদম্বুদদ্যুতিভরং সম্বীতকালাম্বরং

শ্বেতরক্তস্য পাটল ইত্যমরঃ। তাদৃশেন পটেন লসদম্বঃ। ১০ ॥
গণ্ডান্তরিত্যাদৌ কস্তূরীকৃতচিত্রকং পৃথুহৃদি ভ্রাজিষ্ণু গুঞ্জাস্রজমিত্যেব

মণ্ডলীভদ্রের সখ্য যথা ॥

আমাদের পরমসুহৃদ্ শ্রীকৃষ্ণ দিবসে গুরুতরবন ভ্রমণ-কেলিতে অতিশয় খিন্ন হইয়াছেন, এক্ষণে রজনীকালে ব্রজ-গৃহে সুখে শয়ন করুন, আমি ধীরে ধীরে ইহার মস্তক মর্দ্দন করি, সুবল! তুমি উরুদেশ সম্মর্দ্দন কর, ॥ ১০ ॥

বলদেবের রূপ যথা ॥

যাঁহার এক গণ্ডে কুণ্ডল আন্দোলিত হইতেছে, যাঁহার কর্ণোৎপলে অলিসকল সঙ্কুল হইয়া রহিয়াছে, যাঁহার কস্তূরীদ্বারা চিত্রবিচিত্র তিলক, বিশাল বক্ষে উৎকৃষ্ট গুঞ্জা-হার আন্দোলিত এবং যিনি শরৎকালীন মেঘের ন্যায় শুভ্র কান্তিশালী, নীলাম্বর ধারী গভীরস্বরান্বিত, আজানুলম্বিত

গম্ভীররস্বনিতং প্রলম্বভুজমালম্বে প্রলম্বদ্বিষং॥ ১১॥

সখ্যং যথা॥

জনিতিথিরিতি পুত্রপ্রেমসম্বীতয়াহঃ

স্নপয়িতুমিহ সম্মন্যম্বয়া স্তম্ভিতোহস্মি।

ইতি সুবলগিরা মে সংদিশ ত্বং মুকুন্দং

ফণিপতিহ্রদকচ্ছে নাদ্য গচ্ছেঃ কদাপি॥ ১২॥

অথ সখায়ঃ॥

কনিষ্ঠকল্পাঃ সখ্যেন সম্বন্ধাঃ প্রীতিগন্ধিনা।

দ্বিতীয়চরণঃ পাঠঃ। চিত্রকঃ তিলকঃ॥১১॥

জনিতিথিরিতি মাসিকীয়ং জন্মর্ক্ষযুক্তা তিথিঃ নতু বার্ষিকী। মহামহোৎসবায়াঃ তস্যাং স্বত এব শ্রীকৃষ্ণস্য গমনাসম্ভবাৎ সোঽয়ং চ সন্দেশঃ সুবলেন বিলম্বমানতয়া গতেন ঝটিতি সমাসাদয়িতুং ন শেক ইতি গম্যতে অন্যথা পূর্ব্বমত্তদাপি তদাজ্ঞা তু তেন নালঙ্ঘয়িষ্যত ইতি॥ ১০॥

বিশালবৃষভৌজস্বীতি শ্রীভাগবতে :গৌড়াদিসম্মতঃ পাঠঃ। বৃষাল

ভুজ ও প্রলম্বঘাতী, সেই বীর বলদেকে আশ্রয় করি ১১

বলদেবের সখ্য যথা॥

বলদেব কহিলেন সুবল। আমার বাক্যদ্বারা মুকুন্দকে বল গা, অদ্য তাঁহার জন্মতিথি, এজন্য পুত্রস্নেহময়ী জননীর সহিত আমি তাঁহাকে স্নান করাইবার নিমিত্তগৃহে অবস্থিত আছি, তিনি যেন আজ কদাচ কালিয়হ্রদের দিকে গমন না করেন॥ ১২॥

সখাগণ যথা॥

যাঁহারা কনিষ্ঠ তুল্য, দাস্যগন্ধি সখ্যরসশালী তাঁহা-

বিশালবৃষভৌজস্বি-দেবপ্রস্থবরূথপাঃ।
মরন্দকুসুমপীড়-মণিবন্ধকরন্ধমাঃ।
ইত্যাদয়ঃ সখায়োঽস্য সেবাসৌখ্যৈকরাগিণঃ।
এষাং সখ্যং যথা॥
বিশালবিষিণীদলৈঃ কলয় বীজনপ্রক্রিয়াং
বরূথপ বিলম্বিতালকবরূথমুৎসারয়।
মৃষা বৃষভজল্পিতং ত্যজ ভজাঙ্গসম্বাহনং
যদুগ্রভুজসঙ্গরে গুরুমগাৎ ক্লমং নঃ সখা।
সর্ব্বেষু সখিষু শ্রেষ্ঠো দেবপ্রস্থোঽয়মীরিতঃ॥
তস্য রূপং যথা॥

বৃষভৌজস্বীতি কাশ্যাদিসপ্তমঃ॥ ১৩॥

দিগকে সখা বলিয়া কীর্ত্তন করাযায়॥

উক্ত সখা সকলের নাম যথা—বিশাল, বৃষভ, ওজস্বী, দেবপ্রস্থ, বরূথপ, মরন্দ, কুসুমাপীড়, মণিবন্ধ ও করন্ধম ইত্যাদি সখাসকল কেবল শ্রীকৃষ্ণের এক সেবাবিষয়েই অনুরাগী॥

এই সকল সখার সখ্য যথা॥

বিশাল! তুমি পদ্মিনীদল দ্বারা বীজন কর, বরূথপ! তুমি চূর্ণকুন্তল গুলি যাহা মুখমণ্ডলে লম্বিত হইয়া পড়িয়াছে সেই সকল উঠাইয়া দাও, বৃষভ! তুমি বৃথা বাক্য পরিত্যাগ করিয়া অঙ্গ সম্বাহন কর, যে হেতু আজ ঘোরতর বাহুযুদ্ধে আমাদের সখা শ্রীকৃষ্ণ অতিশয় ক্লান্ত হইয়াছেন॥

দেবপ্রস্থের রূপ যথা॥

বিভ্রদ্দেগাণ্ডুং পাণ্ডুরোস্তাসিবাসাঃ
পাশাবদ্ধোত্তুঙ্গমৌলির্বলীয়ান্।
বন্ধূকাভঃ সিন্ধুরস্পর্দ্ধিলীলো
দেবপ্রস্থঃ কৃষ্ণপার্শ্বং প্রতস্থে ॥ ১৩ ॥

সখ্যং যথা॥

শ্রীদাম্নঃ পৃথুলাং ভুজামভিশিরো বিন্যস্য বিশ্রামিণং
দাম্নঃ সব্যকরেণ রুদ্ধহৃদয়ং শয্যাবিরাজত্তনুঃ।
মধ্যে সুন্দরি কন্দরস্য পদয়োঃ সম্বাহনেন প্রিয়ং
দেবপ্রস্থ ইতঃ কৃতী সুখয়তি প্রেম্ণা ব্রজেন্দ্রাত্মজং ॥১৪ ॥

স্নেহবশাদ্দাম্নঃ সব্যকরেণ রুদ্ধঃ হৃদয়ং নিজবক্ষো যেন তং। সমস্তসাপেক্ষত্বেন নিত্যাপেক্ষেণ সঙ্গতিরিতি ন্যায়েন রুদ্ধহৃদয়য়োঃ সমাসে কৃতে সব্যকরেণেতস্য সম্বন্ধঃ ॥ ১৪ ॥

মহাবলবান্ রক্তবর্ণ দেবপ্রস্থ হস্তে কন্দুক ধারণ ও শুক্র পীত বসনে বিভূষিত হইয়া রজ্জুদ্বারা উচ্চ মৌলি অর্থাৎ ঝুটীবন্ধন পূর্ব্বক মত্ত করীন্দ্রের লীলা বিস্তার করিতে করিতে শ্রীকৃষ্ণের পার্শ্বে গমন করিতেছেন ॥ ১৩ ॥

দেবপ্রস্থের সখ্য যথা ॥

হে সুন্দরি! ব্রজেন্দ্রনন্দন পর্ব্বতকন্দরে শ্রীদামের বৃহৎ ভুজোপরি মস্তক বিন্যস্ত করত দামনামক সখায় বামবাহু দ্বারা হৃদয় আবদ্ধ করিয়া শয্যায় শরীর নিক্ষেপ পূর্ব্বক শয়ন করিলে সুদক্ষ দেবপ্রস্থ প্রণয়বশতঃ পাদসম্বাহন দ্বারা ঐ প্রিয়তমকে সুখ প্রদান করিতে লাগিলেন ॥ ১৪ ॥

অথ প্রিয়সখাঃ ॥

বয়স্তুল্যঃ প্রিয়সখাঃ সখ্যং কেবলমাশ্রিতাঃ।
শ্রীদামা চ সুদামা চ দামা চ বসুদামকঃ।
কিঙ্কিণীস্তোককৃষ্ণাংশুভদ্রসেনবিলাসিনঃ।
পুণ্ডরীকবিটঙ্কাখ্য-কলবিঙ্কাদয়োঽপ্যমী।
রময়ন্তী প্রিয়সখাঃ কেলিভির্বিবিধৈঃ সদা।
নিযুদ্ধদণ্ডযুদ্ধাদি-কৌতুকৈরপি কেশবং ॥
এষাং সখ্যং যথা ॥

শ্রীদামেত্যত্র দামসুদামবসুদামকিঙ্কিণয়ঃ পঠিত অপি প্রিয়নর্ম্মসখগণেঽপি জ্ঞেয়াঃ। তেহি শ্রীকৃষ্ণান্তঃকরণরূপত্বাৎ সর্ব্বত্র প্রবিশন্তি। যথাহ প্রথমাবরণপূজায়াং গৌতমীয়ে। দামসুদামবসুদাম কিঙ্কিণীন্ পূজয়েদ্গন্ধপুষ্পকৈঃ। অন্তঃকরণরূপাস্তে কৃষ্ণস্য পরিকীর্ত্তিতাঃ। আত্মাভেদেন তে পূজ্যা যথা কৃষ্ণস্তথৈব ত ইতি। ১৫ ॥

অথ প্রিয়সখা ॥

যাঁহারা তুল্যবয়স ও কেবল সখ্যমাত্র আশ্রয় করিয়াছেন তাঁহাদিগকে প্রিয়সখা কহে। প্রিয়সখাদিগের নাম যথা— শ্রীদাম, সুদাম, দাম, বসুদাম, কিঙ্কিণী, স্তোককৃষ্ণ, অংশু, ভদ্রসেন, বিলাসী, পুণ্ডরীক, বিটঙ্ক ও কলবিঙ্ক ইত্যাদি প্রিয়সখা সকল বিবিধ কেলি দ্বারা সর্ব্বদা কেশবকে সুখ প্রদান করিয়া থাকেন ॥

এই সকল প্রিয়সখার সখ্য যথা ॥

সগদ্গদপদৈর্হরিং হসতি কোঽপি বক্রোদিতৈঃ
প্রসার্য্য ভুজয়োর্যুগং পুলকি কশ্চিদাশ্লিষ্যতে।
করেণ চলতা দৃশৌ নিভৃতমেত্য রুন্ধে পুরঃ
কৃশাঙ্গি সুখয়ন্ত্যমী প্রিয়সখাঃ সখায়ং তব ॥
এষু প্রিয়বয়স্যেষু শ্রীদামা প্রবরো মতঃ ॥
তস্য রূপং ॥
বাসঃ পিঙ্গং বিভ্রতং শৃঙ্গপাণিং
বদ্ধস্পর্দ্ধং সৌহৃদান্মাধবেন ॥
তাম্রোষ্ণীষং শ্যামধামাভিরামং
শ্রীদামানং দামভাজং ভজামি ॥১৫ ॥

হে কৃশাঙ্গি! তোমার সখাকে কোন প্রিয়সখা গদ্গদ স্বরে বক্রোক্তিদ্বারা পরিহাস করেন, কোন প্রিয়সখা পুলকশালী ভুজদ্বয় প্রসারণ পূর্ব্বক আলিঙ্গন করেন এবং কোন কোন প্রিয়সখা পশ্চাৎদিক্ দিয়া গিয়া চপল কর-দ্বারা সম্মুখে চক্ষুর্দ্বয় আবদ্ধ করিয়া সুখ প্রদান করিয়া থাকেন ॥

এই সকল প্রিয়বয়স্যের মধ্যে শ্রীদাম সর্ব্বাপেক্ষা প্রধান ॥

শ্রীদামের রূপ যথা ॥

যাঁহার পীতবসন পরিধান, হস্তে শৃঙ্গ মস্তকে তাম্রবর্ণ উষ্ণীষ, শরীর মনোহর শ্যামবর্ণ ও গলদেশে মালাএবং যিনি সৌহৃদ্যবশতঃ মাধবের সহিত স্পর্দ্ধা করিয়া থাকেন, সেই শ্রীদামকে ভজনা করি ॥ ১৫ ॥

সখ্যং যথা॥

ত্বং নঃ প্রোজ্ঝ্য কঠোর যামুনতটে কস্মাদকস্মাদ্গতো
দিষ্ট্যা দৃষ্টিমিতোঽসি হন্ত নিবিড়াশ্লেষৈঃ সখীন্ প্রীণয়।
ব্রূমঃ সত্যমদর্শনে তব মনাক্ কা ধেনবঃ কে বয়ং
কিং গোষ্ঠং কিমভীষ্টমিত্যচিরতঃ সর্ব্বং বিপর্য্যস্যতি॥

অথ প্রিয়নর্ম্মবয়স্যাঃ॥

প্রিয়নর্ম্মবয়স্যাস্তু পূর্ব্বতোঽপ্যভিতো বরাঃ।

অত্রোৎসাহাদিবর্ণনে কালিন্দীতটভূমীত্যাদিভি র্বক্ষ্যমাণৈরিদং বর্ণিতমেব। সৌহৃদস্ত তত্র তত্তৎ স্যাদিতি পৃথগেব তদুর্দাহৃতি রং ন ইতি। কা ধেনব ইত্যাদৌ ধেনবাদযোঽপ্যদেবাদযো ভবন্তীত্যর্থঃ। ধত ইত্যনেন প্রকারেণ সর্ব্বমন্যদপি বিপর্য্যস্যতি॥ ১৬॥

শ্রীদামের সখ্য যথা॥

শ্রীদাম শ্রীকৃষ্ণকে কহিলেন কঠোর। তুমি কেন হঠাৎ আমাদিগকে যমুনাতটে পরিত্যাগ করিয়া চলিয়া গিয়াছিলে, বড় সৌভাগ্যের বিষয় যে পুনরায় তোমাকে দেখিতে পাইলাম যাহা হউক আমরা যে সখাগণ এক্ষণে আমাদিগকে দৃঢ় আলিঙ্গন দ্বারা সন্তুষ্ট কর, হে সখে। সত্য বলিতেছি তোমার যদি ঈষৎ অদর্শন হয় তাহা হইলে কি ধেনুগণ, কি আমরা, কি গোষ্ঠ, কি অভীষ্ট অল্পকালের মধ্যে সমুদায়ই বিপরীত হইয়া যায়॥

অথ প্রিয়নর্ম্মসখা॥

প্রিয়নর্ম্ম বয়স্য সকল পূর্ব্ব পূর্ব্ব সুহৃৎ, সখা ও প্রিয়সখা প্রভৃতি হইতে শ্রেষ্ঠ, বিশেষ ভাবশালী এবং অতিশয় রহস্য-

আত্যন্তিকরহস্যেষু যুক্তাভাববিশেষিণঃ।
সুবলার্জ্জুনগন্ধর্ব্বাস্তে বসন্তোজ্জ্বলাদয়ঃ॥ ১৬ ॥
এবাং সখ্যং যথা ॥
রাধাসন্দেশবৃন্দং কথয়তি সুবলঃ পশ্য কৃষ্ণস্য কর্ণে
শ্যামা কন্দর্পলেখং নিভৃতমুপহরত্যুজ্জ্বলঃ পাণিপদ্মে।
পালীতাম্বূলমাস্যে বিতরতি চতুরঃ কোকিলো মূর্দ্ধ্নি ধত্তে
তারা দামেতি নর্ম্ম প্রণয়িসহচরাস্তন্বি তন্বন্তি সেবাং॥
প্রিয়নর্ম্মবয়স্যেষু প্রবলৌ সুবলোজ্জ্বলৌঃ॥

সচ ভাববিশেষ এবং প্রেয়সীসাহায্যময়তৎসুখদিৎসৈবেতি দর্শয়তি রাধেতি। ভদিদং শ্রীকৃষ্ণস্য দূত্যোর্মিথঃ সম্বাদঃ॥ ১৭ ॥

কার্য্যে নিযুক্ত থাকে॥

প্রিয়নর্ম্ম বয়স্যদিগের নাম যথা—সুবল, অর্জ্জুন, গন্ধর্ব্ব, বসন্ত ও উজ্জ্বলাদি॥ ১৬॥

এই সকল প্রিয় নর্ম্মসখাদিগের সখ্য যথা॥

শ্রীকৃষ্ণের দূতীগণ পরস্পর কহিলেন হে কৃশাঙ্গি! ঐ দেখ সুবল শ্রীরাধার সন্দেশ সকল শ্রীকৃষ্ণের কর্ণে বলিতেছে, উজ্জ্বল শ্যামার কন্দর্পলেখা নির্জ্জনে শ্রীকৃষ্ণের করে প্রদান করিতেছে, চতুর পালপ্রদত্ত তাম্বূল শ্রীকৃষ্ণের বদনমধ্যে অর্পণ করিতেছে এবং কোকিল তারাপ্রেরিত বনমালা শ্রীকৃষ্ণের মস্তকে ধারণ করিতেছে, হে সখি! এই রূপে প্রিয়নর্ম্ম সখাসকল শ্রীকৃষ্ণের সেবাকার্য্যে নিযুক্ত রহিয়াছেন॥

প্রিয়নর্ম্ম সখাসকলের মধ্যে সুবল ও উজ্জ্বল সর্ব্ব প্রধান॥

তত্র সুবলস্য রূপং যথা ॥

তনুরুচিবিজিতহিরণ্যং
হরিদয়িতং হরিণং হরিদ্বসনং।
সুবলং কুবলয়নয়নং
নয়নন্দিতবান্ধবং বন্দে ॥ ১৭ ॥

সখ্যং যথা

বয়স্যগোষ্ঠ্যামখিলেঙ্গিতেষু
বিশারদায়ামপি মাধবস্য।
অন্যৈরদূরূহা সুবলেন সার্দ্ধং
সংজ্ঞাময়ী কাপি বভূব বার্ত্তা ॥

উজ্জ্বলস্য রূপং যথা ॥

সংজ্ঞা স্যাচ্চেতনা নাম হস্তাদ্যৈশ্চার্থসূচনেত্যমরঃ ॥১৮॥

তন্মধ্যে সুবলের রূপ যথা ॥

যাঁহার অঙ্গ কান্তিদ্বারা সুবর্ণের শোভা তিরস্কৃত হই-তেছে, যিনি হরির অতিশয় প্রিয়পাত্র, যাঁহার গলদেশে হার, পরিধান হরিদ্বর্ণ বসন ও ইন্দীবরতুল্য লোচন, এবং নীতি-দ্বারা যিনি বান্ধবগণের আনন্দ উৎপাদন করেন, সেই সুবলকে প্রণাম করি ॥ ১৭ ॥

সুবলের সখ্য যথা

সুনিপুণ বয়স্য গোষ্ঠীতে প্রিয়নর্ম্মসখা সকলের মধ্যে সুব-লের সহিত মাধবের কোন সঙ্কেতময়ী বার্ত্তা হইয়াছিল, কিন্তু অন্যে তাঁহার তাৎপর্য্য অবধারণ করিতে পারে নাই ॥

অরুণাম্বরমুচ্চলেক্ষণং
মধুপুষ্পাবলিভিঃ প্রসাধিতং।
হরিনীলরুচিংহরি প্রিয়ং
মণিহারোজ্জ্বলমুজ্জ্বলং ভজে ॥ ১৮ ॥

সখ্যং যথা ॥

শঙ্কাস্মি মানমবিতুং কথমুজ্জ্বলোঽয়ং
দূতঃ সমেতি সখি যত্র মিলত্যদূরে।
সাপত্রপাপি কুলজাপি পতিব্রতাপি
কা বা বৃষস্যতি ন গোপবৃষং কিশোরী ॥

শঙ্কাস্মীত্যত্র কথমিত্যন্তমেকং বাক্যং সমেতীত্যন্তমন্যৎ শেষমপরং। সাপত্রপেত্যাদৌ যদ্যপি লজ্জাকুলধর্ম্মস্থানামেকতরেঽপি সতি মর্য্যাদালঙ্ঘনং ন স্যাৎ। তথাপি সর্ব্বেষ্বপি তেষু সংস্থু কা গোপবৃষং গোপশ্রেষ্ঠং শ্রীকৃষ্ণং ন বৃষ-

উজ্জ্বলের রূপ যথা ॥

যাঁহার অরুণ বর্ণ বসন পরিধান, যাঁহার চক্ষু অতিশয় চঞ্চল, যিনি বসন্ত পুষ্পদ্বারা বিভূষিত, যিনি কৃষ্ণতুল্য নীলকান্তিশালী, যিনি শ্রীকৃষ্ণের অতিশয় প্রিয় এবং যিনি মণিহারে উজ্জ্বল, সেই উজ্জ্বলকে ভজনা করি ॥ ৮ ॥

উজ্জ্বলের সখ্য যথা ॥

সখি! আমি কিরূপে মানরক্ষা করিতে সমর্থ হইব, ঐ দেখ উজ্জ্বল দূত আগমন করিতেছে। যেখানে উজ্জ্বল আসিয়া উপস্থিত হয়, সেখানে কোন্ লজ্জাশীলা, কুলজা, পতিপরায়ণা, গোপকিশোরী আছে যে, সে গোপকিশোরকে কামনা না করে? ॥

উজ্জ্বলোঽয়ং বিশেষেণ সদা নর্ম্মোক্তিলালসঃ ॥ ১৯ ॥

যথা ॥

স্ফুরদতনুতরঙ্গাবর্দ্ধিতানল্পবেলঃ
সুমধুররসরূপা দুর্গমাবারপারঃ।
জগতি যুবতিজাতির্নিম্নগা ত্বং সমুদ্র-
স্তদিয়মঘহর ত্বাযেতি সর্ব্বাধ্বনৈব॥
এতেষু কেঽপি শাস্ত্রেষু কেঽপি লোকেষু বিশ্রুতাঃ ॥ ২০

সাতি ন কাময়তে কিন্তু সর্ব্বৈব কাময়ত ইত্যর্থঃ ১৯ ॥

কৃষ্ণপক্ষে বর্দ্ধিতা ছিন্না অনল্পা বেলা মর্য্যাদা যেন। সমুদ্রপক্ষে বর্দ্ধিতা প্রথিতা বেলা জলং যেন। বেলা স্যাত্তীরনীরয়োরত্যময়ঃ ॥ ২০ ॥

এই উজ্জ্বল সর্ব্বদা বিশেষ রূপে পরিহাস বিষয়ে লালসান্বিত ॥ ১৯ ॥

যথা।

হে অঘহর! তুমি আপনার কুল অতিশয় রূপে বর্দ্ধন করত দুর্গম অনিবার্য্যপার হইয়া সমুদ্রস্বরূপ হইয়াছ, জগতে যে সকল যুবতিজাতি আছে তাহারা কন্দর্পতরঙ্গ বিস্তারপূর্ব্বক সুমধুর রসময়ী নদীস্বরূপা হইয়াছে, অতএব তাহারা যে দিক্ দিয়াই গমন করুক না কেন, সকল যুবতী-নদী তোমাতেই আসিয়া মিলিত হইবে॥

এই সকল সখাগণের মধ্যে কেহ কেহ শাস্ত্রপ্রসিদ্ধ ও কেহ কেহ বা লোকপ্রসিদ্ধ ॥ ২০ ॥

নিত্যপ্রিয়াঃ সুরচরাঃ সাধকাশ্চেতি তে ত্রিধা।
কেচিদেষু স্থিরা জাত্যা মন্ত্রিবত্তমুপাসতে।
তং হাসয়ন্তি চপলাঃ কেচিদ্বৈহাসিকোপমাঃ।
কেচিদার্জ্জবসারেণ সরলাঃ শীলয়ন্তি তং ॥ ২১ ॥
বামা বক্রিমচক্রেণ কেচিদ্বিস্মায়য়ন্ত্যমুং।
কেচিৎ প্রগল্‌ভাঃ কুর্ব্বন্তি বিতণ্ডামমুনা সমং।
সৌম্যাঃ সুনৃতয়া বাচা ধন্যা ধিন্বন্তি তং পরে।

সাধকাঃ সাধনসিদ্ধাঃ। যদ্যপি সুরচরা অপি সাধকা এব তথাপি বিশেষং দর্শয়িতুং পৃথগুচ্যন্তে ॥ ২১ ॥

বিস্মায়য়ন্তীত্যাস্তস্থানকারবন্ময়মধ্য এব পাঠঃ। তেভুনিজন্তত্বেহপি হেতুভয়-স্বাভাবান্ন বিস্মাপয়ন্তি ইতি স্যাৎ বিস্ময়য়ন্তীতি মূল পাঠে তু কৃতেহপি তং করোতি তদাচষ্টে ইতি কৃদন্তা'ণ্ণিচ কুর্ব্বন্তমাচষ্টে কারয়তীতিবৎ। বাদিতবন্তঃ

উক্ত সখাসকল নিত্যপ্রিয়, দেবতা ও সাধক ভেদে তিন প্রকার হয়, তাহাদের মধ্যে কেহ কেহ স্বভাবসিদ্ধ স্থিরভাবে মন্ত্রির ন্যায় শ্রীকৃষ্ণকে উপাসনা করেন, কেহ কেহ চপল স্বভাব পরিহাসকরূপে শ্রীকৃষ্ণকে হাস্য করান এবং কেহ কেহ সরলস্বভাব ঋজু ব্যবহারদ্বারা শ্রীকৃষ্ণকে সুখী করেন ॥ ২১ ॥

কেহ কেহ বা প্রতিকূল বক্রভাবসকল দ্বারা শ্রীকৃষ্ণকে বিস্মিত করেন, কোন কোন প্রগল্‌ভ বালক কৃষ্ণের সহিত বাদ বিবাদ, কতকগুলি সুশীল ধন্য বালক সুমিষ্ট বাক্যদ্বারা শ্রীকৃষ্ণকে সুখী করেন। এই সকল সখা স্বভাবতই মধুর,

এবং বিবিধগা সর্ব্বে প্রকৃত্যা মধুরা অমী।
পবিত্রমৈত্রীবৈচিত্রী-চারুতামুপচিন্বতে ॥

অথ উদ্দীপনাঃ ॥

উদ্দীপনা বয়োরূপ শৃঙ্গবেণুধরা হরেঃ।
বিনোদ নর্ম্ম বিক্রান্তি গুণাঃ প্রেষ্ঠজনাস্তথা।
রাজ-দেবাবতারাদি-চেষ্টানুকরণাদয়ঃ ॥

তত্র বয়ঃ ॥

বয়ঃ কৌমার পৌগণ্ড কৈশোরঞ্চেহ সম্মতং।

প্রযোজিতবান্ অবীবদদিতিবচ্চ। প্রকৃতিপ্রত্যাবৃত্তিঃ স্যাৎ। উঢ়মোখ্যাতবান্, ঔজ্জ্বলদিত্যত্র সা ন দৃশ্যতেঽপীতি চেৎ ন দৃশ্যতাং নাম কিং তাবতা কষ্টেন ॥ ২২ ॥

ইহাঁরা পবিত্র বন্ধুতাদ্বারা নানা কার্য্যে বিচিত্রতা সম্পাদন করেন ॥

অথ সখ্যরসে উদ্দীপন ॥

হরিসম্বন্ধীয় বয়স, রূপ, শৃঙ্গ, বেণু, শঙ্খ, তথা বিনোদ, পরিহাস পরাক্রম প্রভৃতি গুণ এবং প্রিয়জন ও রাজ, দেব অবতরাদি চেষ্টার অনুকরণ ইত্যাদি সকলকে সখ্যরসের উদ্দীপন বলে ॥

তন্মধ্যে বয়স যথা ॥

শ্রীকৃষ্ণের বয়স তিনপ্রকার-কৌমার পৌগণ্ড ও কৈশোর অর্থাৎ পাঁচ বৎসর পর্য্যন্ত কৌমার, দশ বৎসর পর্য্যন্ত পৌগণ্ড এবং পঞ্চদশ বৎসর পর্য্যন্ত কৈশোর, পণ্ডিতগণ এইরূপ নিশ্চয় করিয়াছেন ॥

পোষ্ঠে কৌমারপৌগণ্ডং কৈশোরং পুরগোষ্ঠয়োঃ ॥

তত্র কৌমারং যথা ॥

কৌমারং বৎসলে বাচ্যং ততঃ সংক্ষিপ্য লিখ্যতে ॥ ২২ ॥

যথা শ্রীদশমে ॥

বিভ্রদ্বেণুং জঠরপটয়োঃ শৃঙ্গবেত্রে চ কক্ষে

বামে পাণৌ মসৃণকবলং তৎফলান্যঙ্গুলীষু।

বিভ্রদিত্যস্যায়মর্থঃ। জঠরপটয়োর্মধ্যে বেণুং বিভ্রৎ। বামে কক্ষে শৃঙ্গবেত্রে বিভ্রৎ। মসৃণকবলং দধ্যাদি স ক্রুত ভক্তপিণ্ডং পত্র পাত্র সন্তৃতি বামে পাণৌ বিভ্রৎ। তৎফলানি তদন্তরর্পণীয়ানাস্বাদ্যভাগাংশ্চ ক্রমেণ দক্ষিণপাণ্যঙ্গুলীষু বিভ্রৎ। ভোজনেঽপি যথা মুখস্পর্শো ন স্যাৎ তথা স বিনোদং গৃহ্ণন্নিত্যর্থঃ। স্বং পরিতো বর্ত্তমানান্ সুহৃদঃ স্বৈরসাধারণৈ নর্ম্মভির্হাসয়ন্। স্বর্গে স্বর্গদে

গোকুলমধ্যে কৌমার ও পৌগণ্ড বয়স, আর পুর ও গোকুল এই দুইয়েতে কৈশোর বয়স ॥

তন্মধ্যে কৌমার যথা ॥

কৌমার বয়স বৎসলরসেই উপযুক্ত, এ কারণ এস্থলে সংক্ষেপে লিখিত হইতেছে ॥ ২২ ॥

যথা শ্রীদশমে ১৩ অধ্যায়ে ৯ শ্লোকে ॥

শুকদেব কহিলেন হে রাজন্! ভগবান্ শ্রীকৃষ্ণ যজ্ঞভুক্ হইয়াও সেই সকল গোপবালকের মধ্যে বসিয়া যে ভোজন করিলেন ইহার কারণ এই, যে সময় আপনি বালকের কেলি স্বীকার করিয়াছিলেন, তিনি উদর ও বসনের মধ্যে বেণু, বাম কক্ষে শৃঙ্গ ও বেত্র, বামহস্তে দধ্যাদিসংস্কৃত অন্নপিণ্ড এবং দক্ষিণ হস্তের অঙ্গুলীসকলের সন্ধিস্থলে রুচিজনক পিলু

তিষ্ঠন্মধ্যে স্বপরি সুহৃদো হাসয়ন্নর্ম্মভিঃ স্বৈঃ
স্বর্গে লোকে মিষতি বুভুজে যজ্ঞভুগ্বালকেলিঃ ॥
অথ পৌগণ্ডং ॥
আদ্যং মধ্যং তথা শেষং পৌগণ্ডঞ্চ ত্রিধা ভবেৎ ॥
তত্রাদ্যং পৌগণ্ডং ॥
অধরাদেঃ সুলৌহিত্যং জঠরস্য চ তানবং ।
কম্বুগ্রীবোদ্গমাদ্যঞ্চ পৌগণ্ডে প্রথমে সতি ॥ ২৩ ॥

লোকে মিষতি কিমিদমপূর্ব্বমিতি পশ্যতি সতি অপূর্ব্বত্বে কারণমাহ যজ্ঞভুগ্বা-লকেলিরিতি। যোঽয়ং যজ্ঞে দৃষ্টিমাত্রেণ ভোক্তা সোঽয়মেব বালকেলিঃ সন্ বুভুজে ইতি ॥ ২৩ ॥

প্রভৃতি ফল ধারণ করিয়াছিলেন। আর আপনি পদ্মের কর্ণিকার ন্যায় সকলের অভিমুখে থাকিয়া নিজের চতুর্দ্দিকে উপবিষ্ট সুহৃদ্গণকে স্বীয় পরিহাস বাক্যে হাস্য করাইতে-ছিলেন, স্বর্গবাসী দেবগণ আশ্চর্য্যান্বিত হইয়া ঐ ব্যাপার নিরীক্ষণ করিতেছিলেন ॥

অথ পৌগণ্ড ॥

আদ্য, মধ্য ও শেষ ভেদে পৌগণ্ড তিন প্রকার হয় ॥

তন্মধ্যে আদ্য পৌগণ্ড যথা—

অধরের মনোহর রক্তিমা, উদরের কৃশতা ও কণ্ঠে শঙ্খের ন্যায় রেখাত্রয়ের উদ্গম। ইত্যাদি প্রথম পৌগণ্ডে প্রকাশ হইয়া থাকে ॥ ২৩ ॥

যথা ॥

তুন্দং বিন্দতি তে মুকুন্দ শনকৈরশ্বত্থপত্রশ্রিয়ং
কণ্ঠং কম্বুবদম্বুজাক্ষ ভজতে রেখাত্রয়ীমুজ্জ্বলাং।
আরুন্ধে কুরুবিন্দ কন্দলরুচিং ভ্রূচন্দ্র দন্তচ্ছদো
লক্ষ্মীরাধুনিকী ধিনোতি সুহৃদামক্ষীণি সা কাপ্যসৌ ॥
পুষ্প মণ্ডন বৈচিত্রী চিত্রাণি গিরিধাতুভিঃ।

তুন্দমিত্যাগতচরাণামধুনা পুনরাগতানাং বৈদেশিকবন্দিনাং বচনং। আরুন্ধে বশীকরোতি কম্বুবদিতি তেন তুল্যক্রিয়া চেত্বতিঃ। এবং লক্ষণোহপি কম্বুবদ্গ্রীবায়া উদ্গম ইত্যর্থঃ। কুরুবিন্দঃ পদ্মরাগঃ। সা কাপীতি বর্ণয়িতুমশক্যেত্যর্থঃ ॥ ২৪ ॥

যথা ॥

বৈদেশিক বন্দিগণ যাহারা পূর্ব্বে একবার আসিয়া শ্রীকৃষ্ণকে দর্শন করিয়াছিলেন, তাঁহারাই পুনরাগমন করিয়া শ্রীকৃষ্ণকে দর্শনপূর্ব্বক কহিলেন, হে মুকুন্দ! ধীরে ধীরে তোমার উদর অশ্বত্থপত্রের ন্যায় শোভা ধারণ করিতেছে, হে অম্বুজাক্ষ! এক্ষণে ত্বদায় কণ্ঠ কম্বুর ন্যায় রেখাত্রয়ে উজ্জ্বল হইতেছে, তথা হে ভ্রূচন্দ্র! তোমার দন্তচ্ছদ অধরৌষ্ঠ পদ্মরাগমণির শোভাকে বশীভূত করিতেছে, যাহা হউক আধুনিক তোমার কোন অনির্ব্বচনীয় শোভা সুহৃদ্গণের নয়নসকলকে আনন্দ প্রদান করিতে লাগিল ॥

পৌগণ্ড বয়সে পুষ্পালঙ্কারের বিচিত্রতা, গৈরিকাদি ধাতু দ্বারা চিত্র বিচিত্র ও পীত বর্ণ পট্টবস্ত্রাদি। এই সকল প্রসাধন

পীতপট্টদুকূলাদ্যমিহ প্রোক্তং প্রসাধনং।
সর্ব্বাটবীপ্রচারেণ নৈচিকীচয়চারণং।
নিযুদ্ধকেলি নৃত্যাদি শিক্ষারম্ভোঽত্র চেষ্টিতং ॥ ২৪ ॥

যথা ॥

বৃন্দারণ্যে সমন্তাৎ সুরভিণি সুরভীবৃন্দরক্ষাবিহারী
গুঞ্জাহারী শিখণ্ডপ্রকটিতমুকুটঃ পীতপট্টাম্বর শ্রীঃ।
কর্ণাভ্যাং কর্ণিকারে দধদলমুরসা কুল্লমল্লীকমাল্যং

কুল্লা মল্লো যস্মিংস্তাদৃশং মালাং দধৎ। অত্র যদ্যপি উণাদ্যনুজ্জ্বলদত্তেন মল্লিকা শব্দএব সাধিতঃ। মল্লীশব্দস্ত প্রামাণিক এব মতঃ। অমরেণচ তৃণশূন্যন্তু মল্লিকেতি পঠিতং। তথাপি দর্ব্বদর্শিত মল্লীতি স্ত্রীমল্লীকল্লীশব্দেতি। মিল-শ্বলাকিনী মল্লীনামেতি কবিভিঃ স্বীকৃতত্বাদনাপি ... তে দৃষ্টান্তস্ত তৎশব্দঃ কুত্রাপি ন দৃশ্যতে ইতি পাঠান্তরস্ত তাক্তং। তিলকুন্দেতি পরিমুষ্টপার্শ্বনীমেতি

বলিয়া উক্ত হইয়াছে॥

অপর, বনসমূহের মধ্যে গমন করিয়া গোচারণ, বাহু যুদ্ধকেলি ও নৃত্য শিক্ষারম্ভ, ইত্যাদি সকল পৌগণ্ড বয়সের চেষ্টা॥ ২৪ ॥

যথা ॥

শ্রীকৃষ্ণ সৌরভ শালি বৃন্দাবনের সর্ব্বদিকে গাভীবৃন্দের রক্ষা বিষয়ে ক্রীড়াপর হইয়া গলদেশে গুঞ্জাহার মস্তকে ময়ূর পুচ্ছের চূড়া, পীতবর্ণ পট্টবসন পরিধান তথা কর্ণদ্বয়ে কর্ণি-কার পুষ্প এবং বক্ষঃস্থলে মল্লীকুসুমের মালা ধারণ করিয়া নৃত্য করিতে করিতে বাহুযুদ্ধরঙ্গে নটের ন্যায় আমরা

নৃত্যন্ দোর্মুদ্বিরঙ্গে নটবদিহ সখীনন্দয়ত্যেষ কৃষ্ণঃ ॥

অথ মধ্যপৌগণ্ডং ॥

নাসা সুশিখরা তুঙ্গা কপোলৌ মণ্ডলাকৃতী।

পার্শ্বাদ্যঙ্গং সুবলিতং পৌগণ্ডে সতি মধ্যমে ॥

যথা। ॥

তিলকুসুমবিহাসিনাসিকাশ্রী

র্নবমণিদর্পণদর্পনাশিগণ্ডঃ।

হরিরিহ পরিমৃষ্টপার্শ্বসীমা

সুখয়তি সখীন্ সুষ্ঠু স্বশোভয়ৈব ॥

উষ্ণীষং পট্টসূত্রোত্থ পাশেনাত্র তড়িত্ত্বিষা।

পরিমৃষ্টতুল্যপার্শ্বানাং সীমা মর্য্যাদা তেষামূর্দ্ধঃ বিরাজমান ইত্যর্থঃ ॥ ২৫ ॥

যে সখাগণ আমাদিগকে আনন্দ প্রদান করিতেছেন ॥

অথ মধ্যপৌগণ্ড ॥

মধ্য পৌগণ্ডে নাসা ও ললাট উচ্চ, গণ্ডস্থল মণ্ডলাকৃতি ও পার্শ্বাদি অঙ্গ সকলে স্পষ্টরূপে ত্রিবলি রেখা যুক্ত হয় ॥

যথা ॥

যাঁহার নাসিকার শোভা তিলকুসুমকে উপহাস করিতেছে, যাঁহার গণ্ডদেশ মণিদর্পণের দর্পকে চূর্ণ করিতেছে এবং যাঁহার পার্শ্বদেশ অতিশয় উজ্জ্বল, সেই হরি স্বীয় শোভা দ্বারা আমরা যে সখা আমাদিগকে সুখ প্রদান করিতেছেন ॥

মধ্য পৌগণ্ডের ভূষণ যথা—বিদ্যুদ্‌বর্ণ পট্টসূত্র-জনিত রজ্জুদ্বারা উষ্ণীষ বন্ধন এবং অগ্রভাগে স্বর্ণ মণ্ডিত, তিন হস্ত

যষ্টিঃ শ্যামা ত্রিহস্তোচ্চা স্বর্ণাগ্রেত্যাদিমণ্ডনং।
ভাণ্ডীরে ক্রীড়নং শৈলোদ্ধারণাদ্যঞ্চ চেষ্টিতং ॥ ২৫ ॥
যথা ॥
যষ্টিং হস্তত্রয়পরিমিতাং প্রান্তয়োঃ স্বর্ণবদ্ধাং
বিভ্রন্নীলাং চটুলচমরীচারুচূড়োজ্জ্বলশ্রীঃ।
রঙ্গোষ্ণীষঃ পুরটরুচিনা পট্টপাশেন পার্শ্বে
পশ্য ক্রীড়ন্ সুখয়তি সখে মিত্রবৃন্দং মুকুন্দঃ ॥ ২৬ ॥
পৌগণ্ডমধ্য এবায়ং হরির্দীব্যন্ বিরাজতে।

চমরীভি র্মঞ্জরীভিশ্চারুর্যা চূড়া মস্তকমধ্যবদ্ধকেশততিস্তয়া নাত্যুন্নতয়া সূক্ষ্ম স্বচ্ছোষ্ণীষাঞ্চল বৃতয়া উজ্জ্বলা শ্রী র্যস্য। পট্টপাশেন বদ্ধঃ সপোতং কিঞ্চি-দ্বেষ্টিত উষ্ণীষো যস্য সঃ ॥ ২৬ ॥

মাধুর্য্যেণ বর্ণপুষ্টতাদীনাং মনোরমত্বেনাদ্ভুতং লোকবিস্ময়কারকং রূপ মাকারো যস্য স তদ্রূপস্তাং কৈশোরাগ্রাংশভাগিব বিভাতি যথান্যঃ সর্ব্বলক্ষণ

উচ্চ শ্যামবর্ণ যষ্টি ধারণ ॥

মধ্য পৌগণ্ডের চেষ্টা যথা—ভাণ্ডীরতটে ক্রীড়া ও পর্ব্বত উত্তোলনাদি ॥ ২৫ ॥

যথা ॥

হে সখে! পার্শ্বদিকে অবলোকন কর, মুকুন্দ হস্তত্রয় পরিমিত ও প্রান্তদ্বয় স্বর্ণ মণ্ডিত, শ্যামস্বর্ণ যষ্টি তথা মনোহর মঞ্জরী নির্ম্মিত চারু চূড়ায় উজ্জ্বল শ্রী এবং স্বর্ণবর্ণ পট্ট রজ্জু বদ্ধ উষ্ণীষ ধারণ করিয়া মিত্রবৃন্দকে সুখ প্রদান করিতে-ছেন ॥ ২৬ ॥

মাধুর্য্যাদ্ভুতরূপত্বাৎ কৈশোরাগ্রাংশভাগিব ॥ ২৭ ॥

অথ শেষং ॥

বেণী নিতম্বলম্বাগ্রা লীলালকলতাদ্যুতিঃ।

অংসয়োস্তুঙ্গতেত্যাদি পৌগণ্ডে চরমে সতি ॥

যথা ॥

অগ্রে লীলালকলতিকয়ালঙ্কৃতং বিভ্রদাস্যং

চঞ্চদ্বেণীশিখরশিখয়া চুম্বিতশ্রোণিবিম্বঃ।

উত্তুঙ্গাংসচ্ছবিরঘহরো রঙ্গসঙ্গশ্রিয়ৈব

সম্পন্নো রাজকুমারোঽপি তদগ্রাংশভাক্ সন্ বিরাজতে তথা তস্য কৈশোরাগ্রাংশভাগস্ত সর্ব্বতো বিলক্ষণ ইত্যর্থঃ ॥ ২৭ ॥

লীলয়া বিন্যস্তায়া অলকলতায়া দ্যুতিঃ শোভা ॥ ২৮ ॥

কৈশোরাংশের ন্যায় ক্রীড়াপার হইয়া বিরাজ করিতেছেন ॥ ২৭ ॥

অথ শেষপৌগণ্ড ॥

শেষ পৌগণ্ডে নিতম্ব পর্য্যন্ত লম্বিত বেণী, লীলানিবন্ধন চূর্ণ কুন্তলের বিন্যাস এবং স্কন্ধদ্বয়ের উচ্চতা হয় ॥

যথা ॥

যিনি সম্মুখস্থ বিলাস শালিনী অলক লতিকায় অলঙ্কৃত বদন ধারণ করিয়াছেন, যাঁহার চঞ্চল বেণীর অগ্রভাগ নিতম্ব পর্য্যন্ত লম্বিত হইয়া পড়িয়াছে এবং যাঁহার উচ্চস্কন্ধে শোভাতিশয় প্রকাশ পাইতেছে, সেই অঘনাশন শ্রীকৃষ্ণ অঙ্গলক্ষ্মীর দ্বারা প্রিয়বয়স্য সকলে রঙ্গ বিস্তার করিতে করিতে গোকুল হইতে গমন করিতেছেন ॥

নাস্যামেষ প্রিয়সবয়সাং গোকুলান্নির্জ্জিহীতে॥
উষ্ণীষে বক্রিমা লীলা সরসীরুহপাণিতা।
কাশ্মীরেণোর্দ্ধ্বপুণ্ড্রাদ্যমিহ মণ্ডনমীরিতং॥ ২৮॥
যথা॥
উষ্ণীষে দরবক্রিমা করতলে ব্যাজৃম্ভি লীলাম্বুজং
গৌরশ্রীরলিকে কিলোর্দ্ধ্বতিলকঃ কস্তূরিকাবিন্দুমান্।
বেশঃ কেশব পেশলঃ সুবলমপ্যাঘূর্ণয়ত্যদ্য তে
বিক্রান্তং কিমুত স্বভাবমৃদুলাং গোষ্ঠাবলানাং ততিঃ॥

উষ্ণীষে দরেতি। গৌরেত্যাদৌ ভালে কুঙ্কুমদিব্যাদূর্দ্ধ্বতিলক ইতি বা পাঠঃ। বিক্রান্তমপি সুবলমিত্যন্বয়ঃ ২৯॥

অন্ত্যপৌগণ্ডের ভূষণ যথা॥

উষ্ণীষের বক্রিমা অর্থাৎ বক্র করিয়া উষ্ণীষ বান্ধা, হস্তে লীলাপদ্ম ধারণ এবং কুঙ্কুম দ্বারা উর্দ্ধপুণ্ড্রাদি নির্ম্মাণ এই সকলকে অন্ত্যপৌগণ্ডের ভূষণ বলে॥ ২৮॥

যথা॥

সুবল কহিলেন হে কেশব! তুমি উষ্ণীষে বক্রিমা, হস্তে প্রফুল্ল লীলাকমল এবং ললাটে কস্তূরীবিন্দুশালী কঙ্কুমরচিত উর্দ্ধপুণ্ড্র ধারণ করিয়া যে মনোহর বেশ বিস্তার করিয়াছ, তদ্দ্বারা প্রবল পরাক্রমশালী আমি যে সুবল আমাকেও আজ ঘূর্ণিত করিতেছে, অতএব স্বভাব মৃদুলা ব্রজবালাদিগের কথা কি? অর্থাৎ তাহারা ত অবই মুগ্ধ হইবে॥

এই অন্ত্যপৌগণ্ডে বাক্যের ভঙ্গী, নর্ম্মসখাদিগের সহিত কর্ণাকর্ণি কথারস এবং ঐ সকল নর্ম্ম সখাদিগকে সমীপে

অত্র ভঙ্গী গিরাং নর্ম্মসখৈঃ কর্ণকথারসঃ।
এষু গোপালবালানাং শ্রীশ্লাঘেত্যাদিচেষ্টিতং॥
যথা॥
ধূর্ত্তস্ত্বং যদবৈষি হৃদ্গতমতঃ কর্ণে তব ব্যাহরে
কেয়ং মোহনতা সমৃদ্ধিরধুনা গোধূকুমারীগণে।
অত্রাপি দ্যুতিরত্নরোহণভুবো বালাঃ সখে পঞ্চষাঃ
পঞ্চেষু র্জগতাং জয়ে নিজধুরাং যত্রার্পয়ন্মাদ্যতি॥
অথ কৈশোরং॥
কৈশোরং পূর্ব্বমেবোক্তং সংক্ষেপেণোচ্যতে ততঃ॥ ২৯॥

গোকুল বালিকাদিগের শোভার প্রশংসা করণ ইত্যাদিকে চেষ্টা বলে॥

যথা॥

কৃষ্ণ! তুমি অতিশয় ধূর্ত্ত, যে হেতু মনোগত ভাব সকল জানিতে পারিয়াছ, অতএব তোমার কর্ণে বলিতেছি, এক্ষণে গোপকুমারী সকলে এই কোন মোহনতা শক্তির সমৃদ্ধি প্রকাশ পাইতেছে, তন্মধ্যে আবার পাঁচ ছয়টী কুমারী অতিশয় রূপবতী, হে সখে! বোধ হয় পঞ্চবাণ কন্দর্প এই পাঁচ ছয় জনেই জগজ্জয়ের ভার সমর্পণ করিয়া স্বয়ং মত্ত হইয়াছেন॥

অথ কৈশোর॥

কৈশোর পূর্ব্বই উক্ত হইয়াছে তথাপি এ স্থলে সংক্ষেপে বলিতেছি॥

যথা ॥

পশ্যোৎ সিক্ত বলিত্রয়ী বররুতে বাসস্তড়িন্মণ্ডলে
প্রোন্মীলদ্বনমালিকাপরিমলস্তোমে তমালত্বিষি।
উৎকত্যক্ষকচাতকান্ স্মিতরসৈর্দামোদরাম্ভোধরে
শ্রীদামা রমণীয়রোমকলিকাকীর্ণাঙ্গশাখী বভৌ ॥ ৩০ ॥
প্রায়ঃ কিশোর এবায়ং সর্ব্বভক্তেষু ভাষতে।

উৎসিক্তেতি প্রোন্মীলদিতি চ শ্রীদামোদরস্য পক্ষে সপ্তম্যন্যপদার্থঃ। অম্ভোধরপক্ষে তৃতীয়ান্যপদার্থঃ শ্রীদাম দামোদরয়োর্বাম্ভোধরয়োরিবাত্যাবেশেন পরস্পরমালিঙ্গিতয়োর্বর্ণনমিদং। তস্মাল্লতাবনমালাশাখিনাং তত্র তত্র স্বাচ্ছন্দ্যেন বর্ণনং রসাবহমেব জ্ঞেয়ং। তথাহি। অক্ষকানি সর্ব্বেষামক্ষীণ্যেব চাতকাঃ তানুৎকতি সিঞ্চতি দামোদরাম্ভোধরে শ্রীদামা বভৌ তৎসংশ্লেষতয়া বিরেজ ইত্যর্থঃ। তদেবং তদভেদমিব প্রাপ্তঃ দামোদরাম্ভোধরং বিশিনষ্টি উৎসিক্তেত্যাদিনা। বনস্থানীয়ত্বেন শ্রীদামানং বিশিনষ্টি রমণীয়েত্যাদেন রমণীয়রোমকলিকাভিরাকীর্ণা ব্যাপ্তা অঙ্গরূপা বাহ্বাদিলক্ষণাঃ শাখিনো যস্য সঃ ॥ ৩০ ॥

অয়ং শ্রীকৃষ্ণঃ কিশোরঃ শৈশববিশ্রযৌবন এব সন্ সর্ব্বভক্তেষু প্রায়ঃ

যথা ॥

আশ্চর্য দেখ, ত্রিবলীরূপ উৎকৃষ্ট লতা সেচনকারী, বস্ত্ররূপ মনোহর বিদ্যুদ্ বিশিষ্ট, বিকসিত বনমালার সৌরভশালী, তমালবর্ণ ও নেত্রচাতক-তৃপ্তি জনক, দামোদরস্বরূপ জলধরে রমণীয় পুলকাকুল-কলেবর শ্রীদাম-বৃক্ষ শোভা পাইতেছেন ॥ ৩০ ॥

এই শ্রীকৃষ্ণ প্রায় কিশোরমূর্ত্তিতেই ভক্ত সকলে প্রকাশ

তেন যৌবনশোভাস্য নেহ কাচিৎ প্রপঞ্চিতা ॥ ৩১ ॥

অথ রূপং যথা ॥

অলঙ্কারমলঙ্কৃত্য তবাঙ্গং পঙ্কজেক্ষণ।

সখীন্ কেবলমেবেদং ধাম্না ধীমন্ ধিনোতি নঃ ॥ ৩২ ॥

অথ শৃঙ্গং যথা ॥

ব্রজনিজবড়ভী-বিতর্দ্দিকায়া-

মুষসি বিষাণবরে রুসত্যুদগ্রং।

প্রাদুর্ভাবেণ ভাসতে তেভ্যো রোচতে কৌমারপৌগণ্ডরূপস্ত ন্যূনেত্যনূনমেবে-নেত্যর্থঃ। তেন তত উর্দ্ধ্ব বয়সঃ তেষভাসমানত্বেন কেবলা যৌবনশোভাস্তু ইতি শ্রীকৃষ্ণে নোদয়ত ইতি কাচিৎ স্বল্পাপি ন প্রপঞ্চিতেত্যর্থঃ ॥ ৩১ ॥

অলঙ্কারমলঙ্কৃত্যেতি তৎকরণেনালমিত্যর্থঃ ॥ ৩২ ॥

ব্রজে যা নিজা স্বশয়নাবাসরূপা বড়ভী চন্দ্রশালিকা। বসামসেবন্ত নমহ-লীকাঃ সমং বধূভির্বড়ভীর্যুবান ইতি মাঘকাব্যাৎ। তস্যা বিতর্দ্দিকা দ্বারাগ্র

পাইয়া থাকেন, এ কারণ ইহাঁর কোন যৌবন শোভা বিস্তার করা হইল না ॥ ৩১ ॥

অথ শ্রীকৃষ্ণের রূপ যথা ॥

হে পঙ্কজলোচন! তোমার অঙ্গ অলঙ্কৃত করায় প্রয়োজন নাই, হে ধীমন্! কেবল অঙ্গই স্বভাবসিদ্ধ শোভা দ্বারা সখা-গণকে সুখ প্রদান করিতেছে ॥ ৩২ ॥

শৃঙ্গ যথা ॥

ঊষাকালে ব্রজমধ্যে স্বীয় আবাস রূপ চন্দ্রশালিকার দ্বার সমীপবর্ত্তি বেদিকায় উচ্চ শৃঙ্গরব আরম্ভ হইলে সহসা

অহহ সবয়সাং ত্বদীয় রোম্ণা-
মপি নিবহা সমমেব জাগ্রতি স্ম ॥
বেণুর্যথা ॥
সুহৃদো নহি যাত কাতরা
হরিমন্বেষ্টুমিতঃ সুতাং রবেঃ ॥
কথয়ন্নমুমত্র বৈণব-
ধ্বনিদূতঃ শিখরে ধিনোতি নঃ ॥
শঙ্খো যথা ॥
পাঞ্চালীপতয়ঃ শ্রুত্বা পাঞ্চজন্যস্য নিস্বনং।
পঞ্চাস্য পশ্য মুদিতা পঞ্চাস্যপ্রতিমা যযুঃ

বেদিকান্তসাং ॥ ৩৩ ॥

রোমাঞ্চের সহিত সখা সকল জাগরিত হইয়াছিলেন ॥

বেণু যথা ॥

অহে সুহৃদ্ সকল! তোমরা কাতর হইয়া হরি অন্বেষণ করিতে যমুনাতীরে গমন করিওনা, এস্থানে বেণুধ্বনিদূত শ্রীকৃষ্ণ গোবর্দ্ধন শিখরে এই কথা বলিয়া আমাদিগকে সুখ প্রদান করিতেছে ॥

শঙ্খ যথা ॥

পার্ব্বতী কহিলেন হে পঞ্চাস্য! (শিব) অবলোকন করুন, পাঞ্চালীপতি পাণ্ডবগণ পাঞ্চজন্য শঙ্খের ধ্বনি শ্রবণ করিয়া আনন্দসহকারে পঞ্চাস্যপ্রতিমা অর্থাৎ সিংহতুল্য হইলেন ॥

বিনোদ যথা ॥

স্ফুরদরুণদুকূলং জাগুড়ৈ গৌরগাত্রং
কৃতবরকবরীকং রত্নতাড়ঙ্কিকর্ণং।
মধুরিপুমিহ রাধাবেশমুদ্বীক্ষ্য সাক্ষাৎ
প্রিয়সখি সুবলোঽভূদ্বিস্মিতঃ সস্মিতশ্চ ॥

অথানুভাবঃ ॥

নিযুদ্ধ-কন্দুকদ্যূত-বাহ্যবাহাদি-কেলিভিঃ।
লগুড়ালগুড়িক্রীড়াসঙ্গরৈশ্চাস্য তোষণং।
পল্যঙ্কাসনদোলাসু সহ স্বাপোপবেশনং।
চারুচিত্র পরীহাসো বিহারঃ সলিলাশয়ে ॥ ৩৩ ॥

বিনোদ যথা ॥

প্রিয়সখি! শ্রীকৃষ্ণ কৌতুকনিমিত্ত অরুণ বসন পরিধান ও কুঙ্কুম লেপনদ্বারা গাত্র গৌরবর্ণ এবং কর্ণে রত্নতাড় ধারণ করিয়া সাক্ষাৎ রাধাবেশ প্রকাশ করিলে তদবলোকনে সুবল বিস্মিত ও হাস্যবদন হইয়াছিলেন ॥

সখ্যরসে অনুভাব যথা ॥

বাহুযুদ্ধ, কন্দুক, দ্যূত, বাহ্যবাহক অর্থাৎ স্কন্ধে আরোহণ ও স্কন্ধে করিয়া বহন, পরস্পর যষ্টিক্রীড়া যুদ্ধদ্বারা শ্রীকৃষ্ণের তোষণ, পর্য্যঙ্ক, আসন ও দোলা সকলে শ্রীকৃষ্ণের সহিত একত্র শয়ন ও উপবেশন, পরিহাস এবং জলাশয়ে বিহার এই সকলকে অনুভাব বলে ॥ ৩৩ ॥

যুগ্মত্বে লাস্যগানাদ্যাঃ সর্ব্বসাধারণাঃ ক্রিয়াঃ ॥ ৩৪ ॥

তত্র নিযুদ্ধেন তোষণং যথা ॥

অঘহর জিতকাশী মুষ্টিকণ্ডূলবাহু-
স্ত্বমটসি সখি গোষ্ঠ্যামাত্মবীর্য্যং স্তুবানঃ।
কথয় কিমু মমোচ্চৈশ্চণ্ডদোশ্চেষ্টা
বিরমিতরণরঙ্গো নিঃসহাঙ্গঃ স্থিতোহসি ॥

যুক্তাযুক্তাদিকথনং হিতকৃত্যে প্রবর্ত্তনং।

যুগ্মত্বং যুগ্মধর্ম্মো মিলনমিত্যর্থঃ যুগ্মত্বে লাস্যেতি তেন সহেত্যর্থঃ সর্ব্বেষাং সখিমাত্রাণাং সাধারণাঃ প্রক্রিয়াঃ ॥ ৩৪ ॥

জিতকাশী জয়ানহ ইতি ক্ষীরস্বামী স্বজয়াভিমানীত্যর্থঃ। যুক্তেতি যুক্তমযুক্তাদির্যস্য যুক্তমিদং কর্ত্তব্যমযুক্তমিদং ন কর্ত্তব্যমিত্যুপদেশ ইত্যর্থঃ ॥ ৩৫ ॥

শ্রীকৃষ্ণের সহিত মিলিত হইলে সখামাত্রেরই নৃত্যগীতাদি ক্রিয়া সাধারণরূপে সম্পন্ন হয় ॥ ৩৪ ॥

তন্মধ্যে বাহু যুদ্ধদ্বারা শ্রীকৃষ্ণের তোষণ যথা ॥

হে অঘহর! তুমি যে আত্মজয়াভিমানী হইয়া যুদ্ধার্থ বাহু কণ্ডূয়ন প্রকাশ পূর্ব্বক আপনার পরাক্রমের প্রশংসা করিতে করিতে বয়স্যসভায় ভ্রমণ করিতেছ, বল দেখি আমার প্রচণ্ড বাহুদণ্ডের চেষ্টা দেখিয়াই কি তুমি রণরঙ্গ হইতে ক্ষান্ত হইয়া একাকী অবস্থিতি করিতেছ ॥

সুহৃদ্ সকলের ক্রিয়া যথা।

কর্ত্তব্যাকর্ত্তব্যের উপদেশ, হিতজনক কার্য্যে প্রবৃত্ত করান এবং প্রায় সকল কার্য্যেই অগ্রসর হওয়া, ইত্যাদি সকল

প্রায়ঃ পুরঃসরত্বাদ্যাঃ সুহৃদামীরিতাঃ ক্রিয়াঃ ॥ ৩৫ ॥
তাম্বূলাদ্যর্পণং বক্ত্রে তিলকস্থাসকক্রিয়া।
পত্রাঙ্কুরবিলেখাদি সখীনাং কর্ম্ম কীর্ত্তিতং ॥ ৩৬ ॥
নির্জ্জিতীকরণং যুদ্ধে বস্ত্রে ধৃত্বাস্য কর্ষণং।
পুষ্পাদ্যাচ্ছেদনং হস্তাৎ কৃষ্ণেন স্বপ্রসাধনং।
হস্তাহস্তি প্রসঙ্গাদ্যাঃ প্রোক্তাঃ প্রিয়সখক্রিয়াঃ ॥ ৩৭ ॥
দূত্যং ব্রজকিশোরীষু তাসাং প্রণয়গামিতা।

স্থাসকশ্চন্দনাদিভিশ্চর্চ্চা ॥ ৩৬ ॥
হস্তাহস্তীতি পরস্পরমাকর্ষণাদিনা হস্তেন হস্তেন যুদ্ধমিবেত্যুৎপ্রেক্ষ্যতে ॥ ৩৭ ॥
প্রণয়গামিতা প্রণয়স্যানুমোদনমিত্যর্থঃ। তাভিঃ সহ সখ্যুঃ শ্রীকৃষ্ণস্য

সুহৃদ্‌দিগের কার্য্য ॥ ৩৫ ॥

সখাদিগের কর্ম্ম যথা।

মুখমধ্যে তাম্বূলার্পণ, তিলকনির্ম্মাণ, চন্দনলেপন ও বদনমণ্ডল চিত্রবিচিত্র করণ ইত্যাদি সকল সখাদিগের কর্ম্ম ॥ ৩৬ ॥

প্রিয়সখাদিগের কর্ম্ম যথা।

শ্রীকৃষ্ণকে যুদ্ধে পরাজিত করণ, তদীয় বস্ত্র ধারণ পূর্ব্বক আকর্ষণ, হস্ত হইতে পুষ্প কাড়িয়া লওয়া, শ্রীকৃষ্ণ কর্ত্তৃক আপনাকে অলঙ্কৃত করণ, হস্তাহস্তি প্রসঙ্গ অর্থাৎ হস্ত যুদ্ধের প্রস্তাব করণ ইত্যাদি সকল প্রিয়সখাদিগের কার্য্য ॥ ৩৭ ॥

প্রিয়নর্ম্মসখাদিগের কার্য্য যথা ॥

ব্রজকিশোরী সকলে দূত্য করণ, তাঁহাদের প্রণয়ের প্রতি

তাভিঃ কেলিকলৌ সাক্ষাৎ সখ্যুঃ পক্ষপরিগ্রহঃ।
অসাক্ষাৎ স্বস্বযূথেশাপক্ষস্থাপনচাতুরী।
কর্ণাকর্ণি কথাদ্যাশ্চ প্রিয়নর্ম্মসখক্রিয়াঃ।
বন্যরত্নাদ্যলঙ্কারৈর্মাধবস্য প্রসাধনং।
পুরস্তৌর্য্যত্রিকং তস্যাগবাং সংভালনক্রিয়াঃ।
অঙ্গসম্বাহনং মাল্যগুম্ফনং বীজনাদয়ঃ।
এতাঃ সাধারণা দাসৈর্বয়স্যানাং ক্রিয়া মতাঃ॥ ৩৮॥

কেলিকলৌ ক্রীড়াকলহে তাসাং কেবলানাং সাক্ষাত্তস্যৈব পক্ষপরিগ্রহঃ তাসামসাক্ষাত্তস্য তু সাক্ষাত্তাসাং মধ্যে যা স্বস্বাশ্রয়যূথেশা তস্যা যঃ পক্ষস্তস্যৈব স্থাপনচাতুরীত্যর্থঃ। তাসাং তস্য চ যুগপৎ সাক্ষাচ্চেত্তথাপি তস্যা এব পক্ষস্থাপনচাতুরীত্যর্থঃ। তাসাং তস্য চ যুগপত্তথাপি তস্যা এব পক্ষস্থাপনচাতুরীতি জ্ঞেয়ং। কর্ণাকর্ণীতি পূর্ব্বং ব্যাখ্যাতমেব॥ ৩৮॥

অনুমোদন, ঐ সকল কিশোরিকাদিগের সহিত শ্রীকৃষ্ণের ক্রীড়া কলহ উপস্থিত হইলে সাক্ষাতে শ্রীকৃষ্ণের পক্ষ সমর্থন এবং অসাক্ষাতে অর্থাৎ কিশোরিকাগণ উপস্থিত না থাকিলে শ্রীকৃষ্ণের অগ্রে স্ব স্ব যূথেশ্বরীর পক্ষ সমর্থন বিষয়ে চাতুর্য্য প্রকটন এবং কর্ণাকর্ণি বাক্য কথন অর্থাৎ কানে কানে কথা বলা, প্রিয়নর্ম্ম সখাদিগের এই সকল কার্য্য।

দাসের সহিত বয়স্যদিগের সাধারণ ক্রিয়া যথা॥

বন্য পুষ্পাদি ও রত্নালঙ্কার সকল দ্বারা শ্রীকৃষ্ণের অলঙ্কৃতি করণ, তাঁহার অগ্রে নৃত্য, গীত, গোশুশ্রূষাদি ক্রিয়া, অঙ্গমর্দ্দন, মাল্যগ্রন্থন ও বীজন ইত্যাদি দাসদিগের সহিত বয়স্যগণের সাধারণ কর্ম্ম॥ ৩৮॥

পূর্ব্বোক্তেম্বপরাশ্চাত্র জ্ঞেয়া ধীরৈর্যথোচিতং ॥

অথ সাত্ত্বিকাঃ ॥

তত্র স্তম্ভো যথা ॥

নিষ্ক্রামন্তং নাগমুম্মথ্য কৃষ্ণং
শ্রীদামায়ং দ্রাক্ পরিষ্বক্তুকামঃ।
লব্ধস্তম্ভো সংভ্রমারম্ভশালী
বাহুস্তম্ভো পশ্য নোৎক্ষেপ্তুমীষ্টে ॥

স্বেদো যথা ॥

ক্রীড়োৎসবানন্দরসং মুকুন্দ
স্বাত্যম্বুদে বর্ষতি রমাঘোষে।

পূর্ব্বোক্তেম্বনুভাবেম্বপরা অগণিতাঃ কেচনানুভাবাঅত্র জ্ঞেয়াঃ ইতি যাবৎ ॥ ৩১॥

পূর্ব্বে যে যে অনুভাব বলিয়াছি এবং এক্ষণে যাহা যাহা বলিলাম, পণ্ডিতগণ এই সকলকে যথাযোগ্য বিবেচনা করিবেন ॥

অথ সাত্ত্বিক ॥

তন্মধ্যে স্তম্ভ যথা ॥

শ্রীকৃষ্ণকালিয়নাগকে দমনপূর্ব্বক নির্গত হইলে এই শ্রীদাম শীঘ্র আলিঙ্গন করিতে ইচ্ছা করিয়া সংভ্রমশালী স্তম্ভান্বিত বাহুদ্বয় আর উত্তোলন করিতে পারিতেছেন না অবলোকন কর ॥

স্বেদ অর্থাৎ ঘর্ম্ম যথা ॥

মুরলীর মনোহর গর্জন সহকারে মুকুন্দরূপ স্বাতি নক্ষ-

শ্রীদামমূর্ত্তি র্বরশুক্তিরেষা
স্বেদাম্বুমুক্তাপটলীং প্রসূতে ॥ ৩৯ ॥
রোমাঞ্চো যথা ॥
দানকেলিকৌমুদ্যাং ॥
অপি গুরুপুরস্থং দোস্তম্ভৌ প্রসার্য্য নিরর্গলং
বিপুলপুলকৌ ধন্যঃ স্বৈরী পরিষ্বজসে হরিং।
প্রণয়তি তব স্কন্ধে চাসৌ ভুজং ভুজগোপমং
ক সুবল পুরা সিদ্ধক্ষেত্রে চকর্থ কিয়ত্তপঃ ॥ ৪০ ॥
স্বরভেদাদিচতুষ্কং যথা ॥

অপি গুরুপুর ইতি শ্রীরাধায়া মানসমেবানুতাপবচনং শুরবোহত্র শ্রীরামাদয় এব ॥ ৪০ ॥

ত্রীয় মেঘ, ক্রীড়োৎসব রূপ আনন্দবারি বর্ষণ করিলে উৎকৃষ্ট শুক্তি সদৃশ শ্রীদামমূর্ত্তি ঘর্ম্মবিন্দুময় মুক্তারাশি প্রসব করিয়াছিলেন ॥ ৩৯ ॥

রোমাঞ্চ যথা দানকেলিকৌমুদীতে।

শ্রীরাধা উত্তপ্তমনে কহিলেন সুবল! তুমি ধন্য, যেহেতু অবাধে গুরুজনের সমক্ষেও বিপুল পুলকশালি বাহুদ্বয় প্রসারণ করিয়া স্বেচ্ছাচারে শ্রীকৃষ্ণকে আলিঙ্গন করিতেছ, শ্রীকৃষ্ণও তোমার স্কন্ধে ভুজগ সদৃশ ভুজদ্বয় নিক্ষেপ করিতেছেন অতএব বল দেখি তুমি পূর্ব্বে কোন্ সিদ্ধক্ষেত্রে কি রূপ তপস্যা করিয়াছিলে ॥ ৪০ ॥

স্বরভেদাদি চতুষ্টয় অর্থাৎ

প্রবিষ্টবতি মাধবে ভুজগরাজভাজং হ্রদং
তদীয়সুহৃদস্তদা পৃথুলবেপথু-ব্যাকুলাঃ।
বিবর্ণবপুষঃ ক্ষণাদ্বিকট ঘর্ঘরধ্যায়িনো
নিপত্য নিকটস্থলী ভুবি সুষুপ্তিমারেভিরে॥ ৪১ ॥
অথ অশ্রু যথা॥
দাবং সমীক্ষ্য বিচরন্তমিষীকতুলৈ-
স্তস্য ক্ষয়ার্থমিব বাষ্পঝরং কিরন্তী।

স্বরভেদাদিচতুষ্কমিতি। অশ্রুত্যাক্ত্ব। পূর্ব্বোদ্দিষ্টক্রমো নতু শ্লোকক্রমঃ ক্ষণাদিতি ক্ষণমতিক্রম্য নিকটেত্যাদি লক্ষণাঃ। এবমেবং ভূত্বা নিপত্যেতি নিপতনাদনন্তরমিত্যর্থঃ। সুষুপ্তিমিতি তামিব নিশ্চেষ্টাবস্থামিত্যর্থঃ॥ ৪১॥

ইষীকাঃ শরপুষ্পদণ্ডাস্তাসাং তূলৈ। ইষ্টকেষিকামালানাং চিতূলভারিষিতি হ্রস্বত্বং। প্রকরণবলাদত্রাভীরাদিশব্দা সখিষ্বেব পর্য্যবস্যন্তি।

অশ্রু পরিত্যাগ করিয়া পূর্ব্বোক্ত ক্রম যথা॥

শ্রীকৃষ্ণ কালিয়হ্রদে প্রবেশ করিলে তৎকালীন তদীয় সুহৃদ্গণ ব্যাকুল চিত্তে অতিশয় পুলক ও বিবর্ণ দেহ ধারণ পূর্ব্বক ক্ষণকাল বিকট ঘর্ঘর শব্দ করিতে করিতে নিকটস্থ ভুমিতে পতিত হইয়া সুষুপ্তিদশার ন্যায় নিশ্চেষ্ট অবস্থা প্রাপ্ত হইয়াছিলেন॥ ৪১॥

অশ্রু যথা॥

শরপুষ্প দণ্ড সকলের তুলা সমূহে দাবানল বিচরণ করিতেছে দেখিয়া তাহার বিনাশ নিমিত্তই যেন বাষ্পবারি বিমোচন করিতে করিতে পদ্মমালাধারী বয়স্যগণ আপনাকে

স্বামপ্যুপেক্ষ্য তনুমম্বুজমালভারি-
ণ্যাভীরবীথিরভিতো হরিমাবরিষ্ট ॥ ৪২ ॥

অথ ব্যভিচারিণঃ ॥

ঔগ্রং ত্রাসং তথালস্যং বর্জয়িত্বাখিলাঃ পরে।
রসে প্রেয়সি ভাবজ্ঞৈঃ কথিতা ব্যভিচারিণঃ।
তত্রাযোগে মদং হর্ষং গর্ব্বং নিদ্রাং ধৃতিং বিনা।
যোগে মৃতিং ক্লমং ব্যাধিং বিনাপস্মৃতি দীনতে ॥ ৪৩ ॥

তত্র হর্ষো যথা ॥

নিষ্ক্রময্য কিল কালিয়োরগং

তমেপাপ্রমিদমনিষ্টস্য নিশ্চয়াচ্ছোকমগ্নহৃদয়েতি জ্ঞেয়ং ॥ ৪২ ॥

ঔগ্র্যমত্র কেবল কৃষ্ণবিষয়ং ত্রাসং কেবলতদ্বেতুকমালস্যং তদানুকূল্য বিষয়ং বর্জয়িত্বেতি তত্তদুপাদিসম্ভাবোত্তত্র তত্রাবর্ণয়েদেবেতি ॥ ৪৩ ॥

গীর্ম্বলংপদত্বং পদাবসানস্যাশঙ্কানির্ণয়স্ববিবশাঙ্গত্বমক্ষরাবসানস্যেতি ॥ ৪৪ ॥

উপেক্ষা করিয়া সর্ব্বতোভাবে শ্রীকৃষ্ণকে গিয়া আবরণ করিলেন ॥ ৪২ ॥

অথ ব্যভিচারী ॥

ভাবজ্ঞ পণ্ডিতেরা বলিয়াছেন, উগ্রতা, ত্রাস ও আলস্য পরিত্যাগকরিয়া অন্য সমুদায় ব্যভিচারী ভাব প্রেয়োরসে হইয়া থাকে। তন্মধ্যে অমিলন অবস্থায় মদ, হর্ষ, গর্ব্ব, নিদ্রা ও ধৃতি তথা মিলন অবস্থায় মৃতি, ক্লম, ব্যাধি, অপস্মৃতি ও দীনতা ইত্যাদি ব্যভিচারী ভাব প্রকাশ পায় না ॥ ৪৩ ॥

তন্মধ্যে অর্থাৎ অযোগে হর্ষ যথা ॥

ব্রজরাজনন্দন কালিয়নাগকে নির্ব্বাসন পূর্ব্বক আসিয়া

বল্লবেশ্বরসুতে সমীয়ুষি।
সম্মদেন সুহৃদঃ স্খলৎপদা
স্তব্ধিগিরশ্চ বিবশাঙ্গতাং গতাং ॥ ৪৪ ॥
অথ স্থায়ী ॥
বিমুক্তসংভ্রমা যা স্যাদ্বিশ্রম্ভাত্মা রতির্দ্বয়োঃ।
প্রায়ঃ সমানয়োরত্র সা সখ্যং স্থায়িশব্দভাক্ ॥ ৪৫ ॥
বিশ্রম্ভো গাঢ়বিশ্বাসবিশেষো যন্ত্রণোজ্ঝিতঃ।
এষা সখ্যরতির্বৃদ্ধিং গচ্ছন্তী প্রণয়ঃ ক্রমাৎ।
প্রেমা স্নেহস্তথা রাগ ইতি পঞ্চবিধোদিতা ॥

বিশ্রম্ভাত্মা যা রতিঃ সা বিমুক্তসংভ্রমা সতী সখ্যং স্যাৎ তচ্চ স্থায়িশব্দভাগিত্যন্বয়ঃ। সংভ্রমোঽত্র গৌরবকৃতবৈয়গ্র্যং ॥ ৪৫ ॥

গাঢ়বিশ্বাসবিশেষোঽত্র পরস্পরং সর্ব্বথা স্বাভেদপ্রতীতিঃ অতএব যন্ত্রণোজ্ঝিতশ্চ ॥ ৪৬ ॥

মিলিত হইলে, হর্ষাতিশয় প্রযুক্ত সুহৃদ্গণ স্খলিতপদ ও স্খলিতবাক্য হইয়া অঙ্গে বিবশতা ধারণ করিয়াছিলেন ॥৪৩॥

অথস্থায়ী ॥

প্রায় পরস্পর সমান সখাদ্বয়ের যে সম্ভ্রমশূন্য বিশ্বাসময়ী রতি তাহাকে সখ্য বলে এবং ঐ সখ্যেই স্থায়ী শব্দ প্রয়োগ হয় ॥ ৪৫ ॥

অতিশয় বিশ্বাস বিশেষের নাম বিশ্রম্ভ, কিন্তু এই বিশ্রম্ভে উল্লিখিত রতি বৃদ্ধিপ্রাপ্ত হইয়া ক্রমে সখ্য রতি, প্রণয়, প্রেম, স্নেহ ও রাগ এই পঞ্চ প্রকারে কথিত হয় ॥

তত্র সখ্যরতির্যথা ॥

মুকুন্দো গান্দিনীপুত্র ত্বয়া সন্দিশ্যতামিতি।

গরুড়াঙ্ক গুড়াকেশস্ত্বাং কদা পরিরপ্স্যতে ॥ ৪৬ ॥

প্রণয়ঃ ॥

প্রাপ্তায়াং সংভ্রমাদীনাং যোগ্যতায়ামপি স্ফুটং।

তদ্গন্ধেনাপ্যসংস্পৃষ্টা রতিঃ প্রণয় উচ্যতে ॥ ৪৭ ॥

যথা ॥

সুরৈস্ত্রিপুরজিন্মুখৈরপি বিধীয়মানস্তুতে

রপি প্রথয়তঃ পরামধিকপারমেষ্ঠ্যশ্রিয়ং।

(প্রেমাদীনাং লক্ষণং পূর্ব্ববং প্রণয়স্য তু বক্ষ্যতে ॥ ৪৭ ॥

সুরৈস্ত্রিপুরজিন্মুখৈরিতি অসুরাণাং বধাস্তেষাদৃশী লীলা জ্ঞেয়া ॥ ৪৮ ॥

তন্মধ্যে সখ্যরতি যথা ॥

অক্রূরের প্রতি অর্জ্জুন কহিলেন হে গান্দিনীনন্দন! আপনি মুকুন্দকে বলিবেন, হে গরুড়ধ্বজ! অর্জ্জুন কবে তোমাকে আলিঙ্গন করিবে ॥ ৪৬ ॥

অথ প্রণয় ॥

যে রতিতে স্পষ্টরূপে সংভ্রমাদির প্রাপ্তিযোগ্যতা থাকিলে তাহাতে যদি সংভ্রমলেশ স্পর্শ না হয়, তাহা হইলে তাহাকে প্রণয় বলা যায় ॥ ৪৭ ॥

যথা

ত্রিপুরারি প্রভৃতি দেবগণ স্তুতিদ্বারা শ্রীকৃষ্ণের পর-মেশ্বরত্ব সম্পদ্ বিস্তার করিতেছেন, অর্জ্জুন নামা ব্রজবয়স্য

দধৎপুলকিনং হরেরধিশিরোধি সব্যং ভুজং
সমস্কুরুত পাংশুলান্ শিরসি চন্দ্রকানর্জ্জুনঃ ॥ ৪৮ ॥

প্রেম যথা ॥

ভবত্যুদয়তীশ্বরে সুহৃদি হন্ত রাজ্যচ্যুতি-
র্মুকুন্দবসতির্বনে পরগৃহেচ দাস্যক্রিয়া।
ইয়ং স্ফুটমমঙ্গলা ভবতু পাণ্ডবানাং গতিঃ

ভবত্যুদয়তীতি পাণ্ডবানামজ্ঞাতবাসসময়ে শ্রীনারদবচনং। তত্রেয়মমঙ্গলা গতি র্ভবত্বিতি অতিসর্গনাম্নী যা কামচারাভ্যনুজ্ঞা তস্যাং লোট্। যতঃ সা গতিস্তেষাং ন সর্থাস্য হানিকরী প্রত্যুত তস্যাং তস্য বৃদ্ধিরেব দৃশ্যত ইত্যাহ পরস্তিতি তেষাং ভবতি প্রেমা ভবতা কৃতৈরুপকারৈর্ন জনিতঃ। কিন্তুস-মোর্দ্ধ্ব ভবদ্‌গুণগণানামনুভাবেনৈব। তেচত ভবদুদাসীনতাময়ং তেষাংদুঃখানুভবং নির্ধূয় স্ফুরন্তং প্রেমাণমেদয়ন্ত এব বিরাজন্ত ইতি ভাবঃ। ববৃধ ইতি সিদ্ধবন্নির্দ্দেশাদ্দার্ঢ্যং বোধয়তি। পরোক্ষনির্দ্দেশাত্তেষামেবানুভবগম্যং। তদস্মাকন্তু লক্ষণদৃষ্ট্যানুভবগম্যমেবেতি সূচয়তি ॥ ৪৯ ॥

ঐ শ্রীকৃষ্ণের স্কন্ধোপরি বামভুজ সমর্পণ করিয়া তদীয় মস্ত-কস্থ ময়ূরপুচ্ছের ধূলি সকল সংস্কার করিতে লাগিলেন ॥ ৪৮ ॥

প্রেম যথা ॥

পাণ্ডবদিগের অজ্ঞাতবাস সময়ে নারদ কহিলেন, হে মুকুন্দ! তুমি পরমেশ্বর, পাণ্ডবদিগের সুহৃদ্ থাকায় তাঁহাদের রাজ্যচ্যুতি, বনে বাস এবং পরগৃহে দাস্যকর্ম্ম, ইত্যাদি স্পষ্ট অমঙ্গলময়ী দুর্গতি হইয়াছে, তথাপি তোমাতে ঐ পাণ্ডব

পরন্তু ববৃধে ত্বয়ি দ্বিগুণমেব সখ্যামৃতং ॥
স্নেহো যথা শ্রীদশমে ॥
অন্যে তদনুরূপাণি মনোজ্ঞানি মহাত্মনঃ।
গায়ন্তি স্ম মহারাজ স্নেহক্লিন্নধিয়ঃ শনৈঃ ॥ ৪৯ ॥
যথাবা ॥
আর্দ্রাঙ্গস্খলদচ্ছধাতুষু সুহৃদ্গোত্রেষু লীলারসং
বর্ষত্যুচ্ছ্বসিতেষু কৃষ্ণমুদিরে ব্যক্তং বভূবাদ্ভুতং।

কৃষ্ণমুদিরে লীলারসং বর্ষতি সতি আর্দ্রাদঙ্গাৎ স্খলন্তঃ অচ্ছাঃ স্বচ্ছা ধাতবো গৈরিকাদ্যঙ্গরাগা যেষাং তাদৃশেষু সুহৃদ্রূপেষু গোত্রেষু পর্ব্বতেষু উচ্ছ্বসিতেষু

দিগের দ্বিগুণ রূপে সখ্যামৃত বর্দ্ধিত হইয়াছিল ॥

অথ স্নেহ ॥

যথা শ্রীদশমে ১৫ অধ্যায়ে ১৫ শ্লোকে ॥

মহারাজ! মহাত্মা শ্রীকৃষ্ণ ক্রীড়া করিতে করিতে শয়ন করিলে অন্য কতিপয় গোপবালক স্নেহে আর্দ্রচিত্ত হইয়া ধীরে ধীরে তদীয় মনোজ্ঞ গীত সকল গান করিতে লাগিলেন ॥ ৪৯ ॥

যথাবা ॥

কৃষ্ণমেঘে অতিশয় লীলারস বর্ষণ করায় সুহৃদ রূপ গোত্র অর্থাৎ পর্ব্বতসকলে আর্দ্র শরীর প্রযুক্ত গৈরিকাদি ধাতু স্খলিত হইয়া আশ্চর্য্য বিষয় ব্যক্ত হইয়াছিল, যথা— পূর্ব্বে যে সরস্বতী অর্থাৎ বাণীরূপা নদী প্রবাহিত ছিল, ঐ

যা প্রাগাস্ত সরস্বতী দ্রুতমসৌ লীনোপকণ্ঠস্থলে
যা নাসীদুদগাদ্‌দৃশোঃ পথি সদা নীরোরু ধারাত্র সা ॥ ৫০ ॥

রাগো যথা ॥

অস্ত্রেণ দুষ্পরিহরা হরয়ে ব্যকারি
যা পত্রিপঙ্‌ক্তিরকৃপেণ কৃপীসুতেন।
উৎপ্লুত্য গাণ্ডিবভৃতা হৃদি গৃহ্যমাণা
জাতাস্য সা কুসুমবৃষ্টিরিবোৎসবায় ॥

যথাবা ॥

উচ্চৈঃ শ্বাসযুক্তেষু। পক্ষে বৃক্ষাদিবৃদ্ধা। উচ্ছৃণেষু॥আস্ত আসীৎ। সরস্বতী বাণী। পক্ষে নদী। উপকণ্ঠস্থলে কণ্ঠস্য সমীপে। পক্ষে নিকটে যা নীরোরুধারা দৃশোঃ পথি নাসীৎ সা সদা উদগাৎ। পক্ষে সদানীরা করতোয়াখ্যা নদী ॥ ৫০ ॥
ব্যকারি ক্ষিপ্তা ॥ ৫১ ॥

সুহৃৎ-রূপ পর্ব্বতের কণ্ঠদেশে লীন হইল, আর যাহা কখন নির্গত হয় নাই এমত চক্ষুর্দ্বয়ের পথে অনবরত ধারা প্রবাহিত হইতে লাগিল ॥ ৫০ ॥

রাগ যথা ॥

নিষ্ঠুর অশ্বত্থামা অস্ত্র দ্বারা দুষ্পরিহার্য্য বাণপঙ্‌ক্তি শ্রীকৃষ্ণের উপরে নিক্ষেপ করিলে গাণ্ডীবধারী অর্জ্জুন লম্ফ দিয়া ঐ বাণশ্রেণী আপনার হৃদয় মধ্যে ধারণ করিলেন, তাহাতে অর্জ্জুন আনন্দোৎসব নিমিত্ত ঐ বাণবৃষ্টি পুষ্পবৃষ্টি সদৃশ হইয়াছিল ॥

যথাবা ॥

কুসুমান্যবচিন্বতঃ সমন্তা-
দ্বনমালারচনোচিতান্যরণ্যে।
বৃষভস্য বৃষার্কজামরীচী
দিবসার্দ্ধেঽপি বভূব কৌমুদীব॥

অথাযোগে উৎকণ্ঠিতং॥

ধনুর্বেদমধীয়ানো মধ্যমস্ত্বয়ি পাণ্ডবঃ।
বাষ্পসঙ্কীর্ণয়া কৃষ্ণ গিরাশ্লেষং ব্যজিজ্ঞপৎ॥ ৫১॥

অথ বিয়োগঃ॥

যথা পত্রী॥

অঘস্য জঠরানলাৎ ফণিহ্রদস্যচ ক্ষেড়তো

ধাটি চলাদাক্রমণমিতি ক্ষীরস্বামী॥ ৫২॥

বৃষভ নামা সখা অরণ্যের সর্ব্ব প্রদেশে শ্রীকৃষ্ণের বনমালার উপযুক্ত কুসুমসকল চয়ন করিতেছিলেন, তাহাতে তাঁহার মধ্যাহ্নকাল হয়, যদিচ তৎকালীন বৃষরাশিস্থ ভাস্করের প্রচণ্ড কিরণ পতিত হইতেছিল তথাপি ঐ বৃষভের সম্বন্ধে তাহা চন্দ্রিকাতুল্য হইয়াছিল॥

অযোগে উৎকণ্ঠিত যথা॥

হে কৃষ্ণ! মধ্যমপাণ্ডব অর্জ্জুন ধনুর্ব্বেদ অধ্যয়ন করিতে করিতে বাষ্পপূরিত গদগদবাক্যে তোমাতে আলিঙ্গন নিবেদন করিয়াছিলেন॥ ৫১॥

অথ বিয়োগ যথা॥

পত্রী নামা ভৃত্য কহিল প্রভো! অঘাসুরের জঠরানল,

দবস্য কবলাদপি ত্বমবিতাত্র যেষামভূঃ।
ইতস্ত্রিতয়তোঽপ্যতিপ্রকটঘোরধাটীধরাৎ
কথং ন বিরহজ্বরাদবসিতান্ সখীন্নদ্য নঃ।
অত্রাপি পূর্ব্ববৎ প্রোক্তাস্তাপাদ্যাস্তা দশা দশ॥
তত্র তাপঃ॥
প্রপন্নো ভাণ্ডীরেঽপ্যধিকশিশিরে চণ্ডিমভরং
তুষারেঽপি প্রৌঢ়িং দিনকরসুতাস্রোতসি গতঃ।
অপূর্ব্বঃ কংসারে, সুবলমুখমিত্রাবলিমসৌ
বলীয়ানুত্তাপস্তব বিরহজন্মা জ্বলয়তি॥ ৫২॥
কৃশতা॥

কালিয়হ্রদের বিষ এবং দাবানলের গ্রাস এই তিন হইতে আপনি যাহাদের রক্ষক হইয়াছেন, কিন্তু ইঁহা অপেক্ষাও বলবান্ আপনার বিরহজ্বর হইতে আমরা যে সেই সখাগণ আজ্ আমারে রক্ষা না করিবেন কেন?॥

এস্থলেও পূর্ব্বোক্ত তাপাদি দশ দশা কথিত হইয়াছে॥

তন্মধ্যে তাপ যথা॥

হে কংসারে! তোমার বিরহজনিত উত্তাপ অতিশয়, আশ্চর্য্য, যে হেতু শীতল ভাণ্ডীরবটে অতিশয় প্রাখর্য্য এবং হিমতুল্য ভানুতনয়ার স্রোতে অধিকতর বৃদ্ধি লাভ করিয়া ঐ উত্তাপ সুবল প্রভৃতি মিত্রগণকে নিরন্তর দগ্ধ করিতেছে॥ ৫২॥

কৃশতা যথা॥

ত্বয়ি প্রাপ্তে কংসক্ষিতিপতিবিমোক্ষায় নগরী
গভীরাদাভীরাবলিতনুষু খেদাদমুদিনং।
চতুর্ণাং ভূতানামজনি তনিমা দানবরিপো
সমীরস্য ঘ্রাণাধ্বনিপৃথুলতা কেবলমভূৎ॥

জাগর্য্যা॥

নেত্রাম্বুজদ্বন্দ্বমবেক্ষ্য পূর্ণং
বাষ্পাম্বুপূরেণ বরূথপস্য।
তত্রানুবৃত্তিং কিল যাদবেন্দ্র
নির্ব্বিদ্য নিদ্রা মধুপী মুমোচ॥

আলস্যশূন্যতা॥

চতুর্ণামিত্যাকাশস্যাপি তনিমা দেহকাশে৷'ন বিবরাণাং শূন্যত্বপ্রাপ্তেঃ॥ ৫৩॥

হে অসুরঘাতিন্! তুমি কংসরাজকে বিমোচন করিবার নিমিত্ত মধুপুরী গমন করিলে খেদ প্রযুক্ত গোপ সকলের দেহে চারিটী ভূতের অর্থাৎ পৃথিবী, জল, অগ্নি, আকাশ এই চতুষ্টয়ের ক্ষীণতা হইয়াছিল কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে, কেবল নাসারন্ধ্রে বায়ুই প্রবলরূপে প্রবাহিত হইতেছিল॥

জাগরণ যথা॥

হে যাদবেন্দ্র! বরূথপ নামক তোমার সখার নেত্র কমল বাষ্পবারিতে পরিপূর্ণ দেখিয়া, নিদ্রারূপা ভ্রমরী খেদপ্রযুক্ত ঐ নেত্রপদ্মের পরিচর্য্যা পরিত্যাগ করিয়াছিল॥

আলস্য শূন্যতা॥

গতে বৃন্দারণ্যাৎ প্রিয়সুহৃদি গোষ্ঠেশ্বরসুতে
লঘূভূতং সদ্যঃ পতদতিতরামুৎপতদপি।
নহি ভ্রামং ভ্রামং ভজতি চটুলং তূলমিব মে
নিরালম্বং চেতঃ ক্বচিদপি বিলম্বং লবমপি ॥

অধৃতি ॥

রচয়তি নিজবৃত্তৌ পাশুপাল্যে নিবৃত্তিং
কলয়তি চ কলানাং বিস্মৃতৌ যত্নকোটিং।
কিমপরমিহ বাচ্যং জীবিতেপ্যদ্য ধত্তে
যদুবর বিরহাত্তে নার্থিতাং বন্ধুবর্গঃ ॥ ৫৩ ॥

জড়তা ॥

অনাশ্রিতপরিচ্ছদাঃ কৃশবিশীর্ণরুক্ষাঙ্গকাঃ

পরিচ্ছদা বেশাদয়ঃ পক্ষে পরিতঃ ছদাঃ পত্রাণি। ছায়া কান্তিঃ। পক্ষে

প্রিয়সুহৃদ্ ব্রজরাজনন্দন বৃন্দাবন হইতে গমন করিলে আমার চঞ্চল মন নিতান্ত লঘু হইয়াছিল, সুতরাং তূলের ন্যায় আলম্ব শূন্য হইয়া চতুর্দ্দিক্ ভ্রমণ করিতে করিতে কোথাও অণুমাত্র বিলম্ব করিতে পারে নাই ॥

অধৃতি ॥

হে যদুবর! তোমার বিরহে তদীয় বন্ধুবর্গ পশুপালন-রূপ নিজ বৃত্তিতে বৃত্তি কল্পনা করিতেছেন না, গানাদি কৌশল বিস্মরণ হইবার নিমিত্ত কোটি কোটি যত্ন করিতেছেন, অধিক কি বলিব আপনারা জীবিত থাকিতেও আর প্রার্থনা করিতে-ছেন না ॥ ৫৩ ॥

জড়তা যথা ॥

হে মুকুন্দ! তোমার সুহৃদ্বর্গ পর্ব্বতাগ্রজাত বৃক্ষের ন্যায়

সদা বিফলদ্রুতয়ো বিরহিতাঃ কিশলচ্ছায়য়া।
বিরাবপরিবর্জিতাস্তব মুকুন্দ গোষ্ঠান্তরে
স্ফুরন্তি সুহৃদাং গণাঃ শিখরজাতবৃক্ষা ইব ॥ ৫৪ ॥

ব্যাধিঃ ॥

বিরহজ্বরসংজ্বরেণ তে
জ্বলিতা বিশ্লথগাত্রবন্ধনা।
যদুবীর তটে বিচেষ্টতে
চিরমাভীরকুমারমণ্ডলী ॥

উন্মাদঃ ॥

বিনা ভবদনুস্মৃতিং বিরহবিভ্রমেণাধুনা

অনাতপঃ। বিরাবো বিশেষেণ রাবঃ। পক্ষে বীনাং পক্ষিণাং রাবঃ। শিখরজাতবৃক্ষা ইবেত্যেব পাঠঃ বিশিষ্টৈস্তৈরেবাত্রোপমানত্বাৎ। ৫৪ ॥

বিরহ এব জ্বরঃ তস্য সংজ্বরেণ সন্তাপেন। ৫৫ ॥

পরিচ্ছদ শূন্য, কৃশ, বিশীর্ণ, রুক্ষাঙ্গ, সর্ব্বদা বিফল জীবিকা, শোভা বিরহিত ও নীরব হইয়া গোকুল মধ্যে অবস্থিতি করিতেছেন ॥ ৫৪ ॥

ব্যাধি যথা ॥

হে যদুবীর! তোমার বিরহ জ্বরের সন্তাপে গোপকুমার মণ্ডলী শিথিল গাত্রে বহু দিন যাবৎ যমুনাকূলে ভ্রমণ করিতেছেন ॥

উন্মাদ যথা ॥

হে মথুরাপতে! তোমার স্মরণ না থাকা প্রযুক্ত সম্প্রতি

জগদ্ব্যবহৃতিক্রমং নিখিলমেব বিস্মারিতাঃ।
লুণ্ঠন্তি ভুবি শেরতে বত হসন্তি ধাবন্ত্যমী
রুদন্তি মথুরাপতে কিমপি বল্লবানাং গণাঃ॥ ৫৫॥
মূর্চ্ছিতং॥
দীব্যতীহ মধুরে মথুরায়াং
প্রাপ্য রাজ্যমধুনা যদুনাথে।
বিশ্বমেব মুদিতং রুদিতান্ধে
গোকুলেতু মুহুরাকুলতাভূৎ॥

দীব্যতীতি শ্রীকৃষ্ণং প্রতি সখিবিশেষসন্দেশঃ। অত্র রুদিতান্ধ ইত্যাদিনা মুহুর্মূর্চ্ছা ধ্বনাতে। রুদিতান্ধত্বং খলু রোদনানন্তরং মুহুর্মূর্চ্ছিতত্বং তচ্চ গোকুলং লক্ষীকৃত্য স্বয়মেব ব্যজ্যতে ইতি। আকুলতা চাত্র রোদনমূর্চ্ছাপৌনঃপুন্যেন ব্যাকুলতা॥ ৫৬॥

গোপগণ বিরহবিভ্রমে বিহ্বল হইয়া নিখিল জগতের চেষ্টা সমুদায় বিস্মৃত হইয়াছেন, তাঁহারা কখন ভূমিতে লুণ্ঠিত, কখন শয়ন, কখন হাস্য, কখন ধাবন এবং কখন বা রোদন করিতেছেন॥ ৫৫॥

মূর্চ্ছিত যথা॥

হে মধুনাথ! সম্প্রতি তুমি মথুরায় রাজ্যপ্রাপ্ত হইয়া ক্রীড়ারত থাকাতে সমুদায় জগৎ আনন্দময় হইয়াছে বটে কিন্তু রুদিতান্ধ গোকুলে নিরন্তর ব্যাকুলতা বৃদ্ধি প্রাপ্ত হইতেছে॥

স্মৃতিঃ ॥

কংসারে বিরহজ্বরোর্ম্মিজনিতজ্বালাবলীজর্জ্জরা
গোপাঃ শৈলতটে তথা শিথিলিতশ্বাসাঙ্কুরাঃ শেরতে।
বারং বারমথর্দ্ধিলোচনজলৈরাপ্লাব্য তানিশ্চলান্
শোচন্ত্যদ্য যথা চিরং পরিচয়স্নিগ্ধাঃ কুরঙ্গা অপি ॥ ৫৬ ॥
প্রোক্তেয়ং বিরহাবস্থা স্পষ্টলীলানুসারতঃ।

প্রোক্তেয়মিতি স্পষ্টলীলানুসারেণেত্যনেন ।উত্তরার্দ্ধেস্পষ্টলীলানুসারেণেতি গম্যতে। স্পষ্টলীলা প্রকটলীলা। লীলাহি দ্বিবিধা। প্রকটা অপ্রকটা-চেতি। তত্র প্রকটা প্রাপঞ্চিকলোকগোচরীভূতা। সাচ কাদাচিৎকী। অপ্র-কটা তদগোচরীভূতা। সা তু নিত্যৈব শ্রীবৃন্দাবনাদৌ বর্ত্ততে। নৈব বন্ধু স্থানাদৌ আগমনাদৌ তাপনীশ্রুত্যাদৌ শ্রূয়তে জননিবাস ইত্যাদৌ চ প্রসিদ্ধত্বে তস্যাস্তু দেশান্তরগমনাদিকং নাস্তি নিত্যত্বাদেব কিন্তু প্রকটায়ামেব কদাচিত্ত-দস্তি প্রাপঞ্চিকলোকগোচরীভাবশ্চ সপরিকরস্য ভগবতস্তত্তল্লীলানুসারেণ

স্মৃতি যথা ॥

হে কংসারে! তোমার বিরহজ্বর-তরঙ্গজনিত জ্বালাসমূহে গোপগণ জর্জ্জর হইয়া অল্প অল্প শ্বাস পরিত্যাগ করত পর্ব্বত-তটে শয়ন করিয়া রহিয়াছেন, যেমন পরিচিত বন্ধুজনকে বিপদান্বিত দেখিয়া অশ্রুমোচন পূর্ব্বক শোক করিয়া থাকে, তাহার ন্যায়, মৃগগণও বারম্বার বিপুল নয়নজলপ্রবাহ-দ্বারা ঐ সকল নিশ্চেষ্ট গোপগণকে সেচন করিতেছে ॥

প্রকট লীলার অনুসারে এই বিরহাবস্থা বর্ণিত হইল,

কৃষ্ণেন বিপ্রয়োগঃ স্যান্ন জাতু ব্রজবাসিনাং ॥

তথা চ স্কান্দে মথুরাখণ্ডে ॥

বৎসৈর্বৎসতরীভিশ্চ সদা ক্রীড়তি মাধবঃ।

বৃন্দাবনান্তরগতঃ সরামো বালকৈর্বৃতঃ ॥ ৫৭ ॥

অথ যোগে সিদ্ধির্যথা ॥

পাণ্ডবঃ পুণ্ডরীকাক্ষঃ প্রেক্ষ্য চক্রিনিকেতনে।

কদাচিন্নভবতি। তত্র ষোড়শসহস্রকন্যাবিবাহবল্লীলা শক্ত্যা প্রাদুর্ভাবভেদাদভিমানভেদঃ। পরস্পরমননুসন্ধানঞ্চ তত্তল্লীলারসরক্ষণায় স্যাৎ তদনাথাত্বু বিয়োগ এব ন স্যাৎ তস্মাৎ প্রকটলীলায়াং বিয়োগে জাতেঽপ্যপ্রকটলীলায়াং তদভাবায় জাখিতুাক্তং। কিন্তু প্রকটলীলামেবোদ্দিশ্য সর্ব্বেয়ং রচনেতি তস্যাঃ পর্য্যবসানরম্যত্বমবশ্যং স্থাপনীয়ং। তচ্চ ব্রজে পুনঃ সঙ্গতা দ্বয়োর্লীলয়োঃ শ্রীভগবতা কৃতে পুনরেকীভাবে প্রকটলীলাগত বিরহশ্চ শাম্যতীতি বিবরণময়ে বৎসবরসপ্রাপ্তে জ্ঞেয়ং ॥ ৫৭ ॥

পাণ্ডবোঽত্রার্জ্জুনঃ সপো্য মুখান্বাৎ চক্রী দ্রুপদনগরস্য কুম্ভকারঃ। তথৈব

কিন্তু নিত্যলীলায় শ্রীকৃষ্ণের সহিত ব্রজবাসিদিগের কখনই বিচ্ছেদ নাই ॥

যথা স্কন্দপুরাণান্তর্গত মথুরাখণ্ডে ॥

শ্রীকৃষ্ণ বলদেব ও ব্রজবালকগণে পরিবৃত হইয়া বৎস ও বৎসতরীর সহিত নিরন্তর ক্রীড়া করিতেছেন ॥ ৫৭ ॥

অথ যোগে সিদ্ধি যথা ॥

অর্জ্জুন দ্রুপদনগরের কুম্ভকারের গৃহে শ্রীকৃষ্ণকে অবলো-

চিত্রাকারং ভজন্নেব মিত্রাকারমদর্শয়ৎ ॥
তুষ্টির্যথা শ্রীদশমে ॥
তং মাতুলেয়ং পরিরভ্য নির্বৃতো
ভীমঃ স্ময়ন্ প্রেমজলাকুলেন্দ্রিয়ঃ।
যমৌ কিরীটীচ সুহৃত্তমং মুদা
প্রবৃদ্ধবাষ্পাঃ পরিরেভিরেঽচ্যুতং ॥ ৫৮ ॥
যথাবা ॥
কুরুজাঙ্গলে হরিমবেক্ষ্য পুরঃ
প্রিয়সঙ্গমং ব্রজসুহৃদ্মি করাঃ।

ভারতাদ্যাখ্যানাৎ। চিত্রস্যাকারমাকৃতিং তত্তুল্যতাং মিত্রযোগ্যাকারমিঙ্গিতং ॥ ৫৮ ॥

প্রকটলীলায়ামপি শ্রীব্রজসুহৃদমিকরাণাং তুষ্টিমাহ কুরুজাঙ্গল ইতি। কুরু-

কন করিয়া তুল্যাকৃতি প্রযুক্ত তাঁহার সহিত মিত্রতা করিয়াছিলেন ॥

তুষ্টির্যথা শ্রীদশমে ৭১ অধ্যায়ে ২৫ শ্লোকে ॥

শ্রীকৃষ্ণ ইন্দ্রপ্রস্থে গমন করিলে ভীম সেই মাতুলেয়কে আলিঙ্গন করিয়া হাস্যবদনে প্রেমাশ্রুধারায় আকুল হইলেন পরে নকুল সহদেবের সহিত অর্জ্জুন আসিয়া হৃষ্টচিত্তে প্রিয়তম অচ্যুতকে আলিঙ্গন করিয়া প্রবৃদ্ধ বাষ্পকলায় পরিপূর্ণ হইলেন ॥ ৫৮ ॥

যথাবা ॥

কুরুক্ষেত্রে অগ্রে প্রিয়তম শ্রীকৃষ্ণকে অবলোকন করিয়া

ভুজমণ্ডলেন মণিকুণ্ডলিনঃ
পুলকাঞ্চিতেন পরিষস্বজিরে ॥ ৫৯ ॥
স্থিতির্যথা শ্রীদশমে ॥
যৎপাদপাংশু র্বহুজন্মকৃচ্ছ্রতো
ধৃতাত্মভির্যোগিভিরপ্যলভ্যঃ।
স এব যদ্দৃগ্বিষয়ঃ স্বয়ং স্থিতঃ
কিং বর্ণ্যতে দিষ্টমহো ব্রজৌকসাং ॥

ক্ষেত্রইত্যর্থঃ। প্রিয়োঽভিলষিতঃ সঙ্গমো যস্য তং ॥ ৫৯ ॥

বহুজন্মভির্যৎ কৃচ্ছ্রং দুঃখাত্মকমষ্টাঙ্গযোগসাধনং তেন ধৃতঃ স্থিরীকৃতঃ আত্মা মনো যৈস্তৈর্যোগিভির্যৎপাদপাংশুরলভ্য স্তাদৃশেনাত্মনাপি লব্ধুমশক্যঃ সএব শ্রীকৃষ্ণো নতু তদংশঃ স্বয়মাত্মনৈব হেতুনা নতু হেত্বন্তরেণ। কিন্তু স্বভাবেনৈব যেষামহো আশ্চর্য্যং দৃগ্বিষয়স্থিতস্তেষাং ব্রজৌকোমাত্রাণাং দিষ্টং প্রাক্তনপুণ্যং কিং বর্ণ্যতে নহি কিন্তু স্বাভাবিকী তাদৃশতয়া মহতী স্থিতিরেব

মণিকুণ্ডলধারি ব্রজসুহৃদ্গণ পুলকশালী ভুজমণ্ডল দ্বারা তাঁহাকে আলিঙ্গন করিয়াছিলেন ॥ ৫১ ॥

স্থিতি যথা ॥

শ্রীদশমে ১২ অধ্যায়ে ১১ শ্লোকে ॥

যোগিগণ বহুজন্ম পর্য্যন্ত কৃচ্ছ্রাদি ব্রতদ্বারা ধৃতাত্মা হইয়াও যাঁহার চরণরেণু লাভ করিতে পারেন না, সেই ভগবান্ স্বয়ং যে সকল ব্রজবাসির দর্শন গোচরে অবস্থিত হন্ তাঁহাদের ভাগ্য যে অত্যাশ্চর্য্য ইহা বর্ণন করিয়া বলা বাহুল্যমাত্র ॥

দ্বয়োরপ্যেকজাতীয়ভাবমাধুর্য্যভাগসৌ।
প্রেয়ান্ কামাপি পুষ্ণাতি রসশ্চিত্তচমৎকৃতিং।
প্রীতে চ বৎসলে চাপি কৃষ্ণতদ্ভক্তয়োঃ পুনঃ।
দ্বয়োরন্যোন্যভাবস্য ভিন্নজাতীয়তা ভবেৎ॥ ৬০॥
প্রেয়ানেব ভবেৎ প্রেয়ানতঃ সর্ব্বরসেষ্বয়ং
সখ্যসংপৃক্তহৃদয়ৈঃ সদ্ভিরেবানুবুধ্যতে॥ ৬১॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ পশ্চিমবিভাগে মুখ্য ভক্তিরস পঞ্চকনিরূপণে প্রেয়োভক্তিরসলহরী॥ * ॥ ৩॥ * ॥

বর্ণনীয়া ইত্যর্থঃ। তদেবং সহ বিহারকৃতাং পূর্ব্বোক্তসখীনাং কিমুতেতি ভাবঃ। স্থিত ইতি শীলিতাদিত্বাদ্বর্ত্তমানে ক্তঃ। যচ্চ কিঞ্চিজ্জগত্যস্মিন্‌দৃশ্যতে শ্রূয়তেঽপি বা। অন্তর্বহিশ্চ তৎসর্ব্বং ব্যাপ্য নারায়ণঃ স্থিত ইতিবৎ॥ ৬০॥

অতঃ পূর্ব্বপদাদ্বয়োক্তাক্তেস্তোঃ প্রেয়ানেবেত্যাদি যোজ্যং॥ ৬১॥

॥ * ॥ ইতি পঞ্চলহর্য্যাত্মকে পশ্চিমবিভাগে প্রেয়োভক্তিরস লহরী তৃতীয়া॥ * ॥

দুই অর্থাৎ কৃষ্ণ এবং কৃষ্ণসখা ইহাদের এক জাতীয় ভাব মাধুর্য্যশালী প্রিয়তর রস, কোন এক অনির্ব্বচনীয় চিত্ত চমৎকৃতি সম্পাদন করে॥

প্রীতি ও বৎসল রসে কৃষ্ণ এবং কৃষ্ণভক্ত এই দুইয়ের পুনরায় পরস্পর ভাবের ভিন্ন জাতীয়তা হয়॥ ৬০॥

সকল রসের মধ্যে প্রেয়রসই প্রিয়তর হয়, সখ্য রস বিশিষ্ট সাধুগণই ইহা অনুভব করিতে পারেন॥ ৬১॥

॥ * ॥ ইতি শ্রীরামনারায়ণ বিদ্যারত্নকৃত ব্যাখ্যায় ভক্তিরসামৃতসিন্ধুর পশ্চিমবিভাগে প্রেয়োভক্তি রস॥ * ॥ ৩॥ * ॥

অথ বৎসলভক্তিরসঃ ॥

বিভাবাদ্যৈস্তু বাৎসল্যং স্থায়ী পুষ্টিমুপাগতঃ।

এষ বৎসলনামাত্র প্রোক্তো ভক্তিরসো বুধৈঃ ॥

তত্রালম্বনাঃ ॥

কৃষ্ণং তস্য গুরূংশ্চাত্র প্রাহুরালম্বনান্ বুধাঃ ॥ ১ ॥

তত্র কৃষ্ণো যথা ॥

নবকুবলয়দামশ্যামলং কোমলাঙ্গং

বিচলদলকভৃঙ্গক্রান্তনেত্রাম্বুজান্তং।

ব্রজভুবি বিহরন্তং পুত্রমালোকয়ন্তী

উৎপীড়ঃ স্বয়ং বলাহুদ্দামঃ। দিগ্ধা লিপেতি সংকীর্ণবর্গঃ ॥ ১ ॥ ২ ॥

অথ বৎসল রস ॥

বিভাবাদিদ্বারা বাৎসল্য পুষ্টি প্রাপ্ত হইয়া স্থায়ী হয়, পণ্ডিতগণ ইহাকেই বৎসলনামক ভক্তিরস বলিয়া থাকেন ॥

বৎসল রসে আলম্বন যথা ॥

পণ্ডিতসকল এই বৎসলরসে কৃষ্ণ এবং কৃষ্ণের গুরুবর্গকে আলম্বন কহেন ॥ ১ ॥

তন্মধ্যে আলম্বনরূপ কৃষ্ণ যথা ॥

যিনি নবনীলোৎপল মালার ন্যায় শ্যামল বর্ণ, যাঁহার অঙ্গ অতিশয় সুকোমল এবং যাঁহার চঞ্চল চূর্ণকুন্তলরূপ ভ্রমরসমূহে নয়নপদ্মের প্রান্তভাগ আক্রান্ত, এতাদৃশ পুত্রকে ব্রজভূমিতে বিহার করিতে দেখিয়া ব্রজপতিদয়িতা যশোদা সহসা ক্ষরিত স্তনদুগ্ধে লিপ্ত হইয়াছিলেন অর্থাৎ পুত্রাবলোকনে

ব্রজপতিদয়িতাসীৎ প্রস্নবোৎপীড়দিগ্ধা ॥ ২ ॥
শ্যামাঙ্গো রুচিরঃ সর্ব্বসল্লক্ষণযুতো মৃদুঃ।
প্রিয়বাক্ সরলো হ্রীমান্ বিনয়ী মান্যমানকৃৎ।
দাতেত্যাদিগুণঃ কৃষ্ণো বিভাব ইতি কথ্যতে।
এবং গুণস্য চাস্যানুগ্রাহ্যত্বাদেব কীর্ত্তিতা।

শ্যামাঙ্গ ইতি আস্তাং তাবদন্যাপেক্ষা শ্যামাঙ্গতা মাতেণজনন্যাদীনা-মালম্বনত্বং ইত্যর্থঃ। রমাঙ্গ ইতি বা পাঠঃ। আলম্বনত্বমেব তস্য বিশদয়তি এবমিতি অস্য পুত্রত্বেনাভিব্যক্তস্য শ্রীকৃষ্ণস্য অতএব প্রভাবানাস্পদত্বা যেষাঞ্চ অনতিবাঞ্ছিত প্রভাবস্য কচিদভিব্যক্ত প্রভাবস্যেৎপ্যনাথাভাবিতস্য যদনুগ্রাহ্যত্বং পুত্রোঽয়ং মমান্তর্বহিরপ্যতিকোমল ইতি ভাবনয়া মাত্রাদীনাং হিতেচ্ছাবিষয়ত্বং তস্মাদেব নেতরস্মাৎ প্রকারাদত্র রসে বিভাবতা মাত্রাদিষু। বাৎসল্যাতিশয় রত্যাশ্বাদ জনকতা কান্তিচ্ছেদে পুত্রতয়াবির্ভাবমাত্রেণ সা সিদ্ধৈব। পূর্ব্বপী-ত্যানুগ্রহোদয়ে নতু সর্ব্বতঃ প্রসরং কীর্ত্তির্বভূবেত্যর্থঃ। গুণানাঞ্চ দীপনত্বামাত্রেণ জনকত্বমিত্যাহ এবং গুণস্য চেতি পূর্ব্বদর্শিতগুণগণস্যাপীত্যর্থঃ। বাৎসল্যানু-

বলপূর্ব্বক তাঁহার স্তন হইতে দুগ্ধ ক্ষরিত হইয়া অঙ্গ সকল আর্দ্র করিয়াছিল ॥ ২ ॥

বৎসলরসের বিভাব যথা ॥

শ্যামাঙ্গ, রুচির, সর্ব্বসল্লক্ষণাক্রান্ত, মৃদু, প্রিয়বাক্য, সরল, লজ্জাশীল, বিনয়ী, মান্যগণে মানপ্রদ এবং দাতা ইত্যাদি গুণশালী শ্রীকৃষ্ণ বৎসলরসে বিভাব বলিয়া কীর্ত্তিত হয়েন ॥

উক্ত গুণশালী শ্রীকৃষ্ণ অনুগ্রহের পাত্রতাপ্রযুক্ত যখন

প্রভাবানাস্পদতয়া বেদ্যস্যাত্র বিভাবতা ॥

তথা শ্রীদশমে ॥

ত্রয্যা চোপনিষদ্ভিশ্চ সাঙ্খ্যযোগৈশ্চ সাত্বতৈঃ।

উপগীয়মানমাহাত্ম্যং হরিং সামন্যতাত্মজং ॥ ৩ ॥

যথাবা ॥

বিষ্ণুর্নিত্যমুপাস্যতে সখি ময়া তেনাত্র নীতাঃ স্বয়ং

প্রহয়োক্ত কারণকার্য্যতাভেদেন ভেদো জ্ঞেয়ঃ মম পুত্রোঽয়ং ভ্রাতুষ্পুত্রোঽয়মিতি স্নিগ্ধতা বাৎসল্যং তত্রাহিতেচ্ছাদ্যনুগ্রহ ইতি ॥ ৩ ॥

তদেবং শ্রীভাগবতমতেন নেমং বিরিঞ্চ ইত্যাদ্যনুসারাৎ ত্রয্যোত্যাদি

প্রভাব শূন্যরূপে অর্থাৎ পুত্র বলিয়া বিদিত হয়েন তখনই তাঁহার বিভাবতা হয় ॥

যথা শ্রীদশমে ৮ অধ্যায়ে ৩৫ শ্লোকে ॥

শুকদেব কহিলেন মহারাজ! বেদসকল ইন্দ্রাদি বলিয়া, উপনিষৎ সকল ব্রহ্ম বলিয়া, সাঙ্খ্য সকল পুরুষ বলিয়া, যোগ সকল পরমাত্মা বলিয়া, তথা সাত্বত (ভক্ত) গণ ভগবান্ বলিয়া যাঁহার মাহাত্ম্য গান করিতেছেন, যশোদা সেই হরিকে আপনার আত্মজ বলিয়া জ্ঞান করিতে লাগিলেন ॥ ৩ ॥

যথাবা ॥

যশোদা কহিলেন সখি! আমার সহিত গোষ্ঠপতি নন্দ যে শ্রীবিষ্ণুর উপাসনা করিয়াছেন, বোধ হয় তাঁহারই প্রসাদে

শঙ্কে পূতনিকাদয়ঃ ক্ষিতিরুহৌ তৌ বাত্যয়োন্মূলিতৌ ।
প্রত্যক্ষং গিরিরেষ গোষ্ঠপতিনা রামেণ সার্দ্ধং ধৃত-
স্তত্তৎ কর্ম্ম দুরন্বয়ং মম শিশোঃ কেনাস্য সংভাব্যতে ॥৪॥
অথ গুরবঃ ॥

বাল্লিততদ্বাংসল্যমহিমানং দর্শয়িত্বা তদ্ধং তদেব দর্শয়তি বিক্ষুরিতি স্পষ্টমেব। অনেন ব্রজৈশ্বর্য্যাঃ পরমার্জ্জবং সূচিতং । যথা । বিক্ষুরিতি নর্ম্ম গোষ্ঠীয়ং তত্রায়-মর্থঃ । ময়া সার্দ্ধং গোষ্ঠপতিনা যদ্বিষ্ণুরূপাস্যতে তত্তস্যৈব পূতনাদয়ঃ ক্ষয়ং নীতাঃ ক্ষিতিরুহৌ বাত্যৈরেবোন্মূলিতৌ ন তত্র তস্যাপি সম্বন্ধ ইতি ভাবেন মচ্ছিক্ষাশারস্য রক্ষা তু তেনৈব কৃতেতি ধ্বনিতং । গিরিস্তু তাদৃশতদুপাসনবলেন তেন গোষ্ঠপতিনৈব ধৃতঃ । রামেণ সার্দ্ধমিতি মম শিশৌ যদি তৎসম্ভাব্যতে তর্হি কথং রামেঽপি ন সম্ভাব্যত ইত্যর্থঃ । তদেৎ কচিৎ তৎ পুরাতনতাদৃশগোবর্দ্ধন-ধরপ্রতিমাদৃষ্ট্যা শ্রীকবিচরণৈঃ স্পষ্টীকৃতং । তেন সহেতি তুল্যযোগ ইতি সমাস-সূত্র সহার্থস্য দ্বৈবিধ্যেঽপি দৃষ্টে অত্র ময়া সার্দ্ধং রামেণ সার্দ্ধমিতি স পুনঃ সহার্থো বিদ্যমানতামাত্রেণ বিবক্ষ্যতে ন তুল্যযোগেনেতি । শ্রীব্রজপতিকৃতনিত্য-বিষ্ণুসভাজনমেব কারণত্বেন বাক্যা তস্মিন্ পাল্যত্বমেব পর্য্যবসায়িতং ॥ ৪ ॥

পূতনাপ্রভৃতি রাক্ষস সকল বিনষ্ট হইয়াছে, যমলার্জ্জুন দুইটা বৃক্ষ প্রবল বায়ুদ্বারা উন্মূলিত হইয়া গিয়াছে এবং প্রত্যক্ষ দেখিয়াছি রামের সহিত গোষ্ঠপতিই পর্ব্বত ধারণ করিয়া-ছিলেন, নতুবা আমার এই শিশুপুত্রের কি ঐ সকল দুরূহ কর্ম্ম সম্পন্ন করা সম্ভব হয় ! ॥ ৪ ॥

অথ গুরুবর্গ ॥

হে প্রভো! আমার মন যুবতীসঙ্গরঙ্গের উদয়ে মুখবিকৃতি বিস্তার করিতেছে, ব্রহ্ম সমাধি নিমিত্ত যে শ্রবণ মননাদি তাহাতে পরিতৃপ্ত হইয়া তুচ্ছবুদ্ধি করিতেছে এবং উপস্থিত সিদ্ধিসকলেও আর লালসা করিতেছে না। কেবল তোমার চরণার্চ্চনমাত্রেই তৃষ্ণান্বিত হইয়াছে ॥ ২৩ ॥

এস্থলে মুখ্য অঙ্গিতে মুখ্য ও গৌণদ্বয়ের অঙ্গতা ॥

অথ অঙ্গি সখ্যরসে মুখ্য শৃঙ্গাররসের অঙ্গতা যথা ॥ ।

ধন্যানাং কিল মূর্দ্ধন্যাঃ সুবলাস্যত্র গোপিকাঃ ।
অধরং পিঞ্ছচূড়স্য চুলুকৈশ্চুলুকয়ন্তি যাঃ ॥
অত্র মুখ্যো রসঃ সখ্য ॥ ২৪ ॥
তত্রৈব হাস্যস্য যথা ॥
দূরে শুচিভিরলং ব্রজ নিবৃত্য মুগ্ধে ব্রজং
বিতর্কয়সি মাং যথা নহি তথাস্মি কিং ভূরিণা ॥
ইতীরয়তি মাধবে নববিলাসিনীং ছদ্মনা
দদর্শ সুবলো বিকচদৃষ্টিরস্মিন্নিদং ॥
অত্র মুখ্যো গৌণস্য ॥ ২৫ ॥

ধন্যানামিতি [illegible] ॥ ২৪ ॥

দূরেণেতি [illegible] ॥ ২৫ ॥

হে সুবল ! যে সকল ব্রজাঙ্গনা শ্রীকৃষ্ণের অধর গণ্ডূষ পান করে নিশ্চয় তাহারা ধন্য স্ত্রীলোকের মধ্যে অগ্রগণ্য ॥

এস্থলে মুখ্য অঙ্গি সখ্যরসে মুখ্য শৃঙ্গাররসের অঙ্গতা ॥ ২৪

মুখ্য অঙ্গি সখ্যরসে গৌণ হাস্যরসের অঙ্গতা যথা ॥

মুগ্ধে ! আর শোচন করিও না, প্রতিনিবৃত্ত হইয়া ব্রজে গমন কর, আর অধিক প্রয়োজন নাই, মাধব ছলপূর্ব্বক নববিলাসিনীকে এই কথা বলিলে সুবল বিস্ফারিতনেত্রে মাধবের প্রতি দৃষ্টিপাত করিতে লাগিলেন ॥

এস্থলে মুখ্য অঙ্গি সখ্যরসে গৌণ হাস্যরসের অঙ্গতা ॥২৫ ॥

তত্রৈব শুচিহাস্যয়োর্যথা ॥

মিহির দুহিতুরুদ্যদ্বঞ্জুলং মঞ্জুতীরং
প্রবিশতি সুবলোঽয়ং রাধিকাবেশগূঢ়ঃ ।
সরভসমভিপশ্যন্ কৃষ্ণমভ্যুত্থিতং যঃ
স্মিতবিকশিতগণ্ডং স্বীয়মাস্যং বৃণোতি ॥

অত্র মুখ্যে মুখ্যগৌণয়োঃ ॥ ২৬ ॥

অথ বৎসলে করুণস্য ॥

নিরাতপত্রঃ কান্তারে সন্ততং মুক্তপাদুকঃ ।
বৎসানবর্তি বৎসো মে হন্ত সন্তপ্যতে মনঃ ॥

বৃণোতি আবৃণোতি । প্রচীরং প্রান্ততো বৃতিরিত্যমরদর্শনাৎ ॥ ২৬ ॥
নিরাতপত্র ইতি । অত্রানিষ্টাশঙ্কীনীব বন্ধুহৃদয়ানীতি শঙ্কাচিন্তাতিশয়েন

মুখ্য অঙ্গি সখ্যরসে শৃঙ্গার ও হাস্যের অঙ্গতা যথা ॥

সুবল রাধিকাবেশে গুপ্ত হইয়া মনোহর অশোক বৃক্ষ-বিশিষ্ট কালিন্দীকূলে প্রবেশ করিতেছেন, তদ্দর্শনে শ্রীকৃষ্ণ বেগে গাত্রোত্থান করিলে ঐ সুবল হাস্যবিকসিত-গণ্ডশালী স্বীয় বদন আবরণ করিলেন ॥

এস্থলে মুখ্য অঙ্গি সখ্যরসে মুখ্যশৃঙ্গার ও গৌণ হাস্যের অঙ্গতা ॥ ২৬ ॥

অথ অঙ্গি বৎসলরসে গৌণ করুণরসের অঙ্গতা যথা ॥

বাছা আমার ছত্রহীন ও পাদুকাশূন্য হইয়া দুর্গমপথে বৎসচারণ করিতেছে, হায় ! সেই জন্যই আমার মন অতিশয় সন্তপ্ত হইতে লাগিল ॥

অত্র মুখ্যো গৌণস্য।

তত্রৈব হাস্যস্য যথা॥

পুত্রস্তে নবনীতপিণ্ডমতনুং মুষ্ণন্মমান্তর্গৃহাদ্-
বিন্যাসাৎপসসার তস্য কণিকাং নিদ্রাণডিম্ভাননে।
ইত্যুক্তা কুলবৃদ্ধয়া সুতমুখে দৃষ্টিং বিভুগ্নভ্রূণি
স্মেরাং নিক্ষিপতী সদা ভবতু বঃ ক্ষেমায় গোষ্ঠেশ্বরী॥

অত্রাপি মুখ্যো গৌণস্য॥ ২৭॥

তত্রৈব ভয়ানকাদ্ভুত হাস্য করুণানাং যথা॥

কম্প্রা সেদিনি চূর্ণকুন্তলতটে স্ফারেক্ষণা তুঙ্গিতে

শোকসংভাবা শ্রীব্রজেশ্বরীবচনাৎ করুণাবকাশঃ॥ ২৭॥

সব্যে দোষ্ণি গিরীন্দ্রং বিভ্রাণস্য হরেশ্চূর্ণকুন্তলতটে স্বেদিনি সতি কম্প্রে-

এস্থলে মুখ্য অঙ্গি বৎসলরসে গৌণ করুণরসের অঙ্গতা॥

মুখ্য অঙ্গি বৎসলরসে গৌণহাস্যরসের অঙ্গতা যথা॥

যশোদে! তোমার পুত্র আমার গৃহমধ্য হইতে বিন্যাস পূর্ব্বক স্থূল নবনীতপিণ্ড অপহরণ করিয়া পলায়ন করিয়াছে সেই নবনীতপিণ্ডের কণিকা এই নিদ্রিত বালকের বদনে নিরীক্ষণ কর, কুলবৃদ্ধা এই কথা বলিলে, কুটিল ভ্রূশালি সুত-বদনে সহাস্য দৃষ্টিনিক্ষেপকারিণী ব্রজেশ্বরী তোমাদের কল্যাণ নিমিত্ত হউন॥

এস্থলে মুখ্য অঙ্গি বৎসলরসে গৌণহাস্যরসের অঙ্গতা॥২৭॥

মুখ্য অঙ্গি বৎসলরসে গৌণভয়ানক অদ্ভুত
হাস্য ও করুণরসের অঙ্গতা যথা॥

শ্রীকৃষ্ণ গোবর্দ্ধন পর্ব্বত ধারণ করিলে পর তদীয় চূর্ণ-

সব্যে দোষ্ণি বিকাশি গণ্ডফলকা লীলাস্যভঙ্গীশতে।
বিভ্রাণস্য হরেগিরীন্দ্রমুদয়দ্বাষ্পা'চরোর্দ্ধস্থিতৌ
পাতু প্রস্নবসিচ্যমানসিচয়া বিশ্বং ব্রজাধীশ্বরী ॥
অত্র মুখ্যে চতুর্ণাং গৌণানাং ॥ ২৮ ॥
কেবলে বৎসলে নাস্তি মুখ্যস্য খলু সৌহৃদং।
অতোঽত্র বৎসলে তস্য নতরাং লিখিতাঙ্গতা ॥ ২৯ ॥
অথোজ্জ্বলে প্রেয়সো যথা ॥

তাদিকঃ যোজ্যঃ ॥ ২৮ ॥

কেবলে শুদ্ধে বৎসলে তত্র নাঙ্গীত্বাপলক্ষণং কুত্রচিদনাত্রাপুন্নেয়ং। তস্য মুখ্যস্য ॥ ২৯ ॥

কুন্তলতটে ঘর্ম্মবারি নিরীক্ষণ করিয়া যশোদা কম্পিত হইতে লাগিলেন, পরে যখন বামবাহু ঊর্দ্ধে উত্তোলন করিতে দেখিলেন তখন ঐ যশোদার চক্ষু বিস্ফারিত হইয়া উঠিল, তৎপরে শ্রীকৃষ্ণ যখন বদনের শত শত লীলা প্রকাশ করিতে লাগিলেন তদ্দর্শনে ঐ যশোদার গণ্ডদ্বয় প্রফুল্ল হইয়া উঠিল, পরে যখন শ্রীকৃষ্ণের ঐ বামবাহু বহুকাল ঊর্দ্ধে অবস্থিত রহিল তখন ঐ যশোদা গলিত-বাষ্পবারিদ্বারা বসন আর্দ্র করিয়া ফেলিলেন আহা! ঐ ব্রজেশ্বরী সমুদায় জগৎ রক্ষা করুন ॥

এস্থলে মুখ্য অঙ্গি বৎসলরসে গৌণ ভয়ানক, অদ্ভুত হাস্য ও করুণরসের অঙ্গতা ॥ ২৮ ॥

শুদ্ধ বৎসলরসে মুখ্যরসের সৌহার্দ্দ নাই, এ কারণ এই বৎসলরসে মুখ্যরসের অঙ্গতা লিখিত হইল না ॥ ২৯ ॥

অথ মুখ্য অঙ্গি শৃঙ্গাররসে মুখ্য সখ্যরসের অঙ্গতা যথা ॥

মদ্বেশশীলিততনোঃ সুবলস্য পশ্য
বিন্যস্য মঞ্জুভুজমূর্দ্ধ্নি ভুজং মুকুন্দঃ।
রোমাঞ্চকঞ্চুকভৃতঃ স্ফুটমস্য কর্ণে
সন্দেশমর্পয়তি তত্র মদর্থমেব॥

অত্র মুখ্যে মুখ্যস্য॥ ৩০॥

তত্রৈব হাস্যস্য যথা॥

স্বসাস্মি তব নির্দ্দয়ে পরিচিনোষি ন ত্বং কুতঃ
কুরু প্রণয়নির্ভরং মম কৃশাঙ্গি কণ্ঠগ্রহং।

মদ্বেশেতি। সুবলেন তদ্বেশকারণমিদং নর্ম্মণেতি জ্ঞেয়ং॥ ৩০॥
স্বসাস্মি তব নির্দ্দয়ে ইত্যর্দ্ধে। তবাস্মি সবয়স্করী স্মরসি মাং কঠোরেণ কিং

শ্রীরাধা কহিলেন, সখি! অবলোকন কর, আমার বেশ-ধারি পুলকাকুল কলেবর সুবলের স্কন্ধে শ্রীকৃষ্ণ ভুজ স্থাপন পূর্ব্বক স্পষ্টরূপে উহার কর্ণে আমার নিমিত্ত কোন সন্দেশ অর্পণ করিতেছেন॥

এস্থলে মুখ্য অঙ্গি শৃঙ্গাররসে মুখ্য সখ্যরসের অঙ্গতা॥৩০

মুখ্য অঙ্গি শৃঙ্গাররসে গৌণ হাস্যরসের অঙ্গতা যথা॥

হে নির্দ্দয়ে! আমি তোমার ভগিনী তুমি কেন আমাকে চিনিতে পারিতেছ না, হে কৃশাঙ্গি! প্রণয়ে নির্ভর করিয়া আমার কণ্ঠ ধারণ কর, যুবতি বেশাচ্ছন্ন হরি এইরূপ মনোজ্ঞ বাক্য প্রয়োগ করিলে শ্রীরাধা জানিতে পারিয়াও গুরুজনের সমক্ষে ঈষৎ হাস্য করিলেন॥

ইতি ব্রুবতি পেশলং যুবতিবেশগূঢ়ে হরৌ
কৃতং স্মিতমভিজ্ঞয়া গুরুপুরস্তদা রাধয়া ॥
অত্র মুখ্য গৌণস্য ॥ ৩১ ॥
তত্রৈব প্রেয়ো বীরয়োর্যথা ॥
মুকুন্দোঽয়ং চন্দ্রাবলিবদনচন্দ্রে চটুলভে
স্মরস্মেরামারাদ্দৃশমসকলামর্পয়তি চ।
ভুজামংসে সখ্যুঃ পুলকিনি দধানঃ ফণিনিভা-
মিতারিষ্ক্ষ্বেড়াভির্বৃষদনুজমুদ্যোজয়তি চ ॥
তত্র মুখ্যে মুখ্যগৌণয়োঃ।

কুরু প্রণয়নির্ভরং মম সুকণ্ঠি কণ্ঠগ্রহমিতি পাঠান্তরঃ ॥ ৩১ ॥

মুকুন্দোঽয়মিতি। শ্রীচন্দ্রাবলীসখ্যা ভাবনা। সাচ তয়োর্মধুরাং রতি

এস্থলে মুখ্য অঙ্গি শৃঙ্গাররসে গৌণ হাস্যরসের অঙ্গতা ॥ ৩১

মুখ্য অঙ্গি শৃঙ্গাররসে মুখ্য প্রেয়ঃ ও গৌণ বীররসের অঙ্গতা যথা ॥

চন্দ্রাবলীর সখী মনোমধ্যে চিন্তা করিতেছেন, কি আশ্চর্য্য! এই মুকুন্দ চন্দ্রাবলীর চঞ্চল তারকান্বিত বদনচন্দ্রে দূর হইতে কন্দর্পভাব প্রকাশক হাস্যপূর্ণদৃষ্টি নিক্ষেপ এবং সখার পুলকান্বিত স্কন্ধে সর্পসদৃশ ভুজলতা স্থাপনপূর্ব্বিক ঘন ঘন সিংহনাদ দ্বারা বৃষাসুরকে যুদ্ধে উদ্যুক্ত করিতেছেন ॥

এস্থলে মুখ্য অঙ্গি শৃঙ্গাররসে মুখ্য প্রেয়ঃ ও গৌণ বীররসের অঙ্গতা ॥

অথ গৌণানামঙ্গিতা ॥

হাস্যাদীনান্তু গৌণানাং যদুদাহরণং কৃতং ॥
তেনৈষামঙ্গিতা ব্যক্তা মুখ্যানাঞ্চ তথাঙ্গতা ।
তথাপ্যত্র বিশেষায় কিঞ্চিদেব বিলিখ্যতে ॥

অথ হাস্যেঽঙ্গিনি শুচেরঙ্গতা যথা ॥

মদনান্ধতয়া ত্রিবক্রয়া
প্রসভং পীতপটাঞ্চলে ধৃতে ।
অদধাদ্বিনতং জনাগ্রতো
হরিরুৎফুল্লকপোলমাননং ॥

তত্র গৌণেঽঙ্গিনি মুখ্যস্যাঙ্গতা ॥

মানস্যৈব প্রবৃত্তা প্রেয়োবীরৌ তু তদনুসঙ্গিনৌ বিধায়েতি । যুক্তমুক্তং তত্রৈব প্রেয়ো বীরয়োগণেতি । এবমন্যত্রাপি জ্ঞেয়ং । ইত্যানামন্বয়ো বিদ্রাবিকা যা

অথ গৌণরস সকলের অঙ্গিতা ॥

হাস্যাদি গৌণরসের যে সকল উদাহরণ প্রদর্শিত হইয়াছে তাহাতেই ইহার অঙ্গিতা ও মুখ্যের অঙ্গতা ব্যক্ত হইয়াছে, তথাপি অল্প বিশেষের নিমিত্ত কিঞ্চিৎ লিখিতেছি ॥

অথ অঙ্গি গৌণ হাস্যরসে মুখ্য শৃঙ্গাররসের অঙ্গতা যথা ॥

কুব্জা কামান্ধ হইয়া হঠাৎ পীতবসনের অঞ্চল ধারণ করিলে শ্রীকৃষ্ণ জনসমক্ষে প্রফুল্ল গণ্ডশালী স্বীয় বদন অবনত করিয়াছিলেন ॥

এস্থলে গৌণ অঙ্গি হাস্যরসে মুখ্য শৃঙ্গাররসের অঙ্গতা ॥২৫

বীরে প্রেয়সো যথা ॥

সেনান্যং বিজিতমবেক্ষ্য ভদ্রসেনং
মাং যোদ্ধুং মিলসি পুরঃ কথং বিশাল
রামাণাং শতমপি নোদ্ভটারুধামা
শ্রীদামা গণয়তি রে ত্বমত্র কোঽসি ॥

অত্রাপি গৌণেঽঙ্গিনি মুখ্যস্য।
রৌদ্রে প্রেয়োবীরয়োর্যথা ॥

যদুনন্দন নিন্দনোদ্ধতং
শিশুপালং সমরে জিঘাংসুভিঃ।
অতিলোহিতলোচনোৎপলৈ-
ক্ষেড়াঃ সিংহনাদাস্তাভিঃ ॥ ৩২ ॥

অত্রাপীত্যত্র মুখ্যস্যেতি শ্রীদাম্নো রামপ্রতিযোদ্ধুঃ কৃষ্ণপক্ষপ্রবেশেন তৎসখ্যে পুষ্টতাপত্তেঃ ॥ ৩৩ ॥

গৌণ অঙ্গি বীররসে মুখ্য প্রেয়োরসের অঙ্গতা যথা ॥

অরে বিশাল! সেনাপতি ভদ্রসেনকে পরাজিত দেখিয়া যুদ্ধ বাসনায় আমার অগ্রে আসিয়া মিলিত হইতেছিস্ কেন? এই উদারবুদ্ধি শ্রীদাম শত শত রামকেও গণনা করে না, এখানে তুই কোথাকার কে? ॥

এস্থলে গৌণ অঙ্গি বীররসে মুখ্য প্রেয়োরসের অঙ্গতা ॥ ৩২

গৌণ অঙ্গি রৌদ্ররসে প্রেয়ঃ ও বীররসের অঙ্গতা যথা ॥

যদুনন্দন নিন্দাকারি উদ্ধত শিশুপালকে সমরে বধ করণেচ্ছায় অতি লোহিতলোচন পাণ্ডুনন্দনগণ উত্তমোত্তম অস্ত্র

র্জগৃহে পাণ্ডুসুতৈর্বরায়ুধং ॥

অত্র গৌণে মুখ্য গৌণয়োঃ ॥ ৩৩ ॥

অদ্ভুতে প্রেয়োবীরহাস্যানাং যথা ॥

মিত্রানীকবৃতং গদাযুধি গুরুম্মন্যং প্রলম্বদ্বিষং
যষ্ট্যা দুর্ব্বলয়া বিজিত্য পুরতঃ সোল্লুণ্ঠমুদ্গায়তঃ।
শ্রীদাম্নঃ কিল বীক্ষ্য কেলিসমরাটোপোৎসবে পাটবং
কৃষ্ণঃ ফুল্লকপোলক পুলকবান্ বিস্ফারদৃষ্টির্বভৌ ॥

মিত্রানীকমিতি কদাচিদন্যস্য সম্ভাবনাকঃ। অস্যৈব চৈতে রসা উদাহার্য্যাঃ। নতু শ্রীকৃষ্ণস্য ভক্তিরস্যৈব প্রকৃতত্বাৎ। দুর্ব্বলতয়া যষ্ট্যা বিজিত্যেতি শিক্ষা-বিশেষাধিক্যমভিপ্রেতং। সখিত্বেনাঙ্গীকৃতেষু সম্ভবতিচ তত্ত্বদিতি সমরাটোপ-ক্রম ইত্যেব পাঠঃ ॥ ৩৪ ॥

ধারণ করিয়াছিলেন ॥

এ স্থলে গৌণ অঙ্গি রৌদ্ররসে মুখ্য প্রেয়ঃ ও গৌণবীর রসের অঙ্গতা ॥ ৩৩ ॥

গৌণ অঙ্গি অদ্ভুতরসে প্রেয়ঃ, বীর ও হাস্যের অঙ্গতা যথা ॥

শ্রীদাম মিত্রমণ্ডলী পরিবৃত গদাযুদ্ধে গুরুম্মন্য প্রলম্বারি বলদেবকে দুর্ব্বল যষ্টিদ্বারা পরাজয় করিয়া অগ্রে উচ্চৈঃস্বরে গান করিতে থাকিলে, শ্রীদামের যুদ্ধলীলায় পটুতা দেখিয়া শ্রীকৃষ্ণ ফুল্লগণ্ড, পুলকান্বিত ও বিস্ফারিতনেত্র হইয়া শোভা পাইতে লাগিলেন ॥

অত্র গৌণে মুখ্যস্য গৌণয়োশ্চ ॥
এবমন্যস্য গৌণস্য জ্ঞেয়াঙ্গিভিরঙ্গিতা।
তথাত্র মুখ্যগৌণানাং রসানামঙ্গতাপিচ।
সোঽঙ্গী সর্ব্বাতিগো যঃ স্যান্মুখ্যো গৌণোঽথ বা রসঃ।
স এবাঙ্গং ভবেদঙ্গিপোষী সঞ্চারিতাং ব্রজন্ ॥
তথাচ নাট্যাচার্য্যাঃ পঠন্তি ॥
এক এব ভবেৎ স্থায়ী রসো মুখ্যতমো হি যঃ।
রসাস্তদনুযায়িত্বাদন্যে স্যুর্ব্যভিচারিণঃ ॥ ৩৪ ॥
শ্রীবিষ্ণুধর্ম্মোত্তরেচ ॥
রসানাং সমবেতানাং যস্য রূপং ভবেদ্বহু।

রূপংস্বরূপং বহু অধিকং। শেষাঃ সঞ্চারিণো মতা ইতি তন্মতেঽপি স্ব স্ব।

এ স্থলে গৌণ অঙ্গি অদ্ভুতরসে মুখ্য প্রেয় এবং গৌণ বীর ও হাস্যের অঙ্গতা ॥

এইরূপ অন্য গৌণরসের অঙ্গিতা এবং মুখ্য ও গৌণ রসের অঙ্গতা জানিতে হইবে ॥

মুখ্য হউক বা গৌণ হউক যে রস সকল রসকে অতিক্রম করে তাহাকে অঙ্গী, আর যে রস অঙ্গিরসকে পুষ্ট করিয়া সঞ্চারিতা প্রাপ্ত হয়, তাহাকে অঙ্গ বলে ॥

অতএব নাট্যাচার্য্যগণ বলিয়াছেন ॥

রসের মধ্যে যে রস সর্ব্ব প্রধান সেইটীমাত্র স্থায়ী, তদ্ভিন্ন অন্যরস সকল তদনুগামী প্রযুক্ত ব্যভিচারী হইবে ॥ ৩৪ ॥

শ্রীবিষ্ণুধর্ম্মোত্তরে যথা ॥

রস সকল একত্র মিলিত হইলে তন্মধ্যে যাহার স্বরূপ

স মন্তব্যো রসঃ স্থায়ী শেষাঃ সঞ্চারিণো মতাঃ। ইতি ॥
স্তোকাদ্বিভাবনাজ্জাতঃ সম্প্রাপ্য ব্যভিচারিতাং।
পুষ্ণন্নিজপ্রভুং মুখ্যং গৌণস্তত্রৈব লীয়তে।
প্রোদ্যন্ বিভাবনোৎকর্ষাৎ পুষ্টিং মুখ্যেন লম্ভিতঃ।
কুঞ্চতা নিজনাথেন গৌণোপ্যঙ্গিত্বমশ্নুতে ॥ ৩৫ ॥
মুখ্যস্ত্বঙ্গত্বমাসাদ্য পুষ্ণন্নিন্দ্রমুপেন্দ্রবৎ।
গৌণমেবাঙ্গিনং কৃত্বা নিগূঢ়নিজবৈভবঃ।
অনাদিবাসনোদ্ভাসবাসিতে ভক্তচেতসি।

ধাবাদব্যভিচারিণৌ শৃঙ্গারশান্তৌ সঞ্চারিণাবিব স্বস্বাধারাদ্ব্যভিচারিণো হাস্যা-দয়স্তু সঞ্চারিণ এবেতি ভেদাংশে লক্ষেঽপি যথা পোষকতাসংযোগিত্বাদংশেনা-ভেদবিবক্ষা তথাত্রাপি স এবাঙ্গমিত্যাদিনোক্তমিতি দর্শিতং ॥ ৩৫ ॥
অনাদীত্যুপলক্ষণং পূর্ব্বসিদ্ধত্বে তাৎপর্য্যং। সঞ্চারিগৌণবদিতি ব্যভি

অধিক হইবে সেই রসকে স্থায়ী, আর তদ্ভিন্ন অন্য রস সকলকে সঞ্চারী বলিয়া জানিতে হইবে ॥

অল্পবিভাবোৎপন্ন গৌণরস ব্যভিচারিতা প্রাপ্ত হইয়া নিজ প্রভু মুখ্যরসকে পোষণ করতঃ তাহাতেই লীন হয় ॥

বিভাবের আতিশয্য হইতে উদিত হইয়া সঙ্কুচিত নিজ নাথ মুখ্যরসদ্বারা পুষ্টি লাভ করত গৌণ রসও অঙ্গিত প্রাপ্ত হয় ॥ ৩৫ ॥

মুখ্যরস অঙ্গত্ব প্রাপ্ত হইয়া উপেন্দ্র অর্থাৎ বামনদেব যেমন ইন্দ্রকে পোষণ করেন, তাহার ন্যায় আপনার নিজ বৈভব গোপনপূর্ব্বক গৌণ অঙ্গিরসকে পুষ্ট করে কিন্তু এই

ভাত্যেব ন তু লীনঃস্যাদেষ সঞ্চারিগৌণবৎ ॥ ৩৬ ॥

অঙ্গী মুখ্যঃ স্বমত্রাঙ্গৈর্ভাবৈস্তৈরভিবর্দ্ধয়ন্।

স্বজাতীয়ৈর্বিজাতীয়ৈঃ স্বতন্ত্রঃ সন্ বিরাজতে ॥ ৩৭ ॥

যস্য মুখ্যস্য যো ভক্তো ভবেন্নিত্যনিজাশ্রয়ঃ।

অঙ্গী স এব তত্র স্যান্মুখ্যোঽপ্যন্যোঽঙ্গতাং ব্রজেৎ ॥ ৩৮ ॥

কিঞ্চ ॥

আস্বাদোদ্রেকহেতুত্বমঙ্গস্যাঙ্গত্বমঙ্গিনি।

তদ্বিনা তস্য সম্পাতো বৈফল্যায়ৈব কল্পতে।

রেকে দৃষ্টান্তঃ সঞ্চারিবদ্গৌণবচ্চ নেত্যর্থঃ ॥ ৩৬ ॥

স্বমাত্রাঙ্গৈরিত্যেব পাঠঃ। বিজাতীয়ৈঃ শত্রুবর্জ্জিতৈঃ কৈশ্চিৎ পূর্ব্বদর্শিতৈরন্যৈরপি ॥ ৩৭ ॥

মুখ্যস্যেতি লীলাভেদেন প্রকটিতনিজমুখ্যতাবিশেষস্যেত্যর্থঃ ॥ ৩৮ ॥

অঙ্গিনি যদঙ্গস্যাঙ্গত্বং তৎ খল্বাস্বাদোদ্রেকহেতুত্বমেব নান্যদিত্যর্থঃ। তদেব

মুখ্য গৌণ সঞ্চারির ন্যায় লীন না হইয়া অনাদি বাসনার প্রভাব গন্ধশালি ভক্তে উদিত হয় ॥ ৩৬ ॥

মুখ্য অঙ্গিরস অঙ্গস্বরূপ স্বজাতীয় বিজাতীয় ভাবসকল দ্বারা আপনাকে বর্দ্ধিত করিয়া স্বতন্ত্ররূপে প্রকাশ পায় ॥৩৭॥

যিনি যে মুখ্যরসের ভক্ত তিনি আপনার নিজ রসেরই আশ্রিত হয়েন, তাঁহার সম্বন্ধে সেই রসই অঙ্গী হয় অন্য মুখ্য রস সকল অঙ্গতা লাভ করে ॥ ৩৮ ॥

আরও বলি ॥

অঙ্গিরসে যদি অপর রস আস্বাদাতিশয়ের হেতু হয়, তবেই

যথা মৃষ্টরসালায়াং যবসাদেঃ কথঞ্চন ॥
তচ্চর্ব্বণে ভবেদেব সতৃণাভ্যবহারিতা ॥
অথ বৈরিকৃত্যং ॥
জনয়ত্যেব বৈরস্যং রসানাং বৈরিণা যুতিঃ।
সুমৃষ্টপানকাদীনাং ক্ষারতিক্তাদিনা যথা ॥
তথা হি ॥
ব্রহ্মনিষ্ঠায়া নিষ্ফলং মে ব্যতীতঃ
কালো ভূয়ান্ হা সমাধিব্রতেন।
সান্দ্রানন্দং তন্ময়া ব্রহ্ম মূর্ত্তং
কোণেনাক্ষ্ণঃ সাচি সম্যঙ্ন নৈক্ষি ॥

দর্শয়তি তচ্চর্বিণেতি ॥ ৩৯

তাহার অঙ্গতা, তদ্ভিন্ন তাহার সম্পাত অর্থাৎ মিলন সে কেবল বিফলমাত্র, যেমন সুমিষ্ট রসালার সহিত তৃণাদির চর্ব্বণ করিলে তাহাকে সতৃণাভ্যবহারী বলে তদ্রূপ ॥

অথ বৈরিকৃত্য ॥

রসসকলের বৈরির সহিত মিলন বিরসতা উৎপাদন করে, যেমন সুমিষ্ট পানকাদির মধ্যে ক্ষারাম্লাদির সংযোগ বিস্বাদ জন্মায় তদ্রূপ ॥

উক্তার্থের প্রমাণ যথা ॥

হায়! ব্রহ্মনিষ্ঠ মাদৃশজনের সমাধিব্রতদ্বারা বহুকাল নিষ্ফলে গত হইল, আমি সান্দ্রানন্দ ব্রহ্মমূর্ত্তি শ্রীকৃষ্ণকে বাক্‌ নেত্রের কোণেও অবলোকন করিলাম না ॥

অত্র শান্তস্যোজ্জ্বলেন বৈরস্যং ॥

ক্ষণমপি পিতৃকোটিবৎসলং তং
সুরমুনিবন্দিতপাদমিন্দিরেশং।
অভিলষতি বরাঙ্গনানখাঙ্ক-
স্ফুরিততনুং প্রভুমীক্ষিতুং মনো মে ॥

তত্র প্রীতস্যোজ্জ্বলেনেব ॥

দোর্ভ্যামর্গলদীর্ঘাভ্যাং সখে পরিরভস্ব মাং।
শিরঃ কৃষ্ণ তবাঘ্রায় বিহরিষ্যে ততস্ত্বয়া ॥

অত্র প্রেয়সো বৎসলেন ॥ ৩৯ ॥

এস্থলে শান্তরসে শৃঙ্গার রসদ্বারা বিরসতা উৎপন্ন হইল ॥

যিনি কোটি কোটি পিতৃ অপেক্ষাও বৎসল, দেব ও মুনীন্দ্রগণ নিরন্তর যাঁহার চরণারবিন্দ বন্দনা করিতেছেন, যিনি লক্ষ্মীর কান্ত এবং যাঁহার তনু বরাঙ্গনাগণের নখচিহ্নে সুশোভিত, ক্ষণকাল সেই প্রভুকে দর্শন করিতে আমার মন অভিলাষ করিতেছে ॥

এস্থলে উজ্জ্বল রসদ্বারা প্রীতরসের বিরসতা ॥

সখে! অর্গলসদৃশ দীর্ঘ ভুজযুগলদ্বারা আমাকে আলিঙ্গন কর, হে কৃষ্ণ! তোমার মস্তক আঘ্রাণ করিয়া পরে তোমার সঙ্গে বিহার করিব ॥

যং সমস্তনিগমাঃ পরমেশং
সাত্বতাস্তু ভগবন্তমুশন্তি।
তং স্তুতেতি বত সাংহসিকী ত্বাং
ব্যাজিহীর্ষতু কথং মম জিহ্বা॥

অত্র বৎসলস্য প্রীতেন॥

তড়িদ্বিলাসতরলা নবযৌবনসম্পদঃ।
অদ্যৈব দূতি তেন ত্বং ময়া রময় মাধবং॥

অত্রোজ্জ্বলস্য শান্তেন॥ ৪০॥

চিরং জীবেতি সংযুজ্য কাচিদাশীর্ভিরচ্যুতং।

সমস্তনিগমাঃ ইতি তত্তু সমন্বয়াদিতি ন্যায়েন সমস্তং নিগময়ন্তি নিগমার্থং সমস্তং সমন্বিতং কুর্ব্বন্তি যে তে বেদান্তিন ইত্যর্থঃ। পরমেশং পরব্রহ্মপর্য্যায়ং সাত্বতাঃ পাঞ্চরাত্রিকাঃ। ভগবন্তং বাসুদেবপর্য্যায়ং॥ ৪০॥

চিরঞ্জীবেত্যাদ্যাহরণস্য কল্পনামাত্রং। এবমন্যত্রাপি জ্ঞেয়ং॥ ৪১॥

যাঁহাকে সমস্ত বৈদান্তিকেরা পরমেশ্বর বলিয়া থাকেন, পাঞ্চরাত্রিক প্রভৃতি বৈষ্ণবগণ যাঁহাকে ভগবান্ বলিতে ইচ্ছা করেন, সেই তুমি, তোমাকে হে স্তুত! এই বলিয়া সম্বোধন করিতে আমার জিহ্বা কিরূপে সাহসিকী হইবে॥

এস্থলে প্রীতরসদ্বারা বৎসল রসের বিরসতা॥

দূতি! বিদ্যুৎবিলাসের ন্যায় নবযৌবন সম্পদ্ সকল অতিশয় চঞ্চল, অতএব হে সখি! আমার সহিত অদ্যই তুমি মাধবকে রমণ করাও॥

এস্থলে শান্তরসদ্বারা শৃঙ্গার রসের বিরসতা॥ ৪০॥

কৈলাসস্থা কোন কামুকী স্ত্রী কহিলেন, কৃষ্ণ! তুমি

কৈলাস্থা বিলাসেন কামুকী পরিষস্বজে ॥
তত্র শুচের্বৎসলেন ॥
শুচেঃ সম্বন্ধগন্ধোঽপি কথঞ্চিদ্যদি বৎসলে।
ক্বচিস্তবেত্ততঃ সুষ্ঠু বৈরস্যায়ৈব কল্পতে।
পিশিতাসৃঙ্ময়ী নাহং সত্যমস্মি তবোচিতা।
স্বাপাঙ্গবিদ্ধাং শ্যামাঙ্গকৃপয়াঙ্গী কুরুষ্ব মাং ॥
অত্র শুচের্বিভৎসে ॥ ৪১ ॥
এবমন্যাপি বিজ্ঞেয়া প্রাজ্ঞৈরসবিরোধিতা।
প্রায়েণেয়ং রসাভাসকক্ষায়াং পর্য্যবস্যতি ॥ ৪২

প্রায়েণেতি কেচিদ্রসাভাসাদপ্যধমকক্ষায়ং পর্য্যবস্যন্তীত্যর্থঃ ॥ ৪২

চিরজীবী হও বলিয়া আলিঙ্গন করিলেন ॥

এস্থলে বৎসলরসদ্বারা শৃঙ্গার রসের বিরসতা ॥

শুদ্ধ বৎসলরসে যদি কথঞ্চিৎ শৃঙ্গার রসের গন্ধও থাকে, তাহা হইলে ঐ বৎসল বিরসতা প্রাপ্ত হয় ॥

হে শ্যামাঙ্গ! যদিচ এই মাংস রক্তময়ী আমি তোমার যোগ্য নহি, তথাপি কৃপাপূর্ব্বক ত্বদীয় অপাঙ্গবিদ্ধা আমাকে অঙ্গীকার কর ॥

এস্থলে বীভৎসরসদ্বারা শৃঙ্গারের বিরসতা ॥ ৪১ ॥

প্রাজ্ঞ ব্যক্তিগণ এইরূপ অন্যান্য রস বিরোধিতাও অবগত হইবেন, এই রস বিরোধিতার প্রায় রসাভাসকক্ষায় পর্য্যবসান হইয়া থাকে ॥ ৪২ ॥

কিঞ্চ॥

দ্বয়োরেকতরস্যেহ বাধ্যত্বেনোপবর্ণনে।
স্মর্য্যমাণতয়াপ্যুক্তৌ সাম্যেন বচনেঽপি চ।
রসান্তরেণ ব্যবধৌ তটস্থেন প্রিয়েণ বা।
বিষয়াশ্রয়ভেদে চ গৌণেন দ্বিষতা সহ।
ইত্যাদিষু ন বৈরস্যং বৈরিণো জনয়েদ্যুতি॥ ৪৩॥

তত্রৈকতরস্য বাধ্যত্বেন বর্ণনে॥

বাধ্যত্বং বাধাযোগ্যত্বং অয়মত্র বাধাযোগ্যো ভবতীত্যুপবর্ণনেন যুক্তিসম্বলিততয়া নিরূপণ ইত্যর্থঃ। অতো বাধায়া অযোগ্যস্য তথা বর্ণনে তু বৈরস্যমেবেতি ভাবঃ। অপি শব্দস্য সম্ভববচনত্বাৎ হাস্যাদৌ করুণস্মরণং বৈরস্যায়ৈবেতি বোধ্যং। দ্বিতীয়োঽপ্যপিশব্দঃ পূর্ব্ববৎ। অতো বর্ণনীয়ানাং শৃঙ্গারাদীনাং বীভৎসাদিভিঃ সাম্যবচনমনুচিতং। অপিশব্দস্য বিরুক্ত্যা রসান্তরেণেত্যাদৌ চ ব্যভিচারো দ্রষ্টব্যঃ। বৎসলাদীনাং বৈরিযোগে ব্যবধানশতেনাপি বৈরস্যাভাবানুপপত্তেঃ। বিষয়াশ্রয়ভেদে চ তত্র-ভক্তিরসিকাভীষ্টস্য রসবিশেষস্যাস্যাত্র সমতাং দর্শয়দ্ভিরন্যৈঃ প্রতীতেোত্তমত্বেঽপি ভক্তিরসিকৈর্বীভৎসিততয়া জ্ঞাতে ঽপীত্যাদি জ্ঞেয়ং॥ ৪৩॥

দুইয়ের মধ্যে একের বাধ্যস্বরূপে উপবর্ণনে অর্থাৎ যুক্তিসম্বলিত নিরূপণে, স্মরণের যোগ্যতারূপ উক্তিতে, সাম্য বচনে, রসান্তর তটস্থ বা সুহৃদের দ্বারা ব্যবধানে এবং গৌণ শত্রুর সহিত বিষয় ও আশ্রয় ভেদে ইত্যাদি স্থান সকলে সংযোগ বিরসের নিমিত্ত হয় না॥ ৪৩॥

তন্মধ্যে একতরের বাধ্যস্বরূপ বর্ণনে যথা॥

যথা বিদগ্ধমাধবে ॥

প্রত্যাহৃত্য মুনিঃ ক্ষণং বিষয়তো যস্মিন্মনো ধিৎসতে
বালাসৌ বিষয়েষু ধিৎসতি ততঃ প্রত্যাহরন্তী মনঃ।
যস্য স্ফূর্ত্তিলবায় হন্ত হৃদয়ে যোগী সমুৎকণ্ঠতে
মুগ্ধেয়ং কিল তস্য পশ্য হৃদয়ান্নিষ্ক্রান্তিমাকাঙ্ক্ষতি ॥ ৪৪ ॥

বাধ্যত্বমত্র শান্তস্য শুচে রুৎকর্ষবর্ণনাৎ ॥ ৪৫ ॥

প্রত্যাহৃত্যেতি। অত্র পূর্ব্বার্দ্ধে মুনের্বালায়াশ্চ প্রথমা নিষ্ঠা। উত্তরার্দ্ধে যোগিনস্তস্যাশ্চ স্ফুটমুত্তরা ॥ ৪৪ ॥

বাধ্যত্বমিতি পূর্ব্বপদ্যে শ্রীরাধামাধবরহস্যসহায়তয়া পৌর্ণমাস্যাখ্যতপস্বিন্যা রসদ্বয়ং ভাবিতং। মুন্যাদ্যনুসারেণ শান্তঃ। শ্রীরাধাদ্যনুসারেণ শুচিঃ। অত্র মুনিযোগিনোর্যোগবলেন প্রবর্ত্তমানস্যাপি মনসস্তত্রাপ্রবৃত্তেঃ। শ্রীরাধায়া

বিদগ্ধমাধবে ২ অঙ্কে ২৯ শ্লোকে ॥

পৌর্ণমাসী কহিলেন, নান্দীমুখি! আশ্চর্য্য দেখ, মুনিগণ বিষয় হইতে প্রতিনিবৃত্ত করিয়া ক্ষণকালের নিমিত্ত যেমন শ্রীকৃষ্ণে প্রবেশ করাইতে ইচ্ছা করেন, এই বালা কি না তাঁহা হইতে ঐ মন প্রতিনিবৃত্ত করিয়া বিষয়াদিতে নিয়োগ করিতে ইচ্ছা করিতেছেন। হা কষ্ট! যোগিগণ হৃদয়মধ্যে যাঁহার স্ফূর্ত্তিলেশ নিমিত্ত যত্ন করিয়া থাকেন, এই কি না তাঁহাকে হৃদয় হইতে বহিষ্কৃত করিবার নিমিত্ত অভিলাষ করিতেছেন ॥ ৪৪ ॥

এ স্থলে শৃঙ্গাররসের উৎকর্ষবর্ণন হেতু শান্তরসের বাধ্যত্ব হইল ॥ ৪৫ ॥

স্মর্য্যমাণে যথা ॥

স এব বৈহাসিকতাবিনোদৈ-
র্ব্রজস্য হাসোদ্গমসন্নিধাতা।
ফণীশ্বরেণাদ্য বিকৃষ্যমাণঃ
করোতি হা নঃ পরিদেবনানি ॥ ৪৬ ॥

সাম্যেন বচনেন যথা ॥

বিশ্রান্তষোড়শকলা নির্ব্বিকল্পা নিরাবৃতিঃ।

ধর্ম্মভয়েন বাধ্যমানস্যাপি তস্য তস্মিন্ প্রবৃত্তেঃ পূর্ব্বস্য নিকর্ষঃ পরস্য তু প্রকর্ষঃ স্পষ্ট এবেতি কিন্তীদৃগ্ বর্ণনং বক্তৃভেদেনৈবাদোষায় জ্ঞেয়ং নতু সর্ব্বত্র ॥ ৪৫ ॥

স এব ইতি পদ্যদ্বয়ং কেষাঞ্চিৎ ক্ষোদিষ্ঠদিবিষ্ঠানাং বচনং। যদিদমতিদিষ্ট-স্বভাবানাং নেতি শঙ্ক্যতে ব্রজস্থানাস্তু সুতরাং। তদা বৈহাসিকাদিশব্দানাং প্রয়োগানৌচিত্যাৎ। নচেদং ব্রহ্মশিবাদানাং তেষাং স্বয়ং ভগবজ্জ্ঞানাৎ ॥ ৪৬ ॥

বিশ্রান্তঃ প্রাপ্তবিশ্রামা ষোড়শকলা রচনাঃ শৃঙ্গারা যস্যাঃ। পক্ষে বিশ্রান্তং নিরুদ্ধং ষোড়শকলং লিঙ্গশরীরং যস্যাঃ নির্ব্বিকল্পা সুষ্ঠুপ্রত্যক্ষতয়া

স্মর্য্যমাণে যথা ॥

স্বর্গস্থ কোন ক্ষুদ্র দেবতা কহিলেন, যিনি পরিহাসকের কৌতুকদ্বারা ব্রজের হাস্যোদ্গমের সম্পাদক ছিলেন। হায়! সেই কৃষ্ণ আজ ফণীশ্বর কালিয় কর্ত্তৃক আকৃষ্ট হইয়া আমা-দের বিলাপসকল বিস্তার করিতেছেন ॥

সাম্যবচনে যথা ॥

রাধে! তোমাতে ষোড়শকলা শৃঙ্গাররচনা, বিশ্রাম প্রাপ্ত হইয়াছে, তুমি নির্ব্বিকল্পা অর্থাৎ সুন্দর প্রত্যক্ষরূপে নির্ণীত

সুখাত্মা ভবতী রাধে ব্রহ্মবিদ্যেব রাজতে ॥

যথাবা ॥

রাধা শান্তিরিবোন্নিদ্রং নির্নিমেষেক্ষণঞ্চ মাং।

কুর্ব্বতী ধ্যানলগ্নঞ্চ বাসয়ত্যদ্রিকন্দরে ॥ ৪৭ ॥

রসান্তরেণ ব্যবধৌ যথা ॥

ত্বং কাসি শান্তা কিমিহান্তরীক্ষে

দ্রষ্টুং পরং ব্রহ্ম কুতস্ততাক্ষী।

নির্ণীতা পক্ষে ভেদরহিতা। অত্র হেতুর্নিরাবৃতির্লতাদিব্যবধানরহিতা। পক্ষে গুণাবরণশূন্যাব্রহ্মবিদ্যা ব্রহ্মানুভবঃ তদেতদ্বিধমপি বর্ণনং নর্ম্মসম্মমেব রসায় সম্পদ্যত ইতি তথোদাহৃতং মুক্তিশ্রীরিবেতি পাঠস্ত্যক্তঃ ॥ ৪৭ ॥

ত্বং কাসীতি। অত্র রূপস্যাস্তু ততয়া তস্যাঃ শান্তিরতিমাচ্ছাদ্য মধুররতি-

হইয়াছ, তোমার লতাদি ব্যবধান নাই এবং তুমি সুখময়ী স্বরূপে ব্রহ্মবিদ্যার ন্যায় অর্থাৎ সুমধুরভাষিণী হইয়া বিরাজ করিতেছ ॥

যথাবা

শ্রীরাধা শান্তির ন্যায় আমাকে নিদ্রাশূন্য, নির্নিমেষ লোচন ও ধ্যানসংলগ্ন করিয়া পর্ব্বতকন্দরে বাস করাইতেছে ॥ ৪৭ ॥

রসান্তরদ্বারা ব্যবধান যথা ॥

হে রম্ভে! তুমি কে? রম্ভা কহিলেন আমি শান্তা তবে এই আকাশে কেন? রম্ভা কহিলেন, পরমব্রহ্মকে দেখিবার নিমিত্ত, কেন চক্ষুঃ বিস্ফারিত করিলা, রম্ভা কহিলেন, যাঁহার

অত্যাতিরূপাৎ কিমিবাকুলাত্মা।
রম্ভে সমারম্ভি ভিদা স্মরেণ ॥

অত্রাদ্ভুতেন ব্যবধিঃ ॥

বিষয়ভিন্নত্বে যথা শ্রীদশমে ॥

ত্বক্ শ্মশ্রু-রোম-নখ-কেশ-পিনদ্ধমন্ত-
র্মাংসাস্থিরক্ত-কৃমি-বিট্ কফ-পিত্তবাতং ।
জীবচ্ছবং ভজতি কান্তমতির্বিমূঢ়া
যা তে পদাব্জমকরন্দমজিঘ্রতী স্ত্রী ॥ ৪৮ ॥

রম্ভাবিতা। বাবধিশব্দস্যাপ্যেতাবানবধিঃ সাক্ষাৎ স্বয়োক্ত্যা তু যথৈরস্যং তৎ খলু নিবধ্যতে। কিন্তু শান্তসঙ্গেন যত্তদেবেতি ভাবঃ। এবমন্যত্রাপি ॥ ৪৮ ॥

অতিশয় রূপমাধুর্য্যহেতু। আকুলাত্মার মত কেন ? রম্ভা কহিলেন, ভেদকারী কন্দর্প ব্যাকুল করিতে আরম্ভ করিয়াছে ॥

এস্থলে অদ্ভুতের দ্বারা ব্যবধান ॥

উক্ত পদ্যে রূপের অদ্ভুতত্ব প্রযুক্ত রম্ভার শান্তি রতি আচ্ছাদন করিয়া মধুর রতি উদ্ভূত হইল ॥

বিষয়ভিন্নত্বে যথা ॥

শ্রীদশমে ৬০ অধ্যায়ে ৪৪ শ্লোকে ॥

রুক্মিণীদেবী কহিলেন, স্বামিন্ ! যে স্ত্রী আপনার পদারবিন্দের মকরন্দ আঘ্রাণ পায় নাই, সেই মূঢ়তমা বাহ্যে ত্বক্, শ্মশ্রু, রোম, নখ ও কেশদ্বারা আচ্ছাদিত, অন্তরে মাংস অস্থি, রক্ত, কৃমি, বিষ্ঠা ও বাত পিত্ত কফে পরিপূরিত জীবদ্দশায় শবতুল্য দেহকে কান্তজ্ঞানে ভজনা করে ॥ ৪৮ ॥

যথা বা বিদগ্ধমাধবে ॥

তস্যাঃ কান্তদ্যুতিনি বদনে মঞ্জুলে চাক্ষিযুগ্মে

তত্রাস্মাকং যদবধি সখে দৃষ্টিরেষা নিবিষ্টা।

সত্যং ক্রমস্তদবধি ভবেদিন্দু মিন্দীবরঞ্চ

স্মারং স্মারং মুখকুটিলতাকারিণীয়ং হ্বণীয়া ॥

উভয়ত্র শুচীবীভৎসয়োঃ ।

আশ্রয়ভিন্নত্বে যথা ॥

বিজয়িনমজিতং বিলোক্য রঙ্গ-

স্থলভুবি সংভৃতসাংযুগীনলীলং।

পশুপসবয়সাং বপূংষি ভেজুঃ

পুলককুলং দ্বিষতাং তু কালিমানং ॥

স্মারং স্মারমিতি হ্বণীয়েতি দ্বয়মপ্যাস্মাকমিত্যস্যৈক কর্তুঃ ক্রিয়াদ্বয়ে চাম্নিন্

যথা বা বিদগ্ধমাধবে ২ অঙ্কে ৪২ শ্লোকে ॥

শ্রীকৃষ্ণ কহিলেন, সখে! কি আশ্চর্য্য! সেই শ্রীরাধার কান্তিযুক্ত বদনে ও মনোহর নয়নযুগলে যে অবধি আমার দৃষ্টি নিবিষ্ট হইয়াছে, আমি সত্য বলিতেছি, সেই হইতে চন্দ্র ও ইন্দীবরকে স্মরণ করিয়া মুখ কুটিলতাকারিণী ঘৃণা আসিয়া উপস্থিত হয় ॥

উভয় পদ্যে শৃঙ্গার বীভৎসের ভিন্ন বিষয়তা ॥

আশ্রয়ভিন্নত্বে যথা ॥

যুদ্ধক্ষেত্রে উত্তম যোদ্ধার ন্যায় বিলাসশালি অপরাজিত শ্রীকৃষ্ণকে বিজয়ী দেখিয়া বয়স্য গোপদিগের বপুঃ কালিমা ধারণ করিয়াছিল ॥

অত্র বীরভয়ানকয়োঃ॥

বিষয়াশ্রয়ভেদেঽপি মুখ্যেন বিলতা সহ।

সঙ্গতঃ কিল মুখ্যস্য বৈরস্যায়ৈব জায়তে॥

অত্র বিষয় ভেদে যথা॥ ৪৯॥

বিমোচয়ার্গলাবন্ধং বিম্বং তাত ন চর।

যামি কাশ্যগৃহং যূনা মনঃ শ্যামেন মে হৃতং॥ ৫০॥

অত্র শুচেঃ প্রীতেন॥ ৫১॥

আশ্রয়ভেদে যথা॥

স্তুতিক্রিয়ায়াঃ পূর্ব্বস্যানুল্ যুজ্যতে এব॥ ৪৯॥

কাশ্যঃ সান্দীপনিঃ॥ ৫০॥

প্রীতেন তস্যাঃ পিতৃবিষয়েণ। ভাবনাবিশেষে তত্রাপি ন দোষঃ। যথা। অহং ব্রহ্মনয়াজ্ঞাতা দাসগতানাং পতিঃ সতু। তস্মাদন্যো বরঃ কো বা মমাল-ঙ্কার কল্পতাং। ত্রয়ীময়াৎ সূর্য্যাৎ॥ ৫১॥

এস্থলে বীর ও ভয়ানকরসের আশ্রয়ভিন্নতা॥

বিষয় ও আশ্রয়ের ভিন্নতা হইলে ও মুখ্য ও শত্রুর সহিত মিলন এ কেবল মুখ্যের বিরসতার নিমিত্ত হইয়া থাকে॥ ৪৯॥

তন্মধ্যে বিষয়ভেদে যথা॥

কোন মথুরাবাসিনী স্ত্রী কহিলেন, পিতঃ! শীঘ্র অর্গলা-বন্ধন বিমোচন করুন আমি সান্দীপনিমুনির গৃহে গমন করিব, শ্যাম যুবা আমার মন হরণ করিয়াছেন॥ ৫০॥

এস্থলে শৃঙ্গারে প্রীতরসদ্বারা বিষয়ভেদ॥ ৫১॥

আশ্রয়ভেদে যথা॥

রুক্মিণীকুচকাশ্মীর-পঙ্কিলোরঃস্থলং কদা।
সদানন্দং পরং ব্রহ্ম দৃষ্ট্যা সেবিষ্যতে ময়া ॥
অত্র শান্তস্য শুচিনা ॥
অনুরক্তধিয়ো ভক্তাঃ কেচন জ্ঞানবর্ত্মনি।
শান্তস্যাশ্রয়ভিন্নত্বে বৈরস্যং নানুমন্যতে ॥
কিঞ্চ ॥
ভৃত্যয়োর্নায়কস্যেব নিসর্গদ্বেষিণোরপি।
অঙ্গয়োরঙ্গিনঃ পুষ্ট্যা ভবেদেকত্র সঙ্গতিঃ ॥ ৫২ ॥
যথা ॥

রুক্মিণীতি। এবাত্র শুচেরাশ্রয়ঃ। বক্তাতু শান্তস্য। রুক্মিণীত্যাদিভাবনায়াং তু শুচেরাশ্রয়ঃ স্যাদিতি পক্ষেতু সুতরামেব দোষ ইতি ভাবঃ ॥ ৬২ ॥

যাঁহার বক্ষঃস্থল রুক্মিণীর কুচস্থ কুঙ্কুমদ্বারা পঙ্কিল হইয়াছে, সেই সদানন্দ পরমব্রহ্মকে কবে আমি দৃষ্টিদ্বারা সেবা করিব ॥

এস্থলে শৃঙ্গারদ্বারা শান্তরসের আশ্রয় ভেদ হইল ॥

কতকগুলি জ্ঞানমার্গে অনুরক্ত ভক্ত শান্তরসের আশ্রয় ভিন্ন হইলেও বিরসতা স্বীকার করেন না ॥

আরও বলি ॥

স্বভাবদ্বেষি ভৃত্যদ্বয়ের নায়কের ন্যায় অঙ্গির পুষ্টির নিমিত্ত শত্রুরূপ অঙ্গদ্বয়ের একত্র মিলন হইয়া থাকে ॥

যথা ॥

কুমারস্তে মল্লী কুসুমসুকুমারঃ প্রিয়তমে
গরিষ্ঠোঽয়ং কেশী গিরিবদিতি মে বেল্লতি মনঃ।
শিবং ভূয়াৎ পশ্যোন্নমিতভুজমেধির্মুহুরমুং
খলং ক্ষুন্দন্ কুর্য্যাং ব্রজমতিতরাং শালিনমহং॥
অত্র বিদ্বিষৌ বীরভয়ানকৌ বৎসলং পুষ্ণীতঃ॥ ৫৩॥
যথা বা॥
কম্প্রা স্বেদিনি চূর্ণকুন্তল তট ইত্যাদি॥
অত্র হাস্যকরুণৌ বৎসলমেব পুষ্ণীতঃ॥ ৫৪॥

কুমার ইত্যাদৌ বিষয়ভেদোঽপ্যপেক্ষ্যতে। শালিনং শ্লাঘিনং। শাল্ৃ শ্লাঘায়াং ধাতুঃ। মেধির্খলপলালপার্থক্যায় ভ্রাম্যমাণবলীবর্দ্দবন্ধনস্তম্ভঃ॥ ৫৩॥
কম্প্রেত্যাদৌ কিঞ্চিৎ কালভেদোঽপি দৃশ্যতে॥ ৫৪॥

নন্দ কহিলেন, প্রিয়তমে! তোমার পুত্র মল্লীকুসুমের ন্যায় কোমল কিন্তু এই কেশীদানব পর্ব্বত অপেক্ষাও গুরুতর, এই কারণে আমার মন অতিশয় কম্পিত হইতেছে। কল্যাণ হউক, দেখ আমি এই স্তম্ভসদৃশ (থামের মত) ভুজ উত্তোলন করিয়া এই খলকে বিদীর্ণ করত ব্রজমণ্ডলকে সুস্থির করিতেছি॥

এস্থলে শত্রুরূপ বীর ও ভয়ানক মুখ্য বৎসল রসকে পুষ্ট করিল॥ ৫৩॥

যথা বা॥

এই অষ্টম লহরীর ২৮ শ্লোকে "কম্প্রা স্বেদিনি চূর্ণকুন্তল তটে" এই পদ্যে হাস্য ও করুণরস বৎসলরসকে পুষ্ট করিয়াছে॥ ৫৪॥

অপিচ ॥

মিথো বৈরাবপি দ্বৌ যৌ ভাবৌ ধর্ম্মসুতাদিষু।
কালাদিভেদাৎ প্রাকট্যং তৌ বিন্দন্তৌ ন দুষ্যতঃ ॥ ৫৫॥
অধিরূঢ়ে মহাভাবে বিরুদ্ধৈর্বিরসা যুতিঃ।
ন স্যাদিত্যুজ্জ্বলে রাধাকৃষ্ণয়োর্দর্শিতং পুরা ॥ ৫৬ ॥
কাপ্যচিন্ত্যমহাশক্তৌ মহাপুরুষশেখরে।

মিথ ইতি। তত্তদ্ভাবযোগ্যেষু তেষু ভাবভেদস্য যথাকালমুদয়াৎ। ধর্ম্ম সুতেহি প্রীতির্বাৎসল্যং সখ্যঞ্চ দৃশ্যতে। যোগ্যতাচ তদীশ্বরতাজ্ঞানিত্বাৎ জ্যেষ্ঠ ভ্রাতৃত্বাৎ নাতিজ্যেষ্ঠভ্রাতৃত্বাচ্চ যথা শ্রীবলদেবস্য। দোষত্বং খলু অযোগ্য এব বিধীয়তে তস্মান্ন তেষু দোষঃ কিং ত্বন্যত্রৈবেত্যর্থঃ যেবা কেচিৎ প্রয়োগাঃ শ্রী-ভাগবতে বিরুদ্ধা ইব দৃশ্যন্তে তৎসমাধানং তু শ্রীভাগবতসন্দর্ভস্য প্রীতিসন্দর্ভে কৃতমস্তি ॥ ৫৫ ॥

দর্শিতং পুরেতি ঘোরা খণ্ডিতশঙ্খচূড়মিত্যাদৌ ॥ ৫৬ ॥

কাপীতি। বিষয়ত্বেন প্রায় স্বাদো ন বিহন্যতে আশ্রয়ত্বেহপি স্বাদায়ৈব

আরও বলি ॥

ধর্ম্মনন্দন যুধিষ্ঠির প্রভৃতিতে পরস্পর বিপক্ষ প্রীতি ও বাৎসল্য যে দুইটী ভাব, ইহারা কালভেদে প্রকটতা প্রাপ্ত হয়, কিন্তু দুষ্ট হয় না ॥ ৫৫ ॥

অধিরূঢ় মহাভাবে বিরুদ্ধ ভাব সকলের সহিত মিলন হইলে বিরুদ্ধ হয় না, পূর্ব্বে শৃঙ্গাররসে শ্রীরাধাকৃষ্ণের সম্বন্ধে প্রদর্শিত হইয়াছে ॥ ৫৬ ॥

কোন স্থানে অচিন্ত্য মহাপুরুষশিরোমণিতে রস সকলের

রসাবলিসমাবেশঃ স্বাদায়ৈবোপজায়তে ॥

তত্র রসানাং বিষয়ত্বে যথা ললিতমাধবে ॥ ৫৭ ॥

দৈত্যাচার্য্যাস্তদাস্যে বিকৃতিমরুণতাং মল্লবর্য্যাঃ সখায়ো
গণ্ডৌন্নত্যং খলেশাঃ প্রলয়মৃষিগণা ধ্যানমুষ্ণাস্রমম্বাঃ।
রোমাঞ্চং সাংযুগীনাঃ কমপি নব চমৎকারমন্তঃসুরেশা
লাস্যং দাসাঃ কটাক্ষং যযুরসিতদৃশঃ প্রেক্ষ্য রঙ্গে মুকুন্দং।

আশ্রয়ত্বে যথা ॥ ৫৮ ॥

স্যাদিত্যর্থঃ ॥ ৫৭ ॥ ॥

দৈত্যাচার্য্যাঃ কংসপুরোহিতাঃ। তদা তদানীং আস্যে মুখে বিকৃতিং কূণনাদিকং যযুঃ গজরক্তমদাদিলিপ্তত্বং দৃষ্ট্বেতি ভাবঃ অনেন বীভৎসঃ। সখায় ইত্যনেন হাস্যঃ প্রেয়াংশ্চেতি রসদ্বয়ং। প্রলয়ং ভয়েন নষ্টচেষ্টতাং। ধ্যানং ধ্যানাব্রস্থামেব সাক্ষাৎ যযুঃ অনেন শান্তঃ। অম্বা দেবক্যাদয়ঃ। এতেন বৎসলঃ করুণশ্চ ॥ ৫৮ ॥

সমাবেশ আস্বাদনের নিমিত্ত হইয়া থাকে ॥ ৫৭ ॥

রস সকলের বিষয়ত্বে যথা ॥

ললিতমাধবে ॥

শ্রীকৃষ্ণ কংসের রঙ্গস্থলে গমন করিলে তদ্দর্শনে কংস পুরোহিতগণ মুখ বিকৃতি, মল্লবর্য্য সকল অরুণ বদন সখাবর্গ গণ্ড প্রফুল্লতা, খলশ্রেষ্ঠগণ প্রলয় অর্থাৎ ভয় বশতঃ নষ্ট চেষ্টতা, ঋষিগণ ধ্যান, দেবকী প্রভৃতি মাতৃগণ উষ্ণ অশ্রু, রণপটু যোদ্ধা সকল লোমাঞ্চ, ইন্দ্র প্রভৃতি দেবেশগণ অন্তঃকরণ মধ্যে কোন নব চমৎকার, ভৃত্যবর্গ নৃত্য এবং অসিতাপাঙ্গী যুবতিগণ কটাক্ষ ধারণ করিয়াছিলেন ॥ ৫৮ ॥

স্বস্মিন্ ধুর্য্যোঽপ্যমানি শিশুষু গিরিধৃতাবুদ্যতেষু স্মিতাস্য-
স্থূৎকারী দধ্নি বিস্ত্রে প্রণয়িষু বিবৃত•প্রৌঢ়িরিন্দ্রেঽরুণাক্ষঃ।
গোষ্ঠে সাশ্রুর্বিদূনে গুরুষু হরিমখং প্রাস্য কম্প্রঃ স পায়া-
দাসারে স্ফারদৃষ্টির্যুবতিষু পুলকী বিভ্রদাদ্রিং বিভুর্বঃ ॥৫৯॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধাবুত্তরবিভাগে রসানাং মৈত্রবৈরস্থিতিলহরী অষ্টমী ॥ * ॥ ৮ ॥ * ॥

অমানীতি নিরহঙ্কারতয়া শান্ত উক্তঃ। কম্প্র ইতনেন ভয়ানকঃ। এবমন্যেঽপি জ্ঞেয়াঃ। প্রাস্য খণ্ডয়িত্বা ॥ ৫৯ ॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ নবলহর্য্যাত্মকে উত্তরবিভাগে মৈত্রবৈরস্থিতিলহর্য্যষ্টমী ॥ * ॥ ৮ ॥ * ॥

আশ্রয়ত্ব যথা ॥

যিনি পর্ব্বত ধারণ করিয়া নিজে শ্রেষ্ঠ হইলেও অমানী; শিশুগণ পর্ব্বত ধারণ করিতে গেলে যিনি হাস্যবদন, যিনি আমগন্ধ বিশিষ্ট দধিতে ঘৃণাকারী, যিনি প্রণয়ি জনেতে প্রৌঢ় বাদ বিস্তার করেন, যিনি গোষ্ঠ বিনাশে সাশ্রুনেত্র যিনি ইন্দ্রযজ্ঞ নষ্ট করিয়া গুরুবর্গে কম্পান্বিত যিনি জলধারাপাতে বিস্ফারিত নেত্র ও যুবতীসকলে পুলকী, সেই প্রভু তোমাদিগকে রক্ষা করুন ॥ ৫৯ ॥

॥ * ॥ ইতি শ্রীরামনারায়ণবিদ্যারত্নকৃত ব্যাখ্যায় ভক্তিরসামৃতসিন্ধুর উত্তরবিভাগে রস সকলের মৈত্রবৈরস্থিতিলহরী অষ্টমী ॥ * ॥ ৮ ॥ * ॥

অথ রসাভাসাঃ ॥ ১ ॥

পূর্ব্বমেবানুশিষ্টেন বিকলা রসলক্ষণা।
রসা এব রসাভাসা রসজ্ঞৈরনুকীর্ত্তিতাঃ।
স্যুস্ত্রিধোপরসাশ্চানুরসাশ্চাপরসাশ্চ তে।
উত্তমা মধ্যমাঃ প্রোক্তাঃ কনিষ্ঠাশ্চেত্যমী ক্রমাৎ ॥

তত্রোপরসাঃ ॥

প্রাপ্তৈঃ স্থায়িবিভাবানুভাবাদ্যৈস্তু বিরূপতাং
শান্তাদয়ো রসা এব দ্বাদশোপরসা মতাঃ ॥ ২ ॥

তত্র শান্তোপরসঃ ॥

ব্রহ্মভাবাৎ পরব্রহ্মণ্যদ্বৈতাধিক্যযোগতঃ।

রসা ইতি রসত্বেনাপাততঃ প্রতীয়মানা অপীত্যর্থঃ। রসস্য লক্ষণা লক্ষণেন বিকলা বিভাবাদিষু লক্ষণহীনতয়া হীনাঃ ॥ ২ ॥

পরব্রহ্মণোহি প্রতিষ্ঠাহমিত্যাদিপ্রতিপাদিতে শ্রীভগবতি ব্রহ্মভাবান্নির্বি-

---

অথ রসাভাস ॥

পূর্ব্ব উপদিষ্ট রসলক্ষণদ্বারা রসসকল অঙ্গহীন হইলে পণ্ডিতগণ তাহাকে রসাভাস বলিয়া থাকেন ॥

রসাভাস ক্রমে উত্তম, মধ্যম ও কনিষ্ঠ ভেদে উপরস, অনুরস এবং অপরস এই তিন প্রকার হয় ॥

তন্মধ্যে উপরস যথা ॥

বিরূপতা প্রাপ্ত স্থায়ী বিভাব ও অনুভাবদ্বারা শান্তাদি দ্বাদশ রসই উপরস হইয়া থাকে ॥ ১ ॥

তন্মধ্যে শান্ত উপরস যথা ॥

সাকার পরমব্রহ্ম ভগবানে ব্রহ্মভাব হেতু নির্ব্বিশেষরূপে

তথা বীভৎসভূমাদেঃ শান্তো হ্যুপরসো ভবেৎ ॥

তত্রাদ্যং যথা ॥

বিজ্ঞানসুষমাধৌতে সমাধৌ যত্নদঞ্চতি।

সুখং দৃষ্টে তদেবাদ্য পুরাণপুরুষে ত্বয়ি

দ্বিতীয়ং যথা ॥

যত্র যত্র বিষয়ে মম দৃষ্টি-

স্তং তমেব কলয়ামি ভবন্তং।

যন্নিরঞ্জনপরাবরবীজং

ত্বাং বিনা কিমপি নাপরমস্তি ॥

শেষতা দৃষ্টেঃ। তথাদ্বৈতাধিক্যযোগতঃ সর্ব্বকারণেন তেন সহ সর্ব্বস্যাত্যন্তাভেদ ইতি মননাৎ। তথা বীভৎসভূমাদেঃ নিরন্তরং দেহাদৌ জুগুপ্সাভাবনা

দৃষ্টি এবং সর্ব্বকারণরূপ ব্রহ্মের সহিত অত্যন্ত অভেদ তথা অতিশয় ঘৃণা বোধ, এই দুই ভেদে শান্ত উপরস দুই প্রকার হয় ॥

তন্মধ্যে আদ্য যথা

বিজ্ঞান শোভা দ্বারা সমাধি ধৌত হইলে যে সুখ উদিত হয়, পুরাণপুরুষ তুমি দৃষ্টিগোচর হওয়াতে আজ সেই সুখের উদয় দেখিতেছি ॥

দ্বিতীয় যথা ॥

যে যে বিষয়ে আমার দৃষ্টি পতিত হইতেছে সেই সেই স্থলে তোমাকে দেখিতেছি, যিনি নিরঞ্জন ও কার্য্যকারণের বীজস্বরূপ তিনিই তুমি, তোমা ব্যতিরেকে আর অন্য কিছু নাই ॥

অথ প্রীতোপরসঃ ॥
ধার্ষ্ট্যং কৃষ্ণস্যাগ্রে শ্রিতভক্তেষ্ববহেলয়া।
ভীষ্টদেবতান্যত্র পরমোৎকর্ষণীক্ষয়া।
মর্যাদাতিক্রমাদ্যৈশ্চ প্রীতোপরসতা মতা ॥ ৩ ॥
তত্রাদ্যং যথা ॥
প্রথয়ন্ বপুর্বিনম্রতাং সততং কুলৈ-
রধাৰ্য্যাম গনটনো প্যানর্গলঃ।
কির প্রভো দৃশাং ত্যকুণ্ঠবাক্

নোচ্চিদচিদ্বিবেকাচ্চেতি জ্ঞেয়ং। ইতঃ পরমুদাহরণাজ্ঞেকদেশদর্শনাদেব
নি ॥ ৩ ॥
ত্ৰাং প্রথয়ন্ পৃথু কৰ্ব্বন্নিতি স্বল্পামপি তাং পৃথুতয়া দর্শয়ন্নিত্যর্থঃ।

অথ প্রীত উপরস ॥

শ্রীকৃষ্ণের অগ্রে ধৃষ্টতা, কৃষ্ণভক্তের প্রতি অবহেলা, আর অভীষ্টদেব হইতে অন্য দেবতার অতিশয় উৎকর্ষ এবং মর্যাদার অতিক্রম, এই সকল দ্বারা প্রীত উপরস য়া থাকে ॥ ৩ ॥

তন্মধ্যে আদ্য যথা ॥

বটু (মধুমঙ্গল) সৎসকলের অবজ্ঞাস্পদ নৃত্যকারী হই- শ্রীকৃষ্ণের অগ্রে দেহের অল্প বিনম্রতা সত্ত্বেও বহুতর প্রকাশপূর্ব্বক অনর্গল চটুলবাক্যে কহিলেন, প্রভো! আমার প্রতি দৃষ্টি নিক্ষেপ কর, এই বলিয়া আপনার রতি

চটুলো শটুর্ব্যরুণুতাত্মনো রতিং ॥ ৪ ॥

অথ প্রেয় উপরসঃ ॥

একস্মিন্নেব সখ্যেন হরিমিত্রাদ্যবজ্ঞয়া।

যুদ্ধভূম্যাদিনা চাপি প্রেয়ানুপরসো ভবেৎ ॥ ৫ ॥

তত্রাদ্যং যথা।

সুহৃদিত্যুদিতো ভিয়া চকম্পে

ছলিতনর্ম্মগিরা স্তুতিং কার।

স নৃপঃ পরিরম্ভিতো ভুজাভ্যাং

হরিণা দণ্ডবদগ্রতঃ পপাত ॥

...তো ইতি শ্রীকৃষ্ণপ্রতিমাং প্রতি সম্বোধনং ॥ ৪ ॥

একস্মিন্নেব নতু মিথঃ ॥ ৫ ॥

স নৃপ ইতি শ্রীহরেঃ পুত্র্যাঃ পুত্রস্য বা শ্বশুরঃ কশ্চিদিত্যর্থঃ ॥ ৬ ॥

...র্থনা করিয়াছেন ॥ ৪ ॥

অথ প্রেয় উপরস ॥

পরস্পর সখ্য না হইয়া একেতেই সখ্য, কৃষ্ণবন্ধু প্রভৃতির অবজ্ঞা এবং যুদ্ধাতিশয় এই সকল দ্বারা প্রেয়োরস উপরস হয় ॥ ৫ ॥

তন্মধ্যে আদ্য যথা ॥

শ্রীকৃষ্ণ আপনার পুত্রীর অথবা পুত্রের কোন শ্বশুরকে সুহৃৎ এই কথা বলিলে, তৎক্ষণাৎ ঐ রাজা ভয়ে কম্পিত হইয়াছিলেন, পরিহাসবাক্যদ্বারা ছল করিলে স্তব করিতে লাগিলেন এবং হস্তদ্বয় দ্বারা আলিঙ্গন করিলে ইচ্ছা করিলে সম্মুখে দণ্ডের ন্যায় পতিত হইয়াছিল ॥

বৎসলোপরসঃ ॥

সামর্থ্যাধিক্যধিক্যবিজ্ঞানাল্লালনাদ্যপ্রযত্নতঃ।

শস্যাতিরেকাদেৰ্ব্বৎস্যেচোপরসো ভবেৎ ॥ ৬ ॥

আদ্যং যথা ॥

নাং যদবধি পর্ব্বতোদ্ভটানা-

থং সপদি ভবাত্মজাদপশ্যং।

দ্বেগং তদবধি যামি যামি তস্মিন্

আমপি সংঘতিং প্রপদ্যমানে ॥

শৃঙ্গারোপরসঃ।

স্থায়িবৈরূপ্যং ॥

য়োরেকতরস্যৈব রতির্যা খলু দৃশ্যতে।

নেকত্র তথৈকস্য স্থায়িনঃ সা বিরূপতা ॥৭ ॥

হে ভগিনি ॥ ৭ ॥

বৎসল উপরস যথা ॥

সামর্থ্যের আধিক্য জ্ঞান, লালনাদিতে অপ্রযত্ন এবং আতিশয্য এই সকলদ্বারা বৎসল উপরস হয় ॥ ৬ ॥

তন্মধ্যে আদ্য যথা ॥

গিনি! যে অবধি তোমার পুত্র হইতে পর্ব্বত অপেক্ষা মল্লগণের সহসা নিপাত দেখিয়াছি, সেই হইতে প্রবল যুদ্ধতেও আর তাঁহাতে উদ্বেগ প্রাপ্ত হই না ॥

অথ শৃঙ্গার উপরস ॥

২হাতে স্থায়ির বিরূপতা ॥

য়ের মধ্যে কেবল একের যে রতি এবং এক ব্যক্তির লে যে রতি, তাহাকেই স্থায়ির বিরূপতা বলে ॥ ৭

বিভাবৈস্তৈব বৈরূপ্যং স্থায়িন্যত্রোপচর্য্যতে ॥

তত্রৈকত্র রতির্যথা ললিতমাধবে ॥

মন্দস্মিতং প্রকৃতিসিদ্ধমপি ব্যুদস্তং
সংগোপিতশ্চ সহজোঽপি দৃশোস্তরঙ্গঃ ।
ধূমায়িতে দ্বিজবধূমদনার্ত্তিবহ্না-
বহ্নায় কাপি গতিরঙ্কুরিতামযাসীৎ ॥ ৮ ॥

অত্যন্তাভাব এবাত্র রতেঃ খলু বিবক্ষিতঃ ।

বিভাবস্থালম্বনরূপৈস্তৈরেবেতি কচিত্তদ্দেহস্য কুচিত্তদন্তঃকরণস্যেত্যর্থঃ ॥ স্বরূপতঃ স্থায়িনো বৈরূপ্যাযোগাৎ ॥ তত্রৈকতরস্যোদাহরণে যজ্ঞপত্নীষু দেহস্যৈব বৈরূপ্যং জ্ঞেয়ং ব্রাহ্মণদেহত্বাৎ, তচ্চ তাদৃশীং রতিং নিরূপয়তি মিতি শ্রীকৃষ্ণরতিমপি নোদ্গময়তি । অত্র অন্তঃ ম ম্যানস্য সংক্রমণাদুপচর্য্যতে ইত্যুক্তং । একস্যানেকত্র রতিস্ফুরণস্যৈব বৈরূপ্যং । একত্রাপি [illegible] ত্বাৎ । তদেতচ্চ নায়িকাগতমেব জ্ঞেয়ং । উভয়ান্যতমযোস্তারতম্যাভাবে [illegible] গতঞ্চ ॥ ৮ ॥

অত্যন্তাভাবস্ত্রৈকালিকাসত্তা । তত্রেতি তাসাং ব্রাহ্মণদেহমধিকৃত্য ইত্যর্থঃ ॥ ৯ ॥

বিভাবের বিরূপতা স্থায়িতে আরোপ হয় ।

তন্মধ্যে একত্র রতি, যথা

ললিতমাধবে ॥

যজ্ঞপত্নীগণের মদনানল ধূমায়িত হইলে স্বভাবসিদ্ধ মন্দ হাস্য নিরস্ত এবং চক্ষুর সহজ তরঙ্গও সংগোপিত হইয়া শ্রী কৃষ্ণের শীঘ্র কোন গতি অঙ্কুরিত হইয়াছিল ॥ ৮ ॥

এস্থলে রতির অত্যন্তাভাবই বলিবার যোগ্য, এই রতির

বিভাবস্যৈব বৈরূপ্যং স্থায়িন্যত্রোপচর্য্যতে ॥

তত্রৈকত্র রতির্যথা ললিতমাধবে ॥

মন্দস্মিতং প্রকৃতিসিদ্ধমপি ব্যুদস্তং
সংগোপিতশ্চ সহজোঽপি দৃশোস্তরঙ্গঃ।
ধূমায়িতে দ্বিজবধূমদনার্ত্তিবহ্না-
বহ্নায় কাপি গতিরঙ্কুরিতামযাসীৎ ॥ ৮ ॥

অত্যন্তাভাব এবাত্র রতেঃ খলুবিবক্ষিতঃ।

বিভাবস্যালম্বনরূপস্যৈবেতি কচিত্তদ্দেহস্য কচিত্তদন্তঃকরণস্যেত্যর্থঃ ॥ স্বরূপতঃ স্থায়িনো বৈরূপ্যাযোগ্যাৎ। তত্রৈকত্ররত্যুদাহরণে যজ্ঞপত্নীষু দেহস্যৈব বৈরূপ্যং জ্ঞেয়ং ব্রাহ্মণদেহত্বাৎ, তচ্চ তাদৃশীং রতিং নিরূপয়তি অনুচিতোহয়মিতি শ্রীকৃষ্ণরতিমপি নোদ্গময়তি। অত্র অন্যদঃ স সান্যত্র সংক্রমণাদুপচর্য্যতে ইত্যুক্তং। একস্যানেকত্র রতিত্বস্তঃকরণস্যৈব বৈরূপ্যং। একত্রালম্বনত্বাৎ। তদেতচ্চ নায়িকাগতমেব জ্ঞেয়ং। উক্তনায়কয়োস্তারতম্যাভাবে [illegible] গতঞ্চ ॥ ৮ ॥

অত্যন্তাভাবস্ত্রৈকালিক্যসত্তা। তত্রেতি তাসাং ব্রাহ্মণদেহমধিকৃত্য ইত্যর্থঃ ॥ ৯ ॥

বিভাবের বিরূপতা স্থায়িতে আরোপ হয়।

তন্মধ্যে একত্র রতি, যথা

ললিতমাধবে ॥

যজ্ঞপত্নীগণের মদনানল ধূমায়িত হইলে স্বভাবসিদ্ধ মন্দ হাস্য নিরস্ত এবং চক্ষুর সহজ তরঙ্গও সংগোপিত হইয়া শ্রীকৃষ্ণের শীঘ্র কোন গতি অঙ্কুরিত হইয়াছিল ॥ ৮ ॥

এস্থলে রতির অত্যন্তাভাবই বলিবার যোগ্য, এই রতির

লতাপশুপুলিন্দীষু বৃদ্ধাস্বপি স বর্ত্ততে ॥ ২৯ ॥

তত্র লতা যথা ॥

সখি মধু কিরন্তী নিশম্য বংশীং
মধুমথনেন কটাক্ষিতাথ মুগ্ধী।
মুকুলপুলকিতা লতাবলীয়ং
রতিমিহ পল্লবিতাং হৃদি ব্যনক্তি ॥ ১২ ॥

পশুর্যথা ॥

প্রেক্ষ্যতে। বৃদ্ধাসু হাসমাত্রার্থং তাদৃশত্বঞ্চ বর্ণ্যতে। তস্মাদ্বাস্তব তত্রত্যাভাবাত্রসাভাসত্বং। পুলিন্দীষু তু বাস্তবরতিত্বেঽপি জাতিবৈরূপ্যাদন্যপক্ষীবত্তদাভাসত্বং জ্ঞেয়ং। তত্র পশুষু বৈদগ্ধ্যং নাস্ত্যেব। বৃদ্ধাসু বৈদগ্ধ্যপ্রাতিকূল্যং দৃশ্যত। পুলিন্দীষু চ বৈদগ্ধ্যং নাতিসম্ভাব্যতে। তস্মাত্ত্বিহ উদ্দিষ্টঃ। অথোজ্জল্যং নাম আকৃত্যা জাত্যাদিনা চাযোগ্যত্বং তত্তদযোগ্যতাবিরহশ্চ যথাযোগ্যং দ্রষ্টব্যঃ। স বর্ত্তত ইতি সবৈদগ্ধ্যাদিবিরহো বর্ত্ততে ॥ ১১ ॥

সখি মধ্বিত্যত্র। সমুকুলপুলকা নিশম্য বংশীং নখ-লিখিতাচ হরিং প্রসজ্য জাতা। তদিহ নববয়াঃ প্রতানিনীয়ং লসতি যথা ভবতী তথা বয়ার্দ্রী। ইতি বা পাঠঃ ॥ ১২ ॥

লতা, পশু, পুলিন্দী ও বৃদ্ধা সকলে অবস্থিত হয় ॥ ১১ ॥

তন্মধ্যে লতায় বিদগ্ধতার উজ্জলভাব যথা ॥

সখি! এই মুগ্ধী লতাবলী বংশীরব শ্রবণ করিয়া মধুক্ষরণ এবং মধুমথনকর্ত্তৃক কটাক্ষিত হইয়া মুকুল রূপ পুলকাকুল কলেবরে হৃদয়স্থ পল্লবিতা রতি প্রকাশ করিতেছে ॥ ১২ ॥

পশুতে বিদগ্ধতার উজ্জলের অভাব যথা ॥

পশ্য গৌরি কিরতী দৃগঞ্চলং
স্মেরয়ত্যঘহরং জরত্যসৌ ॥
স্থায়িনোঽত্র বিরূপত্বমেকরাগতয়াপি চেৎ ।
ঘটেতাসৌ বিভাবস্য বিরূপত্বেঽপ্যুদাহৃতিঃ ।
শুচিত্বৌজ্জ্বল্যবৈদগ্ধ্যাৎ সুবেশত্বাচ্চ কথ্যতে ।
শৃঙ্গারস্য বিভাবত্বমনাত্রাভাস [illegible] ॥
অথানুভাববৈরূপ্যং ॥
সময়ানাং ব্যতিক্রমো গ্রাম্যত্বং ধৃষ্টতাপি চ ।
বৈরূপ্যমনুভাবাদের্মনীষিভিরুদীরিতং ॥ ১৩ ॥

বৈদগ্ধ্যেত্যাদিনা দর্শিতমেব বিবৃণন্ পরিহরতি শুচিত্বেতি । শু[illegible]লম্বনস্য জ্ঞেয় বিভাবত্বং বিশিষ্টো ভাবঃ স তু স্থায়ী বা যত্র তদ্রূপত্বং । [illegible]পাবত্ত্বোজ্জ্বল্য-বৈদগ্ধ্য:বৰবৈবিভাব:গঃ । শৃঙ্গারপুষ্টয়া । স্থায়াভাসত্বমতোঽন্যথেতি পাঠা-ন্তরঃ ॥ ১৩ ॥

কৃষ্ণবর্ণ এবং বিস্ময়ুগ্মদ্বারা উন্নতস্তন রচনা করিয়া অপাঙ্গ নিক্ষেপে শ্রীকৃষ্ণকে হাস্যান্বিত করাইতেছে ॥

এক রাগতা প্রযুক্ত যদি এখানে স্থায়িভাবের বিরূপত্ব ঘটে, তথাপি বিভাবের বিরূপতা বিষয়েই এই উদাহরণ ॥

শুচিত্ব, উজ্জ্বলতা, বিদগ্ধতা ও সুবেশত্ব হেতু শৃঙ্গারের বিভাবতা হয়, তদ্ভিন্ন অন্যত্র আভাস মাত্র ॥

অথ অনুভাবের বিরূপতা ॥

সময়ের অতিক্রম, গ্রাম্যত্ব (অশ্লীলত্ব) এবং ধৃষ্টতা এই সকলকে পণ্ডিতেরা অনুভাবাদির বৈরূপ্য বলিয়া থাকেন ॥১৩

অথ সময়ব্যতিক্রান্তিঃ ॥

সময়াঃ খণ্ডিতাদীনাং প্রিয়ে রোষোদিতাদয়ঃ ।
পুংসঃ স্মিতাদয়শ্চাত্র প্রিয়য়া তাড়নাদিষু ।
এতেষামন্যথাভাবঃ সময়ানাং ব্যতিক্রমঃ ।

তত্রাদ্যং যথা ॥

কান্তানখাঙ্কিতোঽপ্যদ্য পরিহৃত্য হরে হ্রিয়ং ।
কৈলাসবাসিনীং দাসীং কৃপাদৃষ্ট্যা ভজস্ব মাং ॥

অথ গ্রাম্যত্বং ॥

বালশব্দাদ্যুপন্যাসো বিরসোক্তিপ্রপঞ্চনং ।
কটিকণ্ডূতি রত্যাদ্যং গ্রাম্যত্বং কথিতং বুধৈঃ ॥ ১৪ ॥

সময়াঃ আচারাঃ ॥ ১৪ ॥

তন্মধ্যে সময়ের অতিক্রম যথা ॥

খণ্ডিতাদির আচার, প্রিয়ব্যক্তিতে রোষোদয় প্রভৃতি এবং প্রিয়াকর্ত্তৃক তাড়নাদিতে পুরুষের হাস্যাদি, এই সকলের অন্যথা ভাব হইলে সময়াদির ব্যতিক্রম ঘটে ॥

তন্মধ্যে আদ্য যথা ॥

হে হরে ! তুমি আজ কান্তার নখাঙ্কিত হইলেও লজ্জা পরিত্যাগপূর্ব্বক এই আমি কৈলাসবাসিনী দাসী আমাকে কৃপাদৃষ্টিদ্বারা ভজনা কর ॥

অথ গ্রাম্য ॥

বালশব্দাদির উপন্যাস, বিরসোক্তি বিস্তার এবং [illegible] কণ্ডূয়ন প্রভৃতি এই সকলকে পণ্ডিতগণ গ্রাম্য বলিয়া থাকেন ॥ ১৪ ॥

তত্রাদ্যং যথা ॥

কিং ন ফণিকিশোরীণাং ত্বং পুষ্করসদাং সদা।
মুরলীধ্বনিনা নীবীং গোপবাল বিলুম্পসি ॥

অথ ধৃষ্টতা ॥

প্রকটপ্রার্থনাদিঃ স্যাৎ সম্ভোগাদেস্তু ধৃষ্টতা ॥

যথা ॥

কান্তঃ কৈলাসকুঞ্জোঽয়ং রম্যাহং নবযৌবনা।
ত্বং বিদগ্ধোঽসি গোবিন্দ কিম্বা বাচ্যমতঃ পরং ॥

এবমেব তু গৌণানাং হাসাদীনামপি স্বয়ং।

কৈলাসবাসিনীনামিব পুরানান্তরকথিতরীত্যা ফণিকিশোরীণামপ্যদ্য-জতিমুপগস এবাবজ্ঞয়া বর্ণয়তি কিন্ন ইতি। পুষ্করসদাং কালিয়হ্রদস্য জল-বাসিনীনাং। অত্র শ্রীকৃষ্ণস্য তদা বালোঽপি মুরলীধ্বনিবিশেষেণকৃত-

---

তন্মধ্যে আদ্য যথা ॥

হে গোপবালক! আমরা সকল কালিয়হ্রদবাসিনী নাগ-কিশোরী, তুমি কেন সর্ব্বদা মুরলীধ্বনি দ্বারা আমাদের নীবী হরণ করিয়া থাক ॥

অথ ধৃষ্টতা ॥

সম্ভোগাদির স্পষ্টরূপে প্রার্থনাদিকে ধৃষ্টতা কহে ॥

যথা ॥

হে গোবিন্দ! এই মনোহর কৈলাস কুঞ্জ, তাহাতে আমি নবযৌবনা এবং তুমিও রসিক, অতএব ইহার পর আর কি বলিব ॥

এইরূপ গৌণগ্রাসপ্রকৃতি উপরসম্বের উদাহরণ পণ্ডিতগণ

[illegible]জ্যো[illegible]রসস্য মনীষিভিরুদাহৃতিঃ ॥ ১৫ ॥

অথানুরসাঃ ॥

ভক্তাদিভির্বিভাবাদ্যৈঃ কৃষ্ণসম্বন্ধবর্জিতৈঃ।
রসা হাস্যাদয়ঃ সপ্ত শান্তশ্চানুরসা মতাঃ ॥ ১৬ ॥

তত্র হাস্যানুরসঃ ॥

তাণ্ডবং বাধিত হস্ত কক্খটী-
মর্কটি ভ্রুকুটিভিস্তথোদ্ধুরং।
যেন বল্লবকদম্বকং বভৌ।
হাসডম্বরকরম্বিতাননং ॥ ১৭ ॥

কৈশোরভানন্দা বালেতি সম্বোধনং তাসামবৈদগ্ধ্যমেব জ্ঞেয়ং ॥ ১৫ ॥ [illegible]দিভিরিতি। ভক্তা অত্র পঞ্চবিধা শান্তস্ত রসশাস্ত্রোক্তরসপ্রসিদ্ধ[illegible] [illegible] কক্খটীনাম্নী ॥ ১৭ ॥

স্বয়ং অবগত হইবেন ॥ ১৫ ॥

অথ অনুরস ॥

কৃষ্ণসম্বন্ধবর্জ্জিত পঞ্চবিধ ভক্ত বিভাবাদিদ্বারা প্রভৃতি সপ্ত রস তথা শান্ত রস, এই সকল অনুরস সম্মত ॥ ১৬ ॥

তন্মধ্যে হাস্য অনুরস যথা ॥

কক্খটীনাম্নী মর্কটী ভ্রুকুটীদ্বারা উৎকৃষ্ট নৃত্য করাতে গোপসমূহের বদন হাস্যখচিত হইয়া শো[illegible] হইয়াছিল ॥ ১৭ ॥

অথাদ্ভুতানুরসঃ ॥

ভাণ্ডীরকক্ষে বহুধা বিতণ্ডাং
বেদান্ততন্ত্রে শুকমণ্ডলস্য
আকর্ণয়ন্নির্নিমেষাক্ষিপক্ষ্মা
রোমাঞ্চিতাঙ্গশ্চ সুরর্ষিরাসীৎ ।
এবমেবাত্র বিজ্ঞেয়া বীরাদেরপ্যুদাহৃতিঃ ॥
অষ্টাবমী তটস্থেষু প্রাকট্যং যদি বিভ্রতি
কৃষ্ণাদিভির্বিভাবাদ্যৈস্তদাপ্যনুরসা মতাঃ ॥

অথাপরসাঃ ॥

ভাণ্ডীরকক্ষে তদূর্দ্ধগতলতাসু । সৌরভেচ ভূপে কক্ষ
ইতি বিশ্বঃ । ভাণ্ডীরবৃক্ষ উর্দ্ধ পাইক্স ক্ষণমং ॥ ১৮ ॥
অষ্টাবিতি শান্ত একো হাস্যাদয়শ্চ সপ্তেত্যষ্টৌ ॥ ১৯ ॥

অথ অদ্ভুত অনুরস ॥

ভাণ্ডীরবৃক্ষের লতামধ্যে শুকপক্ষি সকলে
বহু প্রকার বিতণ্ডা শুনিয়া দেবর্ষি নারদ নি
রোমাঞ্চিতকলেবর হইয়াছিলেন ॥

এইরূপ বীরাদিরসেরও উদাহরণ জানিবে
হাস্যাদি সপ্ত ও শান্ত এই আটটী যদি
যাহা তটস্থ সকলে প্রকটতা ধারণ করে, তা
রস হইয়া থাকে ॥ ১৯ ॥

অথ অপরস ॥

...ভারত্যাদ্যাস্তু রসাবস্থানসূচিকাঃ।
বৃত্তয়ো নাট্যমাতৃত্বাদুক্তা নাটকলক্ষণে ॥ ২২ ॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধাবুত্তরবিভাগে রসাভাস লহরী নবমী ॥ * ॥ ৯ ॥ * ॥

অধুনা গৌরবত্রাসাদস্য ভক্তিরসাশ্রয়ঃ ।
সম ... সংক্ষেপেণ মযা ... বিনির্ম্মিতা ॥

... ... যোগ্যাঃ ...
... ॥ ২১ ॥

নাট্যমাত্রোপযোগিন্যঃ ... নাটকচন্দ্রিকাখ্যে
... ॥ ২২ ॥

॥ * ॥ ইত্যুত্তরবিভাগে রসাভাসলহরী নবমী ॥ * ॥

কেহ কেহ ... সকলকে তদাভাস, কেহ কেহ বা ...
ভাস বলিয়া বর্ণন করেন কিন্তু রসজ্ঞব্যক্তিরা যাহাতে আনন্দ-
প্রদত্ব থাকে ... সমুদয়কেই রস বলিয়া থাকেন ॥ ২১ ॥

ভারতী প্রভৃতি চারিটী বৃত্তি নাট্যেই উপযুক্ত, এজন্য
তাহা নাটকচন্দ্রিকানামক ... অলঙ্কারগ্রন্থে রসের অব-
স্থান সূচক বলিয়া উক্ত হইয়াছে ॥ ২২ ॥

॥ * ॥ ইতি শ্রীরামনারায়ণবিদ্যারত্নকৃত ব্যাখ্যায় ভক্তি-
রসামৃতসিন্ধুর উত্তরবিভাগে রসাভাসলহরী নবমী ॥ * ॥ ৯ ॥ * ॥

আমি গ্রন্থের গৌরবভয় নিবন্ধন এই ভক্তিরসসম্পদের
সংগ্রহ সংক্ষেপে নিষ্পাদন করিলাম ॥

গোপালরূপশোভাং
দধদপি রঘুনাথভাববিস্তারী।
তুষ্যতু সনাতনাত্মা-
ত্তরভাগে রসাম্বুধেরেষঃ ॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ গৌণভক্তিরসাদি-নিরূপণং নাম চতুর্থো বিভাগঃ ॥ * ॥ ৪ ॥ * ॥

॥ * ॥ সমাপ্তোহয়ং শ্রীমদ্ভক্তিরসামৃতসিন্ধুরিতি ॥ * ॥

॥ ইতি দুর্গমসঙ্গমনীনাম্ন্যাং শ্রীভক্তিরসামৃতসিন্ধুটীকায়াং চতুর্থো বিভাগঃ ॥ * ॥ ৪ ॥ * ॥

যামাশ্রিত্য [illegible] নিরূপিতাস্যাপি সাং জ্ঞেয়া। অথ বা [illegible] ইত্যাদিঃ। [illegible] নিরূপণং [illegible] ইতি জ্ঞেয়ং॥

বিটঙ্কি [illegible] উট্টঙ্কিতঃ। শ্রীরূপেণ ইত্যেব পঠিতব্যং। তেষাং দীনখনাত্তাবিম-পাঠেহপি [illegible] সরস্বতী [illegible] রূপং যস্যোতি [illegible] পরং [illegible] সমাহিতবতী।

শ্রীকৃষ্ণঃ সর্বপূর্ণঃ স চরতি বিপুলে গোকুলে ব্যক্ততত্ত্বন্
[illegible] সহ পশুপসুতানন্দ লক্ষ্মীভিরিষ্টঃ।
শ্রীরাধাবর্গমধ্যে স চ মধুরগুণঃ শ্রীমুরারাধ্যধারী-
তস্মিন্ গ্রন্থে রসাকারবিনতমহিমা ধারণার প্রচারঃ॥

যিনি গোপালরূপের শোভা ধারণ করিয়া রঘুনাথের ভাব বিস্তার করিয়াছেন, সেই সনাতন প্রভু এই ভক্তিরসামৃতসিন্ধুর উত্তরবিভাগে সন্তুষ্ট হউন ॥

॥ * ॥ ইতি শ্রীরামনারায়ণবিদ্যারত্নকৃত ব্যাখ্যায় ভক্তিরসামৃতসিন্ধুতে গৌণভক্তিরস-নিরূপণ চতুর্থ বিভাগ ॥ * ॥ ৪ ॥ * ॥

রামাঙ্গশক্রগণিতে,

শাকে গোকুলমধিষ্ঠিতেনায়ং।

শ্রীভক্তিরসামৃতসিন্ধু-

র্বিটঙ্কিতঃ ক্ষুদ্ররূপেণ ॥ * ॥

যদ্যপিচ নাতিবিশুদ্ধা, তদপিচ সদ্ভিঃ কৃপাপুরীকার্য্যা।

দুর্গমসঙ্গমনীয়ং, নৌকৈবাস্যামৃতাম্ভোধেঃ ॥

॥ * ॥ সমাপ্তেয়ং টীকা, তেষামেব প্রীতয়ে ভবতু ॥ * ॥

সংখ্যা — ৬৯৬৯। মূলং ৩৩১৫। টীকা ৩৬৫৪।

আমি রূপ অতি ক্ষুদ্র হইয়া রাম, অঙ্গ ও ইন্দ্র গণিতে অর্থাৎ ১৪৭৩ শাকে গোকুলে অবস্থিত হইয়া এই ভক্তিরসামৃতসিন্ধুকে সুন্দর রূপে উট্টঙ্কিত করিলাম। সরস্বতী পক্ষে ক্ষুদ্ররূপ অর্থাৎ রুদ্রের স্বরূপ, এই প্রকার অর্থ হইবে ॥

সন ১৩৩১ সাল। ৮ ই কার্ত্তিক

চতুর্থ সংস্করণ।

সমাপ্ত ॥